শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ-পাদপদ্মেভ্যো নমঃ।

# শ্রীশ্রীবৃহদ্ভক্তিতত্ত্বসার।

Shri KESHA[illegible]IYA MATH
Mathura (U.P.)

## দ্বিতীয় খণ্ড

শ্রীগৌরাঙ্গদাসানুগত দাস

রাধানাথ কাবাসী কর্ত্তৃক সঙ্কলিত।

শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ-পাদপদ্মেভ্যো নমঃ।

# শ্রীশ্রীবৃহদ্ভক্তিতত্ত্বসার।

## দ্বিতীয় খণ্ড।

ষষ্ঠ সংস্করণ।

( পরিমার্জ্জিত ও পরিবর্দ্ধিত। )

বহু স্থানে ব্যাখ্যা, শব্দার্থ, ভাবার্থ, অনুবাদ এবং
বিচার ও মীমাংসা সহ

শ্রীগৌরাঙ্গদাসানুগত দাস
৺শ্রীরাধানাথ কাবাসী কর্ত্তৃক সঙ্কলিত।

প্রকাশক ঃ পৌত্র, বৈষ্ণবদাস অনুদাস
শ্রীগোপীবল্লভ কাবাসী।

ধান্যকুড়িয়া
শ্রীশ্রীমদনমোহন-মন্দির হইতে প্রকাশিত।

শ্রীচৈতন্যাব্দ ৫০০।

[ ডাক-মাশুল ।] এই খণ্ডের মূল্য ৩০'০০ টাকা।

প্রাপ্তিস্থান ঃ
শ্রীগোপীবল্লভ কাবাসী
মদনমোহন মন্দির
ধান্যকুড়িয়া,
২৪ পরগণা ( উত্তর )।

মুদ্রাকর ঃ
শ্রীঅশোককুমার চৌধুরী
তরু প্রিণ্টিং
১৭৪, রমেশ দত্ত ষ্ট্রীট,
কলিকাতা-৭০০০০৬

# শ্রীশ্রীপঞ্চতত্ত্ব।



# শ্রীশ্রীপঞ্চতত্ত্ব।

| ৩ | ২ | ১ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| শ্রীঅদ্বৈত প্রভু | শ্রীনিত্যানন্দ প্রভু | শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু | শ্রীগদাধর পণ্ডিতগোস্বামী | শ্রীশ্রীবাস পণ্ডিত |

১-২। করুণাময়াবতার শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভু ও শ্রীনিত্যানন্দ-প্রভু, অযাচকে পর্য্যন্ত প্রেম-বিতরণের জন্য লালায়িত হইয়া, আচণ্ডাল সকলকেই পরমাগ্রহে সাদরাহ্বান করিতেছেন।

৩। শ্রীঅদ্বৈত-প্রভু, তদীয় পদ্ম-হস্তে অভয় প্রদান পূর্ব্বক, ইঙ্গিত করিয়া সকলকে বলিতেছেন, হে পাপ-তাপ-ক্লিষ্ট জীবগণ ! আর তোমাদের ভয় নাই ; ঐ দেখ, তোমাদের পরিত্রাণের জন্য—তোমাদিগকে দেবদুর্লভ ব্রজপ্রেম-বিতরণের জন্য—পরম কৃপাময় শ্রীনিতাই-গৌর পরমানন্দময় গোলোকধাম হইতে অবতীর্ণ হইয়া তোমাদের সন্নিকটে আগমন করিয়াছেন ! ! !

৪। শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামী, স্বীয় প্রাণ-বল্লভ শ্রীগৌরাঙ্গের পরমানন্দ-ময় প্রেম-সেবার নিমিত্ত ব্যাকুল হইয়া, শ্রীরাধিকার ন্যায় তাম্বূলার্পণ-ভঙ্গি-দক্ষিণ-করে সাগ্রহে দণ্ডায়মান হইয়া, সকলকে প্রেমসেবা-লাভের নিমিত্ত অনুরক্ত ও যত্নবান্ হইতে আগ্রহান্বিত করিতেছেন।

৫। শ্রীবাস পণ্ডিত মহাশয়, ভক্ত-রূপে করযোড়ে অতি বিনম্র-ভাবে দণ্ডায়-মান হইয়া, সকলকে ভক্তি ও তজ্জনিত দৈন্য-ভাব শিক্ষা-প্রদান পূর্ব্বক, জগতে ভক্তি-ধর্ম্ম প্রচার করিতেছেন।

( উপরোক্ত ভাব-সমূহ এতৎ-সংলগ্ন পঞ্চতত্ত্বের চিত্রপটে সুন্দর-রূপে প্রকটিত হইয়াছে। চিত্রপট দ্রষ্টব্য। )

সকলেই অবগত আছেন যে, উপরোক্ত ঐ পাঁচ মূর্ত্তিকে লইয়াই "পঞ্চতত্ত্ব" এবং এতাবৎ কাল মহাজনগণও একবাক্যে ঐ কথাই বলিয়া আসিতেছেন ; কিন্তু বড়ই আক্ষেপের বিষয় এই যে, সম্প্রতি কেহ কেহ সদনুমোদিত পন্থা উল্লঙ্ঘন পূর্ব্বক আরাধ্যপাদ শ্রীল গদাধর পণ্ডিতগোস্বামীকে পঞ্চতত্ত্বের আসন হইতে অপসারিত করিয়া তদীয় স্থলে আরাধ্যপাদ শ্রীল দাস গদাধরকে অভিষিক্ত করিবার প্রয়াস পাইতেছেন এবং তদ্দ্বারা জন-সাধারণকে ও ভজন-মার্গে প্রবিষ্ট অনভিজ্ঞ ভক্তবৃন্দকে ভ্রান্ত-পথে পরিচালিত করিবার জন্য তদ্রূপই প্রচার করিতে প্রবৃত্ত হইয়াছেন। বলা বাহুল্য, এরূপ চেষ্টা নিতান্তই অসমীচীন, বিগর্হিত ও ভ্রমাত্মক ; সুতরাং তৎসম্বন্ধে শাস্ত্র ও মহাজনগণের দুই চারিটী বচন উদ্ধৃত করিয়া প্রমাণ করা যাইতেছে যে, শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামীই হইতেছেন এই পঞ্চতত্ত্বের অন্যতম তত্ত্ব, পরন্তু শ্রীল দাস গদাধর বা অন্য কোনও গদাধর নহেন। অতএব কেহ যেন গদাধর পণ্ডিতগোস্বামী ভিন্ন অন্য কোনও গদাধরকে পঞ্চ-তত্ত্বান্তর্গত মনে করিয়া ভ্রমে পতিত না হন, ইহাই এ দাসের সনির্ব্বন্ধ ও বিনীত নিবেদন।

শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামীর পিতা হইতেছেন শ্রীমাধব মিশ্র ও তাঁহার মাতা হইতেছেন শ্রীরত্নাবতী দেবী। "শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা" গ্রন্থে তাঁহাদিগের স্বরূপ এইরূপে বর্ণিত হইয়াছে, যথাঃ—

বৃষভানুতয়া খ্যাতঃ পুরা যো ব্রজ-মণ্ডলে।
অধুনা পুণ্ডরীকাক্ষঃ বিদ্যানিধি-মহাশয়ঃ ॥
তৎপ্রকাশ-বিশেষোঽপি মিশ্রঃ শ্রীমাধবো মতঃ।
রত্নাবতী তু তৎপত্নী কীর্ত্তিদা কীর্ত্তিতা বুধৈঃ ॥

শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা।

অর্থাৎ পূর্ব্বে যিনি ব্রজ-মণ্ডলে শ্রীবৃষভানু নামে বিখ্যাত ছিলেন, তিনিই এক্ষণে পুণ্ডরীক বিদ্যানিধি মহাশয় হইয়াছেন। শ্রীমাধব মিশ্র সেই বৃষভানু

রাজারই প্রকাশ-বিশেষ বলিয়া সাধু-সম্মত এবং এই মাধব মিশ্রের পত্নী শ্রীরত্নাবতী দেবীকে পণ্ডিতগণ বৃষভানু-পত্নী কীর্ত্তিদা রাণী বলিয়া কীর্ত্তন করিয়াছেন।

অতএব দেখা যাইতেছে যে, শ্রীগদাধর পণ্ডিতের পিতা শ্রীরাধারাণীর পিতারই প্রকাশ এবং তাঁহার মাতা শ্রীরাধারাণীর মাতারই স্বরূপ বলিয়া শাস্ত্রে নির্ণীত হইয়াছেন; আর গদাধর পণ্ডিতকেও যে রাধারাণীরই স্বরূপ বলিয়া শাস্ত্রে বর্ণনা করিয়াছেন, তাহাও কিঞ্চিৎ পরেই প্রদর্শিত হইতেছে।

এক্ষণে, শ্রীগদাধর পণ্ডিতই যে পঞ্চতত্ত্বের অন্তর্ভুক্ত, তদ্বিষয়ে শাস্ত্র ও মহাজনগণ যাহা বলিয়াছেন, নিম্নে তাহার কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে। "শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা" গ্রন্থে বলিতেছেন ঃ—

"পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্ত-রূপ-স্বরূপকং।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্ত-শক্তিকং॥"
অস্যার্থো বিবৃতৈস্তৈর্যঃ স সংক্ষিপ্য বিলিখ্যতে।
ভক্ত-রূপো গৌরচন্দ্রো যতোঽসৌ নন্দনন্দনঃ॥
ভক্ত-স্বরূপো শ্রীনিত্যানন্দো ব্রজে হলায়ুধঃ।
ভক্তাবতার আচার্য্যোঽদ্বৈতো যঃ শ্রীসদাশিবঃ॥
ভক্তাখ্যাঃ শ্রীনিবাসাদ্যা যতস্তে ভক্ত-রূপিণঃ।
ভক্তশক্তির্দ্বিজাগ্রণ্যঃ শ্রীগদাধর-পণ্ডিতঃ॥ ২ ॥
শ্রীমদ্‌বিশ্বম্ভরাদ্বৈত-নিত্যানন্দাবধূতকাঃ।
অত্র ত্রয়ঃ সমুন্নেয়া বিগ্রহাঃ প্রভবশ্চ তে॥
একো মহাপ্রভুর্জ্ঞেয়ঃ শ্রীচৈতন্যো দয়াম্বুধিঃ।
প্রভূ দ্বৌ শ্রীযুতৌ নিত্যানন্দাদ্বৈতৌ মহাশয়ৌ॥
গোস্বামিনো বিগ্রহাশ্চ তে দ্বিজশ্চ গদাধরঃ।
পঞ্চতত্ত্বাত্মকা এতে শ্রীনিবাসশ্চ পণ্ডিতঃ॥ ৩ ॥

শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা।

অর্থাৎ শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকায় বলিতেছেন যে, যে শ্রীকৃষ্ণ হইতেছেন (১) স্বয়ংই ভক্ত-রূপ শ্রীকৃষ্ণচৈতন্য, (২) ভক্ত-স্বরূপ শ্রীনিত্যানন্দ, (৩) ভক্তাবতার শ্রীঅদ্বৈতাচার্য্য, (৪) ভক্তনামক শ্রীবাস আদি ও (৫) ভক্তশক্তি শ্রীগদাধর—এই পঞ্চতত্ত্ব-স্বরূপ, সেই শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ১॥

"শ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থের উপরোক্ত "পঞ্চতত্ত্বাত্মক" শ্লোকটী উদ্ধৃত করিয়া পরম প্রামাণিক "শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা" গ্রন্থের স্বনাম-প্রসিদ্ধ গ্রন্থকার শ্রীপাদ কবিকর্ণপূর মহোদয় বলিতেছেন যে, মহাত্মারা এই "পঞ্চতত্ত্ব" শ্লোকের যে অর্থ বিস্তার করিয়াছেন, তাহা সংক্ষেপে বর্ণনা করিতেছি, যথাঃ—যিনি নন্দনন্দন শ্রীকৃষ্ণ, স্বয়ং তিনিই হইতেছেন ভক্ত-রূপে শ্রীগৌরচন্দ্র ; যিনি বৃন্দাবনে শ্রীবলরাম, তিনিই হইতেছেন ভক্ত-স্বরূপে শ্রীনিত্যানন্দ; যিনি শ্রীসদাশিব, তিনিই হইতেছেন ভক্তাবতার-রূপে শ্রীঅদ্বৈত আচার্য্য ; আর শ্রীবাস আদি পার্ষদগণ হইতেছেন ভক্ত, সুতরাং তাঁহারা ভক্ত নামেই অভিহিত ; এবং ভক্তশক্তি হইতেছেন দ্বিজ-শ্রেষ্ঠ শ্রীগদাধর পণ্ডিত ॥ ২ ॥

"শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা" গ্রন্থের এই বিবৃতি অনুসারে স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামীই হইতেছেন ভক্তশক্তি-রূপে পঞ্চতত্ত্বের অন্তর্ভুক্ত, পরন্তু শ্রীদাস গদাধর বা অন্য কোনও গদাধর নহেন ।

অনন্তর শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকায় বলিতেছেন ঃ—'শ্রীবিশ্বম্ভর', 'শ্রীঅদ্বৈত' ও অবধূত 'শ্রীনিত্যানন্দ'—এই তিন ভগবদ্‌বিগ্রহ হইতেছেন "প্রভু" বলিয়া প্রসিদ্ধ ; ইঁহাদের মধ্যে আবার দয়ার সাগর 'শ্রীচৈতন্য-দেব' হইতেছেন 'মহাপ্রভু' বলিয়া সুবিদিত এবং 'শ্রীনিত্যানন্দ' ও 'শ্রীঅদ্বৈত' এই দুই মহাশয় "প্রভু" বলিয়া অভিহিত । এ তিন জনই হইতেছেন গোস্বামি-বিগ্রহ । ইঁহারা এই তিন জন এবং 'দ্বিজ গদাধর' ও 'শ্রীনিবাস বা শ্রীবাস পণ্ডিত'—এই পাঁচ জন পঞ্চতত্ত্ব-রূপে কথিত হইয়াছেন ॥ ৩॥

এখানে দ্বিজ গদাধর বলিতে পণ্ডিত গদাধরকেই বুঝাইতেছেন, যেহেতু

পূর্ব্বোদ্ধৃত ২ চিহ্নিত শ্লোকে পঞ্চতত্ত্ব নিরূপণে "শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা" গ্রন্থে স্পষ্টরূপেই বলিয়াছেন ঃ—

"ভক্তশক্তির্দ্বিজাগ্রগণ্যঃ শ্রীগদাধর-পণ্ডিতঃ ॥"

অর্থাৎ দ্বিজ-শ্রেষ্ঠ শ্রীগদাধর পণ্ডিত হইতেছেন পঞ্চতত্ত্বান্তর্গত ভক্তশক্তি। সুতরাং দ্বিজ গদাধর বলিতে পণ্ডিত গদাধরকেই বুঝাইতেছে।

তার পর দেখুন, উক্ত "পঞ্চতত্ত্বাত্মক" শ্লোক এবং

"বন্দে গুরূনীশভক্তানীশমীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্য-সংজ্ঞকং ॥"

এই শ্লোক—এই শ্লোক দুইটী অবলম্বন করিয়া "শ্রীচৈতন্য-চরিতামৃত" গ্রন্থে বলিতেছেন ঃ—

ভগবানের ভক্ত যত শ্রীবাস-প্রধান।
তাঁ সবার পাদপদ্মে সহস্র প্রণাম ॥
অদ্বৈত আচার্য্য প্রভুর অংশ-অবতার।
তাঁর পাদপদ্মে মোর কোটী নমস্কার ॥
নিত্যানন্দ-রায় প্রভুর স্বরূপ-প্রকাশ।
তাঁর পাদপদ্ম বন্দোঁ মুঞি যাঁর দাস।
গদাধর পণ্ডিতাদি প্রভুর নিজ-শক্তি।
তাঁ সবার চরণে মোর সহস্র প্রণতি ॥

শ্রীচৈতন্যচরিতামৃত।

উপরোক্ত শ্লোক দুইটীতে উল্লিখিত "শক্তি"কে শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে স্পষ্ট করিয়া শ্রীগদাধর পণ্ডিতকেই নির্দ্দেশ করিতেছেন; সুতরাং শ্রীচৈতন্যচরিতামৃতের কথানুসারেও শ্রীগদাধর পণ্ডিতই হইতেছেন শক্তি-রূপে পঞ্চতত্ত্বান্তর্গত, পরন্তু অন্য কোনও গদাধর নহেন।

"পঞ্চতত্ত্বাত্মক" শ্লোকের ভাষানুবাদেও "শ্রীভক্তমাল" গ্রন্থে বলিতেছেন :—

ভক্তাখ্য শ্রীশ্রীনিবাস আদি ভক্তরূপ।
শ্রীল গদাধর পণ্ডিত ভক্তশক্তি যে অনুপ ॥

শ্রীভক্তমাল।

অতএব বুঝা যাইতেছে যে, "শ্রীভক্তমাল" গ্রন্থেও গদাধর পণ্ডিতকেই ভক্ত-শক্তি-রূপে পঞ্চতত্ত্বান্তর্ভুক্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

"শ্রীভক্তিরত্নাকর" গ্রন্থেও বলিতেছেন :—

জয় জয় গদাধর পণ্ডিত-গোসাঞি।
প্রভু-শক্তি-শ্রেষ্ঠ তুয়া গুণ-অন্ত নাই ॥

শ্রীভক্তিরত্নাকর।

শ্রীভক্তিরত্নাকরের এই উক্তি দ্বারা বুঝা যাইতেছে যে, শ্রীগদাধর পণ্ডিতই হইতেছেন শ্রীমন্মহাপ্রভুর সর্ব্বশ্রেষ্ঠ শক্তি ; সুতরাং ঐ শক্তি-রূপেই তিনি মহাপ্রভুর নিত্য-সহচর-স্বরূপে পঞ্চতত্ত্বের আসনে যথাস্থানে বিরাজমান রহিয়াছেন।

শ্রীমদ্ভাগবত দশম স্কন্ধের টীকার মঙ্গলাচরণে শ্রীল সনাতন গোস্বামিপাদ বলিতেছেন :—

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যং ভগবন্তং কৃপার্ণবং।
প্রেমভক্তি-বিতানার্থং গৌড়েষ্ববততার যঃ ॥
নমামি শ্রীমদদ্বৈতাচার্য্যং শ্রীবাস-পণ্ডিতং।
নিত্যানন্দাবধূতঞ্চ শ্রীগদাধর-পণ্ডিতং ॥

এখানে দেখা যাইতেছে যে, শ্রীগোস্বামিপাদ পঞ্চতত্ত্বের মধ্যে সর্ব্বপ্রথমে মূল-তত্ত্ব শ্রীচৈতন্য-মহাপ্রভুর পৃথক্-ভাবে বন্দনা করিয়া পরে শ্রীগদাধর পণ্ডিত সহ অপর চারি তত্ত্বের একযোগে বন্দনা করিতেছেন। সুতরাং এতদ্দারা পণ্ডিত গদাধরেরই প্রাধান্য ও পঞ্চতত্ত্বত্ব সূচিত হইতেছে, অন্য কোনও গদাধরের নহে।

অতঃপর দেখুন, শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা গ্রন্থে নিম্নোক্তরূপে শ্রীগদাধর পণ্ডিতের মূলতত্ত্ব নিরূপণ করিতেছেন, যথা ঃ—

শ্রীরাধা প্রেমরূপা যা পুরা বৃন্দাবনেশ্বরী।
সা শ্রীগদাধরো গৌর-বল্লভঃ পণ্ডিতাখ্যকঃ ।।
নির্ণীতঃ শ্রীস্বরূপৈর্যো ব্রজলক্ষ্মীতয়া যথা ।। ৪ ।।
পুরা বৃন্দাবনে লক্ষ্মীঃ শ্যামসুন্দর-বল্লভা।
সাদ্য গৌর-প্রেমলক্ষ্মীঃ শ্রীগদাধর-পণ্ডিতঃ।
অতঃ শ্রীরাধিকা-রূপঃ শ্রীগদাধর-পণ্ডিতঃ ।। ৫ ।।

শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা।

অর্থাৎ শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা গ্রন্থে বলিতেছেন যে, পূর্ব্বে যিনি বৃন্দাবনেশ্বরী প্রেমরূপিণী শ্রীরাধা ছিলেন, তিনিই এক্ষণে গৌর-প্রিয় শ্রীগদাধর পণ্ডিত হইয়াছেন এবং এই গদাধর পণ্ডিতই শ্রীস্বরূপ-দামোদর কর্ত্তৃক ব্রজলক্ষ্মী-রূপে অর্থাৎ শ্রীরাধারাণী-স্বরূপে নিরূপিত হইয়াছেন ।। ৪ ।।

শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকায় আরও বলিতেছেনঃ—পূর্ব্বকালে যিনি শ্রীবৃন্দাবনে শ্যামসুন্দর-বল্লভা লক্ষ্মী ছিলেন অর্থাৎ শ্যামসুন্দর শ্রীকৃষ্ণের প্রিয়তমা-রূপে তদীয় প্রেমলক্ষ্মী-স্বরূপিণী শ্রীরাধিকা ছিলেন, তিনিই এক্ষণে শ্রীগৌরাঙ্গের প্রেমলক্ষ্মী শ্রীগদাধর পণ্ডিত হইয়াছেন ; সুতরাং শ্রীগদাধর পণ্ডিত স্বতঃই শ্রীরাধিকা-স্বরূপ হইতেছেন ।। ৫ ।।

শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকার উপরিলিখিত উক্তি দ্বারা স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীগদাধর পণ্ডিতই হইতেছেন শ্রীরাধিকা, পরন্তু শ্রীদাস গদাধর বা অন্য কোনও গদাধর নহেন। আর পূর্ব্বেই দেখান হইয়াছে যে, শ্রীচৈতন্য-চরিতামৃত গ্রন্থে গদাধর পণ্ডিতকেই "শক্তিরূপ" বলিয়াছেন ; সুতরাং শ্রীরাধিকা যেমন শ্রীকৃষ্ণের শক্তি অর্থাৎ হ্লাদিনী-শক্তি-রূপে তদীয় বাম-পার্শ্বে অবস্থিতা, তদ্রূপ

শ্রীগদাধর পণ্ডিতই শ্রীগৌরাঙ্গের শক্তি অর্থাৎ হ্লাদিনীশক্তিরূপে তদীয় বাম-পার্শ্বে অবস্থিত। শ্রীগদাধর-প্রণামমন্ত্রে বলিতেছেন, যথা ঃ—

শ্রীহ্লাদিনী-স্বরূপায় গৌরাঙ্গ-সুহৃদায়-চ।
ভক্তশক্তি-প্রদানায় গদাধর! নমোঽস্তু তে ॥

অতএব বুঝা গেল যে, শ্রীগৌরাঙ্গের বাম-পার্শ্বে হ্লাদিনী-শক্তি-রূপে শ্রীগদাধর পণ্ডিতেরই অবস্থিতি, অন্য কোনও গদাধরের নহে।

শ্রীভক্তমাল গ্রন্থেও বলিতেছেন ঃ—

প্রেমের স্বরূপা রাধা বৃন্দাবনেশ্বরী।
তেঁহো শ্রীমদ্ গদাধর-পণ্ডিত-রূপ-ধারী ॥

শ্রীভক্তমাল।

শ্রীগদাধরের ধ্যানেও দেখিতে পাওয়া যাইতেছে যে, শ্রীগদাধর পণ্ডিতই হইতেছেন শ্রীগৌরাঙ্গের বাম-পার্শ্বে অবস্থিত, যথা ঃ—

বিদ্যুৎপুঞ্জ-বিড়ম্বি-সুন্দর-তনুং হেমাব্জ-দিব্যাননং
স্নিগ্ধাঙ্ঘ্রিং কর-পদ-হিঙ্গুল-রুচং শুক্লাম্বরং সুন্দরং।
ভক্তানাং পরিপালনার্দ্র-হৃদয়ং শ্রীগৌর-সব্যস্থিতং
মঞ্জু-শ্রীলগদাধরং প্রভুবরং শ্রীপণ্ডিতাখ্যং ভজে ॥ ১ ॥

"শ্রীগৌর-সব্যস্থিতং" অর্থে শ্রীগৌরাঙ্গের বামপার্শ্বে অবস্থিত।

শ্রীগদাধরের প্রণামমন্ত্রেও দেখা যাইতেছে যে, শ্রীল মাধব মিশ্রের পুত্র শ্রীগদাধর পণ্ডিতই হইতেছেন শ্রীগৌরাঙ্গের অভিন্ন-হৃদয় ও শ্রীরাধিকার ন্যায় মহাভাব-স্বরূপ, যথা ঃ—

গদাধরমহং বন্দে মাধবাচার্য্য-নন্দনং।
মহাভাব-স্বরূপং শ্রীচৈতন্যাভিন্ন-রূপিণং ॥

শ্রীল স্বরূপ গোস্বামি-বিরচিত শ্রীগদাধরাষ্টকেও দেখা যাইতেছে যে, তিনি

গদাধর পণ্ডিতকেই শ্রীগৌরাঙ্গের প্রিয়তমত্বে ও শ্রীরাধিকার স্বরূপত্বে স্থাপিত করিয়াছেন, যথা ঃ—

স্বভক্তিযোগ-লাসিনং সদা ব্রজে বিহারিণং
হরি-প্রিয়াগণাগ্রগং শচীসুত-প্রিয়েশ্বরং।
সরাধা-কৃষ্ণসেবন-প্রকাশকং মহাশয়ং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ১ ॥

"হরি-প্রিয়াগণাগ্রগং" অর্থে শ্রীরাধিকা-স্বরূপ বুঝাইতেছে।

"শচীসুত-প্রিয়েশ্বরং" অর্থে শ্রীগৌরাঙ্গের প্রিয়তম বুঝাইতেছে।

শ্রীল শিবানন্দ চক্রবর্ত্তি-মহোদয়-বিরচিত শ্রীগদাধরাষ্টকেও দেখা যাইতেছে যে, পণ্ডিত গদাধরই হইতেছেন শ্রীগৌরাঙ্গের অভিন্ন-কলেবর, যথা ঃ—

শ্রীমদ্রাসরসাদি-সর্ব্বসুখদং শ্রীগৌর-দেহাদ্বয়ং।
শ্রীচৈতন্য-পদাম্বুজৈক-ভজন-দ্বারাঙ্ঘ্রি-পঙ্কেরুহং।
শ্রীমদ্‌গৌরগণাশ্রয়াশ্রয়-জনাভীষ্ট-প্রদাগ্রসরং
বন্দে শ্রীল-গদাধরং গুরুমহং শ্রীপণ্ডিতাখ্যং প্রভুং ॥

শ্রীশিবানন্দ চক্রবর্ত্তী।

"শ্রীগৌর-দেহাদ্বয়ং" অর্থে শ্রীগৌরাঙ্গের অভিন্ন-কলেবর।

শ্রীপাদ লোকনাথ গোস্বামী প্রভুও গদাধর পণ্ডিতকেই শ্রীরাধা-রূপে স্থাপিত করিয়াছেন, যথা ঃ—

শ্রীরাধাভিধেয়ং গদাধর ইতি খ্যাতং মহীমণ্ডলে
যৎপ্রেমাব্ধি-কলা-লবেন সকলং মগ্নং জগৎ সর্ব্বদা।
মৎসর্ব্বস্ব-পদাম্বুজং প্রভুবরং তং লোকনাথস্য মে
কৃষ্ণ-প্রেমসুধাশ্রয়াঙ্ঘ্রি-যুগলং শ্রীপণ্ডিতাখ্যং ভজে ॥

শ্রীলোকনাথ গোস্বামী।

"শ্রীরাধাভিধেয়ং গদাধর ইতি খ্যাতং শ্রীপণ্ডিতাখ্যং প্রভুবরং ভজে" অর্থাৎ যে

গদাধর হইতেছেন 'পণ্ডিত' বলিয়া অভিহিত এবং যিনি 'শ্রীরাধা' বলিয়া প্রসিদ্ধ, সেই পরম প্রভু শ্রীগদাধর পণ্ডিতকে ভজনা করি।

শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ও তৎকৃত নাম-সঙ্কীর্ত্তনে শ্রীগদাধর পণ্ডিতকেই শ্রীগৌরাঙ্গের প্রিয়তম-রূপে স্থাপিত করিয়া তাঁহার জয় গান করিতেছেন, যথা ঃ—

জয় জয় গদাধর প্রেমের সাগর।
গৌরাঙ্গের প্রিয়তম পণ্ডিত-প্রবর ॥

শ্রীল দেবকীনন্দন দাসও তৎকৃত বৈষ্ণব-বন্দনায় শ্রীগৌরাঙ্গ-প্রেয়সী শ্রীমতী লক্ষ্মীপ্রিয়া ও শ্রীমতী বিষ্ণুপ্রিয়া ঠাকুরাণীকে বন্দনা করিবার পূর্ব্বে শ্রীগদাধর পণ্ডিতকেই বন্দনা করিতেছেন, যেহেতু তিনিও হইতেছেন শ্রীগৌরাঙ্গের প্রেয়সী-সদৃশ পরমপ্রিয় ও তৎপর্য্যায়-ভুক্ত-রূপে তদ্রূপেই তাঁহার বামপার্শ্বে উপবেশনার্হ। বৈষ্ণব-বন্দনায় বলিতেছেন, যথা ঃ—

বন্দোঁ লক্ষ্মী ঠাকুরাণী আর বিষ্ণুপ্রিয়া।
গদাধর পণ্ডিত-গোসাঞি বন্দনা করিয়া ॥

সুপ্রসিদ্ধ পদকর্ত্তা শ্রীল জ্ঞান দাস তৎকৃত পদে শ্রীগদাধর পণ্ডিতকেই শ্রীগৌরাঙ্গের প্রিয়া-তুল্য-রূপে তদীয় বামপার্শ্বে দাঁড় করাইয়াছেন, যথাঃ—

আবেশে অবশ গোরা ঢুলু ঢুলু আঁখি।
পদ-নখে থাকি থাকি কি জানি কি লেখি ॥
কি ভাবে ভাবিত সদা নাহি বুঝি গোরা।
পূরব-পিরীতি-রসে বুঝি হৈল ভোরা ॥
দীন নয়নে অবনত মাথে রহে।
থাকি থাকি গদাধরের মুখ পানে চাহে ॥
ভাব বুঝি পণ্ডিত দাঁড়া'ল বাম পাশে।
'শ্যাম-বামে রাই যেন' কহে জ্ঞান দাসে ॥

শ্রীহরিবল্লভ দাস অর্থাৎ বিশ্ব-বিশ্রুত শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর মহোদয়ও শ্রীগদাধর পণ্ডিতকেই শ্রীগৌরাঙ্গের বাম-ভাগে স্থাপন করিয়া তৎকৃত পদে বলিতেছেন ঃ—

বামে নহ ত আর রাই সুধামুখী
ব্রজবধূ নহ ত নিয়ড়ে।
গদাধর পণ্ডিত ফিরত বামে অব
সদা সঙ্গে ভকত বিহরে ।।

শ্রীচৈতন্যচরিতামৃতেও গদাধর পণ্ডিতকেই শ্রীগৌরাঙ্গের প্রেয়সী-তুল্য-রূপে বর্ণনা করিয়াছেন, যথাঃ—

পণ্ডিতের ভাব মুদ্রা কহনে না যায়।
"গদাধর-প্রাণনাথ" নাম হৈল যায় ।।
পণ্ডিতে প্রভুর প্রসাদ কহনে না যায়।
"পদাইর গৌরাঙ্গ" বলি যাঁরে লোকে গায় ।।

শ্রীচরিতামৃতের এই উক্তি দ্বারা স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীগদাধর পণ্ডিতই শ্রীগৌরাঙ্গের স্বীয় প্রেয়সী-তুল্য প্রিয়তম ও তদ্বৎ তদীয় বাম-পার্শ্বে উপবেশনার্হ এবং তন্নিমিত্তই শ্রীগৌরাঙ্গের এক নাম হইতেছে "গদাধর-প্রাণনাথ" ও লোকে তাঁহাকে "গদাইর গৌরাঙ্গ" বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। শ্রীচৈতন্যচরিতামৃতের এই স্পষ্ট বচনানুসারে শ্রীগদাধর পণ্ডিতই হইতেছেন যে পঞ্চতত্ত্বের মধ্যে শ্রীগৌরাঙ্গের বাম-পার্শ্বে অবস্থিত, পরন্তু শ্রীদাস গদাধর বা অন্য কোনও গদাধর নহেন, তদ্বিষয়ে আর কোন সন্দেহ বা বিতর্কের অবসর থাকিতে পারে না।

"গৌর-গদাধর" বা "গদাধর-গৌরাঙ্গ" বলিতে শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামীকেই বুঝায়, অন্য কোনও গদাধরকে নহে। শ্রীগদাধর পণ্ডিত শ্রীরাধারাণীর স্বরূপ বলিয়া, "রাধা-কৃষ্ণ" বলিতে যেমন ব্রজের যুগল-রূপ বুঝায়, তদ্রূপ "গৌর-গদাধর"

বা "গদাধর-গৌরাঙ্গ" বলিতেও নবদ্বীপের যুগল-রূপ বুঝাইয়া থাকে। মহাজনগণ শ্রীগদাধর পণ্ডিতকে "পণ্ডিত-গোঁসাই", "গদাই" প্রভৃতি আখ্যায়ও অভিহিত করিয়াছেন।

শ্রীরাধারাণী যেমন শ্রীকৃষ্ণের প্রতি মধুর-রসাশ্রিতা, শ্রীগদাধর পণ্ডিতও তদ্রূপ শ্রীগৌরাঙ্গের প্রতি মধুর-রসাশ্রিত। পঞ্চতত্ত্বের মধ্যে মূলতত্ত্ব শ্রীগৌরাঙ্গের প্রতি শ্রীনিত্যানন্দ প্রভু প্রভৃতি অন্য চারি তত্ত্বের কাহার কি ভাব, তাহা নিম্নে বর্ণিত হইতেছে।

(১) শ্রীবাসের ভাব হইতেছে দাস্য-ভাব।

(২) শ্রীঅদ্বৈতের ভাব হইতেছে সখ্য-ভাব অর্থাৎ সখ্যান্তর্গত দাস্য ও সখ্য ভাব।

(৩) শ্রীনিত্যানন্দের ভাব হইতেছে বাৎসল্য-ভাব অর্থাৎ বাৎসল্যান্তর্গত দাস্য, সখ্য ও বাৎসল্য ভাব।

(৪) শ্রীগদাধর পণ্ডিতের ভাব হইতেছে মধুর-ভাব অর্থাৎ মধুরান্তর্গত দাস্য, সখ্য, বৎসল্য ও মধুর ভাব।

উপরোক্ত এই সমস্ত ভাব সম্বন্ধে শ্রীচৈতন্যচরিতামৃতে বলিতেছেন, যথা :—

বাৎসল্য দাস্য সখ্য তিন ভাবময়।
সেই নিত্যানন্দ কৃষ্ণচৈতন্য-সহায় ॥
অদ্বৈত আচার্য্য-গোসাঞি ভক্ত-অবতার।
সখ্য দাস্য দুই ভাব সহজ তাঁহার ॥
শ্রীবাসাদি যত যত মহাভক্তগণ।
নিজ-নিজ-ভাবে করে চৈতন্য-সেবন ॥
পণ্ডিত-গোসাঞি আদি যার সেই রস।
সেই সেই রসে কৃষ্ণ হয় তার বশ ॥

দাস্যের কার্য্য সেবন ; সুতরাং শ্রীচৈতন্যচরিতামৃতের উপরোক্ত বাক্যানুসারে দেখা যাইতেছে যে, চৈতন্য-সেবনই হইতেছে শ্রীবাসের কার্য্য ; সুতরাং ইহা স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীবাসের ভাব হইতেছে দাস্য-ভাব।

আর শ্রীচৈতন্যচরিতামৃতে যে বলিয়াছেন ঃ—

পণ্ডিত-গোসাঞি আদি যার যেই রস।
সেই সেই রসে কৃষ্ণ হয় তার বশ ॥

এই উক্তিতে শ্রীগদাধর পণ্ডিতের ভাব মধুর-রসাশ্রিতই বুঝাইতেছে, যেহেতু শ্রীচরিতামৃতে বলিতেছেন গদাধরের রসে কৃষ্ণ বশীভূত হইয়া থাকেন ; পরন্তু শ্রীকৃষ্ণ আবার মধুর-রসে যাদৃশ বশীভূত হন, এরূপ আর কোনও রসে হন না ; সুতরাং শ্রীগদাধর পণ্ডিতের ভাব হইতেছে মধুর-রসাশ্রিত। অপিচ, শ্রীগদাধর পণ্ডিতের ভাব যে মধুর-রসাশ্রিত, তৎসম্বন্ধে শ্রীচৈতন্যচরিতামৃতের অন্য স্থলেও স্পষ্টই উক্ত হইয়াছে, যথা ঃ—

পুরী গোসাঞির বাৎসল্য মুখ্য রামানন্দের শুদ্ধ-সখ্য
গোবিন্দাদ্যের শুদ্ধ-দাস্যরস।
গদাধর জগদানন্দ স্বরূপের মুখ্য-রসানন্দ
এই চারি ভাবে প্রভু বশ ॥

মুখ্য-রসানন্দ বলিতে মধুর-রসকেই বুঝাইতেছে, যেহেতু মধুর-রসই হইতেছে মুখ্য অর্থাৎ সর্ব্বপ্রধান রস। অতএব উক্ত বাক্য দ্বারা বুঝা যাইতেছে যে, গদাধরের ভাব হইতেছে মধুর-রসাশ্রিত।

শ্রীচৈতন্যচরিতামৃতের অন্যত্রও উল্লিখিত হইয়াছে—

জগদানন্দ পণ্ডিতের শুদ্ধ-গাঢ়ভাব।
সত্যভামা-প্রায় প্রেমে বাম্য স্বভাব ॥
গদাধর পণ্ডিতের শুদ্ধ-গাঢ়ভাব।
রুক্মিণী-দেবীর যৈছে দক্ষিণা স্বভাব ॥

শুদ্ধ-গাঢ়ভাব বলিতে ঐশ্বর্য্যজ্ঞানহীন বিশুদ্ধ মধুর ভাবকেই বুঝাইতেছে। শ্রীরাধারাণীর ন্যায় শ্রীগদাধর পণ্ডিতও যে এই বিশুদ্ধ-মধুর-ভাবাপন্ন ছিলেন, উক্ত পয়ারে তাহাই বলিতেছেন; তবে তাঁহার প্রকৃতি ছিল, তৎ-সম্বন্ধে বলিতেছেন যে, তিনি শ্রীরুক্মিণী-দেবীর ন্যায় দক্ষিণা অর্থাৎ অনুকূলা ছিলেন।

শ্রীপাদ নরহরি সরকার-ঠাকুরও তৎকৃত পদে বলিতেছেন ঃ—

সই! এ কথা বলিব কাকে।
পণ্ডিত গদাই পানে ঘন চাই
রাধিকা বলিয়া ডাকে॥

অর্থাৎ বলিতেছেন যে, শ্রীরাধিকার কথা মনে হওয়ায়, শ্রীগৌরাঙ্গসুন্দর গদাধর পণ্ডিতের দিকে ঘন ঘন তাকাইয়া 'রাধিকা, রাধিকা' বলিয়া ডাকিতেছেন।

শ্রীগদাধর পণ্ডিতই যে পঞ্চতত্ত্বান্তর্গত ও শ্রীগৌরাঙ্গের বাম-পার্শ্বে অবস্থিত, তাহা সুপ্রসিদ্ধ পদকর্ত্তা শ্রীশিবানন্দ দাস বা দাস শিবাই তৎকৃত পদে কিরূপ স্পষ্টভাবে প্রকট করিয়াছেন, দেখুন ঃ—

জয় জয় পণ্ডিত-গোসাঞি।
যাঁর কৃপাবলে সে চৈতন্য-গুণ গাই॥
হেন সে গৌরাঙ্গচন্দ্রে যাঁহার পিরীতি।
'গদাধর-প্রাণনাথ' যাহে নাম খ্যাতি॥
গৌরগত-প্রাণ প্রেম কে বুঝিতে পারে।
ক্ষেত্র-বাস কৃষ্ণ-সেবা যাঁর লাগি ছাড়ে॥
গদাইর গৌরাঙ্গ গৌরাঙ্গের গদাধর।
শ্রীরাম জানকী যেন এক কলেবর॥
যেন এক প্রাণ রাধা বৃন্দাবনচন্দ্র।
তেন গৌর গদাধর প্রেমের তরঙ্গ॥

কহে শিবানন্দ পঁহু যাঁর অনুরাগে।
শ্যাম তনু গৌর হইয়া প্রেম মাগে ॥

সুপ্রসিদ্ধ পদকর্ত্তা শ্রীনয়নানন্দ দাসও এতদ্বিষয়ে কিরূপ স্পষ্ট করিয়া বলিতেছেন, তাহাও দেখুন ঃ—

দয়ার সাগর মোর পণ্ডিত-গোসাঞি।
তোমার চরণ বিণু মোর আর কিছু নাই ॥
গৌরাঙ্গের সঙ্গে রঙ্গে অবতার করি।
নিজ-নাম প্রকাশিলা জগৎ বিস্তারি ॥
কলিযুগের জীব যত মলিন দেখিয়া।
নিজ-রাধানাম দিলা জগৎ ভরিয়া ॥
সেই 'রাধা'—'গদাধর' গৌরাঙ্গের কোলে।
সেই 'কৃষ্ণ'—'চৈতন্য' সর্ব্বশাস্ত্রে বলে ॥
"রাধা, রাধা" বলি গৌরাঙ্গ পণ্ডিতেরে ডাকে।
সেই এই বৃন্দাবনে সখী লাখে লাখে ॥
পণ্ডিত-গোসাঞির প্রেমে ভাসিল সংসারে।
বৃন্দাবনে তিন ঠাকুর সমর্পিল তাঁরে ॥
তিন সেবক দিয়া পণ্ডিত তিন ঠাকুর সেবে।
পণ্ডিত-গোসাঞির কৃপা মোরে কবে হবে ॥
পণ্ডিত-গোসাঞি আমার জগতের প্রাণ।
নয়নানন্দের মনে নাহি জানে আন ॥

এক্ষণে উপরিলিখিত প্রমাণ সমূহের দ্বারা স্পষ্টই বোধগম্য হইল যে, পণ্ডিত গদাধরই হইতেছেন পঞ্চতত্ত্বান্তর্গত, পরন্তু তিনি ভিন্ন অন্য কোনও গদাধর নহেন। মহাজনগণ সর্ব্বত্রই পঞ্চতত্ত্বান্তর্গত এই গদাধর পণ্ডিতেরই বিপুল

মহিমা ও যশ কীর্ত্তন করিয়াছেন, তবে কোথাও বা কেবল 'গদাধর' কোথাও বা 'গদাধর পণ্ডিত' বা 'পণ্ডিত গদাধর', কোথাও বা 'পণ্ডিত-গোসাঞি' বা 'পণ্ডিত-গোস্বামী', কোথাও বা 'গদাধর পণ্ডিত-গোস্বামী', কোথাও বা 'গদাই' নামে কীর্ত্তন করিয়াছেন; পরন্তু যেখানে যেখানে পঞ্চতত্ত্বান্তর্গত এই গদাধর পণ্ডিতকেই লক্ষ্য করিয়া তাঁহারা কেবলমাত্র 'গদাধর' বলিয়া উল্লেখ করিয়াছেন, সেখানে সেখানেই বুঝিতে হইবে যে, তদ্দ্বারা তাঁহারা অন্য কোনও গদাধরকে বুঝাইতেছেন না, পরন্তু পণ্ডিত গদাধরকেই বুঝাইতেছেন, যথাঃ—

(১) শ্রীগদাধর-ধ্যানে—

কারুণ্যৈক-মরন্দ-পদ্মচরণং চৈতন্যচন্দ্র-দ্যুতিং
তাম্বুলার্পণ-ভঙ্গি-দক্ষিণ-করং শ্বেতাম্বরং সদ্বরং।
প্রেমানন্দ-তনুং সুধাস্মিত-মুখং শ্রীগৌরচন্দ্রেক্ষণং
ধ্যায়েচ্ছ্রীল-গদাধরং দ্বিজবরং মাধুর্য্য-ভুষোজ্জ্বলং ।।

(২) শ্রীগৌরাঙ্গ-কৃপা-প্রার্থনায়—

অদ্বৈত-প্রকটীকৃতো নরহরি-প্রেষ্ঠঃ স্বরূপ-প্রিয়ঃ
নিত্যানন্দ-সখঃ সনাতন-গতিঃ শ্রীরূপ-হৃৎকেতনঃ।
লক্ষ্মী-প্রাণপতির্গদাধর-রসোল্লাসী জগন্নাথ-ভূঃ
সঙ্গোপাঙ্গ-সপার্ষদঃ স দয়তাং দেবঃ শচীনন্দনঃ ।।

(৩) শ্রীসার্ব্বভৌম-কৃত শ্রীগৌরাঙ্গষ্টোত্তর-শতনাম-স্তোত্রে—

গদাধর-প্রাণনাথ আর্ত্তিহা শরণ-প্রদঃ ।

(৪) দ্বিজ-হরিদাস-কৃত শ্রীবৈষ্ণব-বন্দনায়—

যুগল-চরণ করিব বন্দন
গদাধর তার বামে ।

'যুগল-চরণ' অর্থে শ্রীগৌরাঙ্গের দুইটী চরণ বুঝাইতেছে।

(৫) শ্রীনরহরি দাস-বিরচিত সপার্ষদ-শ্রীগৌরাঙ্গ-বন্দনায়—

(ক)

গদাধর শ্রীনিবাস স্বরূপ নরহরি।
পিয়াও গোরা-প্রেমামৃতে মোরে কৃপা করি॥

(খ)

দীনে দয়া কর ওহে মাধব রত্নাবতী।
তুয়া পুত্র গদাধর-পদে রহু মতি॥

(৬) শ্রীনরোত্তম ঠাকুর-মহাশয়-কৃত প্রার্থনায়—

অদ্বৈত আচার্য্য বল গদাধর মোর কুল

(৭) পদকর্ত্তা শ্রীকবিশেখর-কৃত পদে—

নাচত গৌর সঙ্গে প্রিয় গদাধর

(৮) শ্রীচৈতন্যভাগবতে—

(ক)

জয় গদাধর-প্রাণনাথ মহাশয়।

(খ)

জয় গদাধর-পতি অদ্বৈত-ঈশ্বর।

(৯) পদকর্ত্তা শ্রীউদ্ধব দাস-কৃত পদে—

গদাধর মহাপাত্র শীতল অভয় ছত্র

(১০) পদকর্ত্তা শ্রীবাসুদেব ঘোষের পদে—

নরহরি গদাধর সংহতি বিহরে।

(১১) শ্রীদীনকৃষ্ণদাস বাবাজী মহোদয় কৃত মঙ্গল-আরতি-কীর্ত্তনের পদে—

মঙ্গল গদাধর হেরি পহুঁ হাস।

(১২) পদকর্ত্তা শ্রীনয়নানন্দ দাস-কৃত পদে—

কোই কহত গোরা জানকী-বল্লভ
রাধার প্রিয় পাঁচবাণ রে।
নয়নানন্দের মনে আন নাহি জানে
আমার গদাধরের প্রাণ রে॥

(১৩) শ্রীঠাকুর-মহাশয়-কৃত নাম-সঙ্কীর্ত্তনে—

জয় জয় শ্রীবাস জয় গদাধর।

(১৪) শ্রীঠাকুর-মহাশয়-কৃত ভোগ-আরতির পদে—

(ক)

গদাধরের প্রাণ আমার প্রভু গৌরচন্দ্র।

(খ)

বামে প্রিয় গদাধর দক্ষিণে নিতাই।

(১৫) শ্রীবীরবল্লভ দাস-কৃত সন্ধ্যা-আরতির পদে—

নরহরি গদাধর চামর ঢুলাওয়ে।

(১৬) শ্রীপঞ্চতত্ত্বের ভজন-কীর্ত্তনে—

রত্নাবতী-নন্দন প্রেমপাত্র
হা নাথ মাধবাচার্য্য-পুত্র।
শ্রীগৌরাঙ্গ-প্রেমরস-বিলাস
হা গদাধর কুরু ত্বঙ্ঘ্রি-দাস॥

(১৭) নিশীথ-কালীন বিহাগড়া-কীর্ত্তনে—

জয় জয় গদাধর জয় হে শ্রীবাস।

(১৮) পদকর্ত্তা শ্রীযদুনন্দন ঠাকুর-কৃত পদে—

( ক )

গৌর-গদাধর দুহুঁ-তনু সুন্দর
অপরূপ প্রেম-বিথার।

( খ )

গৌর-বামে রয় প্রিয় গদাধর
নিগূঢ় রস পরকাশ রে ।

(১৯) পঞ্চতত্ত্বের প্রণামে—

গদাধরমহং বন্দে সহ-শ্রীবাস-পণ্ডিতং ।
শ্রীচৈতন্য-প্রেমপাত্রৌ ভক্ত-শক্ত্যবতারকৌ ॥

ইত্যাদি বহু স্থলেই শ্রীগদাধর পণ্ডিতের গুণ কীর্ত্তন করিয়া পবিত্র হইবার নিমিত্ত, তথা তদীয় কৃপা লাভ করিবার উদ্দেশ্যে, মহাজনগণ তাঁহার সম্পূর্ণ নামোল্লেখ না করিয়া সংক্ষেপে কেবল "গদাধর" বা "গদাই" বলিয়া উল্লেখ করিয়াছেন ; সুতরাং এরূপ স্থল-সমূহে তাঁহারা পণ্ডিত গদাধরকেই উদ্দেশ্য করিয়া লিখিয়াছেন বুঝিতে হইবে, পরন্তু অন্য কোনও গদাধরকে নহে ।

যাহা হউক, শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামী প্রভুই সমস্ত মহাজনগণ কর্ত্তৃক পঞ্চতত্ত্বান্তর্ভুক্ত-রূপে স্থাপিত হইলেও, ইহাও বিশেষরূপে জানিয়া রাখিতে হইবে যে, পরমারাধ্যপাদ শ্রীল দাস গদাধরও একজন সামান্য পাত্র নহেন ; তিনিও শ্রীগৌরাঙ্গের অত্যন্ত প্রিয় ও বিশিষ্ট অন্তরঙ্গ এবং তিনিও একজন তাঁহার পার্ষদ-প্রবর । বলা বাহুল্য, দাস গদাধরের কৃপা হইলেও শ্রীগৌরাঙ্গ-পাদপদ্ম অতীব অনায়াস-লভ্য ; তন্নিমিত্ত শ্রীল নরহরি দাস তৎসত সপার্ষদ-শ্রীগৌরাঙ্গ-বন্দনায় প্রার্থনা করিতেছেন, যথাঃ—

দাস গদাধর ! মোরে রাখহ চরণে ।
না ভুলিয়ে শ্রীগৌরাঙ্গ জীবনে মরণে ॥

শ্রীল দেবকীনন্দন দাসও তৎকৃত বৈষ্ণব-বন্দনায় শ্রীদাস গদাধরের মহিমা কীর্ত্তন করিয়া বলিতেছেন, যথাঃ—

গদাধর দাস আর শ্রীগোবিন্দ ঘোষ ।
যাঁহার প্রকাশ দেখি প্রভুর সন্তোষ ॥

তবে শ্রীল দাস গদাধর ঈদৃশ মহাগৌরব-মণ্ডিত হইলেও, ইহাও বিশেষরূপে জানিয়া রাখিতে হইবে যে, তিনিও কদাচ পঞ্চতত্ত্বের অন্তর্ভুক্ত বলিয়া পরিগণিত নহেন, পরন্তু তিনি মহাজনগণ কর্ত্তৃক শ্রীগৌরাঙ্গ-পার্ষদ-প্রবর-রূপেই বর্ণিত ও মহামহিমান্বিত হইয়াছেন। শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকায় তাঁহার স্বরূপ এইরূপে বর্ণনা করিয়াছেন, যথা ঃ—

রাধা-বিভূতি-রূপা যা চন্দ্রকান্তিঃ পুরা স্থিতা।
সাদ্য-গৌরাঙ্গ-নিকটে দাসবংশ-গদাধরঃ ।।
পূর্ণানন্দা ব্রজে যাসীদ্ বলদেব-প্রিয়াগ্রণীঃ ।
সাপি কার্য্যবশাদেব প্রাবিশত্তং গদাধরং ।।

শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা।

অর্থাৎ শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকায় বলিতেছেন ঃ—পূর্ব্বে যিনি শ্রীরাধিকার বিভূতি-স্বরূপ চন্দ্রকান্তি ছিলেন, তিনিই এক্ষণে শ্রীগৌরাঙ্গের নিকট দাস গদাধর হইয়াছেন। ব্রজে বলরাম-প্রিয়তমা পূর্ণানন্দা নামে যে গোপী ছিলেন, তিনি কার্যবশতঃ এই গদাধর দাসে প্রবিষ্ট হইয়াছেন।

"শ্রীভক্তমাল" গ্রন্থেও বলিতেছেন ঃ—

শ্রীরাধা-বিভূতি চন্দ্রকান্তি পূর্ব্বে ব্রজে।
তেঁহো এবে গদাধর-দাস-রূপে রাজে ।।

শ্রীভক্তমাল।

আশা করি, এক্ষণে সকলেরই ইহা নিঃসংশয়-রূপে বোধগম্য হইল যে, **"শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামী"** প্রভুই হইতেছেন পঞ্চতত্ত্বান্তর্ভুক্ত, পরন্তু শ্রীল দাস গদাধর বা অন্য কোনও গদাধর নহেন।

# সূচীপত্র।


| বিষয়। | | পৃষ্ঠা। |
|---|---|---|
| শ্রীশ্রীগুরুদেবাষ্টকং | ... | ৫৬১ |
| ঐ অনুবাদ | ... | ৫৬৩ |
| শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (১) | ... | ৫৬৪ |
| ঐ অনুবাদ | ... | ৫৬৬ |
| শ্রীশ্রীচৈতন্যাষ্টকং ২) | ... | ৫৬৮ |
| শ্রীশ্রীশচীসুতাষ্টকং | .... | ৫৭০ |
| শ্রীশ্রীশচীসূন্বষ্টকং | ... | ৫৭২ |
| শ্রীশ্রীশচীতনয়াষ্টকং | ... | ৫৭৩ |
| শ্রীশ্রীশচীনন্দন-বিজয়াষ্টকং | ... | ৫৭৫ |
| ঐ অনুবাদ | ... | ৫৭৭ |
| শ্রীশ্রীমহাপ্রভোরষ্টকং বা স্বরূপ-চরিতামৃতং | ... | ৫৭৯ |
| শ্রীশ্রীশচীনন্দনাষ্টকং | ... | ৫৮১ |
| শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকং | ... | ৫৮৩ |
| ঐ অনুবাদ | ... | ৫৮৪ |
| শ্রীশ্রীনিত্যানন্দাষ্টক | ... | ৫৮৭ |
| শ্রীশ্রীঅদ্বৈতাষ্টকং | ... | ৫৮৮ |
| শ্রীশ্রীঅদ্বৈতাষ্টক | ... | ৫৯০ |
| শ্রীশ্রীগদাধরাষ্টকং | ... | ৫৯২ |
| শ্রীশ্রীবাসাষ্টকং | ... | ৫৯৪ |
| শ্রীশ্রীগৌর-গদাধর-যুগলাষ্টকং | ... | ৫৯৫ |

| বিষয়। | | পৃষ্ঠা। |
|---|---|---|
| শ্রীশ্রীষড়্গোস্বাম্যষ্টকং | ... | ৫৯৭ |
| ঐ অনুবাদ | ... | ৫৯৮ |
| শ্রীশ্রীজগন্নাথাষ্টকং | ... | ৬০০ |
| ঐ অনুবাদ | ... | ৬০২ |
| শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রাষ্টকং | ... | ৬০৪ |
| ঐ অনুবাদ | ... | ৬০৬ |
| শ্রীশ্রীদামোদরাষ্টকং | ... | ৬০৮ |
| ঐ অনুবাদ | ... | ৬০৯ |
| শ্রীশ্রীনন্দনন্দনাষ্টকং | ... | ৬১২ |
| শ্রীশ্রীমুকুন্দাষ্টকং | ... | ৬১৩ |
| শ্রীশ্রীকুঞ্জবিহার্য্যষ্টকং | ... | ৬১৫ |
| ঐ অনুবাদ | ... | ৬১৬ |
| শ্রীশ্রীব্রজরাজ-সুতাষ্টকং | ... | ৬১৮ |
| শ্রীশ্রীকেশবাষ্টকং | ... | ৬২০ |
| শ্রীশ্রীগোপাল-দেবাষ্টকং | ... | ৬২২ |
| শ্রীশ্রীগোবিন্দ-দেবাষ্টকং | ... | ৬২৪ |
| শ্রীশ্রীগোপীনাথ-দেবাষ্টকং | ... | ৬২৬ |
| শ্রীশ্রীমদনগোপাল-দেবাষ্টকং | ... | ৬২৮ |
| শ্রীশ্রীস্বয়ম্ভগবত্ত্বাষ্টকং | ... | ৬৩০ |
| শ্রীশ্রীস্বয়ম্ভগবত্ত্বাষ্টকের অনুবাদ | ... | ৬৩২ |
| শ্রীশ্রীজগন্মোহনাষ্টকং | ... | ৬৩৬ |
| শ্রীশ্রীব্রজ-নব-যুবরাজাষ্টকং | ... | ৬৩৮ |
| শ্রীশ্রীমধুরাষ্টকং | ... | ৬৪০ |

| বিষয়। | | পৃষ্ঠা। |
|---|---|---|
| শ্রীশ্রীরাধিকাষ্টকং (১) | ... | ৬৪২ |
| ঐ অনুবাদ | ... | ৬৪৪ |
| শ্রীশ্রীরাধিকাষ্টকং (২) | ... | ৬৪৫ |
| শ্রীশ্রীরাধিকাষ্টকং (৩) | ... | ৬৪৬ |
| ঐ অনুবাদ | ... | ৬৪৮ |
| শ্রীশ্রীরাধিকাষ্টকং (৪) | ... | ৬৫০ |
| ঐ অনুবাদ | ... | ৬৫২ |
| শ্রীশ্রীরাধাষ্টকং | ... | ৬৫৪ |
| শ্রীশ্রীগান্ধর্ব্বা-সংপ্রার্থনাষ্টকং | ... | ৬৫৬ |
| ঐ অনুবাদ | ... | ৬৫৮ |
| শ্রীশ্রীনবাষ্টকং | ... | ৬৫৯ |
| শ্রীশ্রীরাধাষ্টকং | ... | ৬৬১ |
| শ্রীশ্রীব্রজ-নবীনযুব-দ্বন্দ্বাষ্টকং | ... | ৬৬৩ |
| শ্রীশ্রীনব-যুবদ্বন্দ্ব-দিদৃক্ষাষ্টকং | ... | ৬৬৫ |
| শ্রীশ্রীযুগল-কিশোরাষ্টকং | ... | ৬৬৭ |
| শ্রীশ্রীললিতাষ্টকং | ... | ৫৬৯ |
| শ্রীশ্রীঅনঙ্গমঞ্জর্য্যষ্টকং | ... | ৬৭১ |
| শ্রীশ্রীনবদ্বীপাষ্টকং | ... | ৬৭৩ |
| শ্রীশ্রীবৃন্দাবনাষ্টকং | ... | ৬৭৫ |
| ঐ অনুবাদ | ... | ৬৭৭ |
| শ্রীশ্রীশ্যামকুণ্ডাষ্টকং | ... | ৬৭৯ |
| শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকং | ... | ৬৮১ |
| ঐ অনুবাদ | ... | ৬৮৩ |

| বিষয়। | | | পৃষ্ঠা। |
|---|---|---|---|
| শ্রীশ্রীযমুনাষ্টকং | | ... | ৬৮৫ |
| ঐ | অনুবাদ | ... | ৬৮৭ |
| শ্রীশ্রীগোবর্দ্ধনাষ্টকং | | ... | ৬৮৯ |
| ঐ | অনুবাদ | ... | ৬৯১ |
| শ্রীশ্রীকৃষ্ণনামাষ্টকং | | ... | ৬৯৩ |
| ঐ | অনুবাদ | ... | ৬৯৪ |
| শ্রীশ্রীবৃন্দাদেব্যষ্টকং | | ... | ৬৯৬ |
| ঐ | অনুবাদ | ... | ৬৯৮ |
| শ্রীশ্রীলোকনাথ-প্রভুবরাষ্টকং | | ... | ৭০০ |
| শ্রীশ্রীনিবাসাচার্য্য-প্রভোরষ্টকং | | ... | ৭০২ |
| শ্রীশ্রীনরোত্তম-প্রভোরষ্টকং | | ... | ৭০৪ |
| শ্রীশ্রীশিক্ষাষ্টকং | | ... | ৭০৬ |
| ঐ | অনুবাদ | ... | ৭০৭ |
| শ্রীশ্রীনবদ্বীপচন্দ্র-স্তবরাজঃ | | ... | ৭৩৪ |
| শ্রীশ্রীগৌরাঙ্গ-স্তবকল্পতরু | | ... | ৭৩৬ |
| শ্রীশ্রীগৌরাঙ্গ-প্রত্যঙ্গ-বর্ণনাখ্য-স্তবরাজঃ | | ... | ৭৩৯ |
| শ্রীশ্রীব্রজবিহার-স্তোত্রং | | ... | ৭৪৩ |
| শ্রীশ্রীমধুসূদন-স্তোত্রং | | ... | ৭৪৬ |
| ঐ | অনুবাদ | ... | ৭৪৮ |
| শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রং (১) | | ... | ৭৫০ |
| ঐ | অনুবাদ | ... | ৭৫২ |
| শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রং (২) | | ... | ৭৫৩ |
| ঐ | অনুবাদ | ... | ৭৫৩ |

| বিষয় । | | পৃষ্ঠা । |
|---|---|---|
| শ্রীশ্রীকৃষ্ণস্য লীলামৃতাখ্য-দশনামস্তোত্রং | ... | ৭৫৪ |
| শ্রীশ্রীগোপাল-স্তবরাজঃ | ... | ৭৫৪ |
| শ্রীশ্রীকৃষ্ণস্যানন্দাখ্য-মহাস্তোত্রং | ... | ৭৫৬ |
| শ্রীশ্রীমদনগোপাল-স্তোত্রং | ... | ৭৫৭ |
| শ্রীশ্রীগোপালরাজ-স্তোত্রং | ... | ৭৬১ |
| শ্রীশ্রীকৃষ্ণস্য প্রণাম-প্রণয়াখ্য-স্তবঃ | ... | ৭৬৪ |
| ঐ অনুবাদ | ... | ৭৬৬ |
| শ্রীশ্রীহরি-কুসুম-স্তবকঃ | ... | ৭৬৮ |
| ঐ অনুবাদ | ... | ৭৭০ |
| শ্রীশ্রীমুকুন্দমালা-স্তোত্রং | ... | ৭৭২ |
| শ্রীশ্রীগোবিন্দ-স্তোত্রং | ... | ৭৮২ |
| ঐ অনুবাদ | ... | ৭৮৭ |
| শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলী | ... | ৭৯৩ |
| শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলীর অনুবাদ | ... | ৭৯৮ |
| শ্রীশ্রীচাটুপুষ্পাঞ্জলিঃ | ... | ৮০৪ |
| শ্রীশ্রীভাষা-চাটুপুষ্পাঞ্জলি | ... | ৮০৭ |
| শ্রীশ্রীরাধিকায়া আনন্দচন্দ্রিকাখ্য-দশনাম-স্তোত্রং | ... | ৮১২ |
| শ্রীশ্রীরাধিকায়াঃ প্রেমপুরাভিধ-স্তোত্রং | ... | ৮১৩ |
| ঐ অনুবাদ | ... | ৮১৫ |
| শ্রীশ্রীরাধিকায়াঃ প্রেমাম্ভোজ-মরন্দাখ্য-স্তবরাজঃ | ... | ৮১৮ |
| শ্রীশ্রীনিকুঞ্জরহস্য-স্তবঃ | ... | ৮১৯ |
| শ্রীশ্রীকার্পণ্যপঞ্জিকা-স্তোত্রং | ... | ৮২৫ |
| শ্রীশ্রীস্তোত্র-রত্নহারঃ | ... | ৮৩০ |

| বিষয়। | | পৃষ্ঠা। |
|---|---|---|
| শ্রীশ্রীমথুরা-স্তোত্রং | ... | ৮৪৩ |
| ঐ অনুবাদ | ... | ৮৪৪ |
| শ্রীশ্রীগঙ্গা-স্তোত্রং | ... | ৮৪৬ |
| অপরাধভঞ্জন-স্তোত্রং | ... | ৮৪৯ |
| শ্রীশ্রীবিষ্ণোঃ ষোড়শনাম-স্তোত্রং | ... | ৮৫৪ |
| শ্রীশ্রীরাধায়াঃ সপ্তত্রিংশনাম-স্তোত্রং | ... | ৮৫৪ |
| শ্রীশ্রীগৌরাঙ্গাষ্টোত্তর-শতনাম-স্তোত্রং | ... | ৮৫৬ |
| শ্রীশ্রীকৃষ্ণাষ্টোত্তর-শতনাম-স্তোত্রং | ... | ৮৫৮ |
| শ্রীশ্রীরাধিকাষ্টোত্তর-শতনাম-স্তোত্রং | ... | ৮৬২ |
| শ্রীশ্রীবিষ্ণু-সহস্রনাম-স্তোত্রং | ... | ৮৬৬ |
| শ্রীশ্রীগোপাল-সহস্রনাম-স্তোত্রং | ... | ৮৮২ |
| শ্রীশ্রীরাধিকা-সহস্রনাম-স্তোত্রং | ... | ৯০০ |
| শ্রীশ্রীনৃসিংহ-কবচং | ... | ৯১৮ |
| শ্রীশ্রীগোপাল-কবচং | ... | ৯২০ |
| শ্রীশ্রীকৃষ্ণ-কবচং | ... | ৯২২ |
| শ্রীশ্রীরাধা-কবচং | ... | ৯২৫ |
| শ্রীশ্রীগুরুদেব-ধ্যানং (৯টী) | ... | ৯২৮ |
| শ্রীশ্রীগুরুরূপসখী-ধ্যানং (২টী) | ... | ৯৩০ |
| শ্রীশ্রীগৌরাঙ্গমহাপ্রভু-ধ্যানং (৪টী) | ... | ৯৩১ |
| শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু-ধ্যানং (৪টী) | ... | ৯৩২ |
| শ্রীশ্রীঅদ্বৈতপ্রভু-ধ্যানং (৬টী) | ... | ৯৩৩ |
| শ্রীশ্রীগদাধরপণ্ডিত-ধ্যানং (২টী | ... | ৯৩৪ |
| শ্রীশ্রীবাসপণ্ডিত-ধ্যানং (৩টী) | ... | ৯৩৫ |

| বিষয় । | | পৃষ্ঠা । |
|---|---|---|
| শ্রীশ্রীবাসাদি-ভক্তবৃন্দ-ধ্যানং | ... | ৯৩৫ |
| শ্রীশ্রীকৃষ্ণ-ধ্যানং (১৩টী) | ... | ৯৩৫ |
| শ্রীশ্রীরাধিকা-ধ্যানং (৭টী) | ... | ৯৩৯ |
| শ্রীশ্রীযুগলকিশোর-ধ্যানং (৪টী) | ... | ৯৪২ |
| শ্রীশ্রীবালগোপাল-ধ্যানং (১১টী) | ... | ৯৪৩ |
| শ্রীশ্রীবলরাম-ধ্যানং | ... | ৯৪৫ |
| শ্রীশ্রীনবদ্বীপ-ধ্যানং | ... | ৯৪৫ |
| সযোগপীঠ-শ্রীনবদ্বীপ-ধ্যানং | ... | ৯৪৫ |
| শ্রীশ্রীবৃন্দাবন-ধ্যানং (২টী) | ... | ৯৪৭ |
| সযোগপীঠ-শ্রীবৃন্দাবন-ধ্যানং | ... | ৯৪৮ |
| শ্রীশ্রীবৃন্দাদেবী-ধ্যানং | ... | ৯৪৮ |
| শ্রীশ্রীনামমালা-ধ্যানং | ... | ৯৪৯ |
| আত্মধ্যানং | ... | ৯৪৯ |
| গুরুরূপ-সখ্যনুগাত্ম-ধ্যানং | ... | ৯৪৯ |
| শ্রীশ্রীগুরুদেব-প্রণামমন্ত্রঃ (৪টী) | ... | ৯৫০ |
| শ্রীশ্রীপরমগুরু-প্রণামমন্ত্রঃ | ... | ৯৫১ |
| শ্রীশ্রীপরাৎপরগুরু-প্রণামমন্ত্রঃ | ... | ৯৫১ |
| শ্রীশ্রীপরমেষ্ঠিগুরু-প্রণামমন্ত্রঃ | ... | ৯৫১ |
| শ্রীশ্রীগুরুরূপসখী-প্রণামমন্ত্রঃ | ... | ৯৫১ |
| শ্রীশ্রীগৌরাঙ্গমহাপ্রভু-প্রণামমন্ত্রঃ (৫টী) | ... | ৯৫২ |
| শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু-প্রণামমন্ত্রঃ (৫টী) | ... | ৯৫২ |
| শ্রীশ্রীঅদ্বৈতপ্রভু-প্রণামমন্ত্রঃ (৫টী) | ... | ৯৫৩ |
| শ্রীশ্রীগদাধর-প্রণামমন্ত্রঃ (৪টী) | ... | ৯৫৪ |

| বিষয় । | | পৃষ্ঠা । |
|---|---|---|
| শ্রীশ্রীবাস-প্রণামমন্ত্রঃ (৩টী) | ... | ৯৫৫ |
| শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ-প্রণামমন্ত্রঃ (২টী) | ... | ৯৫৫ |
| শ্রীশ্রীপঞ্চতত্ত্ব-প্রণামমন্ত্রঃ (৩টী) | ... | ৯৫৫ |
| শ্রীশ্রীবাসাদি-ভক্তবৃন্দ-প্রণামমন্ত্রঃ | ... | ৯৫৬ |
| শ্রীশ্রীকৃষ্ণ-প্রণামমন্ত্রঃ (৭টী) | ... | ৯৫৬ |
| শ্রীশ্রীরাধিকা-প্রণামমন্ত্রঃ (৭টী) | ... | ৯৫৭ |
| শ্রীশ্রীযুগল-প্রণামমন্ত্রঃ | ... | ৯৫৮ |
| শ্রীশ্রীবালগোপাল-প্রণামমন্ত্রঃ (২টী) | ... | ৯৫৮ |
| শ্রীশ্রীবলরাম-প্রণামমন্ত্রঃ | ... | ৯৫৯ |
| শ্রীশ্রীবৈষ্ণব-প্রণামমন্ত্রঃ (৩টী) | ... | ৯৫৯ |
| সাধারণ-প্রণামমন্ত্রঃ (৪টী) | ... | ৯৫৯ |
| শ্রীশ্রীললিতাদি-অষ্টসখী-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬০ |
| প্রধান অষ্টমঞ্জরী বা অষ্ট সুহৃদ্-যূথেশ্বরীর প্রণামমন্ত্রঃ | ... | ৯৬০ |
| শ্রীশ্রীরূপমঞ্জর্য্যাদি-প্রিয়নর্ম্ম-সখী-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬১ |
| শ্রীশ্রীনবদ্বীপধাম-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬১ |
| শ্রীশ্রীপৌর্ণমাসী-দেবী-প্রণামমন্ত্রঃ (২টী) | ... | ৯৬১ |
| শ্রীশ্রীবৃন্দাদেবী-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬২ |
| শ্রীশ্রীবৃন্দাবনধাম-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬২ |
| শ্রীশ্রীরাধাকুণ্ড-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬২ |
| শ্রীশ্রীশ্যামকুণ্ড-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬৩ |
| শ্রীশ্রীগোবর্দ্ধন-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬৩ |
| শ্রীশ্রীব্রজবাসিবৃন্দ-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬৩ |
| শ্রীশ্রীগোপীশ্বরশিব-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬৩ |

| বিষয়। | | পৃষ্ঠা। |
| --- | --- | --- |
| শ্রীশ্রীযমুনা-প্রণামমন্ত্রঃ | ... | ৯৬৪ |
| শ্রীশ্রীগঙ্গা-প্রণামমন্ত্রঃ (২টী) | ... | ৯৬৪ |
| শ্রীশ্রীতুলসী-প্রণামমন্ত্রঃ (৩টী | ... | ৯৬৪ |
| শ্রীশ্রীযমুনাস্নান-মন্ত্রঃ | ... | ৯৬৫ |
| শ্রীশ্রীরাধাকুণ্ডস্নান-মন্ত্রঃ | ... | ৯৬৫ |
| শ্রীশ্রীশ্যামকুণ্ডস্নান-মন্ত্রঃ | ... | ৯৬৫ |
| শ্রীশ্রীগঙ্গাস্নান-মন্ত্রঃ | ... | ৯৬৬ |
| স্নানকালে তীর্থ-আবাহন-মন্ত্রঃ | ... | ৯৬৬ |
| শ্রীশ্রীতুলসী-স্নানমন্ত্রঃ | ... | ৯৬৬ |
| শ্রীশ্রীতুলসী-চয়নমন্ত্রঃ (৩টী) | ... | ৯৬৬ |
| শ্রীশ্রীতুলসী-প্রদক্ষিণমন্ত্রঃ | ... | ৯৬৭ |
| শ্রীশ্রীকৃষ্ণ-প্রদক্ষিণমন্ত্রঃ | ... | ৯৬৮ |
| সাধারণ-প্রদক্ষিণমন্ত্রঃ (২টী) | ... | ৯৬৮ |
| জপ-সমর্পণ-মন্ত্রঃ | ... | ৯৬৮ |
| শ্রীশ্রীগুরুচরণামৃত-ধারণমন্ত্রঃ (২টী) | ... | ৯৬৮ |
| শ্রীশ্রীবৈষ্ণবচরণামৃত-ধারণমন্ত্রঃ ( ২টী ) | ... | ৯৬৯ |
| শ্রীশ্রীভগবচ্চরণামৃত-ধারণমন্ত্রঃ | ... | ৯৬৯ |
| শ্রীশ্রীগুরু-পদরজঃ-সেবনমন্ত্রঃ | ... | ৯৬৯ |
| শ্রীশ্রীবৈষ্ণব-পদরজঃ-সেবনমন্ত্রঃ | ... | ৯৬৯ |
| শ্রীশ্রীব্রজরজঃ-সেবনমন্ত্রঃ | ... | ৯৭০ |
| তিলক-ধারণমন্ত্রঃ | ... | ৯৭০ |
| তুলসীমালা-ধারণমন্ত্রঃ | ... | ৯৭০ |
| পূজান্তে প্রার্থনা-মন্ত্রঃ | ... | ৯৭১ |

| বিষয়। | | পৃষ্ঠা। |
|---|---|---|
| পূজান্তে বিজ্ঞপ্তি-মন্ত্রঃ | ... | ৯৭৩ |
| পূজান্তে অপরাধ-ক্ষমাপণ-মন্ত্রঃ ( ৩টী ) | ... | ৯৭৪ |
| জপার্থে শ্রীনামমালা-গ্রহণমন্ত্রঃ | ... | ৯৭৫ |
| শ্রীনামজপ-সমর্পণমন্ত্রঃ | ... | ৯৭৫ |
| জপান্তে শ্রীনামমালা-স্থাপনমন্ত্রঃ | ... | ৯৭৫ |
| আত্মসমর্পণ-মন্ত্রঃ ( ২টী ) | ... | ৯৭৬ |
| শ্রীশ্রীযোগপীঠ | ... | ৯৭৬ |
| শ্রীশ্রীগৌরপূর্ণিমা-ব্রতকথা | ... | ৯৮৬ |
| শ্রীশ্রীজন্মাষ্টমী-ব্রতকথা | ... | ১০১৪ |
| কামবীজ ও কাম গায়ত্রীর রাগমার্গীয় অর্থ | ... | ১০৬২ |
| অষ্টাদশাক্ষর-মন্ত্ররাজের রাগমার্গীয় অর্থ | ... | ১০৭৮ |
| দশাক্ষর-মন্ত্রার্থ | ... | ১০৮৭ |
| শ্রীশ্রীগৌরগণোদ্দেশ | ... | ১০৮৮ |
| শ্রীশ্রীগীতগোবিন্দ ( গীতাবলী ) | ... | ১১০১ |
| অষ্টাদশ পুরাণ | ... | ১১২৫ |


সূচীপত্র সমাপ্ত।

শ্রীশ্রীরাধা-মদনমোহনৌ জয়তাং।

# শ্রীশ্রীবৃহদ্ভক্তিতত্ত্বসার।

—ঃ * ঃ—

## শ্রীশ্রীগুরুদেবাষ্টকং।

শ্রীশ্রীগুরুদেবায় নমঃ।

( এই অষ্টক প্রত্যহ নিশান্তে অর্থাৎ ভোরে উচ্চৈঃস্বরে অবশ্য পাঠ্য। )

সংসার-দাবানল-লীঢ়-লোক-
ত্রাণায় কারুণ্য-ঘনাঘনত্বং।
প্রাপ্তস্য কল্যাণ-গুণার্ণবস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং॥ ১॥

মহাপ্রভোঃ কীর্ত্তন-নৃত্য-গীত-
বাদিত্র-মাদ্যন্মনসো রসেন।
রোমাঞ্চ-কম্পাশ্রু-তরঙ্গ-ভাজো
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং॥ ২॥

শ্রীবিগ্রহারাধন-নিত্য-নানা-
শৃঙ্গার-তন্মন্দির-মার্জ্জনাদৌ।
যুক্তস্য ভক্তাংশ্চ নিযুঞ্জতোঽপি
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং॥ ৩॥

চতুর্ব্বিধ-শ্রীভগবৎ-প্রসাদ-
স্বাদ্বন্ন-তৃপ্তান্ হরিভক্ত-সঙ্ঘান্।
কৃত্বৈব তৃপ্তিং ভজতঃ সদৈব
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৪ ॥

শ্রীরাধিকা-মাধবয়োরপার-
মাধুর্য্য-লীলা-গুণ-রূপ-নাম্নাং।
প্রতিক্ষণ-স্বাদন-লোলুপস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৫ ॥

নিকুঞ্জ-যূনো রতি-কেলি-সিদ্ধ্যৈ
যা যালিভির্যুক্তিরপেক্ষণীয়া।
তত্রাতি-দাক্ষ্যাদতি-বল্লভস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৬ ॥

সাক্ষাদ্ধরিত্বেন সমস্ত-শাস্ত্রৈ-
রুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ।
কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৭ ॥

যস্য প্রসাদাদ্ ভগবৎ-প্রসাদো
যস্যাপ্রসাদান্ন গতিঃ কুতোঽপি।
ধ্যায়ংস্তুবংস্তস্য যশস্ত্রিসন্ধ্যং
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৮ ॥

শ্রীমদ্‌গুরোরষ্টকমেতদুচ্চৈ-
র্ব্রাহ্মে মুহূর্ত্তে পঠতি প্রযত্নাৎ।

যস্তেন বৃন্দাবন-নাথ-সাক্ষাৎ-
সেবৈব লভ্যা জনুষোঽন্ত এব ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীগুরুদেবাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীগুরুদেবাষ্টকের অনুবাদ।

সংসার-রূপ দাবানল-দগ্ধ লোক সকলের উদ্ধারের নিমিত্ত যিনি মেঘ-রূপে কৃপা-বারি বর্ষণ করেন, সেই পরম কল্যাণময়, গুণের সাগর শ্রীগুরুদেবের শ্রীচরণারবিন্দ বন্দনা করি ॥ ১ ॥

যিনি শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভুর কীর্ত্তন, নৃত্য, গীত ও বাদ্যোন্মাদে উন্মত্ত এবং তজ্জনিত রসাস্বাদ হেতু যাঁহার দেহে পুলক-কম্পাদি উদ্গত ও নয়নে অশ্রুধারা প্রবাহিত হইয়া থাকে, সেই শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্ম বন্দনা করি ॥ ২ ॥

যিনি নিত্য শ্রীবিগ্রহের আরাধনা, নানাবিধ বেশ-রচনা ও শ্রীমন্দির-মার্জ্জনাদি সেবা-কার্য্যে স্বয়ং নিযুক্ত থাকেন এবং ভক্তগণকেও নিযুক্ত করেন, সেই শ্রীগুরুদেবের শ্রীপাদারবিন্দ বন্দনা করি ॥ ৩ ॥

যিনি সর্ব্বদা ভক্তগণকে সুস্বাদু-অন্ন-সমন্বিত চতুর্ব্বিধ ( চর্ব্ব্য, চুষ্য, লেহ্য, পেয় ) শ্রীভগবৎ-মহাপ্রসাদ পরিতৃপ্ত-রূপে ভোজন করাইয়া পরমানন্দ উপভোগ করেন, সেই শ্রীগুরুদেবের শ্রীচরণারবিন্দ বন্দনা করি ॥ ৪ ॥

যিনি শ্রীরাধা-মাধবের অপার-মাধুর্য্যময় লীলা, রূপ, গুণ ও নাম সকলের আস্বাদনে সর্ব্বদা লালায়িত, সেই শ্রীগুরুদেবের শ্রীচরণারবিন্দ বন্দনা করি ॥ ৫ ॥

নিকুঞ্জ-বিহারী যুবক-যুবতী শ্রীরাধা-গোবিন্দের রতিক্রীড়া সাধনের নিমিত্ত সখীগণ যে যে যুক্তি অবলম্বন করিয়া থাকেন, তাহাতে বিশেষ দক্ষতা প্রযুক্ত যিনি তাঁহাদের অত্যন্ত প্রিয়, সেই শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্ম বন্দনা করি ॥ ৬ ॥

নিখিল শাস্ত্র যাঁহাকে সাক্ষাৎ হরি বলিয়া উল্লেখ করিয়াছেন এবং সাধুগণও যাঁহাকে সেই হরি-রূপেই চিন্তা করিয়া থাকেন, পরন্তু যিনি সেই প্রভু শ্রীহরির প্রিয়পাত্র মাত্র, সেই শ্রীগুরুদেবের শ্রীচরণারবিন্দ বন্দনা করি ॥ ৭ ॥

যিনি প্রসন্ন হইলে শ্রীভগবান্ প্রসন্ন হন, যিনি অপ্রসন্ন হইলে আর কোনও প্রকারে নিস্তার নাই, আমি ত্রিসন্ধ্যা সেই শ্রীগুরুদেবের মহিমা কীর্ত্তন ও চিন্তা করিতে করিতে তাঁহার শ্রীচরণারবিন্দ বন্দনা করি ॥ ৮ ॥

যে ব্যক্তি প্রত্যহ ব্রাহ্মমুহূর্ত্তে শ্রীগুরুদেবের এই অষ্টক-স্তোত্র পরম যত্ন সহকারে উচ্চৈঃস্বরে পাঠ করেন, তিনি দেহান্তে শ্রীবৃন্দাবন-নাথ কৃষ্ণচন্দ্রের সাক্ষাৎ-সেবাধিকার প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীগুরুদেবাষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীচৈতন্যাষ্টকং ( ১ )।

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

( এই অষ্টক প্রত্যহ অবশ্য পাঠ্য। )

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃত-মনুজ-কায়ৈঃ প্রণয়িতাং
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশ-পরমেষ্ঠি-প্রভৃতিভিঃ।
স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজ-ভজন-মুদ্রামুপদিশন্
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ১ ॥

সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণত-পটলীনাং মধুরিমা।
বিনির্যাসঃ প্রেম্নো নিখিল-পশুপালাম্বুজ-দৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং॥ ২॥

স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈত-দয়িতঃ
প্রপন্ন-শ্রীবাসো জনিত-পরমানন্দ-গরিমা।
হরিদীনোদ্ধারী গজপতি-কৃপোৎসেক-তরলঃ
স চৈতন্যঃ কি মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং॥ ৩॥

রসোদ্দামা কামার্ব্বুদ-মধুর-ধামোজ্জ্বল-তনু-
র্যতীনামুত্তংসস্তরণি-কর-বিদ্যোতি-বসনঃ।
হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিক-রুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং॥ ৪॥

হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিত-রসনো নাম-গণনা-
কৃত-গ্রন্থিশ্রেণী-সুভগ-কটিসূত্রোজ্জ্বল-করঃ।
বিশালাক্ষো দীর্ঘার্গল-যুগল-খেলাঞ্চিত-ভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং॥ ৫॥

পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালী-কলনয়া
মুহুর্বৃন্দারণ্য-স্মরণ-জনিত-প্রেম-বিবশঃ।
ক্বচিৎ কৃষ্ণাবৃত্তি-প্রচল-রসনো ভক্তি-রসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং॥ ৬॥

রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচল-পতে-
রদভ্র-প্রেমোর্ম্মি-স্ফুরিত-নটনোল্লাস-বিবশঃ।

সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃত-তনুর্বৈষ্ণব-জনৈঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৭ ॥

ভুবং সিঞ্চন্নশ্রু-স্রুতিভিরভিতঃ সান্দ্র-পুলকৈঃ
পরীতাঙ্গো নীপ-স্তবক-নব-কিঞ্জল্ক-জয়িভিঃ।
ঘন-স্বেদ-স্তোম-স্তিমিত-তনুরুৎকীর্ত্তন-সুখী
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৮ ॥

অধীতে গৌরাঙ্গ-স্মরণ-পদবী-মঙ্গলতরং
কৃতী যো বিশ্রম্ভ-স্ফুরদমলধীরষ্টকমিদং।
পরানন্দে সদ্যস্তদমল-পদাম্ভোজ-যুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেম-লহরী ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামী-বিরচিতং শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (১) সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীচৈতন্যাষ্টকের (১) অনুবাদ।

শিব, বিরিঞ্চি প্রভৃতি দেবগণ পার্ষদরূপে মানব-দেহ ধারণ করিয়া প্রীতি-পূর্ব্বক সতত যাঁহার উপাসনা করিতেন এবং যিনি স্বরূপ-দামোদরাদি প্রিয় ভক্তগণকে স্বীয় বিশুদ্ধ-ভজন-প্রণালী উপদেশ প্রদান করিতেন, সেই শ্রীচৈতন্যদেব কি পুনরায় আমার নয়নপথের পথিক হইবেন ? ॥ ১ ॥

যিনি ইন্দ্রাদি দেবতাগণের অভয়-দাতা, যিনি নিখিল উপনিষদ সমূহের লক্ষ্যস্থান অর্থাৎ বেদাদি সমস্ত শাস্ত্র যাঁহাকে উপাস্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, যিনি মুনিগণের ঐহিক পারত্রিকের সর্ব্বস্ব-ধন, যিনি ভক্তবৃন্দের পক্ষে সাক্ষাৎ মাধুর্য্য-স্বরূপ এবং যিনি গোপসুন্দরীগণের প্রেমের সার, সেই শ্রীচৈতন্যদেবকে কি পুনরায় আমি দেখিতে পাইব ? ॥ ২ ॥

যিনি ইহ জগতে অনুপম ভক্ত শ্রীস্বরূপ-দামোদর নামে প্রিয় পার্ষদকে কৃপামৃত-ধারায় প্লাবিত ও পুষ্ট করিয়াছেন, যিনি শ্রীঅদ্বৈতের অতি প্রিয়, যিনি শ্রীবাস পণ্ডিতের আশ্রয়-স্বরূপ, যিনি পরমানন্দ নামক সন্ন্যাসীর গৌরব বৃদ্ধি করিয়াছেন, যিনি জগতে মায়ার প্রভাব ধ্বংস করিয়াছেন, যিনি ত্রিতাপ-দগ্ধ দীনহীনগণকে উদ্ধার করিয়াছেন যিনি উৎকলাধিপতি মহারাজ প্রতাপরুদ্রের প্রতি করুণামৃত-বর্ষণে সমুৎসুক, সেই শ্রীচৈতন্যদেব কি পুনর্ব্বার আমার দৃষ্টি-গোচর হইবেন ? ॥ ৩ ॥

যিনি পরম মধুর ভক্তিরসাস্বাদনে উন্মত্ত, যাঁহার অবয়ব কোটি কোটি কন্দর্পের ন্যায় মনোহর ও সমুজ্জ্বল, যিনি সন্ন্যাসিগণের শিরোমণি, যাঁহার বসন প্রভাত-কালীন সূর্য্য-কিরণের ন্যায় অরুণ-বর্ণ এবং যাঁহার অঙ্গ-কান্তি সুবর্ণ-রাশির অত্যুজ্জ্বল মনোহর কান্তিকেও পরাভব করিয়াছে, সেই শ্রীচৈতন্যদেব কি পুনরায় আমার নয়ন-পথে পতিত হইবেন ? ॥ ৪ ॥

যাঁহার রসনায় "হরেকৃষ্ণ" নাম-মহামন্ত্র উচ্চৈঃস্বরে কীর্ত্তিত হইতেছে ও সেই নামের সংখ্যা রাখিবার নিমিত্ত গ্রন্থীকৃত কটিসূত্রে যাঁহার বামহস্ত সুশোভিত, যাঁহার বিশাল নয়ন-যুগল আকর্ণ-বিস্তৃত এবং যাঁহার বাহু-যুগল আজানু-লম্বিত, সেই শ্রীচৈতন্যদেবকে কি পুনর্ব্বার আমি দেখিতে পাইব ? ॥ ৫ ॥

সমুদ্র-তীরে উপবন-সমূহ দর্শন করিয়া মুহুর্মুহুঃ শ্রীবৃন্দাবন স্মরণ হওয়ায় যিনি প্রেম-ভরে একেবারে অধীর হইয়া পড়িতেন এবং কোথাও কোথাও বা কৃষ্ণনাম-কীর্ত্তনে যাঁহার রসনা চঞ্চল হইত, সেই ভক্তিরস-রসিক শ্রীচৈতন্যদেব কি পুনরায় আমার নয়ন-পথে উদিত হইবেন ? ॥ ৬ ॥

রথাধিষ্ঠিত শ্রীজগন্নাথদেবের সম্মুখে পথিমধ্যে বৈষ্ণবগণ পরমানন্দে নাম-সংকীর্ত্তন করিতে থাকিলে, যিনি মহাপ্রেমে নৃত্য করিতে করিতে বিহ্বল হইয়া পড়িতেন, সেই শ্রীচৈতন্যদেবকে কি পুনর্ব্বার আমি দেখিতে পাইব ? ॥ ৭ ॥

সঙ্কীর্ত্তনানন্দে নিমগ্ন হইলে যাঁহার অশ্রুধারায় ধরাতল প্লাবিত হইয়া যাইত, যাঁহার সর্ব্বাঙ্গ কদম্ব-কেশর-বিজয়ী পুলক-মালায় রোমাঞ্চিত হইয়া উঠিত এবং যাঁহার সমস্ত শরীর প্রচুর ঘর্ম্মজলে অভিষিক্ত হইত, সেই শ্রীচৈতন্যদেব কি পুনরায় আমার নয়ন-গোচর হইবেন ? ।। ৮ ।।

যে বিদ্বান্ ব্যক্তি পবিত্র-চিত্তে শ্রদ্ধা সহকারে শ্রীচৈতন্যদেবের স্মরণাত্মক এই মঙ্গলময় অষ্টক পাঠ করেন, শ্রীচৈতন্যমহাপ্রভুর পরমানন্দময় সুবিমল শ্রীপাদপদ্মে ঐ ব্যক্তির সুবিশাল প্রেমলহরী উচ্ছলিত হউক ।। ৯ ।।

ইতি শ্রীশ্রীচৈতন্যাষ্টকের (১) অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (২)

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

কলৌ যং বিদ্বাংসঃ স্ফুটমভিযজন্তে দ্যুতিভরা-
দকৃষ্ণাঙ্গং কৃষ্ণং মখবিধিভিরুৎকীর্ত্তনময়ৈঃ।
উপাস্যঞ্চ প্রাহুর্যমখিল-চতুর্থাশ্রমজুষাং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ।! ১ ।।

চরিত্রং তন্বানঃ প্রিয়মঘবদাহ্লাদন-পদং
জয়োদ্ঘোষৈঃ সম্যগ্বিরচিত-শচী-শোক-হরণঃ।
উদঞ্চন্মার্ত্তণ্ড-দ্যুতিহর-দুকূলাঞ্চিত-কটিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ।। ২ ।।

অপারং কস্যাপি প্রণয়ি-জন-বৃন্দস্য কুতুকী
রসস্তোমং হৃত্বা মধুরপুপভোক্তুং কমপি যঃ।

রুচিং স্বামাবব্রে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৩ ॥

অনারাধ্যঃ প্রীত্যা চিরমসুর-ভাব-প্রণয়িনাং
প্রপন্নাং দৈবীং প্রকৃতিমধিদৈবং ত্রিজগতি।
অজস্রং যঃ শ্রীমান্ জয়তি সহজানন্দ-মধুরঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৪ ॥

গতির্যঃ পৌণ্ড্রাণাং প্রকটিত-নবদ্বীপ-মহিমা
ভবেনালঙ্কুর্ব্বন্ ভুবন-মহিতং শ্রোত্রিয়কুলং।
পুনাত্যঙ্গীকারাদ্ভুবি পরমহংসাশ্রম-পদং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫ ॥

মুখেনাগ্রে পীত্বা মধুরমিহ নামামৃত-রসং
দৃশোর্দ্বারা যস্তং বমতি ঘন-বাষ্পাম্বু-মিষতঃ।
ভুবি প্রেম্নস্তত্ত্বং প্রকটয়িতুমুল্লাসিত-তনুঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৬ ॥

তনুমাবিষ্কুর্ব্বন্ নব-পুরট-ভাসং কটি-লসৎ-
করঙ্কালঙ্কারস্তরুণ-গজরাজাঞ্চিত-গতিঃ।
প্রিয়েভ্যো যঃ শিক্ষাং দিশতি নিজ-নির্ম্মাল্য-রুচিভিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৭ ॥

স্মিতালোকঃ শোকং হরতি জগতাং যস্য পরিতো
গিরান্তু প্রারম্ভঃ কুশল-পটলীং পল্লবয়তি।
পদালম্ভঃ কম্বা প্রণয়তি নহি প্রেম-নিবহং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৮ ॥

শচীসূনোঃ কীর্ত্তি-স্তবক-নব-সৌরভ্য-নিবিড়ং
পুমান্ যঃ প্রীতাত্মা পঠতি কিল পদ্যাষ্টকমিদং।
স লক্ষ্মীবানেতং নিজ-পদ-সরোজে প্রণয়িতাং
দদানঃ কল্যাণীমনুপদমবাধং সুখয়তু ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (২) সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীশচীসুতাষ্টকং।

শ্রীশ্রীশচীসূতায় নমঃ।

উপাসিত-পদাম্বুজস্তমনুরক্ত-রুদ্রাদিভিঃ
প্রপদ্যে পুরুষোত্তমং পদমদভ্রমুদ্ভ্রাজিতঃ।
সমস্ত-নতমণ্ডলী-স্ফুরদভীষ্ট-কল্পদ্রুমঃ
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ১ ॥

ন বর্ণয়িতুমীশতে গুরুতরাবতারায়িতা
ভবন্তমুরুবুদ্ধয়ো ন খলু সার্ব্বভৌমাদয়ঃ।
পরো ভবতু তত্র কঃ পটুরতো নমস্তে পরং
শচীসুত ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ২ ॥

ন যৎ কথমপি শ্রুতাবুপনিষদ্ভিরপ্যাহিতং
স্বয়ঞ্চ বিবৃতং ন যদ্‌গুরুতরাবতারান্তরে।
ক্ষিপন্নসি রসাম্বুধে ! তদিহ ভক্তি-রত্নং ক্ষিতৌ
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৩ ॥

নিজ-প্রণয়-বিস্ফুরন্নটন-রঙ্গ-বিস্মাপিত-
ত্রিনেত্র ! নতমণ্ডল-প্রকটিতানুরাগামৃত !।

অহংকৃতি-কলঙ্কিতোদ্ধত-জনাদি-দুর্ব্বোধ ! হে
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৪ ॥

ভবন্তি ভুবি যে নরাঃ কলিত-দুষ্কুলোৎপত্তয়-
স্ত্বমুদ্ধরসি তানপি প্রচুর-চারু-কারুণ্যতঃ ।
ইতি প্রমুদিতান্তরঃ শরণমাশ্রিতস্ত্বামহং
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৫ ॥

মুখাম্বুজ-পরিস্খলন্মৃদুল-বাঙ্মধূলীরস-
প্রসঙ্গ-জনিতাখিল-প্রণতভৃঙ্গ-রঙ্গোৎকর ! ।
সমস্ত-জন-মঙ্গল-প্রভব-নাম-রত্নাম্বুধে !
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৬ ॥

মৃগাঙ্ক-মধুরানন ! স্ফুরদনিদ্র-পদ্মেক্ষণ !
স্মিত-স্তবক-সুন্দরাধম ! বশঙ্কটোরস্তট ! ।
ভুজোদ্ধত-ভুজঙ্গম-প্রভু ! মনোজ-কোটি-দ্যুতে !
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৭ ॥

অহং কনক-কেতকী-কুসুম-গৌর ! দুষ্টঃ ক্ষিতৌ
ন দোষ-লব-দর্শিতা বিবিধ-দোষ-পূর্ণেঽপি তে ।
অতঃ প্রবণয়া ধিয়া কৃপণ-বৎসল ! ত্বাং ভজে
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৮ ॥

ইদং ধরণী-মণ্ডলোৎসব ! ভবৎ-পদাঙ্কেষু যে
নিবিষ্ট-মনসো নরাঃ পরিপঠন্তি পদ্যাষ্টকং ।
শচীহৃদয়-নন্দন ! প্রকট-কীর্ত্তিচন্দ্র ! প্রভো !
নিজ-প্রণয়-নির্ভরং বিতর দেব ! তেভ্যঃ শুভং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামী-বিরচিতং শ্রীশ্রীশচীসুতাষ্টকং সম্পূর্ণং ।

---

# শ্রীশ্রীশচীসূন্বষ্টকং।

শ্রীশ্রীশচীসূনবে নমঃ।

হরিদৃষ্ট্বা গোষ্ঠে মুকুর-গতমাত্মানমতুলং
স্বমাধুর্য্যং রাধা-প্রিয়তর-সখীবাপ্তুমভিতঃ।
অহো গৌড়ে জাতঃ প্রভুরপর-গৌরৈকতনু-ভাক্
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ॥ ১॥

পুরীদেবস্যান্তঃ-প্রণয়-মধুনা স্নান-মধুরো
মুহুর্গোবিন্দোদ্যদ্বিশদ-পরিচর্য্যার্চ্চিত-পদঃ।
স্বরূপস্য প্রাণার্ব্বুদ-কমল-নীরাজিত-মুখঃ
শচীসূনুঃ কি মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ॥ ২॥

দধানঃ কৌপীনং তদুপরি বহির্বস্ত্রমরুণং
প্রকাণ্ডো হেমাদ্রি-দ্যুতিভিরভিতঃ সেবিত-তনুঃ।
মুদা গায়ন্নুচ্চৈর্নিজ-মধুর-নামাবলিমসৌ
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ॥ ৩॥

অনাবেদ্যাং পূর্ব্বৈরপি মুনিগণৈর্ভক্তি-নিপুণৈঃ
শ্রুতেগূঢ়াং প্রেমোজ্জ্বল-রসফলাং-ভক্তি-লতিকাং।
কৃপালুস্তাং গৌড়ে প্রভুরতিকৃপাভিঃ প্রকটয়ন্
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ॥ ৪॥

নিজত্বে গৌড়ীয়ান্ জগতি পরিগৃহ্য প্রভুরিমান্
হরেকৃষ্ণেত্যেবং গণন-বিধিনা কীর্ত্তয়ত ভোঃ।
ইতিপ্রায়াং শিক্ষাং জনক ইব তেভ্যঃ পরিদিশন্
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যস্যাতি পুনঃ॥ ৫॥

পুরঃ পশ্যন্ নীলাচল-পতিমুরুপ্রেম-নিবহৈঃ
ক্ষরন্নেত্রাম্ভোভিঃ স্নপিত-নিজ-দীর্ঘোজ্জ্বল-তনুঃ।
সদা তিষ্ঠন্ দেশে প্রণয়ি-গরুড়স্তম্ভ-চরমে
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥ ৬ ॥

মুদা দন্তৈর্দষ্টবা দ্যুতি-বিজিত-বন্ধূকমধরং
করং কৃত্বা বামং কটি-নিহিতমন্যং পরিলসন্।
সমুত্থাপ্য প্রেম্নাগণিত-পুলকো নৃত্য-কুতুকী
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥ ৭ ॥

সরিত্তীরারামে বিরহ-বিধুরো গোকুলবিধো-
র্নদীমন্যাং কুর্ব্বন্নয়ন-জলধারা-বিততিভিঃ।
মুহুর্মূর্চ্ছাং গচ্ছন্ মৃতকমিব বিশ্বং বিরচয়ন্
শচীসূনুঃ কিং মে নয়ন শরণীং যাস্যতি পুনঃ ॥ ৮ ॥

শচীসূনোরস্যাষ্টকমিদমভীষ্টং বিরচয়ৎ
সদা দৈন্যোদ্রেকাদতি-বিশদ-বুদ্ধিঃ পঠতি যঃ।
প্রকামং চৈতন্যঃ প্রভুরতি-কৃপাবেশ-বিবশঃ
পৃথু-প্রেমাম্ভোধৌ প্রথিত-রসদে মজ্জয়তি তং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীশচীসূন্বষ্টকং সম্পূর্ণং।

## শ্রীশ্রীশচী-তনয়াষ্টকং।

শ্রীশ্রীশচী-তনয়ায় নমঃ।

উজ্জ্বল-বরণ-গৌরবর-দেহং
বিলসিত-নিরবধি-ভাব-বিদেহং।

ত্রিভুবন-পাবনং কৃপায়া লেশং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং ॥ ১ ॥

গদগদ-অন্তর-ভাব-বিকারং
দুর্জন-তর্জন-নাদ-বিলাসং।
ভবভয়-ভঞ্জন-কারণ-করুণং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং ॥ ২ ॥

অরুণাম্বর-ধর-চারু-কপোলং
ইন্দু-বিনিন্দিত-নখচয়-রুচিরং।
জল্পিত-নিজ-গুণনাম-বিনোদং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং ॥ ৩ ॥

বিগলিত-নয়ন-কমল-জলধারং
ভূষণ-নবরস-ভাব-বিকারং।
গতি-অতিমন্থর-নৃত্য-বিলাসং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং ॥ ৪ ॥

চঞ্চল-চারু-চরণ-গতি-রুচিরং
মঞ্জীর-রঞ্জিত-পদযুগ-মধুরং।
চন্দ্র-বিনিন্দিত-শীতল-বদনং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং ॥ ৫ ॥

ধৃত-কটি-ডোর-কমণ্ডলু-দণ্ডং
দিব্য-কলেবর-মণ্ডিত-মণ্ডং।
দুর্জন-কল্মষ-খণ্ডন-দণ্ডং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং ॥ ৬ ॥

ভূষণ-ভূরজ-অলকা-বলিতং
কম্পিত-বিম্বাধরবর-রুচিরং।
মলয়জ-বিরচিত-উজ্জ্বল-তিলকং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং॥ ৭॥

নিন্দিত-অরুণ-কমল-দল-লোচনং
আজানুলম্বিত-শ্রীভুজ-যুগলং।
কলেবর-কৈশোর-নর্ত্তক-বেশং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ং॥ ৮॥

ইতি শ্রীশ্রীশচীতনয়াষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীশচীনন্দন-বিজয়াষ্টকং।

শ্রীশ্রীশচীনন্দনায় নমঃ।

গদাধর! যদা পরঃ স কিল কশ্চনালোকিতো
ময়া শ্রিত-গয়াধ্বনা মধুর-মূর্ত্তিরেকস্তদা।
নবাম্বুদ ইব ব্রুবন্ ধৃত-নবাম্বুদো নেত্রয়ো-
র্লুঠন্ ভুবি নিরুদ্ধবাগ্ বিজয়তে শচীনন্দনঃ॥ ১॥

অলক্ষিতচরীং হরীত্যুদিতমাত্রতঃ কিং দশা-
মসাবতি-বুধাগ্রণীরতুল-কম্প-সম্পাদিকাং।
ব্রজন্নহহ! মোদতে ন পুনরত্র শাস্ত্রেষ্বিতি
স্বশিষ্যগণ-বেষ্টিতো বিজয়তে শচীনন্দনঃ॥ ২॥

হহা! কিমিদমুচ্যতে পঠ পঠাত্র কৃষ্ণং মুহু-
র্বিনা তমিহ সাধুতাং দধাতি কিং বুধা! ধাতবঃ।

প্রসিদ্ধ ইহ বর্ণ-সংঘটিত-সম্যগাম্নায়কঃ
স্বনাম্নি যদিতি ব্রুবন্ বিজয়তে শচীনন্দনঃ ॥ ৩ ॥

নবাম্বুজ-দলে যদীক্ষণ-সবর্ণতা-দীর্ঘতে
সদা স্বহৃদি ভাব্যতাং সপদি সাধ্যতাং তৎপদং।
স পাঠয়তি বিস্মিতান্ স্মিতমুখঃ স্বশিষ্যানিতি
প্রতিপ্রকরণং প্রভুর্বিজয়তে শচীনন্দনঃ ॥ ৪ ॥

ক্ব যামি করবানি কিং ক্ব নু ময়া হরির্লভ্যতাং
তমুদ্দিশতু কঃ সখে! কথয় কঃ প্রপদ্যতে মাং।
ইতি দ্রবতি ঘূর্ণতে কলিত-ভক্তকণ্ঠঃ শুচা
সমর্চ্ছয়তি মাতরং বিজয়তে শচীনন্দনঃ ॥ ৫ ॥

স্মরাবর্বুদ-দুরাপয়া তনু-রুচিচ্ছটাচ্ছায়য়া
তমঃ কলিতমঃ-কৃতং নিখিলমেব নিস্মূলয়ন্।
নৃণাং নয়ন-সৌভগং দিবিষদাং মুখৈস্তারয়ন্
লসন্নধিধরঃ প্রভুর্বিজয়তে শচীনন্দনঃ ॥ ৬ ॥

অয়ং কনক-ভূধরঃ প্রণয়-রত্নমুচ্চৈঃ কিরন্
কৃপাতুরতয়া ব্রজন্নভবদত্র বিশ্বম্ভরঃ।
যদক্ষি-পথ-সঞ্চরৎ-সুরধুনী-প্রবাহৈর্নিজং
পরঞ্চ জগদার্দ্রয়ন্ বিজয়তে শচীনন্দনঃ ॥ ৭ ॥

গতোঽস্মি মথুরাং মম প্রিয়তমা বিশাখা-সখী
গতা নু বত! কিং দশাং বদ কথং নু বেদানি তাং।
ইতীব স নিজেচ্ছয়া ব্রজপতেঃ সুতঃ প্রাপিত-
স্তদীয়-রস-চর্ব্বণাং বিজয়তে শচীনন্দনঃ ॥ ৮ ॥

ইদং পঠতি যোহষ্টকং গুণনিধে ! শচীনন্দন !
প্রভো ! তব পদাম্বুজে স্ফুরদমন্দ-বিশ্রম্ভবান্ ।
তমুজ্জ্বল-মতিং নিজ-প্রণয়রূপ-বর্গানুগং
বিধায় নিজ-ধামনি দ্রুতমুরীকুরুষ্ব স্বয়ং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীশচীনন্দন-বিজয়াষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীশচীনন্দন-বিজয়াষ্টকের অনুবাদ।

একদিন শ্রীমন্মহাপ্রভু প্রিয় গদাধর সহ কথোপকথন করিতে করিতে বলিলেন, হে গদাধর ! গয়াপথে কোন এক পরমোৎকৃষ্ট অপূর্ব্ব মধুর মূর্ত্তি দর্শন করিয়াছিলাম ; জলদ-গম্ভীর-স্বরে এই কথা বলিবামাত্র যাঁহার নয়ন-যুগল হইতে দরদর ধারে অশ্রু প্রবাহিত হইয়াছিল এবং যিনি তৎক্ষণাৎ ভূপতিত হইয়া বাক্শক্তি-রহিত হইয়াছিলেন, সেই শ্রীশচীনন্দন গৌরচন্দ্র জয়যুক্ত হউন ॥ ১ ॥

আহা মরি ! যিনি অধ্যয়ন-ব্যপদেশে শিষ্যাদির মুখে অথবা অন্য কোনও ছলে "হরি" এই বর্ণদ্বয় শ্রবণ করিবামাত্র, অনুপম কম্পাদি-যুক্ত কি এক অপূর্ব্ব অনির্ব্বচনীয় দশা প্রাপ্ত হইয়া যেরূপ আনন্দ উপভোগ করিতেন, পরন্তু শাস্ত্রালোচনায় তদ্রূপ করিতেন না, শিষ্যগণ-পরিবেষ্টিত পাণ্ডিতাগ্রগণ্য সেই শ্রীশচীনন্দন গৌরাঙ্গ-শ্রীহরি জয়যুক্ত হউন ॥ ২ ॥

ছাত্রগণ ধাতুপাঠ আরম্ভ করিলে শ্রীমন্মহাপ্রভু বলিলেন, "হায় ! হায় ! বৎসগণ ! তোমরা কি বলিতেছ ? বারম্বার 'কৃষ্ণ কৃষ্ণ' বল। হে বুধগণ ! ধাতু সকল 'কৃষ্ণ' বিনা কিরূপে শুদ্ধি লাভ করিবে ?" এমন কি, যিনি ক, খ ইত্যাদি বর্ণমালা দ্বারাও কৃষ্ণনাম উপদেশ করিতেন, সেই শ্রীশচীনন্দন গৌরচন্দ্র জয়যুক্ত হউন ॥ ৩ ॥

"যাঁহার নয়ন-যুগলের বর্ণ ও আয়তন নব-বিকসিত-কমল-দল-সদৃশ, সেই পদ্মপলাশ-লোচন শ্রীহরির 'পদ' সদা হৃদয়ে চিন্তা কর ও শীঘ্র সেই 'পদ' সাধনা কর, ব্যাকরণের 'পদ' সাধনা করিয়া কি ফল হইবে?"—এইরূপে যিনি হাস্যমুখে বিস্ময়াপন্ন শিষ্যদিগকে অধ্যয়ন করাইতেন, সেই শ্রীশচীনন্দন গৌরাঙ্গসুন্দর জয়যুক্ত হউন ॥ ৪ ॥

"হে সখে! কোথায় যাইব? কি করিব? কোথায় গেলে সেই হরিকে পাইব? কে আমাকে তাঁহার সন্ধান বলিয়া দিবে? কে বা আমাকে আশ্রয় দিবে?"—এইরূপ বলিতে বলিতে যাঁহার চিত্ত দ্রবীভূত হইলে, যিনি ভূমি-লুণ্ঠিত হইতেন এবং যিনি কখনও বা শোক-ভরে ভক্তগণের কণ্ঠধারণ করিয়া মাতৃদেবীর সম্যক্ মোহ উৎপাদন করিতেন, সেই শ্রীশচীনন্দন গৌরহরি জয়যুক্ত হউন ॥ ৫ ॥

কোটী কোটী কন্দর্পেরও সুদুর্ল্লভ অঙ্গচ্ছটায় যিনি মানবগণের কলিযুগ জনিত মলিনতা ও অজ্ঞানান্ধকার সম্পূর্ণরূপে দূরীকৃত করিয়াছেন, এবং অধর-মাধুর্য্যে যিনি দেবতাগণের নয়নানন্দ প্রদান করিয়াছেন, সেই সমুজ্জ্বল বিশ্বম্ভর শ্রীশচীনন্দন জয়যুক্ত হউন ॥ ৬ ॥

এই যে সোণার পর্ব্বত শ্রীগৌরাঙ্গ অসীম করুণা প্রকাশ পূর্ব্বক কোনও বিচার না করিয়া অকাতরে সর্ব্বসাধারণকে প্রেম-রত্ন বিতরণ করতঃ নিখিল জগৎ পোষণ করিয়াছিলেন, এ নিমিত্ত যাঁহার নাম বিশ্বম্ভর এবং যিনি নয়নপথ-নিঃসৃত গঙ্গা-প্রবাহ দ্বারা আপনাকে ও অপরকে—এমন কি সমস্ত জগৎকে নিমজ্জিত করিয়াছিলেন, সেই শচীনন্দন শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভু জয়যুক্ত হউন ॥ ৭ ॥

"আমি মথুরাপুরে আসিয়াছি, বল বল আমার প্রিয়তমা বিশাখা এখন কি দশা প্রাপ্ত হইয়াছে! আহা! তাহা আমি কি প্রকারে জানিতে পারিব?"—এইরূপে যে ব্রজেন্দ্রনন্দন স্বেচ্ছাক্রমে বিশাখা-বিষয়ক রসাস্বাদন প্রাপ্ত হইতেন, সেই শ্রীশচীনন্দন গৌরসুন্দর জয়যুক্ত হউন ॥ ৮ ॥

হে গুণনিধে! হে প্রভো! হে শ্রীশচীনন্দন! যিনি তোমার পাদপদ্মে

প্রগাঢ় শ্রদ্ধা সহকারে এই অষ্টক পাঠ করেন, তুমি স্বয়ং সেই উজ্জলচেতা ভাগ্যবান্ ব্যক্তিকে নিজ-প্রেম-পরিকরের অনুচর করিয়া তোমার স্বধামে স্থান প্রদান করিও ।। ৯ ।।

ইতি শ্রীশ্রীশচীনন্দন-বিজয়াষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীমহাপ্রভোরষ্টকং বা স্বরূপ-চরিতামৃতং।

স্বরূপ! ভবতো ভবত্বয়মিতি স্মিত-স্নিগ্ধয়া
গিরৈব রঘুনাথমুৎপুলকি-গাত্রমুল্লাসয়ন্।
রহস্যুপদিশন্নিজ-প্রণয়-গূঢ়-মুদ্রাং স্বয়ং
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ ।। ১ ।।

স্বরূপ! মম হৃস্ব্রণং বত! বিবেদ রূপঃ কথং
লিলেখ যদয়ং পঠ ত্বমপি তালপত্রেঽক্ষরং।
ইতি প্রণয়-বেল্লিতং বিদধদাশু রূপান্তরং
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ ।। ২ ।।

স্বরূপ! পরকীয়-সৎ-প্রবর-বস্তু নাশেচ্ছতাং
দধজ্জন ইহ ত্বয়া পরিচিতো ন বেতীক্ষয়ন্।
সনাতনমুদিত্য বিস্মিত-মুখং মহাবিস্মিতং
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ ।। ৩ ।।

স্বরূপ! হরিনাম যজ্জগদঘোষয়ং তেন কিং
ন বাচয়িতুমপ্যথাশকমিমং শিবানন্দজং।
ইতি স্বপদ-লেহনৈঃ শিশুগচীকরৎ যঃ কবিং
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ ।। ৪ ।।

স্বরূপ! রসরীতিরম্বুজ-দৃশাং ব্রজে ভণ্যতাং
ঘন-প্রণয়-মানজা শ্রুতি-যুগং মমোৎকণ্ঠতে।
রমা যদিহ মানিনী তদপি লোকয়েতি ব্রুবন্
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ॥ ৫॥

স্বরূপ! রস-মন্দিরং ভবসি মন্মুদামাস্পদং
ত্বমত্র পুরুষোত্তমে ব্রজভুবীব মে বর্ত্তসে।
ইতি স্বপরিরম্ভণৈঃ পুলকিনং ব্যধাৎ তঞ্চ যো
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ॥ ৬॥

স্বরূপ! কিমপীক্ষিতং ক্ব নু বিভো! নিশি স্বপ্নতঃ
প্রভো! কথয় কিন্নু তন্নবযুবা বরাম্ভোধরঃ।
ব্যধাৎ কিময়মীক্ষ্যতে কিমু ন হীত্যগাৎ তাং দশাং
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ॥ ৭॥

স্বরূপ! মম নেত্রয়োঃ পুরত এব কৃষ্ণ হস—
ন্নপৈতি ন করগ্রহং বত! দদাতি হা! কিং সখে!।
ইতি স্খলিত ধাবতি শ্বসিতি ঘূর্ণতে যঃ সদা
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ॥ ৮॥

স্বরূপ-চরিতামৃতাং কিল মহাপ্রভোরষ্টকং
রহস্যতমমদ্ভুতং পঠতি যঃ কৃতী প্রত্যহং।
স্বরূপ-পরিবারতাং নয়তি তং শচীনন্দনো
ঘন-প্রণয়-মাধুরীং স্বপদয়োঃ সমাস্বাদয়ন্॥ ৯॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠকুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীমহাপ্রভোরষ্টকং বা শ্রীশ্রীস্বরূপচরিতামৃতং সম্পূর্ণং।

# শ্রীশ্রীশচীনন্দনাষ্টকং ।

শ্রীশ্রীশচীনন্দনায় নমঃ ।

গোপীনাং কুচ-কুঙ্কুমেন নিচিতং বাসঃ কিমস্যারুণং
নিন্দৎ-কাঞ্চনকান্তি-রাসরসিকাশ্লেষেণ গৌরং বপুঃ ।
তাসাং গাঢ়-করাভিবন্ধন-রসাল্লোমোদ্গমো দৃশ্যতে
আশ্চর্য্যং সখি ! পশ্য লম্পট-গুরোঃ সন্ন্যাসি-বেশং ক্ষিতৌ ॥ ১ ॥

যঃ পূর্ব্বং ব্রজসুন্দরী-রতিরসৈরুত্থাপিতঃ প্রত্যহং
কালিন্দী-পুলিনে ননর্ত্ত রভসাৎ শ্রীরাসগোষ্ঠ্যাং বিভুঃ ।
সোঽয়ং সম্প্রতি সর্ব্বলোক-নিহিত-প্রেমানুরাগঃ কলৌ
প্রেম্না নৃত্যতি নর্ত্তয়ত্যপি জগদ্ভূদেব-চূড়ামণিঃ ॥ ২ ॥

বেদান্তাগম-বেদ-শাস্ত্র-পটলী-দুর্গম্য-পাদাম্বুজঃ
শ্রীশ্রীনন্দকিশোর-লাস্য-লহরী-বিদ্যোতকানুগ্রহঃ ।
তৎকাল-স্মৃতিমাত্র-তৎক্ষণ-বলৎ-প্রেম-প্রবাহাম্বুধি-
ভূর্দেবাঙ্গন-মঙ্গলো বিজয়তে শ্রীশ্রীশচীনন্দনঃ ॥ ৩ ॥

মোহোন্মাদ-রসেন গোপ-বনিতা-সিক্তেন বৃন্দাবনং
যঃ পূর্ব্বং জগদেক-মঙ্গলমলং চক্রে ঘন-শ্যামলঃ ।
সোঽয়ং গৌরহরিঃ সমস্ত-জগতীং প্রেম্না সমুল্লাসয়ন্
কারুণ্যৈক্য-নিকেতনং বিজয়তে গৌড়াবনী-মণ্ডলে ॥ ৪ ॥

নৃত্যাবেশ-মহোল্লসৎ-সুমধুর-প্রত্যঙ্গ-বেশোজ্জ্বলং
শ্রীখণ্ডাগুরু-কুঙ্কুমাদি-সহিতং শ্রীমদ্বৃহদ্বক্ষসা ।
কর্পূরোদ্ভট-পূগপুঞ্জ-বিলসৎ-প্রারক্ত-বিম্বাধরং
শ্রীচৈতন্য-মহাপ্রভোর্বিজয়তে লাবণ্যসারং বপুঃ ॥ ৫ ॥

প্রতপ্ত-কনক-প্রভং বিমল-পূর্ণচন্দ্রাননং
গলন্নয়ন-বারিভিঃ সপদি সিক্ত-ভূমিতলং।
সগদগদ-গিরং মুদা সকল-দেব-চূড়ামণিং
শচীসুতমহং ভজে করুণা-সাগরং নাগরং ॥ ৬ ॥

কদম্ব-কুসুমোল্লসৎ-পুলক-পুঞ্জ-পুঞ্জোজ্জ্বলং
ঝলৎ-ঝলদিতি-স্খলন্নয়ন-বারিভির্নির্ঝরং।
বয়ং দমদমায়িতে হৃদি দর-স্ফুরন্মাধুরী
মধুন্মদ-মহানটং কিমপি ধাম বন্দামহে ॥ ৭ ॥

উচ্চৈর্লোলি-ভুজদ্বয়েন পরিতঃ স্বর্লোকমাহ্লাদয়ন্
প্রেম্না পূরিতকণ্ঠ-গদগদ-হরিধ্বানৈর্ভুবং মোহয়ন্।
চঞ্চৎ-পাদ-বিহারি-নূপুর-রবৈর্নাগান্মুদা মীলয়ন্
নিত্যানন্দ-মহাপ্রভুর্বিজয়তে শ্রীমল্লবেশোজ্জ্বলঃ ॥ ৮ ॥

কৃষ্ণো দেবঃ কলিযুগ-ভবং লোকমালোক্য সর্ব্বং
পাপাসক্তং সমজনি কৃপাসিন্ধু-চৈতন্যমূর্ত্তিঃ।
তস্মিন্ যেষাং ন ভবতি সদা কৃষ্ণবুদ্ধির্নরাণাং
ধিক্ তান্ ধিক্ তান্ ধিগিতি ব্যাহরেৎ কিং মৃদঙ্গঃ ॥ ৯ ॥

ইতি শ্রীমন্নরহরি-সরকার-ঠাকুর-বিরচিতং শ্রীশ্রীশচীনন্দনাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকং ।

শ্রীশ্রীনিত্যানন্দচন্দ্রায় নমঃ ।

( এই অষ্টক প্রত্যহ অবশ্য পাঠ্য । )

শরচ্চন্দ্র-ভ্রান্তিং স্ফুরদমল কান্তিং গজগতিং
হরি-প্রেমোন্মত্তং ধৃত-পরম-সত্ত্বং স্মিতমুখং ।
সদা ঘূর্ণন্নেত্রং কর-কলিত-বেত্রং কলিভিদং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ১ ॥

রসানামাগারং স্বজনগণ-সর্ব্বস্বমতুলং
তদীয়ৈক-প্রাণপ্রতিম বসুধা-জাহ্নবী-পতিং ।
সদা প্রেমোন্মাদং পরম-বিদিতং মন্দ-মনসাং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ২ ॥

শচীসূনু-প্রেষ্ঠং নিখিল-জগদিষ্টং সুখময়ং
কলৌ মজ্জজ্জীবোদ্ধরণ-করণোদ্দাম-করুণং ।
হরের্ব্যাখ্যানাদ্বা ভব-জলধি-গর্ব্বোন্নতি-হরং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ৩ ॥

অয়ে ভ্রাতর্নৃণাং কলি-কলুষিণাং কিং নু ভবিতা
তথা প্রায়শ্চিত্তং রচয় যদনায়াসত ইমে ।
ব্রজন্তি ত্বামিত্থং সহ ভগবতা মন্ত্রয়তি যো
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ৪ ॥

যথেষ্টং রে ভ্রাতঃ ! কুরু হরিহরি-ধ্বানমনিশং
ততো বঃ সংসারাম্বুধি-তরণ-দায়ো ময়ি লগেৎ ।
ইদং বাহু-স্ফোটৈরটতি রটয়ন্ যঃ প্রতিগৃহং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ৫ ॥

বলাৎ সংসারাম্ভোনিধি-হরণ-কুম্ভোদ্ভবমহো
সতাং শ্রেয়ঃ-সিন্ধূন্নতি-কুমুদ-বন্ধুং সমুদিতং ।
খলশ্রেণী-স্ফূর্জ্জত্তিমির-হর-সূর্য্য-প্রভমহং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ৬ ॥

নটন্তং গায়ন্তং হরিমনুবদন্তং পথি পথি
ব্রজন্তং পশ্যন্তং স্বমপি নদয়ন্তং জনগণং ।
প্রকুর্ব্বন্তং সন্তং সকরুণ-দৃগন্তং প্রকলনাদ্
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ৭ ॥

সুবিভ্রাণং ভ্রাতুঃ কর-সরসিজং কোমলতরং
মিথো রক্ত্রালোকোচ্ছলিত-পরমানন্দ-হৃদয়ং ।
ভ্রমন্তং মাধুর্য্যৈরহহ ! মদয়ন্তং পুরজনান্
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥ ৮ ॥

রসানামাধানং রসিক-বর-সদ্বৈষ্ণব-ধনং
রসাগারং সারং পতিত-ততি-তারং স্মরণতঃ ।
পরং নিত্যানন্দাষ্টকমিদমপূর্ব্বং পঠতি য-
স্তদঙ্ঘ্রি-দ্বন্দ্বাব্জং স্ফুরতু নিতরাং তস্য হৃদয়ে ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্বৃন্দাবনদাস-ঠক্কুর-বিরচিতং শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকং সম্পূর্ণং ।

---

## শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকের অনুবাদ।

যাঁহার শ্রীমুখমণ্ডল শরৎকালীন চন্দ্রের শোভাতিশয়কেও তিরস্কার করিতেছে, যাঁহার সুবিমল অঙ্গকান্তি পরম মনোহররূপে শোভা পাইতেছে, যিনি

মত্ত মাতঙ্গের ন্যায় মৃদু-মন্থর গতিতে গমন করেন, যিনি সর্ব্বদা শ্রীকৃষ্ণপ্রেমে উন্মত্ত, যাঁহার কলেবর বিশুদ্ধ-সত্ত্বময়, যিনি নিরন্তর সহাস্য-বদন, যাঁহারে নয়ন যুগল সদাই চঞ্চল, যাঁহার হস্তে বেত্র শোভা পাইতেছে, যিনি কলি-কলুষসমূহ ধ্বংস করেন, শ্রীকৃষ্ণভক্তি-কল্পতরুর মূল-স্বরূপ সেই শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি সর্ব্বদা ভজনা করি ॥ ১ ॥

যিনি নিখিল রসের আধার, যিনি ভক্তগণের প্রাণধন, ত্রিজগতে কুত্রাপি যাঁহার তুলনা নাই, যিনি প্রাণাপেক্ষা প্রিয়তর শ্রীবসুধা ও শ্রীজাহ্নবা দেবীর প্রাণপতি, যিনি নিরন্তর প্রেমোন্মত্ত, যিনি সমুদ্ধর্ত্তা-রূপে পাষণ্ডগণের দলন-কর্ত্তা, সেই শ্রীকৃষ্ণভক্তি-কল্পবৃক্ষের মূল-স্বরূপ শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি সর্ব্বদা ভজনা করি ॥ ২ ॥

যিনি শ্রীগৌরাঙ্গের অতি প্রিয়, যিনি সর্ব্ব জগতের মঙ্গল বিধান করেন, যিনি পরম সুখময়, কলিযুগে পাপহত জীবগণের উদ্ধারের নিমিত্ত যাঁহার করুণার অবধি নাই, যিনি শ্রীহরিনাম-সঙ্কীর্ত্তন-প্রচার দ্বারা দুস্তর ভবসমুদ্রের গর্ব্ব খর্ব্ব করিয়াছেন অর্থাৎ যিনি সংসার-সাগর অবলীলাক্রমে উত্তীর্ণ হইবার উপায় বিধান করিয়াছেন, শ্রীকৃষ্ণভক্তি-কল্পলতিকার মূল-স্বরূপ সেই শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি সর্ব্বদা ভজনা করি ॥ ৩ ॥

"হে ভ্রাতঃ! কলি-পাপাচ্ছন্ন জীবগণের গতি কি হইবে? তুমি কৃপা করিয়া ঈদৃশ উপায় বিধান কর, যাহাতে তাহারা তোমার শ্রীচরণ লাভ করিতে পারে"—এইরূপে যিনি শ্রীগৌর-ভগবানের সহিত কথোপকথন ও যুক্তি পরামর্শ করিতেন, শ্রীকৃষ্ণভক্তি-কল্পলতার মূল-স্বরূপ সেই শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি ভজনা করি ॥ ৪ ॥

"হে ভাই-সকল! তোমরা নিরন্তর শ্রীহরিনাম যথেষ্টরূপে কীর্ত্তন কর, তাহা হইলে তোমাদের ভব-সমুদ্র পার হইবার জন্য আমি দায়ী রহিলাম"—এইরূপ বলিতে বলিতে যিনি বাহু আস্ফালন পূর্ব্বক গৃহে গৃহে ভ্রমণ করিতেন,

শ্রীকৃষ্ণভক্তি-কল্পতরুর মূল-স্বরূপ সেই শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি সর্ব্বদা ভজনা করি ॥ ৫ ॥

আহা মরি ! সাধুগণের সংসার-সমুদ্র শোষণ করিতে যিনি কম্ভ বা কলস-স্বরূপ অর্থাৎ যিনি অনায়াসে শ্রীভগবদ্ভক্তগণের উদ্ধার সাধন করেন, যিনি জীবগণের কল্যাণ-সমুদ্র উদ্বেলিত করিবার জন্য চন্দ্র-রূপে সমুদিত হইয়াছেন অর্থাৎ যিনি অশেষরূপে জীবের মঙ্গল সাধন করেন, যিনি দুর্জ্জনগণের পাপান্ধকার বিনাশ করিতে সূর্য্যস্বরূপ অর্থাৎ যিনি পাপিগণের পাপরাশি বিধ্বংস করেন, শ্রীকৃষ্ণভক্তি-কল্পলতার মূল-স্বরূপ সেই শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি সর্ব্বদা ভজনা করি ॥ ৬ ॥

যিনি নৃত্য করিতে করিতে, কীর্ত্তন করিতে করিতে, হরিবোল বলিতে বলিতে ও শ্রীহরিনাম-কীর্ত্তনকারী নিজ ভক্তগণের প্রতি দৃষ্টি করিতে করিতে পথে পথে বিচরণ করিতেন এবং যিনি সজ্জনগণের প্রতি করুণ-নেত্রে ঈক্ষণ করিতেন, শ্রীকৃষ্ণভক্তি-কল্পবৃক্ষের মূলস্বরূপ সেই শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি সর্ব্বদা ভজনা করি ॥ ৭ ॥

যিনি শ্রীগৌরাঙ্গের সুকোমল কর-কমল ধারণ পূর্ব্বক পরস্পরের বদন-চন্দ্র সন্দর্শন-জনিত পরমানন্দে পরিপূর্ণ হইতেন, এবং আহা মরি ! যিনি নগরবাসিগণকে স্বীয় অনির্ব্বচনীয় মাধুর্য্যে উন্মত্ত করিয়া চতুর্দ্দিকে বিচরণ করিতেন, শ্রীকৃষ্ণভক্তি-কল্পলতার মূল-স্বরূপ সেই শ্রীনিত্যানন্দ-প্রভুকে আমি সর্ব্বদা ভজনা করি ॥ ৮ ॥

যিনি ভক্তিরস-সমূহ-প্রদানকারী, যিনি রসিক ভক্তগণের সর্ব্বস্ব-ধন, যিনি নিখিল রসের আধার-ভুত, যিনি ত্রিজগতের সারবস্তু, যাঁহার স্মরণ করিলে পাপিগণের পরিত্রাণ লাভ হইয়া থাকে, সেই শ্রীনিত্যানন্দ-প্রভুর এই অত্যুত্তম

ও অপূর্ব্ব অষ্টক যিনি পাঠ করিবেন, তাঁহার হৃদয়ে তদীয় সুদুর্লভ শ্রীপাদপদ্ম সুচারু-রূপে স্ফূর্ত্তি প্রাপ্ত হউক ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকের অনুবাদ সম্পূর্ণ।

---

## শ্রীশ্রীনিত্যানন্দাষ্টক।

প্রেমে ঘূর্ণিত, নয়ন পূর্ণিত, চঞ্চল মৃদুগতি-নিন্দিতং
বদন-মণ্ডল, চাঁদ নিরমল, বচন অমৃত-খণ্ডিতং।
অসীম গুণগণে, তারিলে জগ-জনে, মোহে কাহে কুরু বঞ্চিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ১ ॥

মিহির-মণ্ডল, শ্রবণে-কুণ্ডল, গণ্ডমণ্ডলে দোলিতং
কিয়ে নিরুপম, মালতীর দাম, অঙ্গে অনুপম-শোভিতং।
মধুর-মধু-মদে, মত্ত মধুকর, চারু চৌদিকে চুম্বিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ২ ॥

আজানুলম্বিত, বাহু সুবলিত, মত্ত-করিবর-নিন্দিতং
ভাইয়া ভাইয়া বলি, গভীর ডাকই, করু দশদিক ভেদিতং।
অমর কিন্নর, নাগ-নরলোক, সর্ব্বচিত্ত-সুদর্শিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৩ ॥

ক্ষণে হুহুঙ্কৃত, লম্ফ ঝম্ফ কৃত, মেঘ নিন্দিত-গর্জ্জিতং
সিংহ-ডমরু, ক্ষীণ কটিতট, নীল-পট্টবাস-শোভিতং।
সো পঁহু ধুনী-তীরে, সঘনে ধাবই, চরণ-ভরে মহী কম্পিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৪ ॥

অবনী-মণ্ডল, প্রেমে-বাদল, করল অবধৌত ধাবিতং
তাপী দীন হীন, তার্কিক দুর্জ্জন, কেহ না ভেল বঞ্চিতং।
শ্রীপদপল্লব-, মধুর-মাধুরী, ভকত-ভ্রমর-সুখপীতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং॥ ৫॥

ও মণিমঞ্জীর, চারু তরলিত, মধুর মধুর সুনাদিতং
অতুল রাতুল, যুগল পদতল, অমল-কমল-সুরাজিতং।
তেজিয়া অমর, অবনী হিমকর, নিতাই-পদনখ-শোভিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং॥ ৬॥

যাঁহার ভয়ে, কলি-ভুজগ, ভাগল ভেল সভে হর্ষিতং
তপন-কিরণে জনু, তিমির নাশই, তৈছে কমল সুরাজিতং।
দুরিত-ভয়ে ক্ষিতি, অবহিঁ আতুর, ভার তার করু নাশিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং॥ ৭॥

ঈষত হসইতে, ঝলকে দামিনী, কামিনীগণ-মন-মোহিতং
সো পঁহু ধানী-তীরে, না জানি কার ভাবে, অবনী উপরে গিরিতং।
বচন বলইতে, অধর কম্পই, বাহু তুলি ক্ষণে রোদিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং॥ ৮॥

ইতি শ্রীল-কৃষ্ণদাস-বিরচিত শ্রীশ্রীনিত্যানন্দাষ্টক সম্পূর্ণ।

---

## শ্রীশ্রীঅদ্বৈতাষ্টকং।

শ্রীশ্রীঅদ্বৈতচন্দ্রায় নমঃ।

গঙ্গাতীরে তৎপয়োভিস্তুলস্যাঃ
পত্রৈঃ পুষ্পৈঃ প্রেমহুঙ্কার-ঘোষৈঃ।

প্রাকট্যার্থং গৌরমারাধয়দ্ যঃ
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ১ ॥

যদ্ধুঙ্কারৈঃ প্রেমসিন্ধোর্বিকারৈ-
রাকৃষ্টঃ সন্ গৌর-গোলোকনাথঃ।
আবির্ভূতঃ শ্রীনবদ্বীপ-মধ্যে
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ২ ॥

ব্রহ্মাদীনাং দুর্ল্লভ-প্রেম-পূরৈ-
রাদীনং যঃ প্লাবয়ামাস লোকং।
আবির্ভাব্য শ্রীল-চৈতন্যচন্দ্রং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৩ ॥

শ্রীচৈতন্যঃ সর্ব্বশক্তি-প্রপূর্ণো
যস্যৈবাজ্ঞামাত্রতোঽন্তর্দধেঽপি।
দুর্ব্বিজ্ঞেয়ং যস্য কারুণ্য-কৃত্যং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৪ ॥

সৃষ্টি-স্থিত্যন্তং বিধাতুং প্রবৃত্তাঃ
যস্যাংশাংশাঃ ব্রহ্ম-বিষ্ণ্বীশ্বরাখ্যাঃ।
যেনাভিন্নং তং মহাবিষ্ণু-রূপং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৫ ॥

কস্মিংশ্চিদ্ যঃ শ্রূয়তে চাশ্রয়ত্বাৎ
শম্ভোরিত্থং শাম্ভবন্নাম ধাম।
সর্ব্বারাধ্যং ভক্তিমাত্রৈক-সাধ্যং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৬ ॥

সীতা-নাম্নী প্রেয়সী প্রেমপূর্ণা
পুত্রো যস্যাপ্যচ্যুতানন্দ-নামা।
শ্রীচৈতন্য-প্রেমপূর-প্রপূর্ণঃ
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৭ ॥

নিত্যানন্দাদ্বৈততোঽদ্বৈত-নামা
ভক্ত্যাখ্যানাদ্ যঃ সদাচার্য্য-নামা।
শশ্বচ্চেতঃ-সঞ্চরদ্গৌরধামা
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৮ ॥

প্রাতঃ প্রীতঃ প্রত্যহং সংপঠেদ্ যঃ
সীতানাথস্যাষ্টকং শুদ্ধ-বুদ্ধিঃ।
সোঽয়ং সম্যক্ তস্য পাদারবিন্দে
বিন্দন্ ভক্তিং তৎ-প্রিয়ত্বং প্রযাতি ॥ ৯ ॥

ইতি শ্রীল-সার্ব্বভৌম-ভট্টাচার্য্য-বিরচিতং
শ্রীশ্রীঅদ্বৈতাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীঅদ্বৈতাষ্টক।

হুহুঙ্কার-গর্জ্জনাদি অহোরাত্র সদ্গুণং
হা কৃষ্ণ রাধিকানাথ প্রার্থনাদি-ভাবনং।
ধূপ-দীপ-কস্তুরী চ চন্দনাদি-লেপনং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভাবনং ॥ ১ ॥

গঙ্গাবারী মনোহারী তুলস্যাদি-মঞ্জরী
কৃষ্ণগান সদা ধ্যান প্রেমবারী-ঝর্ঝরী।

কৃপাব্ধি করুণানাথ ভবিষ্যতি প্রার্থনং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভাবনং ॥ ২ ॥

মুহুর্মুহুঃ কৃষ্ণ কৃষ্ণ উচ্চৈস্বরে গায়তং
অহে নাথ জগত্রাতঃ মম দৃষ্টি-গোচরং।
দ্বিভুজ করুণানাথ দীয়তাং সুদর্শনং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভাবনং ॥ ৩ ॥

শ্রীঅদ্বৈত-প্রার্থনার্থ জগন্নাথ-আলয়ং
শচীমাতুর্গর্ভজাত-চৈতন্য-করুণাময়ং।
শ্রীঅদ্বৈত-সঙ্গ-রঙ্গ-কীর্ত্তন-বিলাসনং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভাবনং ॥ ৪ ॥

অদ্বৈত-চরণারবিন্দ-জ্ঞান-ধ্যান-ভাবনং
সদাদ্বৈত-পাদপদ্ম-রেণুরাশি-ধারণং।
দেহি ভক্তিং জগন্নাথ রক্ষ মামভাজনং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভবনং ॥ ৫ ॥

সর্ব্বদাতঃ সীতানাথ প্রাণেশ্বর সদ্গুণং
যে জপন্তি সীতানাথ-পাদপদ্ম কেবলং।
দীয়তাং করুণানাথ ভক্তিযোগ তৎক্ষণং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভাবনং ॥ ৬ ॥

শ্রীচৈতন্য জয়াদ্বৈত নিত্যানন্দ করুণাময়ং
এক অঙ্গ ত্রিধা মূর্ত্তি কৈশোরাদি সদা বরং।
জীবত্রাণ-ভক্তিজ্ঞান-হুঙ্কারাদি-গর্জ্জনং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভাবনং ॥ ৭ ॥

দীনহীন-নিন্দকাদি-প্রেমভক্তি-দায়কং
সর্ব্বদাতঃ সীতানাথ শান্তিপুর-নায়কং।
রাগরঙ্গ-সঙ্গদোষ-কর্ম্মযোগ-মোক্ষণং
সীতানাথাদ্বৈত-চরণারবিন্দ-ভাবনং ॥ ৮ ॥

ইতি শ্রীশ্রীঅদ্বৈতাষ্টক সম্পূর্ণ।

---

## শ্রীশ্রীগদাধরাষ্টকং।

স্বভক্তিযোগ-লাসিনং সদা ব্রজে বিহারিণং
হরি-প্রিয়া-গণাগ্রগং শচীসুত-প্রিয়েশ্বরং।
সরাধা-কৃষ্ণসেবন-প্রকাশকং মহাশয়ং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ১ ॥

নবোজ্জ্বলাদি-ভাবনা-বিধান-কর্ম্ম-পারগং
বিচিত্র-গৌর-ভক্তি-সিন্ধু-রঙ্গভঙ্গ-লাসিনং।
সুরাগ-মার্গ-দর্শকং ব্রজাদি-বাস-দায়কং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ২ ॥

শচীসুতাঙ্ঘ্রিসার-ভক্তবৃন্দ-বন্দ্য-গৌরবং
গৌরভাব-চিত্তপদ্ম-মধ্য-কৃষ্ণ-সুবল্লভং।
মুকুন্দ-গৌররূপিনং স্ব-ভাব-ধর্ম্ম-দায়কং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৩ ॥

নিকুঞ্জ-সেবনাদিক-প্রকাশনৈক-কারণং
সদা সখীরতি-প্রদং মহারস-স্বরূপকং।

সদাশ্রিতাঙ্ঘ্রি-পুণ্ডরীক-প্রদং সদ্গুরুং বরং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৪ ॥

মহাপ্রভোর্মহারস-প্রকাশনাঙ্কুরং প্রিয়ং
সদা মহারসাঙ্কুর-প্রকাশনাদি-বাসনং ।
মহাপ্রভোর্ব্রজাঙ্গনাদি-ভাব-মোদ-কারকং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৫ ॥

দ্বিজেন্দ্র-বৃন্দ-বন্দ্য-পাদযুগ্ম-ভক্তি-বর্দ্ধকং
নিজেষু রাধিকাত্মতা-বপু-প্রকাশনাগ্রহং ।
অশেষ-ভক্তিশাস্ত্র-শিক্ষয়োজ্জ্বলামৃত-প্রদং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৬ ॥

মুদা নিজ-প্রিয়াদিক-স্বপাদপদ্ম-সীধুভি-
র্মহারসার্ণবামৃত-প্রদেষ্ট-গৌরভক্তিদং ।
সদাষ্ট-সাত্ত্বিকান্বিতং নিজেষ্ট -ভক্তি-দায়কং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৭ ॥

যদীয়-রীতিরাগ-রঙ্গভঙ্গ-দিগ্ধ-মানসো
নরোঽপি যাতি তূর্ণমেব নার্য্যভাব-ভাজনং ।
তমুজ্জ্বলাক্ত-চিত্তমেতু চিত্ত-মত্ত-ষট্পদো
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৮ ॥

মহারসামৃত-প্রদং সদা গদাধরাষ্টকং
পঠেত্তু যঃ সুভক্তিতো ব্রজাঙ্গনা-গণোৎসবং ।
শচীতনুজ-পাদপদ্ম-ভক্তিরত্ন-যোগ্যতাং
লভেত রাধিকা-গদাধরাঙ্ঘ্রি পদ্ম-সেবয়া ॥ ৯ ॥

ইতি শ্রীল-স্বরূপ গোস্বামি বিরচিতং শ্রীশ্রীগদাধরাষ্টকং সমাপ্তং ।

# শ্রীশ্রীবাসাষ্টকং ।

আশ্রয়ামি শ্রীশ্রীবাসং তমাদ্যং পণ্ডিতং মুদা ।
শুক্লাম্বর-ধরং গৌরং গৌরভক্তি-প্রদায়কং ॥ ১ ॥

শ্রীগৌরস্য নবদ্বীপ-লীলা-কীর্ত্তন-সম্পদি ।
যঃ প্রধানতয়া খ্যাতঃ স শ্রীবাসো গতির্ম্ম ॥ ২ ॥

শ্রীগৌরকীর্ত্তনানন্দে পুত্রশোকোঽপি নাস্পৃশৎ ।
যং শ্রীবাসং ভক্তরাজং তং নমামি পুনঃপুনঃ ॥ ৩ ॥

আদৌ বাসস্তু শ্রীহট্টে ভাগীরথ্যাস্তটে ততঃ ।
কুমারহট্টে যস্যাসীৎ স মে গৌরগতির্গতিঃ ॥ ৪ ॥

শ্রীরামঃ শ্রীপতিশ্চৈব শ্রীনিধিশ্চেতি সত্তমাঃ ।
শ্রীবাস-ভ্রাতরো জ্ঞেয়াঃ শ্রীবাসং নৌমি সদ্বরং ॥ ৫ ॥

পুরা নারদ-রূপেণ হরিনাম-সুধা-ঝরৈঃ ।
যো জগৎ প্লাবয়ামাস স শ্রীবাসোঽধুনা গতিঃ ॥ ৬ ॥

যৎপত্নী মালিনীদেবী শ্রীগৌরাঙ্গমতোষয়ৎ ।
স্বহস্ত-পক্ক-ভক্তাদ্যৈঃ স শ্রীবাসো গতির্ম্ম ॥ ৭ ॥

পতিবদ্‌গৌরাঙ্গ-গতির্মালিনী গৌড়-বিশ্রুতা ।
তৎ-পাদপদ্ম-সবিধে প্রণতির্মে সহস্রশঃ ॥ ৮ ॥

শ্রীচৈতন্য-প্রিয়তমং বন্দে শ্রীবাস-পণ্ডিতং ।
যৎকারুণ্য-কটাক্ষেণ শ্রীগৌরাঙ্গে রতির্ভবেৎ ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীবাসাষ্টকং সম্পূর্ণং ।

---

# শ্রীশ্রীগৌর-গদাধর-যুগলাষ্টকং।

শ্রীশ্রীগৌর গদাধরাভ্যাং নমঃ।

ক্ষিতৌ লুঠদেগৌর-কলেবরাভ্যাং
সদা মহাপ্রেম-বিলাসকাভ্যাং।
সমুদ্র-তীরে নট-নাগরাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং॥ ১॥

হাহা কৃ রাধেতি মুহুঃ স্মিতাভ্যাং
শ্রীরাধিকাকৃষ্ণ-বপুর্ধরাভ্যাং।
আনন্দ-লীলারস-রঞ্জিতাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং॥ ২॥

অদ্বৈত চিন্তাহর-সম্ভবাভ্যাং
মনোভবানন্দ-মনোহরাভ্যাং
অচিন্ত্য-লীলা-পরিপূরিতাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং॥ ৩॥

জীবেক-নিস্তার-ধৃতব্রতাভ্যাং
শ্রীকৃষ্ণ-নাম্না জন-তারকাভ্যাং।
হরে হরে কৃষ্ণ মুখাম্বুজাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং॥ ৪॥

অশেষ-দুঃখাময়-ভেষজাভ্যাং
কিরীট-কেয়ূর-বিভূষিতাভ্যাং।
গ্রৈবেয়-মালা-মণি-রঞ্জিতাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং॥ ৫॥

শ্রীবৎস-রোমাবলি-রঞ্জিতাভ্যাং
বক্ষঃস্থলে কৌস্তুভ-ভূষিতাভ্যাং।
ত্রৈলোক্য-সম্মোহন-সুন্দরাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং ॥ ৬ ॥

স্ফুরচ্চলৎ-কাঞ্চন-কুণ্ডলাভ্যাং
সদাষ্টভাবৈঃ পরিশোভিতাভ্যাং।
স্বেদাশ্রু-কম্পাদি বিভূষিতাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং ॥ ৭ ॥

শ্রীমচ্ছিবানন্দ-মনোরথাভ্যাং
সদা সুখানন্দ-রস-স্ফুরাভ্যাং।
মদীয়-সর্ব্বস্ব-পদাম্বুজাভ্যাং
নমোঽস্তু মে গৌর-গদাধরাভ্যাং ॥ ৮ ॥

পঠন্তি যে গৌর-গদাধরাষ্টকং
পদ্যং লভন্তে ব্রজযুগ্ম-পাদং।
অদ্বৈত-পুত্রেণ ময়োক্তমেত-
ন্নাম্নাচ্যুতানন্দ জনেন ধীমতা ॥ ৯ ॥

ইতি শ্রীমদচ্যুতানন্দ-গোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীগৌর-গদাধর-যুগলাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীষড়্‌গোস্বাম্যষ্টকং ।

কৃষ্ণোৎকীর্ত্তন-গান-নর্ত্তন-পরো প্রেমামৃতাম্ভোনিধী
ধীরাধীরজন-প্রিয়ৌ প্রিয়করৌ নির্ম্মৎসরৌ পূজিতৌ ।
শ্রীচৈতন্য-কৃপাভরৌ ভুবি ভুবো ভারাবহন্তারকৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব গোপালকৌ ॥ ১ ॥

নানাশাস্ত্র বিচারণৈক-নিপুণৌ সদ্ধর্ম্ম-সংস্থাপকৌ
লোকানাং হিতকারিণৌ ত্রিভুবনে মান্যৌ শরণ্যাকরৌ ।
রাধাকৃষ্ণ-পদারবিন্দ-ভজনানন্দেন মত্তালিকৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ২ ॥

শ্রীগৌরাঙ্গ-গুণানুবর্ণন-বিধৌ শ্রদ্ধা-সমৃদ্ধ্যান্বিতৌ
পাপোত্তাপ-নিকৃন্তনৌ তনুভৃতাং গোবিন্দ-গানামৃতৈঃ ।
আনন্দাম্বুধি-বর্দ্ধনৈক-নিপুণৌ কৈবল্য-নিস্তারকৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৩ ॥

ত্যক্ত্বা তূর্ণমশেষ-মণ্ডলপতি-শ্রেণীং সদা তুচ্ছবৎ
ভূত্বা দীনগণেশকৌ করুণয়া কৌপীন-কন্থাশ্রিতৌ ।
গোপীভাব-রসামৃতাব্ধি-লহরী-কল্লোল-মগ্নৌ মুহু-
র্বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৪ ॥

কূজৎ-কোকিল-হংস-সারস-গণাকীর্ণে ময়ূরাকুলে
নানারত্ন-নিবদ্ধ-মূল-বিটপ-শ্রীযুক্ত-বৃন্দাবনে ।
রাধাকৃষ্ণমহর্নিশং প্রভজতৌ জীবার্থদৌ যৌ মুদা
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৫ ॥

সংখ্যাপূর্ব্বক-নাম-গান-নতিভিঃ কালাবসানীকৃতৌ
নিদ্রাহার-বিহারকাদি-বিজিতৌ চাত্যন্ত-দীনৌ চ যৌ।
রাধাকৃষ্ণ-গুণ-স্মৃতের্ম্মধুরিমানন্দেন সম্মোহিতৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৬ ॥

রাধাকুণ্ড-তটে কলিন্দ-তনয়া-তীরে চ বংশীবটে
প্রেমোন্মাদ-বশাদশেষ-দশয়া গ্রস্তৌ প্রমত্তৌ সদা।
গায়ন্তৌ চ কদা হরেগুর্ণবরং ভাবাভিভূতৌ মুদা
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৭ ॥

হে রাধে ব্রজদেবিকে ! চ ললিতে ! হে নন্দসূনো ! কুতঃ
শ্রীগোবর্দ্ধন-কল্পপাদপ-তলে কালিন্দী-বন্যে কুতঃ।
ঘোষন্তাবিতি সর্ব্বতো ব্রজপুরে খেদৈর্ম্মহাবিহ্বলৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৮ ॥

ইতি শ্রীল-শ্রীনিবাসাচার্য্য প্রভু-বিরচিতং
শ্রীশ্রীষড়্গোস্বামি-গুণলেশ-সূচকাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীষড়্গোস্বাম্যষ্টকের অনুবাদ।

যাঁহারা শ্রীকৃষ্ণের গুণ-কীর্ত্তন ও নৃত্যগীত-পরায়ণ, যাঁহারা শ্রীকৃষ্ণ-প্রেমামৃতের সমুদ্র-স্বরূপ ও বিদ্বান্ অবিদ্বান্ সকলেরই প্রিয়, যাঁহারা সকলের প্রিয় কার্য্য করেন, যাঁহারা মাৎসর্য্য-লেশ-শূন্য, সর্ব্বলোক-পূজ্য ও শ্রীচৈতন্যদেবের বিশেষ কৃপাপাত্র এবং যাঁহারা ইহলোকে জীবোদ্ধার করিয়া ভূভার হরণ করেন, আমি পুনঃপুনঃ সেই শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ১ ॥

যাঁহারা বিবিধ-শাস্ত্র-বিচারে পরম-নিপুণ, সদ্ধর্ম্মের স্থাপন-কর্ত্তা, মানব-গণের পরম মঙ্গলকারী, ত্রিভুবন-পূজ্য, আশ্রয়-দাতা ও শ্রীরাধা-গোবিন্দের পদারবিন্দ-ভজনানন্দে প্রমত্ত-মধুকর-সদৃশ, আমি পুনঃপুনঃ সেই শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ২ ॥

শ্রীগৌরাঙ্গ-গুণ-বর্ণনে যাঁহাদের একান্ত আগ্রহ, যাঁহারা শ্রীকৃষ্ণ-গুণগানামৃত-সেচনে জীবের পাপতাপ শান্ত করেন, যাঁহারা আনন্দ-জলধি-বর্দ্ধনে সুনিপুণ ও যাঁহারা মোক্ষ-প্রাপ্তি হইতে রক্ষা করেন, আমি পুনঃপুনঃ সেই শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ৩ ॥

যাঁহারা অসংখ্য মণ্ডলপতিদিগের সহবাস ঝটিতি তুচ্ছবৎ পরিত্যাগ করতঃ কৃপা পূর্ব্বক দীনহীনগণের পতি হইয়া কৌপীন কন্থা অবলম্বন করিয়াছিলেন এবং যাঁহারা গোপী-প্রেম-রসামৃত-সিন্ধু-তরঙ্গে সদাই নিমগ্ন, আমি পুনঃপুনঃ সেই শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ৪ ॥

কোকিল, হংস, সারস, ময়ূর প্রভৃতি পক্ষিগণের মধুর কলধ্বনি-নিনাদিত ও বিবিধ-রত্ন-নিবদ্ধ-মূলবিশিষ্ট-বৃক্ষরাজি-সুশোভিত শ্রীবৃন্দাবনে যাঁহারা দিবানিশি শ্রীরাধাকৃষ্ণের ভজন করিতেন এবং যাঁহারা হৃষ্ট-চিত্তে জীবের মনোবাসনা পূর্ণ করিতেন, আমি পুনঃপুনঃ সেই শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ৫ ॥

যাঁহারা সংখ্যাপূর্ব্বক নাম-জপ, কীর্ত্তন, প্রণাম ও স্তব করিয়া সময় অতি-বাহিত করিতেন, যাঁহারা আহার-বিহার-নিদ্রাদি জয় করিয়াছিলেন, যাঁহারা অত্যন্ত দীনহীনের ন্যায় বিচরণ করিতেন এবং যাঁহারা শ্রীরাধা-গোবিন্দের গুণ-মাধুর্য্য স্মরণ করিয়া পরমানন্দে বিভোর হইতেন, আমি পুনঃপুনঃ সেই

শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ৬ ॥

যাঁহারা শ্রীরাধাকুণ্ড-তীরে, যমুনাতটে ও বংশীবটে প্রেমোম্মত্ত হইয়া অশেষবিধ দশা প্রাপ্ত হইতেন—কখনও বা উন্মত্তের ন্যায় বিচরণ করিতেন, কখনও বা হরি-গুণ গান করিতেন, কখনও বা আনন্দ-বশে ভাবাভিভূত হইতেন, আমি পুনঃপুনঃ সেই শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ৭ ॥

"হে ব্রজদেবি রাধে! তুমি কোথায়? হে ললিতে! তুমি কোথায়? হে কৃষ্ণ! তুমি কোথায়? তোমরা কি শ্রীগোবর্দ্ধনের কল্পতরু-তলে, না কালিন্দী-কূলস্থ বনমধ্যে, তোমরা কোথায়?"—এইরূপ বলিতে বলিতে যাঁহারা নিরতিশয় শোকাতুর হইয়া ব্রজভূমির সর্ব্বত্র ব্যাকুলভাবে পরিভ্রমণ করিতেন, আমি পুনঃপুনঃ সেই শ্রীরূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, রঘুনাথ দাস ও শ্রীজীব গোস্বামিপাদগণের বন্দনা করি ॥ ৮ ॥

ইতি শ্রীশ্রীষড়্‌গোস্বাম্যষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীজগন্নাথাষ্টকং।

শ্রীশ্রীজগন্নাথদেবায় নমঃ।

কদাচিৎ কালিন্দীতট-বিপিন-সঙ্গীত-তরলো
মুদাভীরী-নারী-বদন-কমলাস্বাদ-মধুপঃ।
রমা-শম্ভু-ব্রহ্মামরপতি-গণেশার্চ্চিতপদো
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ১ ॥

ভুজে সব্যে বেণুং শিরসি শিখিপিচ্ছং কটিতটে
দুকূলং নেত্রান্তে সহচর-কটাক্ষং বিদধতে।
সদা শ্রীমদ্‌বৃন্দাবন-বসতি-লীলা-পরিচয়ো
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ২ ॥

মহাম্ভোধেস্তীরে কনক-রুচিরে নীলশিখরে
বসন্‌ প্রাসাদান্তঃ সহজ বলভদ্রেণ বলিনা।
সুভদ্রা-মধ্যস্থঃ সকল-সুর-সেবাবসরদো
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ৩ ॥

কৃপা-পারাবারঃ সজল-জলদ-শ্রেণি-রুচিরো
রমা-বাণী-রামঃ স্ফুরদমল-পঙ্কেরুহ-মুখঃ।
সুরেন্দ্রৈরারাধ্যঃ শ্রুতিগণশিখা-গীতচরিতো
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ৪ ॥

রথারূঢ়ো গচ্ছন্‌ পথি মিলিত-ভূদেব-পটলৈঃ
স্তুতি-প্রাদুর্ভাবং প্রতিপদমুপাকর্ণ্য সদয়ঃ।
দয়াসিন্ধুর্বন্ধুঃ সকল-জগতাং সিন্ধু-সদয়ো
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ৫ ॥

পরংব্রহ্মাপীড়ঃ কুবলয়-দলোৎফুল্ল-নয়নো
নিবাসী নীলাদ্রৌ নিহিত-চরণোঽনন্ত-শিরসি।
রসানন্দী রাধা-সরস-বপুরালিঙ্গন-সুখো
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ৬ ॥

ন বৈ যাচে রাজ্যং ন চ কনক-মাণিক্য-বিভবং
ন যাচেঽহং রম্যাং সকল-জন-কাম্যাং বরবধূং।

সদা কালে কালে প্রমথ-পতিনা গীত-চরিতো
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ৭ ॥
হর ত্বং সংসারং দ্রুততরমসারং সুরপতে।
হর ত্বং পাপানাং বিততিমপরাং যাদবপতে!।
অহো দীনেঽনাথে নিহিত চরণো নিশ্চিতমিদং
জগন্নাথঃ স্বামী নয়নপথ-গামী ভবতু মে ॥ ৮ ॥
জগন্নাথাষ্টকং পুণ্যং যঃ পঠেৎ প্রযতঃ শুচিঃ।
সর্ব্বপাপ-বিশুদ্ধাত্মা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ৯ ॥

ইতি শ্রীগৌরচন্দ্র-মুখপদ্ম-বিনির্গতং শ্রীশ্রীজগন্নাথাষ্টকং সম্পূর্ণং।

## শ্রীশ্রীজগন্নাথাষ্টকের অনুবাদ।

যিনি কখনও কখনও যমুনা-তীরস্থ বন-মধ্যে সঙ্গীত করিতে করিতে ভ্রমরের ন্যায় আনন্দে ব্রজগোপীদিগের মুখারবিন্দের মধু পান করেন এবং লক্ষ্মী, শিব, ব্রহ্মা, ইন্দ্র ও গণেশ প্রভৃতি দেবদেবীগণ যাঁহার চরণ-যুগল অর্চ্চনা করিয়া থাকেন, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ১ ॥

যিনি বাম হস্তে বেণু, শিরে শিখিপুচ্ছ, কটিতটে পীতাম্বর ও নয়ন-প্রান্তে সহচরগণের প্রতি কটাক্ষ ধারণ করিয়া সর্ব্বদা শ্রীবৃন্দাবনে বাস ও লীলা করিতেছেন, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ২ ॥

যিনি মহাসমুদ্রের তীরে কনকোজ্জ্বল-নীলাচল-শিখরে প্রাসাদাভ্যন্তরে বলিষ্ঠ সহোদর শ্রীবলদেব সহ সুভদ্রাকে মধ্যে রাখিয়া অবস্থান করতঃ, সমস্ত দেবগণকে স্বীয় সেবা করিবার সুযোগ প্রদান করিয়াছেন, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ৩ ॥

যিনি দয়ার সাগর, সজল জলধরের ন্যায় যাঁহার অঙ্গকান্তি, যিনি লক্ষ্মী সরস্বতীর সহিত বিহার করিতেছেন, যাঁহার বদন-মণ্ডল অমল কমলের ন্যায় শোভা পাইতেছে, যিনি সমস্ত দেবগণের আরাধ্য-ধন এবং বেদ ও পুরাণ তন্ত্রাদি শাস্ত্রসমূহ যাঁহার চরিত্র গান করিতেছেন, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ৪ ॥

রথে আরোহণ করিয়া গমন করিতে থাকিলে পথিমধ্যে ব্রাহ্মণগণ যাঁহার স্তব করিতে থাকেন এবং সেই স্তব শ্রবণ করিয়া যিনি পদে পদে প্রসন্ন হন, যিনি দয়ার সাগর, যিনি নিখিল জগতের বন্ধু এবং যিনি সমুদ্রের প্রতি সদয় হইয়া তদুপ-কূলে বিরাজ করিতেছেন, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ৫ ॥

যিনি পরমাচ্চর্নীয় পরব্রহ্ম, যাঁহার নেত্র-যুগল নীল-কমল-দলের ন্যায় উৎফুল্ল, যিনি নীলাচলে অবস্থান করিতেছেন, যিনি অনন্তের শিরে পদার্পণ করিয়া রহিয়াছেন, যিনি প্রেমানন্দময় এবং যিনি শ্রীরাধিকার রসময়-দেহালিঙ্গন-সুখে সুখী, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ৬ ॥

আমি রাজ্য চাহি না, স্বর্ণ-মাণিক্যাদি বিভব চাহি না, সর্ব্বজনের স্পৃহণীয় সুন্দরী নারীও চাহি না, কেবল এই চাহি যে, প্রমথনাথ মহাদেব সর্ব্বক্ষণ যাঁহার চরিত্র গান করেন, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ৭ ॥

হে সুরপতে! শীঘ্র আমাকে এ অসার সংসার হইতে উদ্ধার কর; হে যদুপতে! আমার দুঃসহ পাপভার বিমোচন কর। দীন ও অনাথ ব্যক্তিগণকেই যিনি স্বীয় শ্রীচরণ সমর্পণ করিয়া থাকেন, সেই প্রভু জগন্নাথদেব আমার নয়ন-পথের পথিক হউন ॥ ৮ ॥

যিনি সংযত ও শুদ্ধ-চিত্তে এই পরম পবিত্র জগন্নাথাষ্টক পাঠ করেন, তাঁহার আত্মা সর্ব্ব পাপ হইতে বিমুক্ত হইয়া থাকে এবং তিনি বিষ্ণুলোকে অর্থাৎ শ্রীবৈকুণ্ঠধামে গমন করেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীজগন্নাথাষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

# শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রাষ্টকং।

শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রায়ঃ নমঃ।

অম্বুদাঞ্জনেন্দ্রনীল-নিন্দি-কান্তি-ডম্বরঃ
কুঙ্কুমোদ্যদর্ক-বিদ্যুদংশু-দিব্যদম্বরঃ।
শ্রীমদঙ্গ-চর্চ্চিতেন্দু-পীতনাক্ত-চন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ১ ॥

গণ্ড-তাণ্ডবাতি-পণ্ডিতাণ্ডজেশ-কুণ্ডল-
শ্চন্দ্র-পদ্মষণ্ড-গর্ব্ব-খণ্ডনাস্য-মণ্ডলঃ।
বল্লবীষু বর্দ্ধিতাত্ম-গূঢ়ভাব-বন্ধনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ২ ॥

নিত্যনব্য-রূপ-বেশ-হার্দ্দ কেলি-চেষ্টিতঃ
কেলিনর্ম্ম-শর্ম্মদায়ি-মিত্রবৃন্দ-বেষ্টিতঃ।
স্বীয়-কেলি-কাননাংশু-নির্জ্জিতেন্দ্র-নন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ৩ ॥

প্রেমহেম-মণ্ডিতাত্ম-বন্ধুতাভিনন্দিতঃ
ক্ষৌণীলগ্ন-ভাল-লোকপাল-পালি-বন্দিতঃ।
নিত্যকালসৃষ্ট-বিপ্র-গৌরবালি-বন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ৪ ॥

লীলয়েন্দ্র-কালিয়োষ্ণ-কংস-বৎস-ঘাতক-
স্তত্তদাত্ম-কেলি-বৃষ্টি-পুষ্ট-ভক্তচাতকঃ।

বীর্য্যশীল-লীলয়াত্ম-ঘোষবাসি-নন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ৫ ॥

কুঞ্জ-রাসকেলি-সীধু-রাধিকাদি-তোষণ-
স্তত্তদাত্ম-কেলি-নর্ম্ম-তত্তদালি-পোষণঃ।
প্রেম-শীল-কেলি-কীর্ত্তি-বিশ্বচিত্ত-নন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ৬ ॥

রাসকেলি-দর্শিতাত্ম-শুদ্ধভক্তি-সৎপথঃ
স্বীয়-চিত্র-রূপবেশ-মন্মথালি-মন্মথঃ।
গোপিকাসু নেত্রকোণ-ভাববৃন্দ-গন্ধনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ৭ ॥

পুষ্পচায়ি-রাধিকাভিমর্ষ-লব্ধি-তর্ষিতঃ
প্রেমবাম্য-রম্য-রাধিকাস্য-দৃষ্টি-হর্ষিতঃ।
রাধিকোরসীহ লেপ এষ হারিচন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥ ৮ ॥

অষ্টকেন যস্ত্বনেন রাধিকাসু-বল্লভঃ
সংস্তবীতি দর্শনেঽপি সিন্ধুজাদি-দুর্ল্লভং।
তং যুনক্তি তুষ্টচিত্ত এষ ঘোষ-কাননে
রাধিকাঙ্গ-সঙ্গ-নন্দিতাত্ম-পাদ-সেবনে ॥ ৯ ॥

**ইতি শ্রীল-কৃষ্ণদাস-কবিরাজগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রাষ্টকং সম্পূর্ণং।**

# শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রাষ্টকের অনুবাদ।

যাঁহার কান্তিচ্ছটা নব-জলধর, দলিত কজ্জল ও ইন্দ্রনীল-মণিকেও তিরস্কার করিতেছে, যাঁহার বসন কুংকুম, উদয়োন্মুখ সূর্য্য ও বিদ্যুৎ হইতেও দীপ্তিমান্, যাঁহার শ্রীঅঙ্গ কর্পূর ও কুংকুমযুক্ত চন্দনে চর্চ্চিত, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ॥ ১ ॥

যাঁহার গণ্ডদ্বয়ে মকর-কুণ্ডল পরম নিপুণতার সহিত মনোহর নৃত্য করিতেছে, যাঁহার শ্রীমুখ মণ্ডল চন্দ্র ও পদ্মসমূহের গর্ব্ব খর্ব্ব করিতেছে এবং যিনি গোপাঙ্গনা-সমূহে স্বীয় নিগূঢ় ভাব অর্থাৎ প্রেম বর্দ্ধিত করিতেছেন, সেই গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ॥ ২ ॥

যাঁহার মনোহর রূপ, বেশ, প্রেমকেলি ও প্রেমচেষ্টা নিত্য নূতন, যিনি ক্রীড়া-কালীন সুখদায়ক সুহৃদ্‌বৃন্দে পরিবেষ্টিত এবং যাঁহার কেলি-কাননের কিরণমালা ইন্দ্রের নন্দন-কাননকেও পরাভব করিয়াছে, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৩ ॥

প্রেমরূপ হেম-মণ্ডিত বন্ধুবর্গ যাঁহার অভিনন্দন করিতেছেন, ইন্দ্রাদি লোকপালগণ ভূতলে মস্তক অবনত করিয়া যাঁহাকে বন্দনা করিতেছেন এবং যিনি প্রত্যহ প্রাতঃকালাদি যথাসময়ে বিপ্রগণ ও গুরুবর্গকে প্রণাম করিয়া থাকেন, সেই গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৪ ॥

যিনি ইন্দ্র ও কালিয়ের দর্প চূর্ণ করিয়াছেন, কংস ও বৎসাসুরকে ধ্বংস করিয়াছেন এবং যিনি সেই ইন্দ্রাদির গর্ব্ব-খণ্ডনাদি-রূপ কেলিসুধা-ধারা-বর্ষণ দ্বারা স্বীয় ভক্তরূপ চাতকগণকে পরিপুষ্ট করিতেছেন, তথা যিনি স্বীয় শৌর্য্য-বীর্য্যাদি দ্বারা আভীরপল্লী-নিবাসী গোপগণকে আনন্দিত করিয়াছেন, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৫ ॥

যিনি কুঞ্জ মধ্যে রাসক্রীড়া-রূপ অমৃত সিঞ্চনে শ্রীরাধিকার সন্তোষ বিধান করেন ও যিনি সেই স্বীয় রাসক্রীড়া-জনিত হাস্য-পরিহাসাদি দ্বারা শ্রীরাধিকার সখীগণকে পরিতুষ্ট করেন এবং যাঁহার প্রেম, চরিত্র ও কেলি-সমূহের কীর্ত্তিরাশি নিখিল জগজ্জনের মানস পবিত্র করিতেছে, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ।। ৬ ।।

যিনি রাসলীলা-সমূহ দ্বারা ভক্তগণকে স্বীয় শুদ্ধভক্তিময় সৎপথ প্রদর্শন করিতেছেন, যাঁহার মনোহর রূপ ও বেশ দ্বারা মন্মথেরও মন মথিত হইতেছে এবং যিনি স্বীয় নয়ন কোণের বঙ্কিম দৃষ্টি দ্বারা গোপিকাগণের হৃদয়ে বিবিধ ভাব-তরঙ্গ উদ্বেলিত করিতেছেন, সেই গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ।। ৭ ।।

শ্রীরাধা পুষ্প-চয়নার্থে আগমন করিলে যিনি তাঁহার অঙ্গ-স্পর্শের নিমিত্ত ব্যাকুল হন, প্রেমোৎপন্ন বাম্যভাব অর্থাৎ প্রতিকূলতা বশতঃ পরম রমণীয় শ্রীরাধিকার মুখচন্দ্র সন্দর্শন করিয়া যাঁহার আনন্দ-সাগর পরিবর্দ্ধিত হয় এবং যিনি শ্রীরাধিকার বক্ষঃস্থলে পরম সুগন্ধি ও পরম সুখ-জনক চন্দন-লেপ-সদৃশ, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ আমাকে স্বীয় পাদপদ্মের দাস্য দান করুন ।। ৮ ।।

যে ব্যক্তি এই অষ্টক দ্বারা শ্রীরাধিকার প্রাণ-বল্লভ শ্রীকৃষ্ণচন্দ্রকে স্তব করেন, লক্ষ্মী প্রভৃতির পক্ষেও যাঁহার দর্শন সুদুর্ল্লভ সেই শ্রীকৃষ্ণচন্দ্র তাঁহার প্রতি তুষ্ট হইয়া, শ্রীবৃন্দাবনে শ্রীরাধিকা সহ আলিঙ্গিত হইয়া, তাঁহাকে স্বীয় পরমানন্দময় শ্রীপাদপদ্ম-সেবনে নিযুক্ত করেন ।। ৯ ।।

ইতি শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রাষ্টকের অনুবাদ সমাপ্ত।

# শ্রীশ্রীদামোদরাষ্টকং।

( কার্ত্তিক মাসে ও নিয়ম-সেবার আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত প্রত্যহ ইহা পাঠ করা অবশ্য কর্ত্তব্য )

নমামীশ্বরং সচ্চিদানন্দরূপং
লসৎ-কুণ্ডলং গোকুলে ভ্রাজমানং।
যশোদা-ভিয়োলূখলাদ্ধাবমানং
পরামৃষ্টমত্যং ততো দ্রুত্য গোপ্যা ॥ ১ ॥

রুদন্তং মুহুর্নেত্রযুগ্মং মৃজন্তং
করাম্ভোজ-যুগ্মেন সাতঙ্কনেত্রং।
মুহুঃশ্বাসকম্প-ত্রিরেখাঙ্ককণ্ঠ-
স্থিত-গ্রৈব-দামোদরং ভক্তিবদ্ধং ॥ ২ ॥

ইতীদৃক্ স্বলীলাভিরানন্দকুণ্ডে
স্বঘোষং নিমজ্জন্তমাখ্যাপয়ন্তং।
তদীয়েশিতজ্ঞেষু ভক্তৈর্জিতত্বং
পুনঃ প্রেমতস্তং শতাবৃত্তি বন্দে ॥ ৩ ॥

বরং দেব ! মোক্ষং ন মোক্ষাবধিং বা
ন চান্যং বৃণেহহং বরেশাদপীহ।
ইদন্তে বপুর্নাথ ! গোপালবালং
সদা মে মনস্যাবিরাস্তাং কিমন্যৈঃ ॥ ৪ ॥

ইদন্তে মুখাম্ভোজমব্যক্তনীলৈ-
র্বৃতং কুন্তলৈঃ স্নিগ্ধ-রক্তৈশ্চ গোপ্যা।
মুহুশ্চুম্বিতং বিম্বরক্তাধরং মে
মনস্যাবিরাস্তামলং লক্ষলাভৈঃ ॥ ৫ ॥

নমো দেব ! দামোদরানন্ত ! বিষ্ণো !
প্রসীদ প্রভো ! দুঃখজালাব্ধি মগ্নং।
কৃপাদৃষ্টি বৃষ্ট্যাতিদীনং বতানু-
গৃহাণেশ ! মামজ্ঞমেধ্যক্ষিদৃশ্যঃ ॥ ৬ ॥

কুবেরাত্মজৌ বদ্ধমূর্ত্ত্যৈব যদ্বৎ
ত্বয়া মোচিতৌ ভক্তিভাজৌ কৃতৌ চ।
তথা প্রেমভক্তিং স্বকাং মে প্রযচ্ছ
ন মোক্ষে গ্রহো মেঽস্তি দামোদরেহ ॥ ৭ ॥

নমস্তেঽস্তু দাম্নে স্ফুরদ্দীপ্তি-ধাম্নে
ত্বদীয়োদরায়াথ বিশ্বস্য ধাম্নে।
নমো রাধিকায়ৈ ত্বদীয়-প্রিয়ায়ৈ
নমোঽনন্তলীলায় দেবায় তুভ্যং ॥ ৮ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে রুক্মাঙ্গদ-মোহিনী-সংবাদে শ্রীসত্যব্রতমুনি-প্রোক্তং
শ্রীশ্রীদামোদরাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীদামোদরাষ্টকের অনুবাদ।

যিনি সচ্চিদানন্দ-স্বরূপ, যাঁহার কর্ণ-যুগলে কুণ্ডল আন্দোলিত হইতেছে, যিনি গোকুলে পরম শোভা বিকাশ করিতেছেন এবং যিনি শিক্য অর্থাৎ শিকায় রক্ষিত নবনীত ( মাখন ) হরণ করায় মা যশোদার ভয়ে উদূখলের উপরিভাগ হইতে লম্ফ প্রদান করিয়া অতিশয় বেগে ধাবমান হইয়াছিলেন ও মা যশোদাও যাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়া যাঁহার পৃষ্ঠদেশ ধরিয়া ফেলিয়াছিলেন, সেই পরমেশ্বর-রূপী শ্রীদামোদরকে আমি প্রণাম করি ॥ ১ ॥

( শিক্য বা শিকা = খাদ্য-দ্রব্যাদি নির্ব্বিঘ্নে উপরে ঝুলাইয়া রাখিবার জন্য লোকে রজ্জু দিয়া ইহা প্রস্তুত করিয়া ঘরের আড়ায় বা ঐরূপ উপরে কোথাও টানাইয়া দেয়। )

( উদূখল = কাষ্ঠ-নির্ম্মিত বৃহৎ পাত্র-বিশেষ ; এই পাত্রে ডাউল, তণ্ডুলাদি রাখিয়া মুষল প্রহার দ্বারা পরিষ্কার করে ; ইহা পশ্চিম দেশে প্রচলিত। )

যিনি জননীর হস্তে যষ্টি দেখিয়া রোদন করিতে করিতে দুইখানি পদ্ম-হস্ত দ্বারা পুনঃপুনঃ নেত্রদ্বয় মার্জ্জন করিতেছেন, যিনি ভীত-নয়ন হইয়াছেন ও তন্নিমিত্ত মুহুর্মুহুঃ শ্বাস-প্রশ্বাস-জনিত কম্প-নিবন্ধন যাঁহার কণ্ঠস্থ মুক্তাহার দোদুল্যমান হইতেছে এবং যাঁহার উদরে রজ্জুর বন্ধন রহিয়াছে, সেই ভক্তিবদ্ধ শ্রীদামোদরকে বন্দনা করি ॥ ২ ॥

( ভক্তি-বদ্ধ = ভক্তি দ্বারা যিনি আবদ্ধ অর্থাৎ বশীভূত হন। )

যিনি এবম্বিধ বাল্যলীলা দ্বারা গোকুলবাসী জনবৃন্দকে আনন্দ-সরোবরে নিমজ্জিত করেন এবং যিনি ভগবদৈশ্বর্য্য জ্ঞান-পরায়ণ ভক্ত-সমূহে "আমি ভক্ত কর্ত্তৃক পরাজিত অর্থাৎ ভক্তের বশীভূত" ইহাই প্রকাশ করিতেছেন, সেই ঈশ্বর-রূপী শ্রীদামোদরকে আমি প্রেম সহকারে শত শতবার বন্দনা করি ॥ ৩ ॥

হে দেব ! তুমি সর্ব্ব প্রকার বর-দানে সমর্থ হইলেও, আমি তোমার নিকট মোক্ষ বা মোক্ষের পরাকাষ্ঠা-স্বরূপ শ্রীবৈকুণ্ঠলোক বা অন্য কোন বরণীয় বস্তু প্রার্থনা করি না, তবে আমি কেবল ইহাই প্রার্থনা করি যে, এই বৃন্দাবনস্থ তোমার ঐ পূর্ব্ব-বর্ণিত বালগোপাল-রূপী শ্রীবিগ্রহ আমার মানস-পটে সর্ব্বদা আবির্ভূত হউক ; হে প্রভো ! যদিও তুমি অন্তর্যামিরূপে সর্ব্বদা হৃদয়ে অবস্থান করিতেছ, তথাপি তোমার ঐ শৈশব-লীলাময় বালগোপাল-মূর্ত্তি সর্ব্বাঙ্গ-সুন্দর-রূপে আমার হৃদয়ে প্রকটিত হউক ॥ ৪ ॥

হে দেব ! তোমার যে বদন-কমল অতীব শ্যামল, স্নিগ্ধ ও রক্তবর্ণ কেশসমূহে সমাবৃত এবং তোমার যে বদন-কমলস্থ বিম্বফল-সদৃশ রক্তবর্ণ অধর মা যশোদা

পুনঃপুনঃ চুম্বন করিতেছেন, সেই বদন-কমলের মধুরিমা আমি আর কি বর্ণনা করিব ? আমার মনোমধ্যে তাহাই আবির্ভূত হউক, ঐশ্বর্য্যাদি অন্যবিধ লক্ষ লক্ষ লাভেও আমার কোনও প্রয়োজন নাই—আমি অন্য আর কিছুই চাহি না ॥ ৫ ॥

হে দেব ! হে দামোদর ! হে অনন্ত ! হে বিষ্ণো ! আমার প্রতি প্রসন্ন হও। হে প্রভো ! হে ঈশ ! আমি দুঃখ-পরম্পরা-রূপ সমুদ্রে নিমগ্ন হইয়া একেবারে মরণাপন্ন হইয়াছি, তুমি কৃপাদৃষ্টি-রূপ অমৃত-বর্ষণ দ্বারা আমার উদ্ধার সাধন কর এবং দর্শন দ্বারা আমার প্রাণ-রক্ষা কর ॥ ৬ ॥

হে দামোদর ! তুমি যেরূপ গো অর্থাৎ গাভী-বন্ধন-রজ্জু দ্বারা উদূখলে বদ্ধ হইয়া শাপগ্রস্ত নলকুবর ও মণিগ্রীব নামক কুবের-পুত্র-দ্বয়কে মুক্ত করতঃ তাহাদিগকে ভক্তিমান্ করিয়াছ, আমাকেও তদ্রূপ স্বীয় প্রেমভক্তি প্রদান কর ; এই প্রেমভক্তিতেই আমার আগ্রহ, মোক্ষের প্রতি আমার আগ্রহ নাই ॥ ৭ ॥

হে দেব ! তোমার তেজোময় উদর-বন্ধন-রজ্জুতে এবং বিশ্বের আধার-স্বরূপ তোমার উদরে আমার প্রণাম থাকুক ; তথা তোমার প্রিয়তমা শ্রীরাধিকাকে আমি প্রণাম করি এবং অনন্তলীলাময় দেব তুমি, তোমাকে নমস্কার করি ॥ ৮ ॥

শ্রীরাধা-প্রাণনাথায় শ্রীমদ্দামোদরায় তে।
সর্ব্বং চৈতন্যদেবায় গুরবেঽর্পিতমেব মে ॥

ইতি শ্রীশ্রীদামোদরাষ্টকের অনুবাদ সম্পূর্ণ।

# শ্রীশ্রীনন্দনন্দনাষ্টকং।

শ্রীশ্রীনন্দনন্দনায় নমঃ।

সুচারু-বক্ত্রমণ্ডলং সুশ্রুতি-রত্নকুণ্ডলং।
সুচর্চ্চিতাঙ্গ-চন্দনং নমামি নন্দনন্দনং॥ ১॥

সুদীর্ঘ-নেত্রপঙ্কজং শিখি-শিখণ্ড-মূর্দ্ধজং।
অনঙ্গকোটি-মোহনং নমামি নন্দনন্দনং॥ ২॥

সুনাসিকাগ্র-মৌক্তিকং স্বচ্ছন্দ-দন্ত-পঙ্‌ক্তিকং।
নবাম্বুদাঙ্গ-চিক্কণং নমামি নন্দনন্দনং॥ ৩॥

করেণ বেণুরঞ্জিতং গতি-করীন্দ্র-গঞ্জিতং।
দুকূল-পীত-শোভনং নমামি নন্দনন্দনং॥ ৪॥

ত্রিভঙ্গ-দেহ-সুন্দরং নখদ্যুতি-সুধাকরং।
অমূল্য-রত্ন-ভূষণং নমামি নন্দনন্দনং॥ ৫॥

সুগন্ধ-অঙ্গসৌরভং উরোবিরাজ-কৌস্তুভং।
স্ফুরচ্ছ্রীবৎস-লাঞ্ছনং নমামি নন্দনন্দনং॥ ৬॥

বৃন্দাবন-সুনাগরং বিলাসানুগ-বাসসং।
সুরেন্দ্র-গর্ব্ব-মোচনং নমামি নন্দনন্দনং॥ ৭॥

ব্রজাঙ্গনা-সুনায়কং সদা সুখ-প্রদায়কং।
জগন্মনঃ-প্রলোভনং নমামি নন্দনন্দনং॥ ৮॥

শ্রীনন্দনন্দনাষ্টকং পঠেদ্‌ যঃ শ্রদ্ধয়ান্বিতঃ।
তরেদ্‌ ভবাব্ধিং দুস্তরং লভেত্তদঙ্ঘ্রি-যুগ্মকং॥ ৯॥

ইতি শ্রীশ্রীনন্দনন্দনাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীমুকুন্দাষ্টকং ।

শ্রীশ্রীমুকুন্দায় নমঃ ।

বলভিদুপল-কান্তিদ্রোহিণি শ্রীমদঙ্গে
ঘুসৃণরস-বিলাসৈঃ সুষ্ঠু গান্ধর্ব্বিকায়াঃ ।
স্বমদন-নৃপ-শোভাং বর্দ্ধয়ন্ দেহরাজ্যে
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ১ ॥

উদিত-বিধু-পরার্দ্ধ-জ্যোতিরুল্লঙ্ঘি-বক্ত্রো
নবতরুণিম-রজ্যদ্বাল্যশেষাতি-রম্যঃ ।
পরিষদি ললিতালীং দোলয়ন্ কুণ্ডলাভ্যাং
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ২ ॥

কনক-নিবহ-শোভা-নিন্দি-পীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ ।
প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৩ ॥

সুরভি-কুসুম-বৃন্দৈর্বাসিতান্তঃ-সমৃদ্ধে
প্রিয়-সরসি নিদাঘে সায়মালী-পরীতাং ।
মদন-জনক-সেকৈঃ খেলয়ন্নেব রাধাং
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৪ ॥

পরিমলমিহ লব্ধো হন্ত গান্ধর্ব্বিকায়াঃ
পুলকিত-তনুরুচ্চৈরুন্মদস্তৎক্ষণেন ।
নিখিল-বিপিনদেশান্ বাসিতানেব জিঘ্রন্
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৫ ॥

প্রণিহিত-ভুজদণ্ডঃ স্কন্ধদেশে বরাঙ্গ্যাঃ
স্মিত-বিকসিত-গণ্ডে কীর্ত্তিদা-কন্যকায়াঃ।
মনসিজ-জনি-সৌখ্যং চুম্বনেনৈব তন্বন্
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৬ ॥

প্রমদ-দনুজ-গোষ্ঠ্যাঃ কোঽপি সম্বর্ত্তবহ্নি-
র্ব্রজভুবি কিল পিত্রোর্মূর্ত্তিমান্ স্নেহপুঞ্জঃ।
প্রথম-রস-মহেন্দ্রঃ শ্যামলো রাধিকায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৭ ॥

স্বকদন-কথয়াঙ্গীকৃত্য মৃদ্বীং বিশাখাং
কৃতচটু-ললিতান্তু প্রার্থয়ন্ প্রৌঢ়শীলাং।
প্রণয়-বিধুর-রাধা-মান-নির্ব্বাসনায়
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৮ ॥

পরিপঠতি মুকুন্দস্যাষ্টকং কাকুভির্যঃ
সকল-বিষয়-সঙ্গাৎ সংনিয়ম্যেন্দ্রিয়াণি।
ব্রজ-নবযুবরাজো দর্শয়ন্ স্বং সরাধং
স্বজন-গণন-মধ্যে তং প্রিয়ায়াস্তনোতি ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীমুকুন্দাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীকুঞ্জবিহার্য্যষ্টকং।

শ্রীশ্রীকুঞ্জবিহারিণে নমঃ।

ইন্দ্রনীলমণি-মঞ্জুল-বর্ণঃ
ফুল্ল-নীপ-কুসুমাঞ্চিত-কর্ণঃ।
কৃষ্ণলাভিরকৃশোরসি হারী
সুন্দরো জয়তি কুঞ্জবিহারী ॥ ১ ॥

রাধিকা-বদনচন্দ্র-চকোরঃ
সর্ব্ব-বল্লববধূ-ধৃতি-চৌরঃ।
চর্চ্চরী-চতুরতাঞ্চিত-চারী
চারুতো জয়তি কুঞ্জবিহারী ॥ ২ ॥

সর্ব্বতঃ প্রথিত-কৌলিক-পর্ব্ব-
ধ্বংসনেন হৃত-বাসব-গর্ব্বঃ।
গোষ্ঠ-রক্ষণকৃতে গিরিধারী
লীলয়া জয়তি কুঞ্জবিহারী ॥ ৩ ॥

রাগ-মণ্ডল-বিভূষিত-বংশী-
বিভ্রমেণ মদনোৎসব-শংসী।
স্তূয়মান-চরিতঃ শুকশারী-
শ্রেণিভির্জয়তি কুঞ্জবিহারী ॥ ৪ ॥

শাতকুম্ভ-রুচিহারি-দুকূলঃ
কেকি-চন্দ্রক-বিরাজিত-চূলঃ।
নব্য-যৌবন-লসদ্‌ব্রজনারী-
রঞ্জনো জয়তি কুঞ্জবিহারী ॥ ৫ ॥

স্থাসকী-কৃত-সুগন্ধ-পটীরঃ
স্বর্ণকান্তি-পরিশোভি-কটীরঃ।
রাধিকোন্নত-পয়োধর-বারী-
কুঞ্জরো জয়তি কুঞ্জবিহারী ॥ ৬ ॥

গৈরধাতু-তিলকোজ্জ্বল-ভালঃ
কেলি-চঞ্চলিত-চম্পকমালঃ।
অদ্রি-কন্দর-গৃহেষ্বভিসারী
সুভ্রুবাং জয়তি কুঞ্জবিহারী ॥ ৭ ॥

বিভ্রমোচ্চল-দৃগঞ্চল-নৃত্য-
ক্ষিপ্ত-গোপ-ললনাখিল-কৃত্যঃ।
প্রেম-মত্ত-বৃষভানুকুমারী-
নাগরো জয়তি কুঞ্জবিহারী ॥ ৮ ॥

অষ্টকং মধুর-কুঞ্জবিহারী-
ক্রীড়য়া পঠতি যঃ কিল হারি।
স প্রযাতি বিলসৎ-পরভাগং
তস্য পাদ-কমলার্চ্চন-রাগং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীকুঞ্জবিহার্য্যষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীকুঞ্জবিহার্য্যষ্টকের অনুবাদ।

যাঁহার বর্ণ ইন্দ্রনীলমণির ন্যায় অতীব মনোহর, যাঁহার কর্ণ-যুগল বিকসিত কদম্ব-কুসুম দ্বারা সুশোভিত ও যাঁহার সুবিশাল বক্ষঃস্থলে গুঞ্জাহার শোভা পাইতেছে, সেই পরম সুন্দর কুঞ্জবিহারী শ্রীকৃষ্ণের জয় হউক ॥ ১ ॥

যিনি শ্রীরাধিকার মুখচন্দ্রের চকোর-স্বরূপ, যিনি সমস্ত ব্রজ-রমণীর ধৈর্য্য লোপ করিয়া থাকেন ও যিনি চর্চ্চরী-তালে মনোহর নৃত্যভঙ্গী বিস্তার করেন, সেই কুঞ্জবিহারী শ্রীহরি জয়যুক্ত হউন ॥ ২ ॥

যিনি ব্রজগোপদিগের কুলক্রমাগত ও সর্ব্বত্র সুপ্রসিদ্ধ ইন্দ্রপূজা-রূপ উৎসবের ধ্বংস বশতঃ ক্রোধান্বিত দেবরাজ ইন্দ্রের দর্প চূর্ণ এবং ব্রজমণ্ডল রক্ষা করিবার নিমিত্ত অবলীলাক্রমে গিরি-গোবর্দ্ধন ধারণ করিয়াছিলেন, সেই কুঞ্জবিহারী শ্রীহরির জয় হউক ॥ ৩ ॥

নিখিল-রাগরাগিণী-সমন্বিত-বংশীর সুমধুর স্বরে যিনি প্রেয়সীবর্গের প্রতি মদনোৎসব ঘোষণা করিতেছেন এবং বংশীরব-বিমোহিত শুকশারীগণ যাঁহার চরিত্রের গুণগান করিতেছে, সেই কুঞ্জবিহারী শ্রীহরি জয়যুক্ত হউন ॥ ৪ ॥

যাঁহার সমুজ্জ্বল পীত বসন সুবর্ণের কান্তিকেও পরাভব করিতেছে, যাঁহার চূড়া ময়ূর-পুচ্ছে সুশোভিত এবং যিনি নবযৌবন-সম্পন্না পরমা সুন্দরী ব্রজরমণী-গণের চিত্ত-রঞ্জনে তৎপর, সেই কুঞ্জবিহারী শ্রীকৃষ্ণের জয় হউক ॥ ৫ ॥

যাঁহার অঙ্গ সুগন্ধি চন্দনে চর্চ্চিত, যাঁহার কটিদেশ স্বর্ণময় চন্দ্রহারে সুশোভিত এবং যিনি শ্রীরাধিকার উন্নত পয়োধর-রূপ হস্তিবন্ধন-শৃঙ্খলের হস্তি-স্বরূপ, সেই কুঞ্জবিহারী শ্রীহরি জয়যুক্ত হউন ॥ ৬ ॥

যাঁহার ললাটদেশ গৈরিক-ধাতু-রচিত তিলকে সমুজ্জ্বল, বিলাস বশতঃ যাঁহার বক্ষঃস্থলে চম্পকমালা দোদুল্যমান হইতেছে এবং যিনি গোপসুন্দরীগণের পর্ব্বতগুহা-স্থিত সঙ্কেতাঙ্গনে অভিসার করেন, সেই কুঞ্জবিহারী শ্রীকৃষ্ণের জয় হউক ॥ ৭ ॥

যিনি কন্দর্প-বিলাস-জনিত চঞ্চল কটাক্ষ-পাত দ্বারা গোপাঙ্গনাগণের নিখিল কার্য্য স্থগিত করিয়াছেন এবং যিনি প্রেমোন্মত্ত বৃষভানু-নন্দিনী শ্রীরাধিকার চিত্ত-রঞ্জনে রসিক-নাগর-স্বরূপ, সেই কুঞ্জবিহারী শ্রীহরির জয় হউক ॥ ৮ ॥

কুঞ্জবিহারী শ্রীকৃষ্ণের পরম মধুর লীলা-বর্ণনা-সমন্বিত সুতরাং মনোহর এই পদ্যাষ্টক যিনি পাঠ করেন, তিনি শ্রীকৃষ্ণ-পাদপদ্ম-সেবনে প্রবল অনুরাগ লাভ করিয়া থাকেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীকুঞ্জবিহার্য্যষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

# শ্রীশ্রীব্রজরাজ-সুতাষ্টকং।

শ্রীশ্রীব্রজরাজ-সুতায় নমঃ।

নবনীরদ-নিন্দিত-কান্তিধরং
রসসাগর-নাগরভূপ-বরং।
শুভ-বঙ্কিম-চারু-শিখণ্ডশিখং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ॥ ১ ॥

ভ্রূ-বিশঙ্কিত-বঙ্কিম-শক্রধনুং
মুখচন্দ্র-বিনিন্দিত-কোটি-বিধুং।
মৃদু-মন্দ-সুহাস্য-সুভাষ্য-যুতং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ॥ ২ ॥

সুবিকম্পদনঙ্গ-সদঙ্গ-ধরং
ব্রজবাসি-মনোহর-বেশকরং।
ভৃশ-লাঞ্ছিত-নীলসরোজ-দৃশং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ॥ ৩ ॥

অলকাবলি-মণ্ডিত-ভালতটং
শ্রুতি-দোলিত-মাকর-কুণ্ডলকং।

কটি-বেষ্টিত-পীতপটং সুধটং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ।। ৪ ।।

কল-নূপুর-রাজিত-চারু-পদং
মণি-রঞ্জিত-গঞ্জিত-ভৃঙ্গমদং।
ধ্বজ-ব্রজ-ঝষাঙ্কিত-পাদযুগং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ।। ৫ ।।

ভৃশ-চন্দন-চর্চ্চিত-চারু-তনুং
মণি-কৌস্তুভ-গর্হিত-ভানুতনুং।
ব্রজ-বাল-শিরোমণি-রূপ-ধৃতং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ।। ৬ ।।

সুরবৃন্দ-সুবন্দ্য-মুকুন্দ-হরিং
সুরনাথ-শিরোমণি-সর্ব্বগুরুং।
গিরিধারি-মুরারি-পুরারি-পরং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ।। ৭ ।।

বৃষভানুসুতা-বর-কেলি পরং
রসরাজ-শিরোমণি-বেশধরং।
জগদীশ্বরমীশ্বরমীড্যবরং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতং ।। ৮ ।।

ইতি শ্রীশ্রীব্রজরাজসুতাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীকেশবাষ্টকং।

শ্রীশ্রীকেশবায় নমঃ।

নব-প্রিয়ক-মঞ্জরী-রচিত-কর্ণপূর-শ্রিয়ং
বিনিদ্রতর-মালতী-কলিত-শেখরেণোজ্জ্বলং।
দরোচ্ছ্বসিত-যূথিকা-গ্রথিত-বল্গু-বৈকক্ষকং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ১ ॥

পিশঙ্গি মণিকস্তনি প্রণতশৃঙ্গি শিঙ্গেক্ষণে!
মৃদঙ্গমুখি ধূমলে শবলি হংসি বংশীপ্রিয়ে!।
ইতি স্ব-সুরভী-কুলং তরলমাহ্বয়ন্তং মুদা
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ২ ॥

ঘন-প্রণয়-মেদুরান্ মধুর-নর্ম্ম-গোষ্ঠী-কলা-
বিলাস-নিলয়ান্ মিলদ্বিবিধ-বেশ-বিদ্যোতিনঃ।
সখীনখিল-সারয়া পথিষু হাসয়ন্তং গিরা
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৩ ॥

শ্রমাম্বু-কণিকাবলী-দর-বিলীঢ়-গণ্ডান্তরং
সমূঢ়-গিরিধাতুভির্লিখিত-চারু-পত্রাঙ্কুরং।
উদঞ্চদলি-মণ্ডলী-রুচি-বিড়ম্বি-বক্রালকং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৪ ॥

নিবদ্ধ-নব-তর্ণকাবলি-বিলোকনোৎকণ্ঠয়া
নটৎ-খুরপুটাঞ্চলৈরলঘুভির্ভুবং ভিন্দতীং।
কলেন-ধবলা-ঘটাং লঘু নিবর্ত্তয়ন্তং পুরো
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৫ ॥

পদাঙ্ক ততিভির্বরাং বিরচয়ন্তমধ্ব-শ্রিয়ং
চলত্তরল-নৈচিকী-নিচয়-ধূলি-ধূম্র-স্রজং।
মরুল্লহরি-চঞ্চলীকৃত-দুকূল-চূড়াঞ্চলং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং॥ ৬ ॥

বিলাস-মুরলী-কলধ্বনিভিরুল্লসন্মানসাঃ
ক্ষণাদখিল-বল্লবীঃ পুলকয়ন্তমন্তগৃহে।
মুহুর্বিদধতং হৃদি প্রমুদিতাঞ্চ গোষ্ঠেশ্বরীং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং॥ ৭ ॥

উপেত্য পথি সুন্দরী-ততিভিরাভিরভ্যর্চিতং
স্মিতাঙ্কুর-করম্বিতৈর্নটদপাঙ্গ-ভঙ্গীশতৈঃ।
স্তনস্তবক-সঞ্চরন্নয়ন-চঞ্চরীকাঞ্চলং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং॥ ৮ ॥

ইদং নিখিল-বল্লবীকুল-মহোৎসবোল্লাসনং
ক্রমেণ কিল যঃ পুমান্ পঠতি সুষ্ঠু পদ্যাষ্টকং।
তমুজ্জ্বল-ধিয়ং সদা নিজ-পদারবিন্দ-দ্বয়ে
রতিং দদদচঞ্চলাং সুখয়তাদ্ বিশাখা-সখঃ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীকেশবাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীগোপালদেবাষ্টকং ।

শ্রীশ্রীগোপালদেবায় নমঃ ।

মধুর-মৃদুল-চিত্তঃ প্রেমমাত্রৈক-বিত্তঃ
স্বজন-রচিত-বেষঃ প্রাপ্ত-শোভা-বিশেষঃ ।
বিবিধ-মণিময়ালঙ্কারবান্ সর্ব্বকালং
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ১ ॥

নিরুপম-গুণ-রূপঃ সর্ব্ব-মাধুর্য্য-ভূপঃ
শ্রিত-তনুরুচি দাস্যঃ কোটিচন্দ্র-স্তুতাস্যঃ ।
অমৃত-বিজয়ি-হাস্যঃ প্রোচ্ছলচ্চিল্লি-লাস্যঃ
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ২ ॥

ধৃত-নব-পরভাগঃ সব্য-হস্ত-স্থিতাগঃ
প্রকটিত-নিজকক্ষঃ প্রাপ্ত-লাবণ্যলক্ষঃ ।
কৃত-নিজ-জন-রক্ষঃ প্রেম-বিস্তার-দক্ষঃ
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ৩ ॥

ক্রম-বলদনুরাগ-স্বপ্রিয়াপাঙ্গ-ভাগ-
ধ্বনিত-রসবিলাস-জ্ঞান-বিজ্ঞাপি-হাসঃ ।
স্মৃত-রতিপতি-যাগঃ প্রীতি-হংসী-তড়াগঃ
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ৪ ॥

মধুরিম-ভর-মগ্নে ভাত্যসব্যেহবলগ্নে
ত্রিবলিরলসবত্বাৎ যস্য পৃষ্টানতত্বাৎ ।
ইতরত ইহ তস্যা মার-রেখেব রস্যা
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ৫ ॥

বহতি বলিত-হর্ষং বাহয়ংশ্চানুবর্ষং
ভজতি চ সগণং স্বং ভাজয়ন্ যোঽপর্য্যণ্ স্বং।
গিরি-মুকুটমণিং শ্রীদামবর্ম্মিত্রতা-শ্রীঃ
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ৬ ॥

অধিধরমনুরাগং মাধবেন্দ্রস্য তন্বং-
স্তদমল-হৃদয়োত্থাং প্রেমসেবাং বিবৃণ্বন্।
প্রকটিত-নিজশক্ত্যা বল্লভাচার্য্য-ভক্ত্যা
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ৭ ॥

প্রতিদিনমধুনাপি প্রেক্ষ্যতে সর্ব্বদাপি
প্রণয়-সুরস-চর্য্যা যস্য বর্য্যা সপর্য্যা।
গণয়তু কতি ভোগান্ কঃ কৃতী তৎপ্রয়োগান্
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ৮ ॥

গিরিধর-বরদেবস্যাষ্টকেনেমমেব
স্মরতি নিশি দিনে বা যো গৃহে বা বনে বা।
অকুটিল-হৃদয়স্য প্রেমদত্বেন তস্য
স্ফুরতু হৃদি স এব শ্রীল-গোপালদেবঃ ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীগোপালদেবাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীগোবিন্দদেবাষ্টকং ।

শ্রীশ্রীগোবিন্দদেবায় নমঃ ।

জাম্বূনদোষ্ণীষ-বিরাজি-মুক্তা-
মালা-মণি-দ্যোতি-শিখণ্ডকস্য ।
ভক্ত্যা নৃণাং লোলুপয়ন্ দৃশঃ শ্রী-
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ।। ১ ।।

কপোলয়োঃ কুণ্ডল-লাস্য-হাস্য-
চ্ছবিচ্ছটা-চুম্বিতয়োর্যুগেন ।
সংমোহয়ন্ সংভজতাং ধিয়ঃ শ্রী-
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ।। ২ ।।

স্বপ্রেয়সী-লোচনকোণ-শীধু-
প্রাপ্ত্যৈ পুরোবর্ত্তি-জনেক্ষণেন ।
ভাবং কমপ্যুদ্গময়ন্ বুধানাং
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ।। ৩ ।।

বাম-প্রগণ্ডার্পিত-গণ্ড-ভাস্বৎ-
তাটঙ্ক-লোলক-কান্তি-সিক্তৈঃ ।
ভ্রূ-বল্গনৈরুন্মদয়ন্ কুলস্ত্রী-
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ।। ৪ ।।

দূরে স্থিতাস্তা মুরলী-নিনাদৈঃ
স্বসৌরভৈর্মুদ্রিত-কর্ণপালীঃ ।
নাসারুধো হৃদ্গত এব কর্ষন্
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ।। ৫ ।।

নবীন-লাবণ্য-ভরৈঃ ক্ষিতৌ শ্রী-
রূপানুরাগাম্বুনিধি-প্রকাশৈঃ।
সতশ্চমৎকারবতঃ প্রকুর্ব্বন্
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ॥ ৬ ॥

কল্পদ্রুমাধোমণিমন্দিরান্তঃ-
শ্রীযোগপীঠাম্বুরুহাস্যয়া স্বং।
উপাসয়ংস্তন্ত্রবিদোঽপি মন্ত্রে-
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ॥ ৭ ॥

মহাভিষেকক্ষণ-সর্ব্ববাসোঽ-
লঙ্কৃত্যনঙ্গীকরণোচ্ছলন্ত্যা।
সর্ব্বাঙ্গ-ভাসাকুলয়ংস্ত্রিলোকীং
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ॥ ৮ ॥

গোবিন্দদেবাস্টকমেতদুচ্চৈঃ
পঠেত্তদীয়াঙ্ঘ্রি-নিবিষ্টধীর্যঃ।
তং মজ্জয়ন্নেব কৃপা-প্রবাহে-
গোবিন্দদেবঃ শরণং মমাস্তু ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীগোবিন্দদেবাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীগোপীনাথ-দেবাষ্টকং ।

শ্রীশ্রীগোপীনাথ-দেবায় নমঃ ।

আস্যে হাস্যং তত্র মাধ্বীকমস্মিন্
বংশী তস্যাং নাদ-পীযূষ-সিন্ধুঃ ।
তদ্‌বীচীভির্মজ্জয়ন্ ভাতি গোপী-
র্গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ ।। ১ ।।

শোণোষ্ণীষ-ভ্রাজি-মুক্তা-স্রজোদ্যৎ-
পিচ্ছোত্তংস-স্পন্দনেনাপি নূনং ।
হৃন্নেত্রালী-বৃত্তিরত্নানি মুঞ্চন্
গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ ।। ২ ।।

বিভ্রদ্‌বাসঃ পীতমুরুরু-কান্ত্যা-
শ্লিষ্টং ভাস্বৎ-কিঙ্কিণীকং নিতম্বে ।
সব্যাভীরী-চুম্বিত-প্রান্তবাহু-
র্গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ ।। ৩ ।।

গুঞ্জা-মুক্তা-রত্ন-গাঙ্গেয়-হারৈ-
র্মাল্যৈঃ কণ্ঠে লম্বমানৈঃ ক্রমেণ ।
পীতোদঞ্চৎ-কঞ্চুকেনাঞ্চিত-শ্রী-
গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ ।। ৪ ।।

শ্বেতোষ্ণীষঃ শ্বেত-সুশ্লোক-ধৌতঃ
সুশ্বেত-স্রক্ দ্বিত্রশঃ শ্বেত-ভূষঃ ।
চুম্বন্ শয্যা-মঙ্গলারাত্রিকে হৃদ্
গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ ।। ৫ ।।

শ্রীবৎস-শ্রী-কৌস্তুভোদ্ভিন্নরোম্মাং
বর্ণৈঃ শ্রীমান্ যশ্চতুর্ভিঃ সদেষ্টঃ।
দৃষ্টঃ প্রেম্নৈব স ধন্যৈরনন্যৈ-
র্গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ॥ ৬॥

তাপিঞ্ছঃ কিং হেমবল্লী-যুগান্তঃ
পার্শ্বদ্বন্দ্বোদ্দ্যোতি-বিদ্যুদ্ঘনঃ কিং।
কিংবা মধ্যে রাধয়োঃ শ্যামলেন্দু-
র্গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ॥ ৭॥

শ্রীজাহ্নব্যা মূর্ত্তিমান্ প্রেমপুঞ্জো
দীনানাথান্ দর্শয়ন্ স্বং প্রসীদন্।
পুষ্ণন্ দেবালভ্য-ফেলা-সুধাভি-
র্গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ॥ ৮॥

গোপীনাথস্যাষ্টকং তুষ্টচেতা-
স্তৎপাদাব্জ-প্রেম-পুষ্টীভবিষ্ণুঃ।
যোঽধীতে তন্মন্তুকোটীরপশ্যন্
গোপীনাথঃ পীনবক্ষা গতির্নঃ॥ ৯॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীগোপীনাথদেবাষ্টকং সম্পূর্ণং।

———

# শ্রীশ্রীমদনগোপাল-দেবাষ্টকং।

শ্রীশ্রীমদনগোপাল-দেবায় নমঃ।

মৃদু-তলারুণ্য-জিত-রুচির-দরদ প্রভং
কুলিশ-কঞ্জারি-দর-কলস-ঝষ-চিহ্নিতং।
হৃদি-মমাধায় নিজ-চরণ-সরসীরুহং
মদনগোপাল! নিজ সদনমনুরক্ষ মাং ॥ ১ ॥

মুখর-মঞ্জীর-নখ-শিশিরকিরণাবলী-
বিমল-মালাভিরনুপদমুদিত-কান্তিভিঃ।
প্রবণ-নেত্র-শ্বসনপথ-সুখদ! নাথ! হে
মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ মাং ॥ ২ ॥

মণিময়োষ্ণীষ-দর-কুটিলিমণি লোচনো-
চ্চলন-চাতুর্য্য-চিত-লবণিমণি গণ্ডয়োঃ।
কনক-তাটঙ্ক-রুচি-মধুরিমণি মঞ্জয়ন্
মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ মাং ॥ ৩ ॥

অধর-শোণিম্নি দর-হসিত-সিতমার্চ্চিতে
বিজিত-মাণিক্য-রদ-কিরণগণ-মণ্ডিতে।
নিহিত-বংশীক! জন-দুরবগম-লীল! হে
মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ মাং ॥ ৪ ॥

পদক-হারালি-পদকটক-নটকিঙ্কিণী-
বলয়-তাটঙ্ক-মুখ-নিখিল-মণিভুষণৈঃ।
কলিত-নব্যাভ! নিজ-তনুরুচি-ভুষিতৈ-
র্মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ মাং ॥ ৫ ॥

উড়ুপ-কোটী-কদন-বদনরুচি-পল্লবৈ-
র্মদনকোটী-মথন-নখর-করকন্দলৈঃ।
দ্যুতরুকোটী-সদন-সদয়-নয়নেক্ষণৈ-
র্মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ মাং॥ ৬॥

কৃত-নরাকার-ভবমুখ-বিবুধ-সেবিত!
দ্যুতি-সুধা-সার! পুরু-করুণ! কমপি ক্ষিতৌ।
প্রকটয়ন্ প্রেমভরমধিকৃত-সনাতনং
মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ! মাং॥ ৭॥

তরণিজা-তীরভুবি তরণি-কর-বারক-
প্রিয়ক-ষণ্ডস্থ-মণিসদন-মহিত-স্থিতে!।
ললিতয়া সার্দ্ধমনুপদ-রমিত! রাধয়া
মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ মাং॥ ৮॥

মদনগোপাল! তব সরসমিদমষ্টকং
পঠতি যঃ সায়মতি-সরল-মতিরাশু তং।
স্বচরণাম্ভোজ-রতিরস-তরসি মজ্জয়ন্
মদনগোপাল! নিজ-সদনমনুরক্ষ মাং॥ ৯॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীমদনগোপালদেবাষ্টকং সম্পূর্ণং।

———

# শ্রীশ্রীস্বয়ম্ভগবত্ত্বাষ্টকং ।

স্বজন্মন্যৈশ্বর্য্যং বলমিহ বধে দৈত্য-বিততে-
র্যশঃ পার্থ-ত্রাণে যদুপুরি মহাসম্পদমধাৎ ।
পরং জ্ঞানং জিষ্ণৌ মুষলমনু বৈরাগ্যমনু যো
ভগৈঃ ষড়্ভিঃ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ১ ॥

চতুর্ব্বাহুত্বং যঃ স্বজনি-সময়ে যো মৃদশনে
জগৎ-কোটীং কুক্ষ্যন্তর-পরিমিতত্বং স্ববপুষঃ ।
দধিস্ফোটে ব্রহ্মণ্যতনুত পরানন্ত-তনুতাং
মহৈশ্বর্য্যৈঃ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ২ ॥

বলং বক্যাং দন্তচ্ছদন-বরয়োঃ কেশিনি নৃগে
নৃপে বাহ্বোরঙ্ঘ্রেঃ ফণিনি বপুষঃ কংস-মরুতোঃ ।
গিরিত্রে দৈত্যেষ্বপ্যতনুত নিজাস্ত্রস্য যদতো
মহৌজোভিঃ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ৩ ॥

অসংখ্যাতা গোপ্যো ব্রজভুবি মহিষ্যো যদুপুরে
সুতাঃ প্রদ্যুম্নাদ্যাঃ সুরতরু-সুধর্ম্মাদি চ ধনং ।
বহির্দ্বারি ব্রহ্মাদ্যপি বলিবহং স্তৌতি যদতঃ
শ্রিয়াং পূরৈঃ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ৪ ॥

যতো দত্তে মুক্তিং রিপু-বিততয়ে যন্নরজনি-
র্বিজেতা রুদ্রাদেরপি নত-জনাধীন ইতি যৎ ।
সভায়াং দ্রৌপদ্যা বরকৃদতি-পূজ্যো নৃপ-মখে
যশোভিস্তৎ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ৫ ॥

ন্যধাদগীতারত্নং ত্রিজগদতুলং যৎ প্রিয়সখে
পরং তত্ত্বং প্রেম্নোদ্ধব-পরমভক্তে চ নিগমং।
নিজ-প্রাণ-প্রেষ্ঠাস্বপি রসভৃতং গোপকুলজা-
স্বতো জ্ঞানৈঃ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ৬ ॥

কৃতাগস্কং ব্যাধং সতনুমপি বৈকুণ্ঠমনয়-
ন্মমত্বস্যৈকাগ্রানপি পরিজনান্ হন্ত ! বিজহৌ।
যদ্যপ্যেতে শ্রুত্যা ধ্রুবতনুতয়োক্তাস্তদপি হা
স্ববৈরাগ্যৈঃ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ৭ ॥

অজত্বং জন্মিত্বং রতিররতিতেহা-রহিততা
সলীলত্বং ব্যাপ্তিঃ পরিমিতিরহন্তা-মমতয়োঃ।
পদে ত্যাগাত্যাগাবুভয়মপি নিত্যং সদুররী-
করোতীশঃ পূর্ণঃ স ভবতু মুদে নন্দ-তনয়ঃ ॥ ৮ ॥

সমুদ্যৎ-সন্দেহ-জ্বরশত-হরং ভেষজবরং
জনো যঃ সেবেত প্রথিত-ভগবত্ত্বাষ্টকমিদং।
তদৈশ্বর্য্য-স্বাদৈঃ স্বধিয়মতিবেলং সরসয়ন্
লভেতাসৌ তস্য প্রিয়-পরিজনানুগ্য পদবীং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীস্বয়ম্ভগবত্ত্বাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীস্বয়ম্ভগবত্ত্বাষ্টকের অনুবাদ।

ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ।
জ্ঞান-বৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতি স্মৃতঃ ॥

যিনি স্বীয় আবির্ভাবে ঐশ্বর্য্য, দৈত্যনাশে বল ও পার্থসংরক্ষণে যশ প্রদর্শন করিয়াছেন; যিনি দ্বারকাধামে দেবদুর্ল্লভ সুধর্ম্মাখ্য সভা স্থাপন ও পারিজাত আনয়নাদি কার্য্যে মহা সম্পদ্ প্রদর্শন করিয়াছেন; যিনি শ্রীঅর্জ্জুনে তত্ত্বোপদেশ প্রদান করিয়া মহা জ্ঞান প্রদর্শন করিয়াছেন এবং যিনি স্বীয় যদুকুল ধ্বংস করিয়া পরম বৈরাগ্য প্রদর্শন করিয়াছেন—অতএব যিনি ষড়ৈশ্বর্য্য-পরিপূর্ণ, সেই স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগের আনন্দ বিধান করুন ॥ ১ ॥

যিনি, স্বয়ং দ্বিভুজ হইয়াও, স্বীয় আবির্ভাব সময়ে দেবকী ও বসুদেবের নিকট শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধারী চতুর্ভুজ-মূর্ত্তি প্রকট করিয়াছিলেন; যিনি মৃদ্ভক্ষণ-লীলায় মা যশোদাকে স্বীয় বদনাভ্যন্তরে কোটী কোটী ব্রহ্মাণ্ড প্রদর্শন করাইয়াছিলেন; যিনি, স্বয়ং অপরিমিত দেহ হইয়াও, দধিভাণ্ড-ভঙ্গ নিবন্ধন মা যশোদা অসংখ্য রজ্জুদ্বারাও তাঁহার উদর বন্ধনে অসমর্থ হইলেন দেখিয়া, প্রাকৃত বালকের ন্যায় উদর প্রকট করতঃ স্বীয় দেহের পরিমিতত্ব স্বীকার করিয়াছিলেন এবং যিনি বৎস হরণ-লীলায় ব্রহ্মার বিস্ময়োৎপাদনের নিমিত্ত অনন্ত বিগ্রহ বিস্তার করিয়াছিলেন—অতএব যিনি মহা ঐশ্বর্য্যে পরিপূর্ণ, সেই স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগের আনন্দ বিধান করুন ॥ ২ ॥

যিনি পূতনা-বধে ওষ্ঠাধরের বল, কেশি-দৈত্য-বধে ও নৃগ নৃপের উদ্ধারে বাহুর বল, কালিয়-নাগের দমনে চরণের বল, কংস ও তৃণাবর্ত্ত বধে দেহের বল এবং শ্রীমহাদেবের সম্মোহনে ও দৈত্যগণের দলনে নিজ-অস্ত্রের বল প্রদর্শন করিয়াছেন—অতএব যিনি মহাবীর্য্যে পরিপূর্ণ, সেই স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগের আনন্দ বিধান করুন ॥ ৩ ॥

( উল্লিখিত উক্তিগুলি একটু বিশদভাবে বুঝাইবার নিমিত্ত নিম্নে তৎ-কাহিনী কিঞ্চিৎ প্রদত্ত হইতেছে, যথা ঃ—

একদা মায়াবিনী পূতনা রাক্ষসী কংসের আদেশে নিজস্তনে বিষ মাখাইয়া, ঐ বিষাক্ত স্তন পান করাইয়া শিশুরূপী ভগবান্ শ্রীকৃষ্ণের প্রান সংহার করিবার উদ্দেশ্যে গোকুলে আগমন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে ঐ স্তন পান করিতে দিলে, তিনি পান করিবার ছলে মুখ দ্বারা এরূপ প্রবল বেগে তাহার স্তন আকর্ষণ করিলেন যে, তাহাতেই সেই রাক্ষসী বিকট উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ করিতে করিতে বিপুল দেহ ধারণ পূর্ব্বক ভয়ঙ্কর শব্দে ভূপতিত হইয়া তৎক্ষণাৎ পঞ্চত্ব প্রাপ্ত হইল। এখানে ওষ্ঠাধরের বল প্রদর্শিত হইয়াছে।

একদা কংসের আদেশে কেশী নামক দৈত্য প্রকাণ্ড অশ্বরূপ ধারণ করিয়া পদ-ভরে মেদিনী কম্পান্বিত করতঃ; শ্রীকৃষ্ণের প্রাণবধার্থে গোকুলে আগমন পূর্ব্বক, বিপুল অত্যাচারে ব্রজবাসিগণকে ভীত ও ব্যতিব্যস্ত করিতে লাগিল; অনন্তর শ্রীকৃষ্ণকে তন্নিবারণার্থে সমীপে সমাগত দেখিয়া প্রবল বেগে তাঁহাকে পদাঘাত করিল। তখন শ্রীভগবান তাহার পশ্চাৎ পদ ধারণ পূর্ব্বক ইতস্ততঃ পরিভ্রমণ করাইয়া তাহাকে শত যোজন দূরে নিক্ষেপ করিলেন; কিন্তু সে পুনর্ব্বার মুখ-ব্যাদান করিয়া কৃষ্ণাভিমুখে আগমন করিতে থাকিলে, তিনি ঐ দৈত্যের মুখাভ্যন্তরে স্বীয় বাম হস্ত প্রবেশ করাইয়া তাহার দশন-চয় ভগ্ন করিলেন এবং সেই হস্ত অসাধারণ-রূপে বৃদ্ধি করায় তাহার শ্বাস প্রশ্বাস রুদ্ধ হইয়া প্রাণ বিয়োগ ঘটিল। এখানে বাহুর বল প্রদর্শিত হইয়াছে।

একদা সাম্ব, প্রদ্যুম্ন প্রভৃতি যদুবালকগণ উপবনে বিহার করিতে করিতে তৃষ্ণার্ত্ত হইয়া কোনও কূপের নিকট আগমন পূর্ব্বক তন্মধ্যে প্রকাণ্ড পর্ব্বত সদৃশ পরমাদ্ভুত একটী কৃকলাস ( গিরগিটী, বহুরূপী ) দর্শন করতঃ বিস্মিত ও কৃপান্বিত হইয়া তাহার উদ্ধারার্থ নানা উপায় অবলম্বন করিলেন, কিন্তু অকৃতকার্য্য হইয়া পরিশেষে তাঁহারা শ্রীকৃষ্ণ সমীপে আগমন করতঃ সমস্ত বৃত্তান্ত

গোচর করিলেন ; তচ্ছ্রবণে শ্রীকৃষ্ণ তথায় আসিয়া অবলীলাক্রমে সেই বিপুল-কায় কৃকলাসকে কূপ হইতে উত্তোলন করিলেন ; তাহাতে ঐ কৃকলাসও শ্রীকৃষ্ণ-কর-স্পর্শে তৎক্ষণাৎ তদ্দেহ-মুক্ত হইয়া ইক্ষ্বাকু-তনয় নৃগ নামক স্বীয় পূর্ব্বতন রাজ-দেহ প্রাপ্ত হইলেন। এখানেও বাহুর বল প্রদর্শিত হইল।

একদা কালিয় নামক প্রকাণ্ড ও প্রবল বিষধর সর্পের অবস্থানে যমুনা-স্থিত কালিদহ হ্রদের জল এরূপ তীব্ররূপে বিষাক্ত হইল যে, জীবজন্তুগণ তাহা স্পর্শ করিবামাত্রই প্রাণত্যাগ করিতে লাগিল ; তৎপ্রতিকারার্থে শ্রীকৃষ্ণ কদম্ববৃক্ষে আরোহণ পূর্ব্বক লম্ফ প্রদান করিয়া সেই জলে পতিত হইলেন ; তাহাতে কালিয় নাগ ক্রোধান্বিত-কলেবর হইয়া শ্রীকৃষ্ণকে পুনঃপুনঃ দংশন করিতে লাগিল এবং সপরিবারে তাঁহাকে বেষ্টন করিল ; কৃষ্ণগত-প্রাণ গোপগোপীগণ তচ্ছ্রবণে ব্যাকুল হইয়া তৎক্ষণাৎ তথায় আগমন করতঃ এবম্বিধ দৃশ্য দর্শন করিয়া উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ করিতে করিতে ভুমি-লুণ্ঠিত হইতে লাগিলেন ; তখন শ্রীকৃষ্ণ কালিয়ের মস্তকে দণ্ডায়মান হইয়া প্রবল-বেগে নৃত্য আরম্ভ করিলেন এবং কালিয় উহা সহ্য করিতে না পারিয়া, অতীব তীব্র যন্ত্রণায় অধীর হইয়া, সপরিবারে তাঁহার স্তব করিতে লাগিল ; তাহাতে শ্রীভগবান্ সন্তুষ্ট হইয়া, তাঁহাকে এইরূপে দমন করতঃ, তথা হইতে অন্যত্র দূর সমুদ্রে প্রেরণ করিলেন। এখানে চরণের বল প্রদর্শিত হইল।

প্রবল-প্রতাপান্বিত অতি দুর্দ্দান্ত কংস মহারাজকে অত্যুচ্চ মঞ্চের উপর হইতে ভূপাতিত করিয়া শ্রীকৃষ্ণ তাঁহার বক্ষোপরি উপবেশন করিলে, তাহাতেই তৎক্ষণাৎ তাঁহার প্রাণবায়ু বহির্গত হইয়াছিল। এখানে দেহের বল প্রদর্শিত হইয়াছে।

একদা কংস-প্রেরিত তৃণাবর্ত্ত দৈত্য শ্রীকৃষ্ণের বধের নিমিত্ত বায়ুরূপে গোকুলে আগমন করিল ; প্রবল-বেগে ঝড় উঠিল, ঝড়ে দশ দিক্ কম্পিত হইতে লাগিল, ধূলায় সর্ব্বত্র অন্ধকার হইয়া গেল, শিশুরূপী ভগবান্ শ্রীকৃষ্ণকে আকাশে উঠাইল ; তখন শ্রীকৃষ্ণ স্বীয় বিগ্রহ এরূপ ভার-সম্পন্ন করিলেন যে, ঐ দৈত্য

তাঁহাকে আর বহন করিতে একেবারেই অক্ষম হইল। অনন্তর তিনি গলা চাপিয়া উহার প্রাণ বধ করিলেন। এখানেও দেহের বল প্রদর্শিত হইয়াছে।

শ্রীকৃষ্ণ শ্রীমহাদেবকে জৃম্ভণ নামক অস্ত্রে মুগ্ধ করিয়াছিলেন এবং বাণাসুরাদি দৈত্যগণকে অস্ত্র দ্বারা ছিন্নবিচ্ছিন্ন করিয়াছিলেন। এতদ্বারা অস্ত্রের বল প্রদর্শিত হইয়াছে।

শ্রীব্রজধামে অসংখ্য ব্রজরমণীগণ যাঁহার শ্রীচরণাশ্রিতা ও যদুপুরী শ্রীদ্বারকায় রুক্মিণী প্রভৃতি অষ্টোত্তর-শতাধিক ষোড়শ সহস্র (১৬১০৮) সুন্দরী যাঁহার রাজমহিষী, প্রদ্যুম্নাদি যাঁহার বহুসংখ্যক পুত্র, পারিজাত বৃক্ষ ও সুধর্ম্মাখ্য সভাদি যাঁহার অতুল ধন এবং পুরীর বহির্দ্বারে ব্রহ্মাদি দেবগণও বন্দিবহ-স্বরূপ যাঁহার স্তব করিয়া থাকেন—অতএব যিনি শ্রী-সমূহে পরিপূর্ণ, সেই স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগের আনন্দ বিধান করুন ॥ ৪ ॥

যিনি কংস-পূতনাদি শত্রুগণকেও যথাযোগ্য সালোক্যাদি মুক্তি প্রদান করিয়াছেন; যিনি নরজন্মেও রুদ্রাদি দেবগণকে পরাভব করিয়াছেন; যিনি স্বয়ং স্বতন্ত্র হইয়াও ভক্ত-পরতন্ত্র; যিনি সভাস্থলে দ্রৌপদীর লজ্জা-নিবারণার্থ অনন্ত বিচিত্র বসন-প্রদানরূপ বরদাতা এবং যিনি যুধিষ্ঠিরাদির রাজসূয়-যজ্ঞে সমাগত দেব, ঋষি, সিদ্ধ, গন্ধর্ব্বাদি সমস্ত পূজনীয়বর্গের অগ্রে পূজিত হইয়াছিলেন—অতএব যিনি যশোরাশি-পরিপূর্ণ, সেই স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগের আনন্দ-বিধান করুন ॥ ৫ ॥

যিনি প্রিয়সখা শ্রীঅর্জ্জুনে ত্রিভুবনে অতুলনীয় গীতারত্ন, পরমভক্ত শ্রীউদ্ধবে পরমতত্ত্ব-স্বরূপ নিগম এবং নিজ-প্রাণাধিক-প্রিয়তমা গোপীগণে নিখিল রসতত্ত্ব নিহিত করিয়াছেন—অতএব যিনি সমূহ জ্ঞানে পরিপূর্ণ, সেই স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগের আনন্দ বিধান করুন ॥ ৬ ॥

জরা নামক ব্যাধ মহা অপরাধ করিলেও যিনি তাহাকে সশরীরে বৈকুণ্ঠ লাভ করাইয়াছিলেন, এবং কি আশ্চর্য্য! যাঁহার একান্ত মমতাস্পদ পরিজনবর্গ

শ্রুতিগণ কর্ত্তৃক নিত্যবিগ্রহ-রূপে কীর্ত্তিত হইলেও, যিনি তাঁহাদিগকেও অনায়াসে পরিত্যাগ করিয়াছিলেন—অতএব যিনি মহা বৈরাগ্যে পরিপূর্ণ, সেই স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগের আনন্দ বিধান করুন ॥ ৭ ॥

জন্ম-রহিত হইয়াও যিনি জন্ম পরিগ্রহ করিয়াছেন, আসক্তি-হীন হইয়াও যিনি আসক্ত, নিশ্চেষ্ট হইয়াও যিনি সচেষ্ট, সর্ব্বব্যাপী হইয়াও যিনি পরিমিত এবং মমতার পাত্র স্ত্রী-পুত্রাদিতে যিনি ত্যাগ ও রক্ষণ এই উভয়বিধ ধর্ম্মই নিত্য অঙ্গীকার করিয়াছেন, সেই পূর্ণ ভগবান্ শ্রীনন্দনন্দন আমাদিগকে আনন্দ প্রদান করুন ॥ ৮ ॥

যিনি স্বয়ং ভগবানের উক্ত ষড়্বিধ ঐশ্বর্য্য হৃদয়ে অনুভব পূর্ব্বক, স্বীয় মতিকে সাতিশয় রসান্বিত করিয়া, হৃদয়োত্থিত-প্রবল-সন্দেহজ্বর-রাশি-বিনাশী মহৌষধ সদৃশ এই প্রথিতনামা স্বয়ম্ভগবত্ত্বাষ্টক পাঠ করেন, তিনি সেই ষড়ৈশ্বর্য্য-পরিপূর্ণ স্বয়ং ভগবান্ শ্রীনন্দনন্দনের প্রিয় পরিকরবর্গের অনুগত পদবী প্রাপ্ত হইয়া থাকেন অর্থাৎ তিনি শ্রীব্রজধামে সিদ্ধ দেহ লাভ করতঃ ব্রজ-জনের অনুগত দাস অথবা দাসী-পদ প্রাপ্ত হইয়া শ্রীকৃষ্ণ সেবাধিকার লাভ করিয়া থাকেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীস্বয়ম্ভগবত্ত্বাষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীজগন্মোহনাষ্টকং।

গুঞ্জাবলী-বেষ্টিত-চিত্রপুষ্প-
চূড়া-বলম্মঞ্জুল-নব্য-পিচ্ছং।
গোরোচনা-চারু-তমালপত্রং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ১ ॥

ভ্রূ-বল্গনোন্মাদিত-গোপনারী-
কটাক্ষ-বাণাবলি-বিদ্ধনেত্রং।
নাসাগ্র-রাজন্মণি-চারু-মুক্তং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ২ ॥

আলোল-বক্রালক-কান্তি-চুম্বি-
গণ্ডস্থল-প্রোন্নত-চারুহাস্যং।
বাম-প্রগণ্ডোচ্চল-কুণ্ডলান্তং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ৩ ॥

বন্ধূক-বিম্বদ্যুতি-নিন্দি-কুঞ্চৎ-
প্রান্তাধর-ভ্রাজিত-বেণুবক্ত্রং।
কিঞ্চিত্তিরশ্চীন-শিরোধিভাতং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ৪ ॥

অকুণ্ঠ-রেখাত্রয়-রাজি-কণ্ঠ-
খেলৎ-স্বরালি-শ্রুতি-রাগ-রাজিং।
বক্ষ-স্ফুরৎ-কৌস্তুভমুন্নতাংসং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ৫ ॥

আজানু-রাজদ্বলয়াঙ্গদাঞ্চি-
স্মরার্গলাকার-সুবৃত্তবাহুং।
অনর্ঘ-মুক্তা-মণি-পুষ্প-মালং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ৬ ॥

শ্বাসৈজদশ্বত্থ-দলাভ-তুন্দ-
মধ্যস্থ-রোমাবলি-রম্যরেখং।

পীতাম্বরং মঞ্জুল-কিঙ্কিণীকং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ৭ ॥

ব্যত্যস্ত-পাদং মণিনূপুরাঢ্যং
শ্যামং ত্রিভঙ্গং সুরশাখি-মূলে।
শ্রীরাধয়া সার্দ্ধমুদারলীলং
বন্দে জগন্মোহনমিষ্টদেবং ॥ ৮ ॥

শ্রীমজ্জগন্মোহনদেবমেতৎ-
পদ্যাষ্টকেন স্মরতো জনস্য।
প্রেমা ভবেদ্ যেন তদঙ্ঘ্রি-সাক্ষাৎ-
সেবামৃতেনৈব নিমজ্জনং স্যাৎ ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্ বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীজগন্মোহনাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীব্রজ-নব-যুবরাজাষ্টকং।

শ্রীশ্রীব্রজ-নব-যুবরাজায় নমঃ।

মুদির-মদমুদারং মর্দ্দয়ননঙ্গকান্ত্যা
বসনরুচি-নিরস্তাম্ভোজ-কিঞ্জল্কশোভঃ।
তরুণিম-তরণীক্ষা-বিক্লবদ্ বাল্যচন্দ্রো
ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ১ ॥

পিতুরনিশমগণ্য-প্রাণ-নির্মঞ্ছনীয়ঃ
কলিত-তনুরিবাদ্ধা মাতৃ-বাৎসল্য-পুঞ্জঃ।

অনুগুণ-গুরুগোষ্ঠী-দৃষ্টি-পীযূষবর্ত্তি-
র্ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ২ ॥

অখিল-জগতি জাগ্রন্মুগ্ধ-বৈদগ্ধ্যচর্য্যা-
প্রথম গুরুরুদগ্র-স্থাম-বিশ্রাম-সৌধঃ।
অনুপম-গুণরাজী-রঞ্জিতাশেষ-বন্ধু-
র্ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতঃ মে কৃষীষ্ট ॥ ৩ ॥

অপি মদন-পরার্দ্ধৈর্দুষ্করং বিক্রিয়োর্ম্মিং
যুবতিষু নিদধানো ভ্রূধনুর্দ্ধূননেন।
প্রিয়-সহচরবর্গ-প্রাণমীনাম্বুরাশি-
র্ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৪ ॥

নয়নশৃণি-বিনোদ-ক্ষোভিতানঙ্গ-নাগো-
ন্মাথিত-গহন-রাধাচিত্ত-কাসার-গর্ভঃ।
প্রণয়ভর-মরন্দাস্বাদ-লীলা-ষড়ঙ্ঘ্রি-
র্ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৫ ॥

অনুপদমুদয়ন্ত্যা রাধিকা-সঙ্গ-সিদ্ধ্যা
স্থগিত-পৃথু-রথাঙ্গ-দ্বন্দ্ব-রাগানুবন্ধঃ।
মধুরিম-মধুধারা-ধোরণীনামুদন্বান্
ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৬ ॥

অলঘু-কুটিল-রাধাদৃষ্টি-বারী-নিরুদ্ধঃ
ত্রিজগদপরতন্ত্রোদ্দাম-চেতো-গজেন্দ্রঃ।
সুখমুখর-বিশাখা-নর্ম্মণা স্মেরবক্ত্রো
ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৭ ॥

ত্বয়ি রহসি মিলন্ত্যাং সম্ভ্রম-ন্যাস-ভুগ্না-
প্যুষসি সখি ! তবালী-মেখলা পশ্য ভাতি।
ইতি বিবৃত রহস্যৈর্হ্রেপয়ন্ সুষ্ঠু রাধাং
ব্রজ-নব-যুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৮ ॥

ব্রজ-নব-যুবরাজস্যাষ্টকং তুষ্টবুদ্ধিঃ
কলিত-বর-বিলাসং যঃ প্রযত্নাদধীতে।
পরিজন-গণনায়াং নাম তস্যানুরজ্যন্
বিলিখতি কিল বৃন্দারণ্য-রাজ্ঞী-রসজ্ঞঃ ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীব্রজ-নব-যুবরাজাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীমধুরাষ্টকং।

অধরং মধুরং বদনং মধুরং
নয়নং মধুরং হসিতং মধুরং।
হৃদয়ং মধুরং গমনং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ১ ॥

বচনং মধুরং চরিতং মধুরং
বসনং মধুরং বলিতং মধুরং।
চলিতং মধুরং ভ্রমিতং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ২ ॥

বেণুর্মধুরো রেণুর্মধুরঃ
পাণির্মধুরঃ পাদৌ মধুরৌ।

নৃত্যং মধুরং সখ্যং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ৩ ॥

গীতং মধুরং পীতং মধুরং
ভুক্তং মধুরং সুপ্তং মধুরং
রূপং মধুরং তিলকং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ৪ ॥

করণং মধুরং তরণং মধুরং
হরণং মধুরং রমণং মধুরং।
বমিতং মধুরং শমিতং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ৫ ॥

গুঞ্জা মধুরা মালা মধুরা
যমুনা মধুরা বীচী মধুরা।
সলিলং মধুরং কমলং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ৬ ॥

গোপী মধুরা লীলা মধুরা
যুক্তং মধুরং ভুক্তং মধুরং।
হৃষ্টং মধুরং শিষ্টং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ৭ ॥

গোপা মধুরা গাবো মধুরা
যষ্টির্মধুরা সৃষ্টির্মধুরা।
দলিতং মধুরং ফলিতং মধুরং
মধুরাধিপতেরখিলং মধুরং ॥ ৮ ॥

ইতি শ্রীমদ্‌বল্লভাচার্য্য-বিরচিতং শ্রীশ্রীমধুরাষ্টকং সম্পূর্ণং।

( 'মধুরাধিপতি' শব্দের এক অর্থ মধুর-রসের অধিপতি, অন্য অর্থ মধুরার অধিপতি ; দুই অর্থেই শ্রীকৃষ্ণকে বুঝাইতেছে। মধুরাধিপতেরখিলং মধুরং = শ্রীকৃষ্ণের সমস্তই মধুর। )

---

## শ্রীশ্রীরাধিকাষ্টকং (১)।

শ্রীশ্রীরাধিকায়ৈ নমঃ।

দিশি দিশি রচয়ন্তীং সঞ্চরন্নেত্রলক্ষ্মী-
বিলসিত-খুরলীভিঃ খঞ্জরীটস্য খেলাং।
হৃদয়-মধুপ-মল্লীং বল্লবাধীশ-সূনো-
রখিল-গুণ-গভীরাং রাধিকামর্চ্চয়ামি ॥ ১ ॥

পিতুরিহ বৃষভানোরশ্ববায়-প্রশস্তিং
জগতি কিল সমস্তে সুষ্ঠু বিস্তারয়ন্তীং।
ব্রজ-নৃপতি-কুমারং খেলয়ন্তীং সখীভিঃ
সুরভিনি নিজ-কুণ্ডে রাধিকামর্চ্চয়ামি ॥ ২ ॥

শরদুপচিত-রাকা-কৌমুদীনাথ-কীর্ত্তি-
প্রকর-দমন-দীক্ষা-দক্ষিণ-স্মেরবক্ত্রাং।
নটদঘভিদপাঙ্গোত্তুঙ্গিতানঙ্গ-রঙ্গাং
কলিত-রুচি-তরঙ্গাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৩ ॥

বিবিধ-কুসুম-বৃন্দোৎফুল্ল-ধম্মিল্ল-ধাটী-
বিঘটিত-মদ-ঘূর্ণৎ-কেকি-পিচ্ছ-প্রশস্তিং।
মধুরিপু-মুখ-বিম্বোদ্গীর্ণ-তাম্বূল-রাগ-
স্ফুরদমল-কপোলাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৪ ॥

অমলিন-ললিতান্তঃস্নেহ-সিক্তান্তরঙ্গা-
মখিল-বিধ-বিশাখা-সখ্য-বিখ্যাত-শীলাং।
স্ফুরদঘভিদনর্ঘ-প্রেম-মাণিক্য-পেটীং
ধৃত-মধুর-বিনোদাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৫ ॥

অতুল-মহসি বৃন্দারণ্য-রাজ্যেঽভিষিক্তাং
নিখিল-সময়-ভর্ত্তুঃ কার্ত্তিকস্যাধিদেবীং।
অপরিমিত-মুকুন্দ-প্রেয়সী-বৃন্দ-মুখ্যাং
জগদঘহর-কীর্ত্তিং রাধিকামর্চ্চয়ামি ॥ ৬ ॥

হরি-পদনখ-কোটী-পৃষ্ঠ-পর্য্যন্ত-সীমা-
তটমপি কলয়ন্তীং প্রাণ-কোটেরভীষ্টং।
প্রমুদিত-মদিরাক্ষী-বৃন্দ-বৈদগ্ধ-দীক্ষা-
গুরুমতি-গুরুকীর্ত্তিং রাধিকামর্চ্চয়ামি ॥ ৭ ॥

অমল-কনক-পট্টোদ্ঘৃষ্ট-কাশ্মীর-গৌরীং
মধুরিম-লহরীভিঃ সংপরীতাং কিশোরীং।
হরিভুজ-পরিরব্ধাং লব্ধ-রোমাঞ্চ-পালিং
স্ফুরদরুণ-দুকূলাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৮ ॥

তদমল-মধুরিম্নাং কামমাধাররূপং
পরিপঠতি বরিষ্ঠং সুষ্ঠু রাধাষ্টকং যঃ।
অহিম-কিরণ-পুত্রী-কূল-কল্যাণ-চন্দ্রঃ
স্ফুটমখিলমভীষ্টং তস্য তুষ্টস্তনোতি ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীরাধিকাষ্টকং (১) সমাপ্তং।

## শ্রীশ্রীরাধিকাষ্টকের (১) অনুবাদ।

খঞ্জন-সদৃশ নয়ন-যুগল বশতঃ যিনি যে কোন দিকে দৃষ্টিপাত করিলে বোধ হয় যেন সেই দিকে খঞ্জন-মালা নৃত্য করিতেছে, যিনি ব্রজেন্দ্রনন্দন-শ্রীকৃষ্ণ-চিত্ত-ভ্রমরের মল্লিকা-কুসুম-স্বরূপ এবং যিনি অশেষ গুণের আকার বলিয়া অতিশয় গম্ভীর-প্রকৃতি, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ১ ॥

যিনি সমগ্র জগতে স্বীয় পিতা বৃষভানুরাজের বংশ-গৌরব বিস্তার করিতেছেন এবং যিনি বিবিধ জলজ পুষ্পে সুসৌরভান্বিত স্বকীয় শ্রীরাধাকুণ্ডে সখীগণ পরিবৃতা হইয়া শ্রীকৃষ্ণ সহ জলকেলি করিতেছেন, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ২ ॥

যাঁহার সুস্মিত বদন-মণ্ডল শরচ্চন্দ্রের বিমল শোভাকেও তিরস্কার করিতেছে, শ্রীকৃষ্ণের চঞ্চল কটাক্ষ-পাতে যাঁহার অনঙ্গ-রঙ্গ পরিবর্দ্ধিত হয় এবং যাঁহার শ্রীঅঙ্গে লাবণ্য-লহরী নৃত্য করিতেছে, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৩ ॥

যাঁহার বিবিধ-কুসুম-সুশোভিত কেশপাশ ময়ূর-পুচ্ছের শোভাতিশয়কেও পরাভব করিতেছে ও শ্রীকৃষ্ণ কর্ত্তৃক চুম্বিত হইয়া যাঁহার মনোহর গণ্ডদেশ তাম্বূল-রাগে ঈষৎ রঞ্জিত হইয়াছে, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৪ ॥

শ্রীললিতা-দেবীর সুবিমল আন্তরিক স্নেহে যাঁহার চিত্ত অভিষিক্ত, শ্রীবিশাখা-সখী সহ অশেষবিধ সখ্যভাব নিবন্ধন যাঁহার মধুর প্রকৃতি ভুবন-বিদিত এবং যিনি শ্রীকৃষ্ণের অমূল্য প্রেম-রূপ মাণিক্যের পেটিকা অর্থাৎ কৌটা বা আধার-স্বরূপ, সেই মাধুর্য্য-বিনোদিনী শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৫ ॥

যিনি অতুলনীয় প্রভাবশালী বৃন্দাবন-রাজ্যের অধীশ্বরী, যিনি সমগ্র-মাসাধিপতি কার্ত্তিক মাসের অধিষ্ঠাত্রী দেবী, যিনি শ্রীকৃষ্ণের অসংখ্য প্রেয়সী-

গণের শিরোমণি এবং যাঁহার লীলা নিখিল-পাপহারিণী, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৬ ॥

যিনি শ্রীকৃষ্ণ-পাদপদ্মের সূক্ষ্ম নখাগ্রভাগকেও নিজপ্রাণাপেক্ষা কোটিগুণে প্রিয়তম বোধ করেন অর্থাৎ যিনি একান্ত কৃষ্ণগত-প্রাণা—কৃষ্ণ বই আর কিছুই জানেন না এবং যিনি সমস্ত ব্রজগোপীগণের রসালাপ-শিক্ষার গুরু, সেই বিপুলকীর্ত্তি শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৭ ॥

যিনি কষ্টিপ্রস্তর-পিষ্ট কুঙ্কুমের ন্যায় গৌরাঙ্গী, যাঁহার শ্রীঅঙ্গ মাধুর্য্য-তরঙ্গে পরিব্যাপ্ত, যাঁহার তনু শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আলিঙ্গিত হইবামাত্র পুলকে রোমাঞ্চিত হইয়া উঠে এবং যিনি সমুজ্জ্বল-অরুণবর্ণ-বিশিষ্ট-বসন-পরিহিতা, সেই নিত্য কিশোরী শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৮ ॥

শ্রীরাধিকার স্বরূপ, গুণ, বিভূত্যাদি মাধুর্য-ব্যঞ্জক এই উৎকৃষ্ট অষ্টক যিনি পরম যত্নে পাঠ করেন, যমুনা-তট-বিহারী বৃন্দাবন-চন্দ্র শ্রীকৃষ্ণ সুপ্রসন্ন হইয়া তাঁহার সমস্ত মনোবাঞ্ছা পূর্ণ করেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীরাধিকাষ্টকের (১) অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীরাধিকাষ্টকং। (২)

সুষমা-মুখ-মণ্ডলাং শ্রুতি-কান্তি-মনোহরাং
বরাঙ্গরত্ন-ভূষিতাং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ১ ॥

সৌদামিনী-বিনিন্দ্যাঙ্গীং নবীন-নীরদাম্বরাং।
গোবিন্দ-মনোমোহিনীং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ২ ॥

সুদীর্ঘ-নেত্র-নলিনীং পীনোন্নত-পয়োধরীং।
কৃষ্ণমনঃ-প্রলোভিনীং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ৩ ॥

নাসিকা-রত্ন-উজ্জ্বলাং কুন্দবন্দন্ত-পঙ্‌ক্তিকাং।
সুস্মিত-চারুবদনাং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ৪ ॥

করেণ লীলা-পঙ্কজাং আলিভিঃ পরিবেষ্টিতাং।
চিকুর-বেণী-মণ্ডিতাং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ৫ ॥

হরি-বিনিন্দিত-কটিং বিশাল-নিতম্ব-তটীং।
উরসি রত্নহারিকাং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ৬ ॥

সুগন্ধ-অঙ্গ-অনিলাং গতি-হংসনী-গঞ্জিতাং।
গুণৈঃ সর্ব্ব-বরীয়সীং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ৭ ॥
স্মিত-কান্তি-নখ-শ্রেণীং প্রগল্‌ভিকাং সুভাষিণীং।
কৃষ্ণচন্দ্র-চকোরিণীং নমামি কীর্ত্তিদা-সুতাং ॥ ৮ ॥

এতচ্ছ্রীরাধিকাষ্টকং পঠেদ্‌ যঃ শ্রদ্ধয়ান্বিতঃ।
প্রাপ্য তদঙ্ঘ্রি-যুগ্মকং ভবাব্ধিং সন্তরেৎ সুখং ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীরাধিকাষ্টকং (২) সমাপ্ত।

---

## শ্রীশ্রীরাধিকাষ্টকং (৩)।

কুঙ্কুমাক্ত-কাঞ্চনাব্জ-গর্ব্বহারি-গৌর-ভা
পীতনাঞ্চিতাব্জ-গন্ধকীর্ত্তি নিন্দি-সৌরভা।
বল্লবেশ-সূনু-সর্ব্ব-বাঞ্ছিতার্থ-সাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ১ ॥

কৌরবিন্দ-কান্তি-নিন্দি-চিত্র-পট্ট শাটিকা
কৃষ্ণ-মত্তভৃঙ্গ-কেলি-ফুল্ল-পুষ্প-বাটিকা।

কৃষ্ণ-নিত্য-সঙ্গমার্থ-পদ্মবন্ধু-রাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ২ ॥

সৌকুমার্য্য-সৃষ্ট-পল্লবালি-কীর্ত্তি-নিগ্রহা
চন্দ্র-চন্দনোৎপলেন্দু-সেব্য-শীত-বিগ্রহা।
স্বাভিমর্ষ-বল্লবীশ-কাম-তাপ-বাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ৩ ॥

বিশ্ববন্দ্য-যৌবতাভিবন্দিতাপি যা রমা
রূপ-নব্য-যৌবনাদি-সম্পদা ন যৎসমা।
শীল-হার্দ্দ-লীলয়া চ সা যতোঽস্তি নাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ৪ ॥

রাস-লাস্য-গীত-নর্ম্ম-সৎকলালি-পণ্ডিতা
প্রেম-রম্য-রূপ-বেশ-সদ্গুণালি-মণ্ডিতা।
বিশ্ব-নব্য-গোপ-যোষিদালিতোঽপি যাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ৫ ॥

নিত্য-নব্য-রূপ-কেলি-কৃষ্ণভাব-সম্পদা
কৃষ্ণ-রাগ-বন্ধ-গোপ-যৌবতেষু কম্পদা।
কৃষ্ণ-রূপ-বেশ-কেলি-লগ্ন-সৎসমাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ৬ ॥

স্বেদ-কম্প-কণ্টকাশ্রু-গদগদাদি-সঞ্চিতা-
মর্ষ-হর্ষ-বামতাদি-ভাব-ভূষণাঞ্চিতা।
কৃষ্ণ-নেত্র-তোষি-রত্ন-মণ্ডনালি-দাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ৭ ॥

যা ক্ষণার্দ্ধ-কৃষ্ণ-বিপ্রয়োগ-সন্ততোদিতা-
নেক-দৈন্য-চাপলাদি-ভাববৃন্দ-মোদিতা।
যত্নলব্ধ-কৃষ্ণসঙ্গ-নির্গতাখিলাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥ ৮ ॥

অষ্টকেন যস্ত্বনেন নৌতি কৃষ্ণ-বল্লভাং
দর্শনেঽপি শৈলজাদি-যোষিদালি-দুর্লভাং।
কৃষ্ণসঙ্গ-নন্দিতাত্ম-দাস্য-সীধু-ভাজনং
তং করোতি নন্দিতালি-সঞ্চয়াশু সা জনং ॥ ৯ ॥

ইতি শ্রীল-কৃষ্ণদাস-কবিরাজগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীরাধিকাষ্টকং (৩) সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীরাধিকাষ্টকের (৩) অনুবাদ।

যাঁহার অঙ্গের গৌরকান্তি কুঙ্কুমলিপ্ত স্বর্ণ কমলের গর্ব্ব খর্ব্ব করিতেছে, যাঁহার অঙ্গের সুসৌরভ কুঙ্কুমযুক্ত পদ্মের গন্ধ-জনিত কীর্ত্তি ধ্বংস করিতেছে এবং যিনি গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণের সমস্ত অভিলাষ পূর্ণ করিতেছেন, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ১ ॥

যাঁহার পট্টশাটী অর্থাৎ পাটের শাড়ী প্রবালের কান্তিকেও নিন্দা করিতেছে, যিনি কৃষ্ণ-রূপ মত্ত ভ্রমরের বিলাসের জন্য পুষ্পোদ্যান-স্বরূপা এবং যিনি কৃষ্ণ-সঙ্গ লাভ করিবার জন্য নিত্য সূর্য্যদেবের আরাধনা করেন, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ২ ॥

যাঁহার সুকোমল অঙ্গ পল্লব-শ্রেণীর কীর্ত্তি বিলোপ করিতেছে, যাঁহার সুশীতল অঙ্গকে চন্দ্র, চন্দন, কমল ও কর্পূরাদি নিখিল শীতল বস্তু সেবা

করিতেছে এবং যিনি নিজাঙ্গ-স্পর্শ-সুধা দ্বারা গোপীবল্লভ শ্রীকৃষ্ণের কাম-তাপ দূরীভূত করিতেছেন, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৩ ॥

যে লক্ষ্মীদেবীর অভূতপূর্ব রূপ ও নবযৌবনাদি দর্শনে এবং অতি মধুর-স্বভাব-জনিত প্রেমলীলা দর্শনে বিস্মিত হইয়া নিখিল বিশ্ববন্দ্য যুবতীবর্গও তাঁহার বন্দনা করেন, সেই পরম ভাগ্যবতী লক্ষ্মীদেবীও যে শ্রীরাধিকার সমান নহেন, এবং যে শ্রীরাধিকা হইতে অধিকতর গুণসম্পন্না রমণী কুত্রাপি আর কেহ নাই, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৪ ॥

যিনি রাস-ক্রীড়ায় নৃত্য, গীত ও পরিহাসাদি অত্যুৎকৃষ্ট রসকলা-সমূহে পরম পণ্ডিত, যিনি প্রেম-মণ্ডিত মনোহর রূপ ও বেশ এবং বিবিধ সদ্‌গুণাবলী দ্বারা বিভূষিত, তথা যিনি বিশ্ববন্দিতা নবীন যৌবন-সম্পন্না গোপ-ললনা-গণের মধ্যে সর্ব্ব-শ্রেষ্ঠা, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৫ ॥

যিনি নিত্য নব নব রূপ, কেলি ও কৃষ্ণ-ভাব এই সমস্ত স্বীয় সম্পত্তি দ্বারা শ্রীকৃষ্ণে বন্ধানুরাগা স্বপক্ষ গোপযুবতীগণের হর্ষ-জনিত ও বিপক্ষ যুবতীগণের কাতরতা-জনিত কম্প উৎপাদন করিতেছেন এবং যাঁহার চিত্ত শ্রীকৃষ্ণের রূপ, বেশ ও কেলি বিষয়ে সর্ব্বদা একাগ্রভাবে সংলগ্ন হইয়া রহিয়াছে, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৬ ॥

যিনি স্বেদ, কম্প, পুলক অশ্রু ও গদ্গদাদি সাত্ত্বিক বিকার-সমূহে পরিশোভিতা, যিনি ক্রোধ, হর্ষ, বামতাদি ভাব-ভূষণে বিভূষিতা এবং যিনি শ্রীকৃষ্ণের নয়নানন্দকর রত্ন-ভূষণ-সমূহে সুসজ্জিতা হইয়া রহিয়াছেন, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৭ ॥

যিনি ক্ষণার্দ্ধকালও শ্রীকৃষ্ণ-বিরহে তজ্জনিত দৈন্য, চাপল্যাদি ভাব-সমূহের দ্বারা ব্যথিত হইয়া পড়েন এবং যিনি তৎকালে স্বকৃত বা কৃষ্ণ-কৃত দূতী-প্রেরণাদি

কার্য্য দ্বারা শ্রীকৃষ্ণ-সঙ্গ লাভ করিয়া সমুদায় মনঃকষ্ট দূরীভূত করেন, সেই শ্রীরাধিকা আমাকে নিজ-পাদপদ্মের দাস্য দান করুন ॥ ৮ ॥

যাঁহার দর্শন পার্ব্বতী প্রভৃতি দেবীগণের পক্ষেও সুদুর্লভ, সেই কৃষ্ণপ্রেয়সী শ্রীরাধিকাকে যে ব্যক্তি এই অষ্টক দ্বারা স্তব করেন, শ্রীরাধিকা প্রফুল্লিতা সখীগণ সমভিব্যাহারে শ্রীকৃষ্ণ-সঙ্গে আনন্দিতা হইয়া সেই জনকে শীঘ্র আপনার দাস্যামৃত প্রদান করেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীরাধিকাষ্টকের (৩) অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীরাধিকাষ্টকং (৪)।

রস-বলিত-মৃগাক্ষী-মৌলি-মাণিক্য-লক্ষ্মীঃ
প্রমুদিত-মুরবৈরি-প্রেমবাপী-মরালী।
ব্রজবর-বৃষভানোঃ পুণ্য-গীর্ব্বাণ-বল্লী
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকা মাং কদা নু ॥ ১ ॥

স্ফুরদরুণ-দুকূল-দ্যোতিতোদ্যন্নিতম্ব-
স্থলমভি বরকাঞ্চী-লাস্যমুল্লাসয়ন্তী।
কুচ-কলস-বিলাস-স্ফীত-মুক্তাসর শ্রীঃ
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকা মাং কদা নু ॥ ২ ॥

সরসিজ-বর-গর্ভাখর্ব্ব-কান্তিঃ সমুদ্যৎ-
তরুণিম-ঘনসারাশ্লিষ্ট-কৈশোর-সীধুঃ।
দর-বিকশিত-হাস্য-স্যন্দি-বিম্বাধরাগ্রা
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকা মাং কদা নু ॥ ৩ ॥

অতি-চটুলতরং তং কাননান্তর্মিলন্তং
ব্রজনৃপতি-কুমারং বীক্ষ্য শঙ্কাকুলাক্ষী।
মধুর-মৃদু-বচোভিঃ সংস্তুতা নেত্রভঙ্গ্যা
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকা মাং কদা নু ॥ ৪ ॥

ব্রজকুল-মহিলানাং প্রাণভূতাখিলানাং
পশুপ-পতি-গৃহিণ্যাঃ কৃষ্ণবৎ প্রেমপাত্রং।
সুললিত-ললিতান্তঃ-স্নেহ-ফুল্লান্তরাত্মা
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকাং মাং কদা নু ॥ ৫ ॥

নিরবধি সবিশাখা শাখিযূথ-প্রসূনৈঃ
স্রজমিহ রচয়ন্তী বৈজয়ন্তীং বনান্তে।
অঘ-বিজয়-বরোরঃপ্রেয়সী শ্রেয়সী সা
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকা মাং কদা নু ॥ ৬ ॥

প্রকটিত-নিজবাসং স্নিগ্ধ-বেণু-প্রণাদৈ-
র্দ্রুতগতি হরিমারাৎ প্রাপ্য কুঞ্জে স্মিতাক্ষী।
শ্রবণ-কুহর-কণ্ডূং তন্বতী নম্রবক্ত্রা
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকা মাং কদা নু ॥ ৭ ॥

অমল-কমল-রাজি-স্পর্শি-বাত-প্রশীতে
নিজ-সরসি নিদাঘে সায়মুল্লাসিনীয়ং।
পরিজনগণ-যুক্তা ক্রীড়য়ন্তী বকারিং
স্নপয়তি নিজ-দাস্যে রাধিকা মাং কদা নু ॥ ৮ ॥

পঠতি বিমল-চেতা মৃষ্ট-রাধাষ্টকং যঃ
পরিহৃত-নিখিলাশা-সন্ততিঃ কাতরঃ সন্।

পশুপ-পতি-কুমারঃ কামমামোদিতস্তং
নিজ-জন-গণমধ্যে রাধিকায়াস্তনোতি ॥ ৯ ॥

ইতি শ্রীল-রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীরাধিকাষ্টকং (৪) সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীরাধিকাষ্টকের (৪) অনুবাদ।

যিনি অতীব সুরসিকা মৃগনয়নীগণের শিরোমণি, যিনি হর্ষোৎফুল্ল শ্রীকৃষ্ণের প্রেম-সরোবরের হংসী-স্বরূপা এবং যিনি ব্রজ-মধ্যে শ্রেষ্ঠ শ্রীবৃষভানুরাজের মঙ্গলময়ী পবিত্র কল্পলতা-স্বরূপিণী, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ॥ ১ ॥

রক্তবর্ণ পট্টবস্ত্র-পরিশোভিত নিতম্বোপরি ইতস্ততঃ দোদুল্যমান ক্ষুদ্র ঘণ্টিকা দ্বারা যিনি নৃত্য প্রকাশ করিতেছেন এবং যাঁহার কুচকুম্ভোপরি সুদীর্ঘ মুক্তামালা শোভা বিস্তার করিতেছে, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ॥ ২ ॥

যিনি অত্যুৎকৃষ্ট পদ্ম-কর্ণিকার ন্যায় অতিশয় কান্তি-বিশিষ্ট, যাঁহার কৈশোরামৃত সমুজ্জ্বল নব-যৌবনরূপ কর্পূরে মিলিত হইয়াছে এবং যাঁহার বিম্বাধরের অগ্রভাগ ঈষৎ-বিকশিত হাস্য-সুধা বিস্তার করিতেছে, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ॥ ৩ ॥

বন-প্রত্যাগত অতি চঞ্চল সেই ব্রজরাজ-নন্দন শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া যাঁহার নেত্রদ্বয় শঙ্কাকুল হইয়াছে এবং যিনি নেত্রভঙ্গী বিস্তার করিয়া সুমধুর মৃদু বাক্য দ্বারা শ্রীকৃষ্ণকে স্তব করিতেছেন, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ॥ ৪ ॥

যিনি নিখিল ব্রজরমণীগণের প্রাণ-স্বরূপা, যিনি নন্দরাজগৃহিণী শ্রীমতী যশোদা-দেবীর নিকট কৃষ্ণের তুল্যই স্নেহভাজন এবং যাঁহার চিত্ত শ্রীললিতা-সখীর সুললিত আন্তরিক স্নেহে প্রফুল্লিত, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ।। ৫ ।।

এই বন-মধ্যে যিনি নিরন্তর বিশাখা-সখীর সহিত নানা বৃক্ষের বিবিধ পুষ্প দ্বারা বৈজয়ন্তী মালা রচনা করিতেছেন, যিনি পরম-মঙ্গল-রূপিণী এবং তন্নিমিত্ত যিনি অঘজিৎ শ্রীকৃষ্ণের বিশাল বক্ষঃস্থলে বরিষ্ঠ প্রেয়সীরূপা হইয়াছেন, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ।। ৬ ।।

যে শ্রীরাধিকা নিকুঞ্জ-নিবাসী শ্রীকৃষ্ণের বংশীধ্বনী শ্রবণ করিয়া তৎসমীপে দ্রুতগতিতে আগমণ পূর্ব্বক নেত্রদ্বয় ঈষৎ উন্মীলন করতঃ নত-মুখে কর্ণকুহরের কণ্ডুয়ন বিস্তার করেন অর্থাৎ তদীয় বচন-সুধা পান করিবার জন্য ব্যাকুল হইয়া পড়েন, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ।। ৭ ।।

সুবিমল-পদ্মশ্রেণী-সংস্পর্শ-বায়ু কর্ত্তৃক শীতলীকৃত নিজ-সরোবর শ্রীরাধা-কুণ্ডে যে রাধিকা গ্রীষ্মকালে সায়ং সময়ে উল্লাস-ভরে সখীগণ-পরিবৃতা হইয়া বকরিপু শ্রীকৃষ্ণকে ক্রীড়া করাইতেছেন, সেই শ্রীরাধিকা কবে আমাকে নিজ-দাস্যে অভিষিক্ত করিবেন ? ।। ৮ ।।

যে ব্যক্তি অন্য সর্ব্ববিধ আশা পরিত্যাগ পূর্ব্বক নির্ম্মল-চিত্ত হইয়া সকাতরে এই সুবিমল শ্রীরাধিকাষ্টক পাঠ করেন, গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ অত্যন্ত হৃষ্ট হইয়া তাঁহাকে শ্রীরাধিকার পরিজনগণ-মধ্যে স্থান দান করেন ।। ৯ ।।

ইতি শ্রীশ্রীরাধিকাষ্টকের (৪) অনুবাদ সম্পূর্ণ ।

# শ্রীশ্রীরাধাষ্টকং ।

জানাতি কিঞ্চিদপি সা হৃদি মে বিভাতি
রাধা বশীকরণ-মন্ত্রমবশ্যমেব ।
নো চেৎ কথং সুর-মুনীন্দ্র-নুতং শরণ্যং
দাসাভিমানমনয়ৎ ব্রজ-মুগ্ধ-চন্দ্রং ॥ ১ ॥

রাধাস্তি যত্র নব-সিদ্ধি-সুধাস্তি তত্র
নাগাধিলোক-বিবুধা মদনো রতিশ্চ ।
সর্ব্বাবতার-মহিষী-সুখমস্তি তত্র
যস্যাঃ পদং ক্ষণমহো ন জহাতি কৃষ্ণঃ ॥ ২ ॥

নাদ্যাপি কো বদতি নৈব পুরাণশাস্ত্রং
রাধা যথান্যমহিষী গৃহকর্ম্ম-মুগ্ধা ।
কৃষ্ণাধিকাথ সদৃশী প্রণয়ার্দ্ধদেহা
কিম্বা রসামৃতময়ী ত্রিজগৎ ব্রবীতি ॥ ৩ ॥

রাধা প্রযাতি বিপিনং বিপিনং প্রযাতি
রাধা নিকুঞ্জ-সদনে স চ তত্র নিত্যং ।
রাধা-সুখে সুখমুপৈত্য দুঃখে চ দুঃখী
কৃষ্ণঃ কদাপি খলু তিষ্ঠতি ন স্বতন্ত্রঃ ॥ ৪ ॥

যত্রাস্তি নির্গুণময়ী কুপিতাপি রাধা
তত্রাস্তি কৃষ্ণ ইতি নিশ্চিতমেব সর্ব্বৈঃ ।
কৃষ্ণোঽস্তি যত্র তত্র ধৃতিঃ কদাপি
রাধাস্তি যত্র তনু-নেত্র-মনাংসি তস্য ॥ ৫ ॥

ভক্তিং ন কৃষ্ণ চরণে ন করোমি চার্ত্তিং
রাধা-পদাম্বুজ-রজঃকণ-সাহসেন ।
তস্যা দৃগঞ্চল-নিপাত-বিশেষবেত্তা
দৈবাদয়ং ময়ি করিষ্যতি দাস-বুদ্ধিং ।। ৬ ।।

রাধা-পদাম্বুজ-যুগং প্রণিধায় মুর্দ্ধ্নি
কৃষ্ণং হৃদি স্থিতমিবানুভবামি নিত্যং ।
অস্যা মহত্ত্বমনুমানয় সর্ব্ব এব
কেয়ং সুধারসময়ী জগদিষ্ট-দাত্রী ।। ৭ ।।

কৃষ্ণং বিনা জগদিদং নহি বেত্তি রাধা
রাধাং বিনা জগদিদং নহি বেত্তি কৃষ্ণঃ ।
এতেন সর্ব্বমনুগচ্ছতি সর্ব্ব এব
কৃষ্ণ-প্রকাশ-বসতিঃ খলু রাধিকৈব ।। ৮ ।।

রাধাষ্টকং পঠতি যঃ প্রযতঃ প্রভাতে
প্রেমালয়ং নব-নবামৃত-পূর্ণভাণ্ডং ।
ধন্যঃ স এব চতুরঃ সুখ-ভাজনং স্যাৎ
কুত্রাপি তস্য ন ভয়ং ক্ব চ নাস্তি দুঃখং ।। ৯ ।।

ইতি শ্রীমন্নরহরি-সরকারঠক্কুর-বিরচিতং শ্রীশ্রীরাধাষ্টকং সম্পূর্ণং ।

# শ্রীশ্রীগান্ধর্ব্বা-সংপ্রার্থনাষ্টকং ।

শ্রীশ্রীগান্ধর্ব্বিকায়ৈঃ নমঃ ।

বৃন্দাবনে বিহরতোরিহ কেলিকুঞ্জে
মত্ত-দ্বিপ-প্রবর-কৌতুক বিভ্রমেণ ।
সন্দর্শয়স্ব যুবয়োর্বদনারবিন্দ-
দ্বন্দ্বং বিধেহি ময়ি দেবি ! কৃপাং প্রসীদ ॥ ১ ॥

হা দেবি ! কাকুভর-গদ্গদয়াদ্য-বাচা
যাচে নিপত্য ভুবি দণ্ডবদুদ্ভটার্ত্তিঃ ।
অস্য প্রসাদমবুধস্য জনস্য কৃত্বা
গান্ধর্ব্বিকে ! নিগ-গণে গণনাং বিধেহি ॥ ২ ॥

শ্যামে ! রমারমণ-সুন্দরতা-বরিষ্ঠ-
সৌন্দর্য-মোহিত-সমস্ত-জগজ্জনস্য ।
শ্যামস্য বামভুজ-বদ্ধতনুং কদাহং
ত্বামিন্দিরা-বিরল-রূপভরাং ভজামি ॥ ৩ ॥

ত্বাং প্রচ্ছদেন মুদিরচ্ছবিনা পিধায়
মঞ্জীর-মুক্ত-চরণাঞ্চ বিধায় দেবি ! ।
কুঞ্জে ব্রজেন্দ্র-তনয়েন বিরাজমানে
নক্তং কদা প্রমুদিতামভিসারয়িষ্যে ॥ ৪ ॥

কুঞ্জে প্রসূন-কুল-কল্পিত-কেলি-তল্পে
সংবিষ্টয়োর্মধুর-নর্ম্ম-বিলাস-ভাজোঃ ।
লোক-ত্রয়াভরণয়োশ্চরণাম্বুজানি
সম্বাহয়িষ্যতি কদা যুবয়োর্জনোহয়ং ॥ ৫ ॥

ত্বৎকুণ্ড-রোধসি বিলাস-পরিশ্রমেণ
স্বেদাম্বু-চুম্বি-বদনাম্বুরুহ-শ্রিয়ৌ বাং।
বৃন্দাবনেশ্বরি! কদা তরুমূল-ভাজৌ
সম্বীজয়ামি চমরীচয়-চামরেণ ॥ ৬ ॥

লীনাং নিকুঞ্জ-কুহরে ভবতীং মুকুন্দে!
চিত্রৈব সূচিতবতী রুচিরাক্ষি! নাহং।
ভুগ্নাং ভ্রুবং ন রচয়েতি মৃষা রুষাং ত্বা-
মগ্রে ব্রজেন্দ্র-তনয়স্য কদা নু নেষ্যে ॥ ৭ ॥

বাগ্‌যুদ্ধ-কেলি-কুতুকে ব্রজরাজ-সূনুং
জিত্বোন্মদামধিক-দর্প-বিকাসি-জল্পাং।
ফুল্লাভিরালিভিরনল্পমুদীর্য্যমাণ-
স্তোত্রাং কদা নু ভবতীমবলোকয়িষ্যে ॥ ৮ ॥

যঃ কোঽপি সুষ্ঠু বৃষভানু-কুমারিকায়াঃ
সংপ্রার্থনাষ্টকমিদং পঠতি প্রপন্নঃ।
সা প্রেয়সা সহ সমেত্য ধৃত-প্রমোদা
তত্র প্রসাদ-লহরীমুররীকরোতি ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্‌রূপগোস্বামি বিরচিতং শ্রীশ্রীগান্ধর্ব্বা-সংপ্রার্থনাষ্টকং সম্পূর্ণং ॥

# শ্রীশ্রীগান্ধর্ব্বা-সংপ্রার্থনাষ্টকের অনুবাদ।

হে দেবি! শ্রীবৃন্দাবনে কেলিকুঞ্জে মত্ত মাতঙ্গের ন্যায় কৌতুকী হইয়া তোমরা দুই জনে নিত্য বিহার করিতেছ; অনুগ্রহপূর্ব্বক আমার প্রতি প্রসন্না হইয়া তোমাদের উভয়ের মুখারবিন্দ সন্দর্শন করাও ॥ ১ ॥

হে দেবি! হে গান্ধর্ব্বিকে! আমি অত্যন্ত মূঢ়; এক্ষণে আমি ভূমিতে দণ্ডবৎ নিপতিত হইয়া অতিশয় কাকুতি সহকারে গদগদ বাক্যে তোমার নিকট এই প্রার্থনা করিতেছি যে, তুমি প্রসন্না হইয়া আমাকে তোমার নিজ-পরিকর মধ্যে গণনা কর ॥ ২ ॥

হে শ্যাম-বিলাসিনি রাধে! যিনি নারায়ণের সৌন্দর্য্য অপেক্ষাও সমধিক সৌন্দর্য্য দ্বারা ত্রিভুবন বিমোহিত করেন, সেই শ্যামসুন্দর শ্রীকৃষ্ণের বামভাগে তদীয় বামহস্তাশ্লিষ্ট হইয়া, লক্ষ্মী অপেক্ষাও সমধিক রূপবতী তুমি বিরাজ করিতেছ; এতাদৃশে তোমাকে আমি কবে ভজনা করিব? ॥ ৩ ॥

হে দেবি! কবে আমি তোমার সখী হইয়া তোমাকে নবীন মেঘের ন্যায় নীল বসন পরিধান করাইয়া ও তোমার চরণ-যুগল হইতে নূপুর উন্মোচন করতঃ যথোচিত বেশভূষায় সুসজ্জিত করিয়া অতিশয় হৃষ্টচিত্তা তোমাকে রাত্রিকালে নিকুঞ্জে বিরাজিত শ্রীকৃষ্ণ সমীপে অভিসার করাইব? ॥ ৪ ॥

হে দেবি! ত্রিভুবনের ভূষণ-স্বরূপ তোমরা নিকুঞ্জে বিবিধ কুসুম-রচিত শয্যায় শয়ন করিয়া মধুর কেলি-বিলাস করিবে, আর আমি তোমাদের চরণ-সেবা করিব, এমন দিন আমার কবে হইবে? ॥ ৫ ॥

হে বৃন্দাবনেশ্বরি! কন্দর্পকেলি-শ্রম বশতঃ তোমাদিগের বদন-কমল ঘর্ম্মজলে সিক্ত হইলে, শ্রান্তি দূর করিবার নিমিত্ত ত্বদীয়-কুণ্ডতীরবর্ত্তী তরু-মূলে তোমরা উপবেশন করিবে; ঈদৃশে অবস্থায় আমি কবে তোমাদিগকে চামর ব্যজন করিব? ॥ ৬ ॥

হে সুন্দরি ! তুমি নিকুঞ্জের কোন গুপ্ত স্থানে লুক্কায়িত হইলে, শ্রীকৃষ্ণ তাহা কোনরূপে জানিতে পারিয়া, তোমার নিকট গমন করিবেন ও তুমি তখন সন্দেহ-বশে আমাকে এই বলিয়া অনুযোগ করিবে যে, আমি এস্থানে আছি তাহা তুমি কৃষ্ণকে বলিয়া দিয়াছ ; তখন আমি বলিব "না না আমি না, চিত্রা সখী বলিয়া দিয়াছে, অতএব আমার উপর বৃথা ভ্রূকুটি ও কোপ করিও না।" কবে আমি শ্রীকৃষ্ণের সম্মুখে এই প্রকার বাক্যে তোমাকে অনুনয় বিনয় করিব ? ॥ ৭ ॥

তুমি তখন বাক্‌যুদ্ধে শ্রীকৃষ্ণকে পরাভব করিয়া হৃষ্টচিত্তে সমধিক-দর্প-সূচক বাগ্‌জাল বিস্তার করিবে এবং তখন তোমার সখীগণ আনন্দিত হইয়া "রাধার জয়, রাধার জয়" বলিয়া তোমার স্তব করিবে। এবম্বিধ অবস্থায় তোমাকে আমি কবে অবলোকন করিব ? ॥ ৮ ॥

যে ব্যক্তি বৃষভানু-নন্দিনী শ্রীরাধিকার এই সম্প্রার্থনাষ্টক শ্রদ্ধা সহকারে পাঠ করেন, শ্রীরাধিকা সানন্দে শ্রীকৃষ্ণ সহ অচিরাৎ তৎসমীপে আগমন পূর্ব্বক তাঁহার প্রতি প্রসন্না-হইয়া নিজ-দাস্য প্রদান করেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীগান্ধর্ব্বা-সংপ্রার্থনাষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীনবাষ্টকং।

শ্রীশ্রীবৃন্দাবনেশ্বর্য্যৈ নমঃ।

গৌরীং গোষ্ঠবনেশ্বরীং গিরিধর-প্রাণাধিক-প্রেয়সীং
স্বীয়-প্রাণ-পরার্দ্ধ-পুষ্প-পটলী-নির্ম্মঞ্ছ্য-তৎপদ্ধতিং।
প্রেম্না প্রাণ-বয়স্যয়া ললিতয়া সংলালিতাং নর্ম্মভিঃ
সিক্তাং সুষ্ঠু বিশাখয়া ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ১ ॥

স্বীয়-প্রেষ্ঠ-সরোবরান্তিক-বলৎ-কুঞ্জান্তরে সৌরভোৎ-
ফুল্লৎ-পুষ্প-মরন্দ-লুব্ধ-মধুপ-শ্রেণী-ধ্বনি-ভ্রাজিতে।
মাদ্যন্মন্মথ-রাজ্য-কার্য্যমসকৃৎ সম্ভালয়ন্তীং স্মরা-
মাত্য-শ্রীহরিণা সমং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ২ ॥

কৃষ্ণাপাঙ্গ-তরঙ্গ-তুঙ্গিততরানঙ্গাস্ত্র-রঙ্গাং গিরাং
ভঙ্গ্যা লিঙ্গম-সঙ্গরে বিদধতীং ভঙ্গং নু তদ্রঙ্গিণঃ।
ফুল্লৎ-স্মের-সখী-নিকায়-নিহিত-স্বাশীঃ সুধাস্বাদন-
লব্ধোন্মাদ-ধুরোদ্ধুরাং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ৩ ॥

জিত্বা পাশক-কেলি-সঙ্গরতরে নির্ব্বাদ-বিম্বাধরং
স্মিত্বা দ্বিঃ পণিতং ধয়ত্যঘহরে সানন্দ-গর্ব্বোদ্ধুরে।
ঈষৎ-শোণ-দৃগন্ত-কোণমুদয়দ্রোমাঞ্চ-কম্প-স্মিতং
নিঘ্নন্তীং কমলেন তং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ৪ ॥

অংসে ন্যস্য করং পরং বকরিপোর্বাঢ়ং সুসখ্যোন্মাদাং
পশ্যন্তীং নব-কানন-শ্রিয়মিমামুদ্যদ্বসন্তোদ্ভবাং।
প্রীত্যা তত্র বিশাখয়া কিশলয়ং নব্যং বিতীর্ণং প্রিয়-
শ্রোত্রে দ্রাগ্দধতীং মুদা ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ৫ ॥

মিথ্যা-স্বাপমনল্প-পুষ্প-শয়নে গোবর্দ্ধনাদ্রেগুর্হা-
মধ্যে প্রাগ্দধতো হরের্মুরলিকাং হৃত্বা হরন্তীং স্রজং।
স্মিত্বা তেন গৃহীত-কণ্ঠ-নিকটাং ভীত্যাপসারোৎসুকাং
হস্তাভ্যাং দমিত-স্তনীং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ৬ ॥

তূর্ণং গাঃ পুরতো বিধায় সখিভিঃ পূর্ণং বিশন্তং ব্রজে
ঘূর্ণদ্যৌবত-কাঙ্ক্ষিতাক্ষি-নটনৈঃ পশ্যন্তমস্যা মুখং।

শ্যামং শ্যাম-দৃগন্ত-বিভ্রম-ভরৈরান্দোলয়ন্তীতরাং
পদ্মা-ম্লানিকরোদয়াং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ৭ ॥

প্রোদ্যৎ-কান্তি-ভরেণ বল্লব-বধূতারাঃ পরার্দ্ধাৎ পরাঃ
কুর্ব্বাণাং মলিনাঃ সদোজ্জ্বল-রসে রাসে লসন্তীরপি।
গোষ্ঠারণ্য-বরেণ্য ধন্য-গগনে গত্যানুরাধাশ্রিতাং
গোবিন্দেন্দু-বিরাজিতাং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥ ৮ ॥

প্রীত্যা সুষ্ঠু নবাষ্টকং পটুমতির্ভূমৌ নিপত্য স্ফুটং
কাক্কা গদগদ-নিস্বনেন নিয়তং পূর্ণং পঠেদ্ যঃ কৃতী।
ঘূর্ণন্মত্ত মুকুন্দ-ভৃঙ্গ-বিলসদ্রাধা-সুধাবল্লরীং
সেবোদ্রেক-রসেন গোষ্ঠবিপিনে প্রেম্না স তাং সিঞ্চতি ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্ রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীনবাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীরাধাষ্টক।

রাধিকা শরদ-ইন্দু-নিন্দি মুখ মণ্ডলী
কুন্তলে বিচিত্র বেণী চম্পক-পুষ্প-শোভনী।
নীল-পট্ট অঙ্গে শোভে তাহে আধ ওঢ়নী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম বৃষভানু-নন্দিনী ॥ ১ ॥

তরুণ অরুণ জিনি সিন্দুরের মণ্ডলী
যৈছে অলি মত্ত ভরে মলয়জ-গন্ধিনী।
ভুরুর ভঙ্গিম কোটী কোটী কাম-গঞ্জনী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম বৃষভানু-নন্দিনী ॥ ২ ॥

খঞ্জন-গঞ্জন দিঠি বঙ্কিম-সুচাহনী
অঞ্জন রঞ্জিত তাহে কামশর-সন্ধিনী।
তিল-পুষ্প জিনি নাসা বেসর-সুদোলনী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম বৃষভানু-নন্দিনী॥ ৩॥

পক্ক বিম্বফল জিনি অধর-সুরঙ্গিণী
দশন দাড়িম্ব-বীজ জিনি অতি শোভনী।
বসন্ত কোকিল জিনি সুমধুর-বোলনী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম বৃষভানু-নন্দিনী॥ ৪॥

কনক-মুকুর জিনি গণ্ডযুগ-শোভনী
রতন-মঞ্জীর পায়ে বঙ্করাজ-দোলনী।
কেশর মুকুতা হার উর'পর ঝোলনী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম বৃষভানু-নন্দিনী॥ ৫॥

কনক কলস জিনি কুচযুগ-শোভনী
করিবর-কর জিনি বাহুযুগ-দোলনী।
সুললিত অঙ্গুলিতে মুদ্রিকার সাজনী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম বৃষভানু-নন্দিনী॥ ৬॥

গজ-অরি জিনি মাজা গুরুয়া নিতম্বিনী
তা'পর শোভিত ভাল কনকের কিঙ্কিণী।
কনক-উলট-রম্ভা জানুযুগ-শোভনী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম বৃষভানু-নন্দিনী॥ ৭॥

হংসরাজ-গতি জিনি সুমন্থর-চলনী
রাতুল চরণে রাজে কনয়া সুপাঞ্জিনী।

যুগল চরণে শোভে যাবক সুরঞ্জিনী
বন্দিয়ে শ্রীপাদপদ্ম-বৃষভানু-নন্দিনী ॥ ৮ ॥

ইতি শ্রীল সনাতন-দাস-বিরচিত শ্রীশ্রীরাধাষ্টক সমাপ্ত।

---

## শ্রীশ্রীব্রজ-নবীনযুব-দ্বন্দ্বাষ্টকং।

অদুর্বিধ-বিদগ্ধতাস্পদ-বিমুগ্ধ-বেশ-শ্রিয়ো-
রমন্দ-শিখিকন্ধরা-কনক-নিন্দি-বাসস্ত্বিষোঃ।
স্ফুরৎ-পুরট-কেতকী-কুসুম-বিভ্রমাভ্র-প্রভা-
নিভাঙ্গ-মহসোর্ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং ॥ ১ ॥

সমৃদ্ধ-বিধু-মাধুরী-বিধুরতা-বিধানোদ্ধুরৈ-
র্নবাম্বুরুহ-রম্যতা-মদ-বিড়ম্বনারম্ভিভিঃ।
বিলিম্পদিব বর্ণকাবলি-সহোদরৈর্দিক্তটী-
র্মুখ-দ্যুতি-ভরৈর্ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং ॥ ২ ॥

বিলাস-কলহোদ্ধতি-স্খলদমন্দ-সিন্দুরভা-
গখর্ব-মদনাঙ্কুশ-প্রকর-বিভ্রমৈরঙ্কিতং।
মদোদ্ধুরমিবেভয়োর্মিথুনমুল্লসদ্বল্লরী-
গৃহোৎসব-রতং ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং ॥ ৩ ॥

ঘন-প্রণয়-নির্ঝর-প্রসর-লব্ধ-পুষ্টের্মনো-
হ্রদস্য পরিবাহিতামনুসরদ্ভিরস্রৈঃ প্লুতং।
স্ফুরত্তনুরুহাঙ্কুরৈর্নব-কদম্ব-জৃম্ভ-শ্রিয়ং
ব্রজত্তদনিশং ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং ॥ ৪ ॥

অনঙ্গ-রণ-বিভ্রমে কিমপি বিভ্রদাচার্য্যকং
মিথশ্চল-দৃগঞ্চল-দ্যুতি-শলাকয়া কীলিতং।
জগত্যতুল-ধর্ম্মভির্মধুর-নর্ম্মভিস্তস্বতো-
র্মিথো বিজয়তাং ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং॥ ৫॥

অদৃষ্টচর-চাতুরীচন-চরিত্র-চিত্রায়িতৈঃ
সহ প্রণয়িভির্জনৈর্বিহরমাণয়োঃ কাননে।
পরস্পর-মনোমৃগং শ্রবণ-চারুণা চর্চ্চরী-
চয়েন রজয়দ্ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং॥ ৬॥

মরন্দভর-মন্দির-প্রতিনবারবিন্দাবলি-
সুগন্ধিনি বিহারয়োর্জলবিহার-বিস্ফূর্জ্জিতৈঃ।
তপে সরসি বল্লভে সলিল-বাদ্য-বিদ্যাবিধৌ
বিদগ্ধ-ভুজয়োর্ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং॥ ৭॥

মৃষা বিজয়-কাশিভিঃ পৃথিত-চাতুরি-রাশিভি-
র্গৃহস্য হরণং হঠাৎ প্রকটয়দ্ভিরুচ্চৈর্গিরা।
তদক্ষ-কলি-দক্ষয়োঃ কলিত-পক্ষয়োঃ সাক্ষিভিঃ
কুলৈঃ স্বসুহৃদাং ভজে ব্রজ-নবীন-যূনোর্যুগং॥ ৮॥

ইদং বলিত-তুষ্টয়ঃ পরিপঠন্তি পদ্যাষ্টকং
দ্বয়োর্গুণ-বিকাশি যে ব্রজ-নবীন-যূনোর্জনাঃ।
মুহূর্নব-নবোদয়াং প্রণয়-মাধুরীমেতয়ো-
রবাপ্য নিবসন্তি তে পদ-সরোজ-যুগ্মান্তিকে॥ ৯॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীব্রজ-নবীনযুব-দ্বন্দ্বাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীনব-যুবদ্বন্দ্ব-দিদৃক্ষাষ্টকং ।

শ্রীশ্রীনবযুবাভ্যাং নমঃ ।

স্ফুরদমল-মধূলী-পূর্ণ-রাজীবরাজ-
স্তব-মৃগমদ-গন্ধ-দ্রোহি-দিব্যাঙ্গ-গন্ধং ।
মিথ ইত উদিতৈরুন্মাদিতান্তর্বিঘূর্ণদ্-
ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ১ ॥

কনক-গিরিখলোদ্যৎ-কেতকীপুষ্প-দীব্য-
ন্নব-জলধরমালা-দ্বেষি-দিব্যোরু-কান্ত্যা ।
শবলমিব বিনোদৈরীক্ষয়ৎ স্বং মিথস্তদ্-
ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ২ ॥

নিরুপম-নবগৌরী-নব্য-কন্দর্প-কোটি-
প্রথিত-মধুরিমোর্ম্মি-ক্ষালিত-শ্রী-নখান্তং ।
নব-নব-রুচি-রাগৈর্হৃষ্টমিষ্টৈর্মিথস্তদ্-
ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ৩ ॥

মদনরস-বিঘূর্ণন্নেত্র-পদ্মান্ত-নৃত্যৈঃ
পরিকলিত-মুখেন্দু-হ্রী-বিনম্রং মিথোহল্পৈঃ ।
অপিচ মধুর-বাচং শ্রোতুমাবদ্ধিতাশং
ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ৪ ॥

স্মরসমর-বিলাসোদ্গারমঙ্গেষু রঙ্গৈঃ
স্তিমিত-নব-সখীষু প্রেক্ষমাণাসু ভঙ্গ্যা ।
স্মিত-মধুর-দৃগন্তৈস্তূর্ণ-সংফুল্ল-বক্ত্রং
ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ৫ ॥

মদন-সমর-চর্য্যাচার্য্যমাপূর্ণ-পুণ্য-
প্রসর-নব-বধূভিঃ প্রার্থ্য-পাদানুচর্য্যং।
সমর-রসিকমেক-প্রাণমন্যোন্য-ভূষং
ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ৬ ॥

তট-মধুর-নিকুঞ্জে শ্রান্তয়োঃ শ্রীসরস্যাঃ
প্রচুর-জলবিহারৈঃ স্নিগ্ধবৃন্দৈঃ সখীনাং।
উপহৃত-মধু রঙ্গৈঃ পায়য়ন্তম্মিথস্তে-
র্ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ৭ ॥

কুসুম-শর-রসৌঘ-গ্রন্থিভিঃ প্রেমদাম্না
মিথ ইহ বশবৃত্ত্যা প্রৌঢ়য়াদ্ধা নিবদ্ধং।
অখিল-জগতি রাধা-মাধবাখ্যা-প্রসিদ্ধং
ব্রজভুবি নব-যূনোর্দ্বন্দ্ব-রত্নং দিদৃক্ষে ॥ ৮ ॥

প্রণয়-মধুরমুচ্চৈর্নব্য-যূনোর্দিদৃক্ষা-
ষ্টকমিদমতি-যত্নাদ্ যঃ পঠেৎ স্ফার-দৈন্যৈঃ।
স খলু পরম-শোভা-পুঞ্জ-মঞ্জু প্রকামং
যুগলমতুলমক্ষ্নোঃ সেব্যমারাৎ করোতি ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীনব-যুবদ্বন্দ্ব-দিদৃক্ষাষ্টকং সমাপ্তং।

---

# শ্রীশ্রীযুগল-কিশোরাষ্টকং ।

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ।

নবজলধর-বিদ্যুদ্দ্যোত-বর্ণৌ প্রসন্নৌ
বদন-নয়ন-পদ্মৌ চারু-চন্দ্রাবতংসৌ ।
অলক-তিলক-ভালৌ কেশবেশ-প্রফুল্লৌ
ভজ ভজতু মনো রে রাধিকা কৃষ্ণচন্দ্রৌ ॥ ১ ॥

বসন-হরিত-নীলৌ চন্দনালেপনাঙ্গৌ
মণি-মকরত-দীপ্তৌ স্বর্ণমালা-প্রযুক্তৌ ।
কনক-বলয়-হস্তৌ রাসনাট্য-প্রসক্তৌ
ভজ ভজতু মনো রে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ২ ॥

অতি-মনোহর-বেশৌ রঙ্গ-ভঙ্গী-ত্রিভঙ্গৌ
মধুর-মৃদুল-হাসৌ কুণ্ডলাকীর্ণ-কর্ণৌ ।
নটবর-বর-রম্যৌ নৃত্যগীতানুরক্তৌ
ভজ ভজতু মনো রে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৩ ॥

বিবিধ-গুণ-বিদগ্ধৌ বন্দনীয়ৌ সুবেশৌ
মণিময়-মকরাদ্যৈঃ শোভিতাঙ্গৌ স্ফুরন্তৌ ।
স্মিত-নমিত কটাক্ষৌ ধর্ম্ম-কর্ম্ম প্রদন্তৌ
ভজ ভজতু মনো রে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৪ ॥

কনক-মুকুট-চূড়ৌ পুষ্পিতোদ্ভূষিতাঙ্গৌ
সকল-বন-নিবিষ্টৌ সুন্দরানন্দ-পুঞ্জৌ ।
চরণ-কমল-দিব্যৌ দেবদেবাদি-সেব্যৌ
ভজ ভজতু মনো রে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৫ ॥

অতি-সুবলিত-গাত্রৌ গন্ধমাল্যৈর্বিরাজৌ
কতি কতি রমণীনাং সেব্যমানৌ সুবেশৌ।
মুনি-সুর-গণ-ভাবৌ বেদশাস্ত্রাদি-বিজ্ঞৌ
ভজ ভজতু মনো রে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৬ ॥

অতি সুমধুর-মূর্ত্তৌ দুষ্ট-দর্প-প্রশান্তৌ
সুরবর-বরদৌ দ্বৌ সর্ব্বসিদ্ধি-প্রদানৌ।
অতিরস-বশ-মগ্নৌ গীতবাদ্য-বিতানৌ
ভজ ভজতু মনো রে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৭ ॥

আগম-নিগম-সারৌ সৃষ্টি-সংহার-করৌ
বয়সি নব-কিশোরৌ নিত্য-বৃন্দাবনস্থৌ।
শমন-ভয়-বিনাশৌ পাপিনস্তারয়ন্তৌ
ভজ ভজতু মনো রে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৮ ॥

ইদং মনোহরং স্তোত্রং শ্রদ্ধয়া যঃ পঠেন্নরঃ।
রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ চ সিদ্ধিদৌ নাত্র সংশয়ঃ ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্‌রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীযুগলকিশোরাষ্টকং সম্পূর্ণং।

———

# শ্রীশ্রীললিতাষ্টকং ॥

শ্রীশ্রীললিতায়ৈ নমঃ।

রাধামুকুন্দ-পদ-সম্ভব-ঘর্ম্মবিন্দু-
নির্ম্মঞ্ছনোপকরণীকৃত-দেহলক্ষাং।
উত্তুঙ্গ-সৌহৃদ-বিশেষ-বশাৎ প্রগল্ভাং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ১ ॥

রাকাসুধা-কিরণ-মণ্ডল-কান্তি-দণ্ড-
বক্ত্রশ্রিয়ং চকিত-চারু-চমূরু-নেত্রাং।
রাধা-প্রসাধন-বিধান-কলা-প্রসিদ্ধাং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ২ ॥

লাস্যোল্লসদ্ভুজগ-শত্রু-পতত্র-চিত্র-
পট্টাংশুকাভরণ-কঞ্চুলিকাঞ্চিতাঙ্গীং।
গোরোচনা-রুচি-বিগর্হণ-গৌরিমাণং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ৩ ॥

ধূর্ত্তে ব্রজেন্দ্র-তনয়ে তনু সুষ্ঠু বাম্যং
মা দক্ষিণা ভব কলঙ্কিনি ! লাঘবায়।
রাধে ! গিরং শৃণু হিতামিতি শিক্ষয়ন্তীং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ৪ ॥

রাধামভি ব্রজপতেঃ কৃতমাত্মজেন
কূটং মনাগপি বিলোক্য বিলোহিতাক্ষীং।
বাগ্ভঙ্গীভিস্তমচিরেণ বিলজ্জয়ন্তীং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ৫ ॥

বাৎসল্য-বৃন্দ-বসতিং পশুপাল-রাজ্ঞ্যাঃ
সখ্যানুশিক্ষণ-কলাসু গুরুং সখীনাং।
রাধা-বলাবরজ-জীবিত-নির্ব্বিশেষাং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ৬ ॥

যাং কামপি ব্রজকুলে বৃষভানুজায়াঃ
প্রেক্ষ্য স্বপক্ষ-পদবীমনুরুদ্ধ্যমানাং।
সদ্যস্তদিষ্ট-ঘটনেন কৃতার্থয়ন্তীং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ৭ ॥

রাধা-ব্রজেন্দ্রসুত-সঙ্গম-রঙ্গচর্য্যাং
বর্য্যাং বিনিশ্চিতবতীমখিলোৎসবেভ্যঃ।
তাং গোকুল-প্রিয়সখী-নিকুরম্ব-মুখ্যাং
দেবীং গুণৈঃ সুললিতাং ললিতাং নমামি ॥ ৮ ॥

নন্দন্নমূনি ললিতা-গুণ-লালিতানি
পদ্যানি যঃ পঠতি নির্ম্মল-দৃষ্টিরষ্টৌ।
প্রীত্যা বিকর্ষতি জনং নিজবৃন্দ-মধ্যে
তং কীর্ত্তিদাপতি-কুলোজ্জ্বল-কল্পবল্লী ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীললিতাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রী অনঙ্গমঞ্জর্য্যষ্টকং ।

শ্রীশ্রী অনঙ্গমঞ্জর্য্যৈ নমঃ ।

রাধা-ব্রজেন্দ্রাত্মজ-পাদপঙ্কজ-
চ্ছটা-মরালীকৃত-চিত্তবৃত্তিকাং ।
সমস্ত-গোপীজন-রাগমঞ্জরী-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ১ ॥

বসন্তকালোদ্ভব-কেতকীততি-
প্রভা-বিড়ম্বদ্যুদ্ভট-কান্তি-ডম্বরাং ।
বিলাস-সন্ধান-নিনাদ-চাতুরী-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ২ ॥

সুধাকর-ব্রাত-বসাকরাননাং
সুরঙ্গ-বিম্বারুণ-সুন্দরাধরাং ।
মুকুন্দ-সঙ্গোৎসব-রস-গর্ব্বরী-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ৩ ॥

বলিত্রয়ী-বল্লরি-বন্ধ-মধ্যমাং
বৃহন্নিতম্বার্পিত-রত্ন মেখলাং ।
পদদ্বয়ালম্বিত-চারু-চর্চ্চরী
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ৪ ॥

শ্রীরাধিকা-প্রাণসমা-কনীয়সীং
বিশাখয়া শিক্ষিত-সখ্য-সৌষ্ঠবাং ।
লীলামৃত-প্রজ্বলিতাঙ্গ-মাধুরী-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ৫ ॥

বিনিন্দিতেন্দীবর-ভাস্বরাম্বরা-
মনঙ্গ-রক্তারুণ- কঞ্চুকাঞ্চিতাং।
সদা স্ফুরদ্দ্বাদশবর্ষ-মাধুরী-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ৬ ॥

অনঙ্গ-নন্দাম্বুজ-কুঞ্জ-সংস্থিতিং
বিশোক-কন্যেক্ষিত-দৌত্য-পদ্ধতিং।
স্বনাথ-সেবাদি-কৃতাবধীশ্বরী-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ৭ ॥

স্তনদ্বয়-নিন্দিত-দাড়িমীফলাং
কপোল-লোলারুণ-রত্নকুণ্ডলাং।
প্রতপ্ত-চামীকর-রোচির্বল্লরী-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং ॥ ৮ ॥

পঠত্যনঙ্গাদিক-মঞ্জরী-গুণ-
প্রকাশকং যোহষ্টকমেতদীরিতং।
সমীহিতং শ্রীবৃষভানু-পুত্রিকা
দদাতি তস্মৈ স্বপদাব্জ-সেবনং ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীঅনঙ্গমঞ্জর্য্যষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীনবদ্বীপাষ্টকং।

শ্রীশ্রীনবদ্বীপধাম্নে নমঃ।

শ্রীগৌড়দেশে সুরদীর্ঘিকায়া-
স্তীরেঽতিরম্যে পুর-পুণ্যময্যাঃ
লসন্তমানন্দভরেণ নিত্যং
তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ১ ॥

যস্মৈ পরব্যোম বদন্তি কেচিৎ
কেচিচ্চ গোলোক ইতীরয়ন্তি।
বদন্তি বৃন্দাবনমেব তজ্জ্ঞা-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ২ ॥

যঃ সর্ব্ব-দিক্ষু স্ফুরিতৈঃ সুশীতৈ-
র্নানাদ্রুমৈঃ সুপবনৈঃ পরীতঃ।
শ্রীগৌর-মধ্যাহ্ন-বিহার-পাত্রৈ-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৩ ॥

শ্রীস্বর্ণদী যত্র বিহার-ভূমিঃ
সুবর্ণ-সোপান-নিবদ্ধ-তীরা।
ব্যাপ্তোর্ম্মিভির্গৌর-বগাহ-রূপৈ-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৪ ॥

মহান্ত্যনন্তানি গৃহানি যত্র
স্ফুরন্তি হৈমানি মনোহরাণি।
প্রত্যালয়ং যং শ্রয়তে সদা শ্রী-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৫ ॥

বিদ্যা-দয়া-ক্ষান্তি-মুখৈঃ সমস্তৈঃ
সদ্ভিগুর্ণৈর্যত্র জনাঃ প্রপন্নাঃ।
সংস্তূয়মানা ঋষি-দেব-সিদ্ধৈ-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৬ ॥

যস্যান্তরে মিশ্র-পুরন্দরস্য
সানন্দ-সাম্যৈকপদং নিবাসঃ।
শ্রীগৌর-জন্মাদিক-লীলয়াঢ্য-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৭ ॥

গৌরো ভ্রমন্ যত্র হরিঃ স্বভক্তৈঃ
সঙ্কীর্ত্তন-প্রেম-ভরেণ সর্ব্বং।
নিমজ্জয়ত্যুল্লসদুন্মদাব্ধৌ
তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৮ ॥

এতন্নবদ্বীপ-বিচিন্তনাঢ্যং
পদ্যাষ্টকং প্রীতমনাঃ পঠেদ্ যঃ।
শ্রীমচ্ছচীনন্দন-পাদপদ্মে
সুদুর্ল্লভং প্রেম সমাপ্নুয়াৎ সঃ ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীনবদ্বীপাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীবৃন্দাবনাষ্টকং।

শ্রীশ্রীবৃন্দাবনধাম্নে নমঃ।

মুকুন্দ-মুরলী-রব-শ্রবণ-ফুল্লহৃদ্-বল্লবী-
কদম্বক-করম্বিত-প্রতিকদম্ব-কুঞ্জান্তরা।
কলিন্দগিরি-নন্দিনী-কমল-কন্দলান্দোলিনা
সুগন্ধিরনিলেন মে শরণমস্তু বৃন্দাটবী ॥ ১ ॥

বিকুণ্ঠপুর-সংশ্রয়াদ্ বিপিনতোঽপি নিঃশ্রেয়সাৎ
সহস্র-গুণিতাং শ্রিয়ং প্রদুহতী রসশ্রেয়সীং।
চতুর্মুখ-মুখৈরপি স্পৃহিত-তার্ণদেহোদ্ভবা
জগদ্‌গুরুভিরগ্রিমৈঃ শরণমস্তু বৃন্দাটবী ॥ ২ ॥

অনারত-বিকস্বর-ব্রততি-পুঞ্জ-পুষ্পাবলী-
বিসারি-বর-সৌরভোদ্গম-রমা-চমৎকারিণী।
অমন্দ-মকরন্দভৃদ্‌বিটপি-বৃন্দ-বন্দীকৃত-
দ্বিরেফ-কুল-বন্দিতা শরণমস্তু বৃন্দাটবী ॥ ৩ ॥

ক্ষণদ্যুতি-ঘনশ্রিয়োর্ব্রজ-নবীনযূনোঃ পদৈঃ
সুবল্গুভিরলঙ্কৃতা ললিত-লক্ষ্ম-লক্ষ্মীভরৈঃ।
তয়োর্নখর-মণ্ডলী-শিখর-কেলি-চর্য্যোচিতৈ-
র্বৃতা কিশলয়াঙ্কুরৈঃ শরণমস্তু বৃন্দাটবী ॥ ৪ ॥

ব্রজেন্দ্র-সখ-নন্দিনী-শুভতরাধিকার-ক্রিয়া-
প্রভাবজ-সুখোৎসব-স্ফুরিত-জঙ্গম-স্থাবরা।
প্রলম্ব-দমনানুজ-ধ্বনিত-বংশিকা-কাকলী-
রসজ্ঞ-মৃগ-মণ্ডলা শরণমস্তু বৃন্দাটবী ॥ ৫ ॥

অমন্দ-মুদিরাবর্বুদাভ্যধিক-মাধুরী-মেদুর-
ব্রজেন্দ্র-সুত-বীক্ষণোন্নটিত-নীলকণ্ঠোৎকরা।
দিনেশ-সুহৃদাত্মজাকৃত-নিজাভিমানোল্লস-
ল্লতা-খগ-মৃগাঙ্গনা শরণমস্তু বৃন্দাটবী ॥ ৬ ॥

অগণ্য-গুণ-নাগরী-গণ-গরিষ্ঠ-গান্ধর্ব্বিকা-
মনোজ-রণ-চাতুরী-পিশুন-কুঞ্জ-পুঞ্জোজ্জ্বলা।
জগত্রয়-কলা-গুরোর্ললিত-লাস্য-বল্গৎ-পদ-
প্রয়োগ-বিধি-সাক্ষিণী শরণমস্তু বৃন্দাটবী ॥ ৭ ॥

বরিষ্ঠ-হরিদাসতা-পদ-সমৃদ্ধ-গোবর্দ্ধনা
মধুদ্বহ-বধূ-চমৎকৃতি-নিবাস-রাসস্থলা।
অগূঢ়-গহন-শ্রিয়ো মধুরিম-ব্রজেনোজ্জ্বলা
ব্রজস্য সহজেন মে শরণমস্তু বৃন্দাটবী ॥ ৮ ॥

ইদং নিখিল-নিষ্কুটাবলি-বরিষ্ঠ-বৃন্দাটবী-
গুণ-স্মরণকারি যঃ পঠতি সুষ্ঠু পদ্যাষ্টকং।
বসন্ ব্যসন-মুক্তধীরনিশমত্র সদ্বাসনঃ
স পীতবসনে বশী রতিমবাপ্য বিক্রীড়তি ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীবৃন্দাবনাষ্টকং সমাপ্তং ॥

# শ্রীশ্রীবৃন্দাবনাষ্টকের অনুবাদ।

শ্রীকৃষ্ণের বংশীধ্বনী-শ্রবণে হর্ষোৎফুল্লা গোপীগণ কর্ত্তৃক যাঁহার কদম্ব-কুঞ্জ-সমূহ পরিপূরিত হইয়া থাকে এবং কলিন্দগিরি-তনয়া শ্রীযমুনায় প্রস্ফুটিত কমলরাজি-সঞ্চালনকারী সমীরণ দ্বারা যিনি সৌরভান্বিত হইতেছেন, সেই শ্রীবৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ১ ॥

পরব্যোম-ধাম শ্রীবৈকুণ্ঠপুরস্থিত মঙ্গল অপেক্ষা যিনি সহস্রগুণাধিক মঙ্গল প্রদান করিয়া থাকেন, এবং ব্রহ্মাদি দেবতাগণ যে স্থানে তৃণাদি-রূপেও জন্ম গ্রহণ করিতে প্রার্থনা করেন, সেই শ্রীবৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ২ ॥

(বৈকুণ্ঠ অপেক্ষা বৃন্দাবন অনেক অধিক মঙ্গল প্রদান করেন—এ কথা বলার তাৎপর্য্য এই যে, বৈকুণ্ঠে কেবল শান্ত ও দাস্য রতি বিদ্যমান থাকার বৈকুণ্ঠ প্রাপ্তিতে তাহাই মাত্র লাভ হইয়া থাকে, তদপেক্ষা উৎকৃষ্ট রস যে সখ্য, বাৎসল্য ও মধুর রস, তাহা লাভ হয় না ; পরন্তু শ্রীবৃন্দাবনে উক্ত সমস্ত রসই বিদ্যমান থাকায়, সমস্তই লাভ হয় বলিয়া, বৈকুণ্ঠ অপেক্ষা শ্রীবৃন্দাবন যে বহুগুণে অধিকতর মঙ্গল প্রদান করেন, তাহাই বলিতেছেন।)

যিনি অবিরাম-প্রস্ফুটন-শীল লতাসমূহোদ্ভূত পুষ্পরাশির সুদূরগামী সৌরভ দ্বারা লক্ষ্মীদেবীরও বিস্ময় উৎপাদন করিতেছেন এবং নিরতিশয় পুষ্পমধু-প্রদানশীল বৃক্ষগণে সমাগত ভ্রমরবৃন্দও গুণ্ গুণু স্বরে যাঁহার স্তব করিতেছেন, সেই বৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ৩ ॥

সৌদামিনী ও নব-জলধর-সদৃশ শ্রীসম্পন্ন ব্রজনবীন-যুব-যুগল শ্রীরাধা-গোবিন্দের পরম মনোহর ও সুললিত ধ্বজ-বজ্রাঙ্কুশাদি চরণ-চিহ্ন-সমূহের অতিশয় সৌন্দর্য্য দ্বারা যাঁহার সমূহ অবয়ব অলঙ্কৃত হইয়াছে এবং ঐ নবযুব-দ্বন্দ্বের শ্রীকর-নখের অগ্রভাগ দ্বারা চয়ন-যোগ্য নব পল্লব ও তৃণাঙ্কুর-সমূহে যিনি পরিপূর্ণ, সেই শ্রীবৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ৪ ॥

সহস্র-বনদেবী-নিষেবিত যে সুবিশাল অরণ্যে শ্রীনন্দ-মহারাজের প্রিয়বন্ধু শ্রীবৃষভানুরাজার নন্দিনী শ্রীরাধিকা কর্ত্তৃক প্রদত্ত বিপুল অধিকার লাভ করতঃ

বৃন্দাসখী হর্ষোৎফুল্ল হইয়া তত্রত্য, মনুষ্য পশু, পক্ষী, বৃক্ষ, লতাদি স্থাবর-জঙ্গম সকলেরই আনন্দ বিধান করিতেছেন এবং প্রলম্বারি শ্রীবলদেবের অনুজ শ্রীকৃষ্ণের মধুর বংশীরব-রস-নিমগ্ন মৃগগণ যে স্থানে স্বচ্ছন্দে বিচরণ করিতেছে, সেই শ্রীবৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণের নব-জলধর-সদৃশ শ্যামসুন্দর-রূপ দর্শন করিয়া যে স্থানের ময়ূরগণ কৌতূহল-ভরে নৃত্য করিতেছে এবং সূর্য্য-সুহৃৎ-শ্রীবৃষভানুরাজ-পুত্রী "এই রাজ্য আমার" বলিয়া যে স্থান অধিকার করায় তাহা স্ত্রীরাজ্য হইল বলিয়া তত্রত্য লতা, পক্ষিণী, মৃগী প্রভৃতি স্ত্রীজাতিগণ উল্লসিতা হইয়াছেন, সেই শ্রীবৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ৬ ॥

অগণ্য-গুণগণ-সম্পন্না ব্রজসুন্দরী-গণের শিরোমণি শ্রীরাধিকার কন্দর্প-সমর-চাতুর্য্য-ব্যাঞ্জক কুঞ্জ-সমূহে পরিপূর্ণ হইয়া যিনি দেদীপ্যমান পরিলক্ষিত হইতেছেন এবং ত্রিজগতের কলা-শিক্ষাগুরু শ্রীকৃষ্ণের সুললিত নৃত্য-কার্য্যে সঞ্চালিত চরণের অত্যুৎকৃষ্ট পরিচালনা-প্রণালীর যিনি সাক্ষি-স্বরূপ, সেই শ্রীবৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ৭ ॥

সর্ব্বশ্রেষ্ঠ-রূপে হরিদাসত্ব লাভ করিয়া অর্থাৎ হরিদাসগণের শ্রেষ্ঠরূপে পরিগণিত হইয়া কৃষ্ণ-দাসত্বরূপ পদ-মর্য্যাদায় সমৃদ্ধ শ্রীগোবর্দ্ধন-গিরি যে স্থানে অবস্থিত করিতেছেন এবং নিত্য নূতন নূতন অনুভব বশতঃ মধুরিপু-শ্রীকৃষ্ণ-প্রেয়সী গোপাঙ্গনাগণের চমৎকারকারী ও পতি-মুখে মহিমা-শ্রবণ হেতু রুক্মিণী-সত্যভামাদি কৃষ্ণপ্রিয়াগণের চমৎকারকারী যে রাসমণ্ডলী, তদ্দ্বারা যিনি পরিশোভিত এবং যিনি সর্ব্বত্র পরম শোভাময় বনশ্রেণীতে পরিবৃত হইয়া তাহাদিগের স্বাভাবিক মাধুর্য্য-রাশিতে সমুজ্জ্বল হইয়াছেন, সেই শ্রীবৃন্দাবন আমার আশ্রয় হউন ॥ ৮ ॥

নন্দন-কাননাদি নিখিল-বন-সমূহের মুকুটমণি যে শ্রীবৃন্দাবন, সেই

শ্রীবৃন্দাবনের গুণ-স্মরণকারী এই পদ্যাষ্টক যে ব্যক্তি সযত্নে পাঠ করেন, তিনি সর্ব্বপাপ-মুক্ত, জিতেন্দ্রিয় ও শ্রীভগবদ্ভজনাদি-বিষয়ক সদ্বাসনাময় হইয়া এবং শ্রীরাধাকৃষ্ণে প্রবল অনুরাগ ও তৎ সহ শ্রীবৃন্দাবনে বসতি লাভ করিয়া পরম সুখে বিচরণ করিতে থাকেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীবৃন্দাবনাষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীশ্যামকুণ্ডাষ্টকং।

শ্রীশ্রীশ্যামকুণ্ডায় নমঃ

বৃষভ-দনুজ-নাশানন্তরং যৎ স্বগোষ্ঠী-
ময়সি বৃষভ-শত্রো মা স্পৃশ ত্বং বদন্ত্যাং।
ইতি বৃষরবিপুত্র্যাং কৃষ্ণপার্ষ্ণি প্রখাতং
তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্ম্মে ॥ ১ ॥

ত্রিজগতি নিবসদ্ যৎ তীর্থবৃন্দং তমোঘ্নং
ব্রজনৃপতি-কুমারেণাহ্নতং তৎ সমগ্রং।
স্বয়মিদমবগাঢ়ং যন্মহিম্নঃ প্রকাশং
তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্ম্মে ॥ ২ ॥

যদতি-বিমল-নীরে তীর্থরূপে প্রশস্তে
ত্বমপি কুরু কৃশাঙ্গি! স্নানমত্রৈব রাধে!।
ইতি বিনয়-বচোভিঃ প্রার্থনাকৃৎ স কৃষ্ণ-
স্তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্ম্মে ॥ ৩ ॥

বৃষভ-দনুজ-নাশাদ্দুখ-পাপং সমাপ্তং
দ্যুমণি-সখ-জয়োচ্চৈর্বর্জয়িত্বেতি তীর্থং।
নিজমখিল-সখিভিঃ কুণ্ডমেব প্রকাশ্যং
তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্মে ॥ ৪ ॥

যদিতি সকল-তীর্থৈস্ত্যক্তবাক্যৈঃ প্রভীতৈঃ
সবিনয়মভিযুক্তৈঃ কৃষ্ণচন্দ্রে নিবেদ্য।
অগতিকগতি-রাধা বর্জনান্নো গতিঃ কা
তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্মে ॥ ৫ ॥

যদতি-বিকল-তীর্থং কৃষ্ণচন্দ্রং প্রসন্নং
অতি-লঘু-নতি-বাক্যৈঃ সুপ্রসন্নেতি রাধা।
বিবিধ-চটুল-বাক্যৈঃ প্রার্থনাঢ্যা ভবন্তী
তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্মে ॥ ৬ ॥

যদতিললিত-পাদৈস্তাং প্রসাদ্যাপ্ততৈর্থ্যৈ-
স্তদতিশয়-কৃপার্দ্রৈঃ সঙ্গমেন প্রবিষ্টৈঃ।
ব্রজ-নবযুব রাধাকুণ্ডমেব প্রপন্নং
তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্মে ॥ ৭ ॥

যদতি-নিকট-তীরে কল্পত-কুঞ্জং সুরম্যং
সুবল-বটু-মুখেভ্যো রাধিকাদ্যৈঃ প্রদত্তং।
বিবিধ-কুসুম-বল্লী-কল্পবৃক্ষাদি-রাজং
তদতি-বিমল-নীরং শ্যামকুণ্ডং গতির্মে ॥ ৮ ॥

পরিপঠতি সুমেধাঃ শ্যামকুণ্ডাষ্টকং যো
নব-জলধর-রূপে স্বর্ণকান্ত্যাঞ্চ রাগাৎ।

ব্রজ-নরপতি-পুত্রস্তস্য লভ্যঃ সুশীঘ্রং
সহ সগণ-সখিভী রাধয়া স্যাৎ সুভজ্যঃ ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীশ্যামকুণ্ডাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকং।

শ্রীশ্রীমদীশ্বরীকুণ্ডায় নমঃ।

বৃষভ-দনুজ-নাশান্নর্ম্ম-ধর্ম্মোক্তি-রঙ্গৈ-
র্নিখিল-নিজ-সখীভির্যৎ স্বহস্তেন পূর্ণং।
প্রকটিতমপি বৃন্দারণ্য-রাজ্ঞা প্রমোদৈ-
স্তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ১ ॥

ব্রজভুবি মুরশত্রোঃ প্রেয়সীনাং নিকামৈ-
রসুলভমপি তূর্ণং প্রেম-কল্পদ্রুমং তং।
জনয়তি হৃদি ভূমৌ স্নাতুরুচ্চৈঃ প্রিয়ং য-
স্তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ২ ॥

অঘরিপুরপি যত্নাদত্র দেব্যাঃ প্রসাদ-
প্রসর-কৃত-কটাক্ষ-প্রাপ্তিকামঃ প্রকামং।
অনুসরতি যদুচ্চৈঃ স্নানসেবানুবন্ধৈ-
স্তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৩ ॥

ব্রজ-ভুবন-সুধাংশোঃ প্রেমভূমির্নিকামং
ব্রজ-মধুর-কিশোরী-মৌলিরত্ন-প্রিয়েব।
পরিচিতমপি নাম্না যচ্চ তেনৈব তস্যা-
স্তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৪ ॥

অপি জন ইহ কশ্চিৎ যস্য সেবা-প্রসাদৈঃ
প্রণয়-সুরলতা স্যাত্তস্য গোষ্ঠেন্দ্র-সূনোঃ।
সপদি কিল মদীশা-দাস্য-পুষ্প-প্রশস্যা-
স্তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৫ ॥

তট-মধুর-নিকুঞ্জাঃ কৢপ্তনামান উচ্চৈ-
র্নিজ-পরিজন-বর্গৈঃ সংবিভজ্যাশ্রিতাস্তৈঃ।
মধুকর-রুত-রম্যা যস্য রাজন্তি কাম্যা-
স্তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৬ ॥

তটভুবি বরবেদ্যাং যস্য নর্ম্মাতি-হৃদ্যাং
মধুর-মধুর-বার্ত্তাং গোষ্ঠচন্দ্রস্য ভঙ্গ্যা।
প্রথয়তি মিথ ঈশা প্রাণসখ্যালিভিঃ সা
স্তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৭ ॥

অনুদিনমতি-রঙ্গৈঃ প্রেম-মত্তালি-সঙ্ঘৈ-
র্বর-সরসিজ-গন্ধৈর্হারি-বারি-প্রপূর্ণে।
বিহরত ইহ যস্মিন্ দম্পতী তৌ প্রমত্তৌ
তদতি-সুরভি-রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৮ ॥

অবিকল-মতির্দেব্যাশ্চারু কুণ্ডাষ্টকং যঃ
পরিপঠতি তদীয়োল্লাসি-দাস্যার্পিতাত্মা।
অচিরমিহ শরীরে দর্শয়ত্যেব তস্মৈ
মধুরিপুরতি-মোদৈঃ শ্লিষ্যমাণাং প্রিয়াং তাং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকের অনুবাদ।

যে রাধাকুণ্ড বৃন্দাবনাধিপতি শ্রীকৃষ্ণ কর্ত্তৃক হর্ষভরে প্রকটিত হইয়াছেন এবং বৃষাসুর-বধ হেতু শ্রীকৃষ্ণকে পরিহাস-বাক্যে রঙ্গ করিতে করিতে বৃন্দাবনাধিশ্বরী শ্রীরাধারাণী স্বীয় সখীগণ কর্ত্তৃক আনীত জল দ্বারা স্বহস্তে যাঁহাকে পূর্ণ করিয়াছেন, সেই পরম রমণীয় শ্রীরাধাকুণ্ডই আমার আশ্রয় হউন॥ ১ ॥

যে প্রেম-কল্পতরু প্রাপ্তির জন্য নিতান্ত অভিলাষিণী হইলেও, ব্রজমণ্ডলস্থ তথা মুররিপু শ্রীকৃষ্ণের দ্বারকাধামস্থ প্রেয়সীগণের পক্ষেও উহা সুদুর্ল্লভ, সেই প্রেম-কল্পতরু যে রাধাকুণ্ডে স্নান করিলে স্নাত ব্যক্তির হৃদয়-ক্ষেত্রে পরম প্রিয় ঐ রাধাকুণ্ডের প্রভাবেই অচিরাৎ সমুৎপন্ন হয়, সেই অতীব মনোরম শ্রীরাধা-কুণ্ডই আমার আশ্রয় হউন॥ ২ ॥

অন্যের কথা কি বলিব, স্বয়ং অঘরিপু শ্রীকৃষ্ণও মানময়ী শ্রীরাধারাণীর কটাক্ষ-প্রাপ্তির অভিলাষী হইয়া যে রাধাকুণ্ডে স্নান ও তদীয় সেবাদির নিমিত্ত গমন করেন, সেই পরম মনোহর শ্রীরাধাকুণ্ডই আমার আশ্রয় হউন॥ ৩ ॥

যে রাধাকুণ্ড ব্রজ-মধুর-কিশোরী গোপসুন্দরীদিগের মস্তকস্থ রত্ন-সমূহের ন্যায় ব্রজবিপিন-চন্দ্র শ্রীকৃষ্ণের অতিশয় প্রিয় এবং যে রাধাকুণ্ড শ্রীরাধার নামে নামাঙ্কিত হইয়া শ্রীকৃষ্ণের নিকট সুপরিচিত হইয়াছেন, সেই পরম কমনীয় শ্রীরাধাকুণ্ডই আমার আশ্রয় হউন॥ ৪ ॥

ইহ জগতে বিবেকাদি-বিহীন যে কোনও ব্যক্তি যে রাধাকুণ্ডের সেবা-প্রসাদে তৎক্ষণাৎ শ্রীরাধিকার দাস্যরূপ কুসুম-শোভিত সুপ্রশংসনীয় শ্রীকৃষ্ণপ্রেম-কল্পলতা-রূপে পরিণত হয়, সেই পরম মনোহর শ্রীরাধাকুণ্ডই আমার আশ্রয় হউন॥ ৫ ॥

যে রাধাকুণ্ডের তটে সর্ব্বদিকে সখীগণের নামে নামাঙ্কিত ও তত্তৎ পরিজনবর্গ কর্ত্তৃক আশ্রিত, ভ্রমর-গুঞ্জনে মুখরিত, পরম রমণীয় ও সকলেরই বাঞ্ছনীয়, তথা শৃঙ্গার রসোদ্দীপক নিকুঞ্জ-সমূহ অর্থাৎ পূর্ব্বদিকে চিত্রা-সুখদ,

অগ্নিকোণে ইন্দুলেখা-সুখদ, দক্ষিণে চম্পকলতা-সুখদ, নৈঋতে রঙ্গদেবী-সুখদ, পশ্চিমে তুঙ্গবিদ্যা-সুখদ, বায়ুকোণে সুদেবী-সুখদ, উত্তরে ললিতা-সুখদ ও ঈশানে বিশাখা-সুখদ নামে অভিহিত নিকুঞ্জ-সমূহ শোভা পাইতেছে, সেই অতীব রমণীয় শ্রীরাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৬ ॥

যে রাধাকুণ্ডের অত্যুত্তম বেদীবিশিষ্ট তীরভূমিতে মদীশ্বরী শ্রীরাধিকাদেবী প্রাণসখীদিগের সহিত কত ভঙ্গী করিয়া ব্রজ-সুধাকর শ্রীকৃষ্ণ-সম্বন্ধীয় মধুর বাক্যালাপ করিতেছেন, সেই পরম মনোহর শ্রীরাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৭ ॥

অত্যুৎকৃষ্ট-পদ্ম-গন্ধামোদিত ও মনোহর বারি-পরিপূর্ণ যে রাধাকুণ্ডে সেই শ্রীরাধাকৃষ্ণ দম্পতী-যুগল প্রমত্ত হইয়া প্রতিদিন প্রেমোন্মত্ত সখীগণের সহিত পরম-রঙ্গে বিহার করেন, সেই অতীব মনোহর শ্রীরাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৮ ॥

যে ব্যক্তি শ্রীরাধারাণীর দাস্য-কর্ম্মে আত্মসমর্পণ পূর্ব্বক অবিচলিত-চিত্তে এই মনোহর শ্রীরাধাকুণ্ডাষ্টক সুষ্ঠুরূপে পাঠ করেন, তাঁহাকে অনতিবিলম্বে এই সাধক-দেহেই মধুরিপু শ্রীকৃষ্ণ স্বালিঙ্গিতা ও বিপুলহর্ষান্বিতা প্রিয়তমা শ্রীমতী রাধিকাকে পরমানন্দ-ভরে দর্শন করাইয়া থাকেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকের অনুবাদ সমাপ্ত।

# শ্রীশ্রীযমুনাষ্টকং।

শ্রীশ্রীযমুনায়ৈ নমঃ।

ভ্রাতুরন্তকস্য পত্তনেঽভিপত্তিহারিণী
প্রেক্ষয়াতি-পাপিনোঽপি পাপসিন্ধু-তারিণী।
নীর-মাধুরীভিরপ্যশেষচিত্ত-বন্ধিনী
মাং পুনাতু সর্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ১ ॥

হারি-বারি-ধারয়াভিমণ্ডিতোরু-খাণ্ডবা
পুণ্ডরীক-মণ্ডলোদ্যদণ্ডজালি-তাণ্ডবা।
স্নানকাম-পামরোগ্র-পাপ-সম্পদন্ধিনী
মাং পুনাতু সর্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ২ ॥

শীকরাভিমৃষ্ট-জন্তু-দুর্ব্বিপাক-মর্দ্দিনী
নন্দনন্দনান্তরঙ্গ-ভক্তিপূর-বর্দ্ধিনী।
তীর-সঙ্গমাভিলাষি-মঙ্গলানুবন্ধিনী
মাং পুনাতু সর্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ৩ ॥

দ্বীপ-চক্রবাল-জুষ্ট-সপ্তসিন্ধু-ভেদিনী
শ্রীমুকুন্দ-নির্ম্মিতোরু-দিব্য-কেলি-বেদিনী।
কান্তি-কন্দলীভিরিন্দ্রনীল-বৃন্দ-নিন্দিনী
মাং পুনাতু সর্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ৪ ॥

মাথুরেণ মণ্ডলেন চারুণাভিমণ্ডিতা
প্রেমনদ্ধ-বৈষ্ণবাধ্ব-বর্দ্ধনায় পণ্ডিতা।
ঊর্ম্মি-দোর্বিলাস-পদ্মনাভ-পাদ-বন্দিনী
মাং পুনাতু সর্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ৫ ॥

রম্যতীর-রম্ভমাণ-গোকদম্ব-ভূষিতা
দিব্য-গন্ধ-ভাক্কদম্ব-পুষ্প-রাজি-রূষিতা।
নন্দসূনু-ভক্তসংঘ-সঙ্গমাভিনন্দিনী
মাং পুনাতু সৰ্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ৬ ॥

ফুল্লপক্ষ-মল্লিকাক্ষ-হংসলক্ষ-কূজিতা
ভক্তিবিদ্ধ-দেব-সিদ্ধ-কিন্নরালি-পূজিতা।
তীর-গন্ধবাহ গন্ধ-জন্মবন্ধ-রন্ধিনী
মাং পুনাতু সৰ্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ৭ ॥

চিদ্বিলাস-বারিপূর-ভূর্ভুবঃস্বরাপিণী
কীৰ্ত্তিতাপি দুৰ্ম্মদোরু-পাপ-মৰ্ম্ম-তাপিনী।
বল্লবেন্দ্র-নন্দনাঙ্গ-রাগভঙ্গ-গন্ধিনী
মাং পুনাতু সৰ্ব্বদারবিন্দ-বন্ধু-নন্দিনী ॥ ৮ ॥

তুষ্ণবুদ্ধিরষ্টকেন নিৰ্ম্মলোৰ্ম্মি-চেষ্টিতাং
ত্বামনেন ভানুপুত্রি! সৰ্ব্বদেব-বেষ্টিতাং।
যঃ স্তুবীতি বৰ্দ্ধয়স্ব সৰ্ব্বপাপ-মোচনে
ভক্তিপূরমস্য দেবি! পুণ্ডরীক-লোচনে ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীযমুনাষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীযমুনাষ্টকের অনুবাদ।

যিনি নিজ-ভ্রাতা যমরাজের রাজ্যে ( যমালয়ে ) গমন নিবারণ করেন অর্থাৎ যাঁহাতে স্নান করিলে আর যমালয়ে যাইতে হয় না—শ্রীব্রজধাম প্রাপ্তি হইয়া থাকে, তথা যিনি দর্শনমাত্রেই পাপিগণকে পাপ-সমুদ্র হইতে উত্তীর্ণ করেন এবং যিনি স্বীয় জলরাশির পরম মাধুর্য্যে দেব, নর, গন্ধর্ব্বাদি সকলেরই চিত্ত হরণ করিতেছেন, সেই সূর্য্য-নন্দিনী শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন ॥ ১ ॥

যিনি স্বীয় মনোহর বারি-রাশি দ্বারা সুবৃহৎ খাণ্ডবারণ্য পরিশোভিত করিয়াছেন, যাঁহার জলরাশি-স্থিত-শ্বেত-পদ্ম-শ্রেণীতে খঞ্জনাদি পক্ষিগণ পরমানন্দে নৃত্য করিতেছে এবং যিনি কৃতস্নান ব্যক্তির অর্থাৎ তাঁহাতে স্নান করিয়াছেন এরূপ ব্যক্তির কথা দূরে থাকুক—এমন কি স্নানাভিলাষী অর্থাৎ স্নান করিতে কেবল ইচ্ছামাত্র করিয়াছেন, এরূপ ব্যক্তিগণেরও পাপরাশি অপহরণ করেন, সেই রবি-সুতা শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন ॥ ২ ॥

যাঁহার সুপবিত্র জলকণা স্পর্শ করিবামাত্র প্রাণিগণের সমস্ত দুষ্কর্ম্ম-ফল বিনাশ প্রাপ্ত হয়, যিনি নন্দনন্দন শ্রীকৃষ্ণে ভক্তগণের রাগভক্তি পরিবর্দ্ধিত করেন এবং যিনি স্বীয় তীরে বাসাভিলাষী জনবৃন্দের পরম-মঙ্গলকারিণী, সেই দিবাকরদুহিতা শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন ॥ ৩ ॥

যিনি সপ্তদ্বীপ-সমন্বিত সপ্তসমুদ্রের ভেদ-কারিণী অর্থাৎ যিনি সপ্তসমুদ্র সহ সম্মিলিতা, যিনি শ্রীকৃষ্ণ-কৃত উৎকৃষ্ট কেলিসমূহের সম্যক্‌রূপ জ্ঞাতা এবং যিনি স্বীয় কান্তিমালা দ্বারা ইন্দ্রনীলমণির কান্তিকেও তিরস্কার করিতেছেন, সেই আদিত্য-কন্যা শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন ॥ ৪ ॥

যিনি পরম মনোহর মথুরামণ্ডল কর্ত্তৃক পরিমণ্ডিতা, যিনি প্রেমানুরক্ত শ্রীবৈষ্ণবগণের রাগভক্তি-বর্দ্ধনে সুনিপুণা এবং যিনি তরঙ্গমালা-রূপ বাহু

দ্বারা শ্রীকৃষ্ণের চরণ-বন্দন-পরায়ণা, সেই ভাস্কর-দুহিতা শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন ॥ ৫ ॥

যাঁহার উভয় তীরস্থ হম্বারবকারী ধেনু-বৎসগণ তদীয় শোভা বর্দ্ধন করিতেছে, যিনি কদম্বপুষ্প-সমূহের মনোরম গন্ধে আমোদিত হইয়াছেন এবং যিনি নন্দনন্দন শ্রীকৃষ্ণের ভক্তগণের মিলনে আনন্দে উৎফুল্ল হইয়া উঠেন, সেই মিত্র-নন্দিনী শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন॥ ৬ ॥

যিনি সহস্র সহস্র হর্ষোৎফুল্ল রাজহংসগণের কলকলধ্বনিতে পরিপূরিতা, যিনি হরিভক্তি-পরায়ণ দেব-সিদ্ধ-গন্ধর্ব্বাদি কর্ত্তৃক পূজিতা হইয়া থাকেন এবং যিনি স্বীয় তট-প্রবাহিত সমীরণের গন্ধে জীবগণের পুনর্জ্জন্ম রহিত করেন অর্থাৎ ভব-বন্ধন মোচন করিয়া থাকেন, সেই প্রভাকরপুত্রী শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন ॥ ৭ ॥

যিনি ব্রহ্মবিদ্যাময় বারি-প্রবাহ দ্বারা ভূর্ভুবঃস্বরাত্মক লোকত্রয়কে ব্যাপ্ত করিয়াছেন, যাঁহার নাম-গুণাদি কীর্ত্তন করিলে ভীষণ পাতকিগণেরও মহাপাপ-রাশির মর্ম্মচ্ছেদ হইয়া থাকে এবং যাঁহার জলে শ্রীকৃষ্ণের জলক্রীড়া বশতঃ তদঙ্গ-গলিত কুঙ্কুম-চন্দনাদি গন্ধদ্রব্যে যিনি সৌরভান্বিতা হইয়াছেন, সেই তপন-তনয়া শ্রীযমুনা-দেবী সর্ব্বদা আমাকে পবিত্র করুন ॥ ৮ ॥

হে সর্ব্বপাপ-মোচন-কারিণি ভানুপুত্রি শ্রীযমুনে! যে ব্যক্তি সুবিমল তরঙ্গমালা-পরিষেবিতা ও সর্ব্বদেব-পরিবৃতা তোমাকে এই অষ্টক দ্বারা সন্তুষ্ট-চিত্তে স্তব করেন, হে সুন্দরি! তুমি কৃপা করিয়া পদ্মপলাশ-লোচন শ্রীকৃষ্ণে তাঁহার ভক্তি-প্রবাহ পরিবর্দ্ধিত কর ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীযমুনাষ্টকের অনুবাদ সমাপ্ত।

# শ্রীশ্রীগোবর্দ্ধনাষ্টকং।

শ্রীশ্রীগোবর্দ্ধনায় নমঃ।

গোবিন্দস্যোত্তংসিত-বংশী-ক্বণিতোদ্য-
ল্লাস্যোৎকণ্ঠা-মত্ত-ময়ূরব্রজ-বীত!।
রাধাকুণ্ডোত্তুঙ্গ-তরঙ্গাংকুরিতাঙ্গ!
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন! পূর্ণাং ॥ ১ ॥

যস্যোৎকর্ষাদ্বিস্মিতধীভির্ব্রজদেবী-
বৃন্দৈর্বর্য্যং বর্ণিতমাস্তে হরিদাস্যং।
চিত্রৈর্যুঞ্জন্ স দ্যুতি-পুঞ্জৈরখিলাশাং
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন! পূর্ণাং ॥ ২ ॥

বিন্দাভির্যো মন্দিরতাং কন্দর-বৃন্দৈঃ
কন্দৈশ্চেন্দোর্বন্ধুভিরানন্দয়তীশং।
বৈদূর্য্যাভৈর্নির্ঝর-তোয়ৈরপি সোঽয়ং
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন! পূর্ণাং ॥ ৩ ॥

শশ্বদ্বিশ্বালঙ্করণালংকৃতি-মেধ্যৈঃ
প্রেম্না ধৌতৈর্ধাতুভিরুদ্দীপিত-সানো!।
নিত্যাক্রন্দৎ-কন্দর-বেণুধ্বনি-হর্ষাৎ
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন! পূর্ণাং ॥ ৪ ॥

প্রাজ্যা রাজির্যস্য বিরাজত্যুপলানাং
কৃষ্ণেনাসৌ সন্ততমধ্যাসিত-মধ্যা।
সোঽয়ং বন্ধুর্বন্ধুর-ধর্ম্মা সুরভীণাং
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন! পূর্ণাং ॥ ৫ ॥

নির্দ্ধূম্বানঃ সংহৃতি-হেতুং ঘন-বৃন্দং
জিত্বা জম্ভারাতিমসম্ভাবিত-বাধং।
স্বানাং বৈরং যঃ কিল নির্যাপিতবান্ সঃ
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন ! পূর্ণাং ॥ ৬ ॥

বিভ্রাণো যঃ শ্রীভুজদণ্ডোপরি ভর্ত্তু-
শ্ছত্রীভাবং নাম যথার্থং স্বমকার্ষীৎ।
কৃষ্ণোপজ্ঞং যস্য মখাস্তিষ্ঠতি সোঽয়ং
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন ! পূর্ণাং ॥ ৭ ॥

গান্ধর্ব্বায়াঃ কেলিকলা-বান্ধব ! কুঞ্জে
ক্ষুণ্ণৈস্তস্যাঃ কঙ্কণ-হারৈঃ প্রযতাঙ্গ !।
রাসক্রীড়া-মণ্ডিতয়োপত্যকয়াঢ্য !
প্রত্যাশাং মে ত্বং কুরু গোবর্দ্ধন ! পূর্ণাং ॥ ৮ ॥

অদ্রি-শ্রেণী-শেখর ! পদ্যাষ্টকমেতৎ
কৃষ্ণাম্ভোদ-প্রেষ্ঠ ! পঠেদ্ যস্তব দেহী।
প্রেমানন্দং তুন্দিলয়ন্ ক্ষিপ্রমমন্দং
তং হর্ষেণ স্বীকুরুতাং তে হৃদয়েশঃ ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি বিরচিতং শ্রীশ্রীগোবর্দ্ধনাষ্টকং সম্পূর্ণং।

---

# শ্রীশ্রীগোবর্দ্ধনাষ্টকের অনুবাদ।

শ্রীকৃষ্ণের মুখারবিন্দ-পরিশোভিত-বংশী-ধ্বনি শ্রবণ পূর্ব্বক আনন্দোৎফুল্ল ও তন্নিমিত্ত নৃত্যকারী ময়ূরগণ কর্ত্তৃক তুমি পরিবেষ্টিত হইয়া রহিয়াছ এবং শ্রীরাধাকুণ্ডের উত্তাল তরঙ্গ-মালা সহযোগে তোমার তলদেশে অভিনব হরিদ্বর্ণ তৃণলতা-সমূহ অঙ্কুরিত হইয়াছে; এতাদৃশ গিরিরাজ শ্রীগোবর্দ্ধন! তুমি আমার মনোবাসনা পূর্ণ কর অর্থাৎ শ্রীরাধাগোবিন্দ-পাদপদ্ম-প্রেমসেবা আমাকে প্রদান কর ॥ ১ ॥

শ্রীকৃষ্ণ কর্ত্তৃক যাঁহার উৎকর্ষ অর্থাৎ শ্রেষ্ঠতা প্রদর্শন বশতঃ বিস্ময়-প্রাপ্ত ব্রজদেবীগণ যাঁহাকে হরিদাস-শিরোমণি বলিয়া বর্ণনা করিয়াছেন এবং বিবিধ-বর্ণ-বিশিষ্ট নীলকান্ত, চন্দ্রকান্ত প্রভৃতি সমুজ্জ্বল মণিময় প্রস্তর-সমূহে যাঁহার চতুর্দ্দিক পরিব্যাপ্ত হইয়া রহিয়াছে, সেই শ্রীগোবর্দ্ধন! তুমি আমার মনোবাঞ্ছা পূর্ণ কর ॥ ২ ॥

বিচিত্র গৃহ-সদৃশ গুহা-সমূহ দ্বারা, তথা অতি মনোরম ও সুস্বাদু ফল-মূলাদি দ্বারা এবং নীলকান্তমণি-সদৃশ স্বচ্ছ ও শ্যামবর্ণ নির্ঝর-বারিধারা দ্বারা যে তুমি স্বীয় প্রভু শ্রীকৃষ্ণের আনন্দ-বিধান করিতেছ, সেই শ্রীগোবর্দ্ধন! তুমি আমার মনোবাসনা পূর্ণ কর ॥ ৩ ॥

নিখিল ব্রহ্মাণ্ডের ভূষণ-স্বরূপ শ্রীগোপাল-দেবের সজ্জার নিমিত্ত যাঁহার তটদেশ নীল-পীত-লোহিতাদি নানা-বর্ণ-বিশিষ্ট প্রেম-প্রক্ষালিত গৈরিকধাতু-সমূহে পরিপূর্ণ ও সমুদ্দীপ্ত এবং বায়ু-সংযোগে বংশ হইতে নির্গত আনন্দময় ধ্বনিতে যাঁহার গহ্বর-সমূহ পরিব্যাপ্ত, সেই শ্রীগোবর্দ্ধন! তুমি আমার প্রত্যাশা পূর্ণ কর ॥ ৪ ॥

তোমার প্রস্তরখণ্ড-সমূহ শ্রীকৃষ্ণের উপবেশন বশতঃ অতিশয় শোভান্বিত হইয়া বিরাজ করিতেছেন এবং তুমি গাভীগণের পালন হেতু তৎপ্রতি বন্ধু-

ভাবাপন্ন বলিয়া অতি শোভনীয়-ধর্ম্ম-ভূষণে ভূষিত হইয়াছ; অতএব হে পর্বত-রাজ শ্রীগোবর্দ্ধন! তুমি আমার আন্তরিক কামনা পূর্ণ কর ॥ ৫ ॥

যিনি ইন্দ্র-প্রেরিত জগৎ-প্লাবনকারী মেঘগণকে বিধ্বস্ত করতঃ, দুর্নিবার ইন্দ্রকে পরাভব পূর্ব্বক, স্বীয় জ্ঞাতিবর্গের অর্থাৎ অন্যান্য পর্ব্বত-সমূহের শত্রু নিপাত করিয়াছেন, সেই ভূধররাজ শ্রীগোবর্দ্ধন! তুমি আমার মনোভিলাষ পূর্ণ কর ॥ ৬ ॥

যিনি স্বীয় প্রভু শ্রীকৃষ্ণের ভুজদণ্ডোপরি অবস্থিত হইয়া ছত্রের কার্য্য সম্পাদন পূর্ব্বক, দেবরাজ ইন্দ্রের ক্রোধ হইতে সমস্ত ব্রজ রক্ষা করিয়া, স্বকীয় 'গিরিরাজ' নাম সার্থক করিয়াছেন এবং শ্রীকৃষ্ণ স্বয়ংই যাঁহার পূজার প্রথম সূত্রপাত করিয়াছিলেন, সেই গিরিরাজ শ্রীগোবর্দ্ধন! তুমি আমার মনঃসাধ পূর্ণ কর ॥ ৭ ॥

যিনি শ্রীরাধিকার কেলিকলা অর্থাৎ বিলাস-নৈপুণ্য-বিষয়ে সাহায্যকারী ও নিকুঞ্জে নিপতিত তদীয় অর্থাৎ সেই শ্রীরাধিকার কঙ্কণ, হার প্রভৃতি ভূষণ-সমূহ দ্বারা যাঁহার অঙ্গ বিভূষিত হইয়া থাকে এবং যাঁহার উপত্যকা-ভূমি অর্থাৎ তল-দেশস্থ ভূখণ্ড-সমূহ শ্রীকৃষ্ণের রাসক্রীড়ায় পরিমণ্ডিত, সেই শ্রীগোবর্দ্ধন! তুমি আমার মনোভীষ্ট পূর্ণ কর ॥ ৮ ॥

হে পর্ব্বত-রাজ শ্রীগোবর্দ্ধন! হে কৃষ্ণপ্রিয়! যে ব্যক্তি তোমার এই পদ্যাষ্টক পাঠ করেন, তোমার প্রভু শ্রীকৃষ্ণ, তাঁহার প্রেমানন্দ বর্দ্ধন পূর্ব্বক, তাঁহাকে নিজ-জনমধ্যে গ্রহণ করিয়া থাকেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীগোবর্দ্ধনাষ্টকের অনুবাদ সমাপ্ত।

# শ্রীশ্রীকৃষ্ণনামাষ্টকং ।

শ্রীশ্রীকৃষ্ণনাম্নে নমঃ।

নিখিল-শ্রুতি-মৌলি-রত্নমালা-
দ্যুতি-নীরাজিত-পাদপঙ্কজান্ত ! ।
অয়ি ! মুক্তকুলৈরুপাস্যমানং
পরিতস্ত্বাং হরিনাম ! সংশ্রয়ামি ॥ ১ ॥

জয় নামধেয় ! মুনিবৃন্দ-গেয় !
জন-রঞ্জনায় পরমক্ষরাকৃতে ! ।
ত্বমনাদরাদপি মনাগুদীরিতং
নিখিলোগ্রতাপ-পটলীং-বিলুম্পসি ॥ ২ ॥

যদাভাসোহপ্যুদ্যন্ কবলিত-ভবধ্বান্ত-বিভবো
দৃশং তত্ত্বান্ধানামপি দিশতি ভক্তি প্রণয়িনীং ।
জনস্তস্যোদাত্তং জগতি ভগবন্নাম-তরণে !
কৃতী তে নির্বক্তুং ক ইহ মহিমানং প্রভবতি ॥ ৩ ॥

যদ্ব্রহ্ম-সাক্ষাৎকৃতি-নিষ্ঠয়াপি
বিনাশমায়াতি বিনা ন ভোগৈঃ ।
অপৈতি নাম ! স্ফুরণেন তত্তে
প্রারব্ধ-কর্ম্মেতি বিরৌতি বেদঃ ॥ ৪ ॥

অঘদমন-যশোদানন্দনৌ নন্দসূনো !
কমলনয়ন-গোপীচন্দ্র-বৃন্দাবনেন্দ্রাঃ ! ।
প্রণতকরুণ-কৃষ্ণাবিত্যনেক স্বরূপে
ত্বয়ি মম রতিরুচ্চৈর্বর্দ্ধতাং নামধেয় ! ॥ ৫ ॥

বাচ্যং বাচকমিত্যুদেতি ভবতো নাম ! স্বরূপ-দ্বয়ং
পূর্ব্বস্মাৎ পরমেব হন্ত ! করুণং তত্রাপি জানীমহে।
যস্তস্মিন্ বিহিতাপরাধ-নিবহঃ প্রাণী সমন্তাদ্ভবে
দাস্যেনেদমুপাস্য সোঽপি হি সদানন্দাম্বুধৌ মজ্জতি ॥ ৬ ॥

সূদিতাশ্রিত-জনার্ত্তি-রাশয়ে
রম্য-চিদঘন-সুখ-স্বরূপিণে !।
নাম ! গোকুল-মহোৎসবায় তে
কৃষ্ণ ! পূর্ণ-বপুষে নমো নমঃ ॥ ৭ ॥

নারদ-বীণোজ্জীবন ! সুধোর্ম্মি-নির্যাস-মাধুরীপূর ! ।
ত্বং কৃষ্ণনাম ! কামং স্ফুর মে রসনে রসেন সদা ॥ ৮ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীকৃষ্ণনামাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীকৃষ্ণনামাষ্টকের অনুবাদ।

হে হরিনাম ! তুমি শ্রীকৃষ্ণ-বিগ্রহ হইতে অভিন্ন বলিয়া, নিখিল উপনিষদ্-রূপ রত্নমালার কিরণ দ্বারা তোমার শ্রীপাদপদ্মের নখর-সমূহ নির্ম্মঞ্ছিত হইতেছে অর্থাৎ সমস্ত বেদগণ তোমার পদ-নখর পর্য্যন্তেরও মহিমা কীর্ত্তন পূর্ব্বক স্তব করিতেছে এবং যোগী, ঋষি প্রভৃতি মুক্ত-পুরুষগণও তোমার উপাসনা করিতেছেন ; অতএব হে হরিনাম ! আমি সর্ব্বতোভাবে তোমার আশ্রয় গ্রহণ করিতেছি ॥ ১ ॥

হে কৃষ্ণনাম ! মুনিগণ সর্ব্বদা তোমাকে কীর্ত্তন করিতেছেন, তুমি নিখিল জন-মণ্ডলীর চিত্ত-বিনোদনার্থে পরম-অক্ষর-রূপ আকৃতি অর্থাৎ বিগ্রহ ধারণ

করিয়াছ এবং অবহেলা পূর্ব্বকও যদি কেহ তোমাকে একবারমাত্র উচ্চারণ করে, তাহা হইলেও তুমি তাহার ভীষণ পাপরাশি ধ্বংস করিয়া থাক ; অতএব হে নাম ! তোমার জয় হউক ॥ ২ ॥

হে কৃষ্ণনাম-রূপ সূর্য্য ! যদি কেহ কোনও সঙ্কেতে বা আভাসেও তোমাকে উচ্চারণ করে, তাহা হইলেও তুমি তাহার সংসারাসক্তি-রূপ অজ্ঞানান্ধকার দূরীভূত করিয়া দাও এবং তুমি তত্ত্বজ্ঞান-বিহীন ব্যক্তিকেও কৃষ্ণভক্তি-বিষয়িণী জ্ঞান-দৃষ্টি প্রদান করিয়া থাক ; অতএব হে নাম ! এ জগতে এমন বিদ্বান্ কে আছেন যে, তিনি তোমার মহিমা বর্ণনা করিতে সমর্থ হইবেন ? ॥ ৩ ॥

অবিচ্ছিন্ন তৈল-ধারার ন্যায় নিষ্ঠা সহকারে অবিরাম ব্রহ্মচিন্তা করিলেও ভোগ ব্যতিরেকে যে প্রারব্ধ-কর্ম্মের অর্থাৎ অনাদিকাল-সঞ্চিত পাপ ও পুণ্যজনিত কর্ম্ম-সমূহের ফলাফল বিনষ্ট হয় না, হে নাম ! জিহ্বাগ্রে তোমার স্পন্দন-মাত্রেই অর্থাৎ মুখে তোমাকে উচ্চারণ করিবামাত্রই সেই প্রারব্ধ-কর্ম্ম বিনাশ প্রাপ্ত হইয়া থাকে ! ॥ ৪ ॥

হে অঘদমন ! হে যশোদা-নন্দন ! হে নন্দ-সূনো ! হে কমল-নয়ন ! হে গোপীকান্ত ! হে বৃন্দাবনেন্দ্র ! হে প্রণতকরুণ ! হে কৃষ্ণ ! ইত্যাদি অনেক স্বরূপে হে নাম ! তুমি জীবের ভববন্ধ-মোচনের জন্য প্রকটিত থাকিয়া অপার করুণা প্রদর্শন করিতেছ ; অতএব হে নাম ! তোমাতে আমার অনুরাগ প্রচুর-পরিমাণে বর্দ্ধিত হউক ॥ ৫ ॥

হে নাম ! তোমার দুইটি স্বরূপ—(১) বাচ্য অর্থাৎ বিভু-চৈতন্যানন্দময় বিগ্রহ ( মূর্ত্তিমান্ শ্রীবিগ্রহ ) ও (২) বাচক অর্থাৎ কৃষ্ণ, গোবিন্দ প্রভৃতি বর্ণাত্মক বিগ্রহ ( অক্ষরময় নাম-বিগ্রহ ) ; তুমি এই দুইটী স্বরূপে বিরাজ করিতেছ ; পরন্তু আমি তোমার বিভু-চৈতন্যাত্মক বাচ্য-স্বরূপ হইতে কৃষ্ণ-গোবিন্দাদি-নামাত্মক বাচক-স্বরূপকেই অধিকতর সদয় বিবেচনা করি, যেহেতু যদি কোন ব্যক্তি তোমার বিভু-চৈতন্যাত্মক বাচ্য-স্বরূপ অবলম্বন করিয়া অর্থাৎ শ্রীবিগ্রহ

আশ্রয় করিয়া তোমার উপাসনা করিতে করিতে অপরাধী হইয়া পড়েন এবং তখন যদি তিনি মুখে তোমার কৃষ্ণ-গোবিন্দাদি নামোচ্চারণাত্মক বাচক-স্বরূপ অবলম্বন করিয়া অর্থাৎ অক্ষরময় "নাম" আশ্রয় পূর্ব্বক "নাম" কীর্ত্তন করিয়া উপাসনা করিতে থাকেন, তাহা হইলে হে নাম ! তোমার প্রভাবে তিনি সর্ব্বাপরাধ হইতে অব্যাহতি লাভ করিয়া নিরবচ্ছিন্ন আনন্দ-সাগরে নিমগ্ন হন ॥ ৬ ॥

হে নাম ! হে কৃষ্ণ-স্বরূপ ! তুমি আশ্রিত জনগণের নামাপরাধ-জনিত দুর্গতি বিনাশ করিয়া থাক, তুমি পরম চিদানন্দ-ঘন-রূপ বিগ্রহে বিরাজিত, তুমি গোকুলবাসিগণের সাক্ষাৎ আনন্দ-স্বরূপ এবং তুমি স্বীয় মহিমা ও মাধুর্য্যে পরিপূর্ণরূপে ব্যাপ্ত হইয়া রহিয়াছ ; অতএব হে নাম ! আমি তোমাকে বারম্বার নমস্কার করি ॥ ৭ ॥

হে কৃষ্ণনাম ! তুমি দেবর্ষি নারদের বীণার জীবন-স্বরূপ এবং তুমি অমৃতময় মাধুর্য্য-তরঙ্গে পরিপূর্ণ ; তুমি কৃপা পূর্ব্বক আমাকে তোমাতে অনুরক্ত করিয়া আমার জিহ্বায় অবিশ্রান্ত স্ফূর্ত্তি লাভ কর অর্থাৎ আমাকে এই কৃপা কর, যেন আমি মুখে সর্ব্বদা তোমাকে উচ্চারণ করিতে পারি ॥ ৮ ॥

ইতি শ্রীশ্রীকৃষ্ণনামাষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীবৃন্দাদেব্যষ্টকং।

শ্রীশ্রীবৃন্দাদেব্যৈ নমঃ।

গাঙ্গেয়-চাম্পেয়-তড়িদ্বিনিন্দি-
রোচিঃ-প্রবাহ-স্নপিতাত্মবৃন্দে !।
বন্ধূক-বন্ধু-দ্যুতি-দিব্যবাসো
বৃন্দে ! নুমস্তে চরণারবিন্দং ॥ ১ ॥

বিম্বাধরোদিত্বর-মন্দহাস্য-
নাসাগ্র-মুক্তাদ্যুতি-দীপিতাস্যে!।
বিচিত্র-রত্নাভরণশ্রিয়াঢ্যে!
বৃন্দে! নুমস্তে চরণারবিন্দং ॥ ২ ॥

সমস্ত-বৈকুণ্ঠ-শিরোমণৌ শ্রী-
কৃষ্ণস্য বৃন্দাবন-ধন্য-ধাম্নি।
দত্তাধিকারে বৃষভানু-পুত্র্যা
বৃন্দে! নুমস্তে চরণারবিন্দং ॥ ৩ ॥

ত্বয়াজ্ঞয়া পল্লব-পুষ্প-ভৃঙ্গ-
মৃগাদিভির্মাধব-কেলিকুঞ্জাঃ।
মধ্বাদিভির্ভান্তি বিভূষ্যমাণা
বৃন্দে! নুমস্তে চরণারবিন্দং ॥ ৪ ॥

ত্বদীয়-দূত্যেন নিকুঞ্জ-যূনো-
রত্যুৎকয়োঃ কেলি-বিলাস-সিদ্ধিঃ।
ত্বৎ-সৌভগং কেন নিরুচ্যতাং তদ্
বৃন্দে! নুমস্তে চরণারবিন্দং ॥ ৫ ॥

রাসাভিলাষো বসতিশ্চ বৃন্দা-
বনে ত্বদীশাঙ্ঘ্রি-সরোজ-সেবা।
লভ্যা চ পুংসাং কৃপয়া তবৈব
বৃন্দে! নুমস্তে চরণারবিন্দং ॥ ৬ ॥

ত্বং কীর্ত্ত্যসে সাত্বত-তন্ত্রবিদ্ভি-
র্লীলাভিধানা কিল কৃষ্ণ-শক্তিঃ।

তবৈব মূর্ত্তিস্তুলসী নৃলোকে
বৃন্দে ! নুমস্তে চরণারবিন্দং ॥ ৭ ॥

ভক্ত্যা বিহীনা অপরাধ-লক্ষৈঃ
ক্ষিপ্তাশ্চ কামাদি-তরঙ্গ-মধ্যে ।
কৃপাময়ি ! ত্বাং শরণং প্রপন্না
বৃন্দে ! নুমস্তে চরণারবিন্দং ॥ ৮ ॥

বৃন্দাষ্টকং যঃ শৃণুয়াৎ পঠেদ্ বা
বৃন্দাবনাধীশ-পদাব্জ-ভৃঙ্গঃ ।
স প্রাপ্য বৃন্দাবন-নিত্যবাসং
তৎ-প্রেমসেবাং লভতে কৃতার্থঃ ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্ বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীবৃন্দাদেব্যষ্টকং সম্পূর্ণং ।

---

## শ্রীশ্রীবৃন্দাদেব্যষ্টকের অনুবাদ ।

হে অত্যুজ্জ্বল-রক্তবর্ণ-বসন-ধারিণি বৃন্দে ! তুমি স্বীয় পরম সুন্দর অঙ্গ-কান্তি দ্বারা স্বর্ণ, চম্পকপুষ্প ও সৌদামিনীকেও তিরস্কার করিতেছ এবং তদ্দ্বারা স্বজনগণ অর্থাৎ কৃষ্ণভক্তগণকে অভিষিক্ত করিতেছ ; তোমার শ্রীচরণারবিন্দে নমস্কার করি ॥ ১ ॥

হে বৃন্দে ! তোমার বিম্ব-সদৃশ রক্তবর্ণ অধরোদ্গত মৃদু-মধুর হাস্য ও নাসিকাগ্রবর্ত্তী মুক্তা-কান্তি দ্বারা ত্বদীয় বদন-মণ্ডল পরিশোভিত হইয়াছে এবং তুমি বিচিত্র রত্নাভরণে সৌন্দর্য্যান্বিতা হইয়াছ ; তোমার শ্রীচরণ-পদ্মে নমস্কার করি ॥ ২ ॥

হে বৃন্দে! বৃষভানুরাজ-নন্দিনী শ্রীরাধিকা নিখিল-বৈকুণ্ঠ-সমূহের শিরোমণি ও অশেষ-গুণ-সমন্বিত পরম পবিত্র শ্রীকৃষ্ণ-ধাম শ্রীবৃন্দাবনে তোমাকে অধিকার-প্রদান করিয়াছেন; তোমার শ্রীপাদপদ্মে নমস্কার করি ॥ ৩ ॥

হে বৃন্দে! তোমারই আদেশে শ্রীবৃন্দাবনে পত্র, পুষ্প, ভ্রমর, মৃগ, ময়ূর, শুক-সারী প্রভৃতি পশু-পক্ষীগণে ও চির-বসন্তে শ্রীকৃষ্ণের কেলিকুঞ্জ-সমূহ বিভূষিত হইয়া পরম শোভা পাইতেছে; তোমার শ্রীপদারবিন্দে প্রণাম করি ॥ ৪ ॥

হে বৃন্দে! তোমার দূতীত্বের চাতুর্য্য-প্রভাবেই বিলাস-বাসনাময়ী শ্রীরাধা-কৃষ্ণের কেলি-বিলাস সম্পন্ন হইয়া থাকে অর্থাৎ তুমিই দূতীরূপে শ্রীরাধা-গোবিন্দের সুদুর্ঘট মিলন সম্পাদন করাইয়া, তাঁহাদিগের লীলা-বিলাসের সহায়তা করিয়া থাক; অতএব এ সংসারে তোমার সৌভাগ্যের সীমা বর্ণনা করিতে কে সক্ষম হইবে? তোমার শ্রীপাদপদ্মে নমস্কার করি ॥ ৫ ॥

হে বৃন্দে! কৃষ্ণভক্তগণ তোমারই কৃপায় শ্রীরাসলীলা-দর্শনাভিলাষ, শ্রীবৃন্দাবনে বাস ও ত্বদীয় প্রাণবল্লভ শ্রীরাধা-মাধবের চরণ-সেবা লাভ করিয়া থাকেন; তোমার শ্রীপদ-কমলে নমস্কার করি ॥ ৬ ॥

হে বৃন্দে! শ্রীনারদাদি-ভক্তগণ-বিরচিত তন্ত্র-সমূহে সুনিপুণ পণ্ডিতগণ তোমাকে শ্রীকৃষ্ণের লীলা-শক্তি বলিয়া বর্ণনা করিয়াছেন এবং এই নরলোকে সুপ্রসিদ্ধ বৃক্ষ-রূপিণী শ্রীতুলসীদেবী হইতেছেন তোমারই মূর্ত্তি; তোমার শ্রীচরণ-পঙ্কজে অভিবাদন করি ॥ ৭ ॥

হে কৃপাময়ি দেবি! আমরা ভক্তিহীন বলিয়া শত শত অপরাধ প্রযুক্ত ভব-সমুদ্রের কাম-ক্রোধাদি-রূপ ভীষণ তরঙ্গ-মধ্যে নিক্ষিপ্ত হইয়াছি; অতএব তোমার শরণাগত হইলাম, তুমি কৃপা করিয়া আমাদিগকে এই সুদুস্তর ভব-জলধি হইতে উদ্ধার কর; তোমার শ্রীচরণ-সরোজে নমস্কার করি ॥ ৮ ॥

যে ব্যক্তি বৃন্দাবনাধিপতি শ্রীরাধা-গোবিন্দের চরণ-কমলের ভৃঙ্গ-স্বরূপ হইয়া শ্রীবৃন্দাদেবীর এই অষ্টক পাঠ বা শ্রবণ করেন, তিনি শ্রীবৃন্দাবনে নিত্য-বাস প্রাপ্ত হইয়া শ্রীরাধাকৃষ্ণের প্রেমসেবা লাভ করতঃ কৃতার্থ হইয়া থাকেন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীবৃন্দাদেব্যষ্টকের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীলোকনাথ-প্রভুবরাষ্টকং।

যঃ কৃষ্ণচৈতন্য-কৃপৈকবিত্ত-
স্তৎপ্রেম-হেমাভরণাঢ্য-চিত্তঃ।
নিপত্য ভূমৌ সততং নমাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ১ ॥

যো লব্ধ-বৃন্দাবন-নিত্যবাসঃ
পরিস্ফুরৎ-কৃষ্ণ-বিলাস-রাসঃ।
স্বাচার-চর্য্যা-সততাবিরাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ২ ॥

সদোল্লসদ্ভাগবতানুরক্ত্যা।
যঃ কৃষ্ণরাধা-শ্রবণাদি ভক্ত্যা।
অযাতযামীকৃত-সর্ব্বযাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ৩ ॥

বৃন্দাবনাধীশ-পদাব্জসেবা-
স্বাদেহনুমজ্জন্তি ন হন্ত! কে বা।

যস্তেষ্বপি শ্লাঘ্যতমোঽভিরাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ৪ ॥

যঃ কৃষ্ণ-লীলারস এব লোকান্
অনন্যমুখান্ বীক্ষ্য বিভর্ত্তি শোকান্ ।
স্বয়ং তদাস্বাদন-মাত্র-কাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ৫ ॥

কৃপাবলং যস্য বিবেদ কশ্চিৎ
নরোত্তমো নাম মহান্ বিপশ্চিৎ ।
যস্য প্রথীয়ান্ বিষয়োপরাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ৬ ॥

রাগানুগাবর্ত্মনি যৎপ্রসাদাদ্
বিশন্ত্যবিজ্ঞা অপি নির্বিষাদাঃ ।
জনে কৃতাগস্যপি যস্ত্ববাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ৭ ॥

যদ্দাস-দাসানুগ-দাস-দাসাঃ
বয়ং ভবামঃ ফলিতাভিলাষাঃ ।
যদীয়তায়াং সহসা বিশাম-
স্তং লোকনাথং প্রভুমাশ্রয়ামঃ ॥ ৮ ॥

শ্রীলোকনাথাষ্টকমত্যুদারং
ভক্ত্যা পঠেদ্ যঃ পুরুষার্থ-সারং ।
স মঞ্জুলালী-পদবীং প্রপদ্য
শ্রীরাধিকাং সেবত এব সদ্যঃ ॥ ৯ ॥

সোঽয়ং শ্রীলোকনাথঃ স্ফুরতু পুরুকৃপা-রশ্মিভিঃ স্বৈঃ সমুদ্যন্-
উদ্ধৃত্যোদ্ধৃত্য যো নঃ প্রচুরতম-তমঃকূপতো দীপিতাভিঃ।
দৃগ্ভিঃ স্বপ্রেমবীথ্যা দিশমদিশদহো যাং শ্রিতা দিব্যলীলা-
রত্নাঢ্যং বিন্দমানা বয়মপি নিভৃতং শ্রীল-গোবর্দ্ধনং স্মঃ॥ ১০॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীলোকনাথ-প্রভুবরাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীনিবাসাচার্য্য-প্রভোরষ্টকং।

নির্ম্মল-কাঞ্চনবর-গৌরদেহং
আলিখিতে ভাণ্ড-ভুজঙ্গম-গেহং।
সুকুঞ্চিত-কোমল-কুন্তল-পাশং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং॥ ১॥

ডগমগ-লোচন-খঞ্জন-যুগং
ঢলঢল-প্রেম-অবধি-অনুগং।
নাসা-শিখরোজ্জ্বর্জ্জিত-তিলকুসুমং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং॥ ২॥

করিরাজ জিনি অতি মধ্য-শোভিতং
শ্রুতি-অবতংসে চম্পক-ভূষিতং।
করতল-অরুণ-কিরণোজ্জ্বর্জ্জিতং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং॥ ৩॥

কম্বু-কণ্ঠে হেমহার-সুললিতং
কনকলতা-সম-ভুজ-শোভিতং।

লোম-লতাবলী-যুত-নাভিদেশং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং ॥ ৪ ॥

গজবর জিনি সুন্দর-চলনং
চঞ্চল-চারু-চরণাতি-রুচিরং।
দামিনী-চমকিত-মৃদু-মৃদু-হাসং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং ॥ ৫ ॥

আজানুলম্বিত-ভুজ-সুন্দর-দেহং
বিলসিত-মধুর-ভাব-বিদেহং।
অলকা-বিমণ্ডিত-গণ্ডমুদারং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং ॥ ৬ ॥

জগদুদ্ধারণ-ভকতি-বিহারং
গোরাচাঁদ হেন গুণাতি-সুধীরং।
ব্রজ-বল্লবীকান্ত সহ বিলাসং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং ॥ ৭ ॥

নিরবধি কীর্ত্ত্যং রাধাকৃষ্ণ-প্রকাশং
সঙ্গে সহচর বৃন্দাবন-বাসং।
জীবে দয়াময় করুণাবগাহং
তং প্রণমামি চ শ্রীশ্রীনিবাসং ॥ ৮ ॥

ইতি শ্রীশ্রীনিবাসাচার্য্য-ঠক্কুর-প্রভোরষ্টকং সম্পূর্ণং।

## শ্রীশ্রীনরোত্তম-প্রভোরষ্টকং।

শ্রীকৃষ্ণনামামৃতবর্ষিবক্ত্র-
চন্দ্রপ্রভা-ধ্বস্ত-তমোভরায়।
গৌরাঙ্গ-দেবানুচরায় তস্মৈ
নমো নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ১ ॥

সঙ্কীর্ত্তনানন্দজ-মন্দহাস্য-
দন্তদ্যুতি-দ্যোতিত-দিঙ্মুখায়।
স্বেদাশ্রুধারা-স্নপিতায় তস্মৈ
নমো নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ২ ॥

মৃদঙ্গ-নাম-শ্রুতিমাত্র-চঞ্চৎ-
পদাম্বুজ-দ্বন্দ্ব-মনোহরায়।
সদ্যঃ সমুদ্যৎ পুলকায় তস্মৈ
নমো নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ৩ ॥

গন্ধর্ব্ব-গর্ব্ব-ক্ষপণ-স্বলাস্য-
বিস্মাপিতাশেষ-কৃতি-ব্রজায়।
স্বসৃষ্ট-গান-প্রথিতায় তস্মৈ
নমো নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ৪ ॥

আনন্দ-মূর্চ্ছাবনিপাত-ভাত-
ধূলী-ভরালঙ্কৃত-বিগ্রহায়।
যদ্দর্শনং ভাগ্য-ভরেণ তস্মৈ
নমো নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ৫ ॥

স্থলে স্থলে যস্য কৃপা-প্রপাভিঃ
কৃষ্ণান্যতৃষ্ণা জন-সংহতীনাং।

নির্ম্মূলিতা এব ভবন্তি তস্মৈ
নমো নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ৬ ॥

যদ্ভক্তি-নিষ্ঠোপল-রেখিকেব
স্পর্শঃ পুনঃ স্পর্শমণীব যস্য।
প্রামাণ্যমেবং শ্রুতিবদ্ যদীয়ং
তস্মৈ নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ৭ ॥

মূর্ত্তৈব ভক্তিঃ কিময়ং কিমেষ
বৈরাগ্যসারস্তনুমান্ নৃলোকে।
সংভাব্যতে যঃ কৃতিভিঃ সদৈব
তস্মৈ নমঃ শ্রীল-নরোত্তমায় ॥ ৮ ॥

শ্রীরাধিকাকৃষ্ণ-বিলাস-সিন্ধৌ
নিমজ্জতঃ শ্রীল-নরোত্তমস্য।
পঠেদ্ য এবাষ্টকমেতদুচ্চৈ-
রসৌ তদীয়াং পদবীং প্রযাতি ॥ ৯ ॥

কারুণ্যদৃষ্টি-শমিতাশ্রিত-মন্তুকোটি
রম্যাধরোদ্যদতি-সুন্দর-দন্তকান্তি।
শ্রীমন্নরোত্তম-মুখাম্বুজ-মন্দহাস্যং
লাস্যং তনোতু হৃদি মে বিতরৎ স্বদাস্যং ॥ ১০ ॥

রাজন্মৃদঙ্গ-করতাল-কলাভিরামং
গৌরাঙ্গ-গানমধু-পানভরাভিরামং।
শ্রীমন্নরোত্তম-পদাম্বুজ-মঞ্জু-নৃত্যং
ভৃত্যং কৃতার্থয়তু মাং ফলিতেষ্টকৃত্যং ॥ ১১ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীনরোত্তমপ্রভোরষ্টকং সম্পূর্ণং।

# শ্রীশ্রীশিক্ষাষ্টকং।

চেতোদর্পণ-মার্জ্জনং ভব-মহাদাবাগ্নি-নির্ব্বাপণং
শ্রেয়ঃকৈরব-চন্দ্রিকা-বিতরণং বিদ্যাবধূ-জীবনং।
আনন্দাম্বুধি-বর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং
সর্ব্বাত্ম-স্নপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তনং ॥ ১ ॥

নাম্নামকারি বহুধা নিজ-সর্ব্বশক্তি-
স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।
এতাদৃশী তব কৃপা ভগবন্ ! মমাপি
দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ ॥ ২ ॥

তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ ॥ ৩ ॥

ন ধনং ন জনং ন সুন্দরীং
কবিতাং বা জগদীশ ! কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে
ভবতাদ্ভক্তিরহৈতুকী ত্বয়ি ॥ ৪ ॥

অয়ি নন্দতনুজ ! কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ।
কৃপয়া তব পাদপঙ্কজ-স্থিত-ধূলী-সদৃশং বিচিন্তয় ॥ ৫ ॥

নয়নং গলদশ্রু-ধারয়া বদনং গদগদ-রুদ্ধয়া গিরা।
পুলকৈর্নিচিতং বপুঃ কদা তব নাম-গ্রহণে ভবিষ্যতি ॥ ৬ ॥

যুগায়িতং নিমেষেণ চক্ষুষা প্রাবৃষায়িতং।
শূন্যায়িতং জগৎ সর্ব্বং গোবিন্দ-বিরহেণ মে ॥ ৭ ॥

আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মা-
মদর্শনান্মর্হতাং করোতু বা।
যথা তথা বা বিদধাতু লম্পটো
মৎ-প্রাণনাথস্তু স এব নাপরঃ ॥ ৮ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্য-মহাপ্রভোর্মুখাব্জ-বিগলিতং শ্রীশ্রীশিক্ষাষ্টকং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীশিক্ষাষ্টকের অনুবাদ।

নীলাচলে শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণ-বিরহে ব্যাকুল হইয়া রহিয়াছেন, হৃদয়ে ক্ষণে ক্ষণে হর্ষ, শোক, দৈন্যাদি নানা ভাব উত্থিত হইতেছে, এরূপ অবস্থায় অকস্মাৎ নামের অপূর্ব্ব মহিমার কথা স্মরণ হওয়ায়, তিনি ভাবে বিভোর হইয়া শ্রীস্বরূপ-দামোদর ও শ্রীরামানন্দ রায়ের কণ্ঠ ধারণ পূর্ব্বক প্রেমানন্দ-ভরে উৎফুল্ল হইয়া নাম-মহিমা কীর্ত্তন করিতে লাগিলেন, যথা শ্রীচৈতন্যচরিতামৃতে বলিতেছেন ঃ—

হর্ষে প্রভু কহে শুন স্বরূপ ! রামরায় ! ।
নাম-সঙ্কীর্ত্তন কলৌ পরম উপায় ॥
নাম-সঙ্কীর্ত্তনে হয় সর্ব্বানর্থ-নাশ।
সর্ব্ব-শুভোদয়—কৃষ্ণে প্রেমের উল্লাস ॥

এইরূপ বলিতে বলিতে মহাপ্রভু নিজ-কৃত শ্লোকে নাম-মহিমা কীর্ত্তন করিতে লাগিলেন, যথা ঃ—

যে শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তন চিত্তরূপ দর্পণকে মার্জ্জন করে অর্থাৎ চিত্তের সর্ব্ববিধ দুর্ব্বাসনা ধ্বংস করিয়া চিত্তকে সুবিমল ও সমুজ্জ্বল করতঃ তাহাতে জীবের আত্ম-স্বরূপ অর্থাৎ নিজ-স্বরূপ প্রকাশ পূর্ব্বক কৃষ্ণ-স্ফূর্ত্তি আনয়ন করে, যাহা

ভব-মহাদাবাগ্নি নির্ব্বাণ করে অর্থাৎ নিখিল পাপ-তাপ বিনাশ করিয়া জীবের ভব-বন্ধন মোচন করে, যাহা কল্যাণরূপ কুমুদে জ্যোৎস্না বিতরণ করে অর্থাৎ জীবের সর্ব্ববিধ মঙ্গল বিধান করে, যাহা বিদ্যারূপ বধূর জীবন-স্বরূপ অর্থাৎ আমরা যে কৃষ্ণের নিত্যদাস এবং কৃষ্ণ-ভজনই যে আমাদের একমাত্র কর্ত্তব্য এই পরা-ভক্তি-বিষয়ক পরম তত্ত্বজ্ঞান প্রদান করে, যাহা আনন্দ-সমুদ্র বর্দ্ধন করে, যাহা পদে পদে শ্রীকৃষ্ণ-প্রেমরস আস্বাদন করাইয়া পূর্ণ অমৃতের আস্বাদ প্রদান করে এবং যাহা শ্রীকৃষ্ণপ্রেমানন্দ-সুখ উপভোগ করাইয়া সর্ব্বেন্দ্রিয়কে পরিতৃপ্ত করে অর্থাৎ রিপু ও ইন্দ্রিয়গণকে কৃষ্ণসেবা-সুখ প্রদান পূর্ব্বক, উহাদের স্ব স্ব প্রতাপ-জনিত দুষ্ক্রিয়াচরণ পরিত্যাগ করাইয়া, উহাদিগকে কৃষ্ণ-সেবা-কার্য্যে নিযুক্ত করতঃ পরিতুষ্ট ও বশীভূত করিয়া দেয়, সেই শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তন সর্ব্বতোভাবে সর্ব্বোপরি বিজয় লাভ করিতেছেন—জয় শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তনের জয় ॥ ১ ॥

## চেতোদর্পণ-মার্জ্জনং।

দর্পণে মলিনতা থাকিলে তাহাতে যেমন নিজ-প্রতিবিম্ব প্রতিফলিত হয় না, তদ্রূপ চিত্তে দুর্ব্বাসনাদি মলিনতা থাকিলে তাহাতে নিজ-স্বরূপ বা আত্ম-স্বরূপ বিকাশ প্রাপ্ত হয় না অর্থাৎ আমি কে, কোথা হইতে আসিয়াছি, কোথায় যাইব, আমার কর্ত্তব্য কি ইত্যাদি বিষয় বিচার পূর্ব্বক আমি যে কৃষ্ণের নিত্যদাস, কৃষ্ণ-ভজনই যে আমার একমাত্র কর্ত্তব্য— এই যে নিজের প্রকৃত-স্বরূপ তাহা অনুভূত হয় না ; কিন্তু কোন বস্ত্রখণ্ড বা অন্য পদার্থ দ্বারা দর্পণ পরিষ্কার করিলে, তখন যেমন তাহাতে নিজের প্রতিবিম্বাদি পরিদৃষ্ট হয়, তদ্রূপ শ্রীকৃষ্ণনাম-সঙ্কীর্ত্তন দ্বারা দুর্ব্বাসনাদি আবর্জ্জনা-পরিপূর্ণ হৃদয়ের সমস্ত মলিনতা দূরীভূত হইলে, তখন সেই সুনির্ম্মল হৃদয়ে কৃষ্ণ-বিষয়ে স্ফূর্ত্তি লাভ হইয়া থাকে এবং তৎসঙ্গে সঙ্গে সম্পূর্ণরূপে নিজ-স্বরূপের উপলব্ধি হয়,

সংসার-লালসা বিদূরিত হয়, রিপু ও ইন্দ্রিয়গণের দমন হইয়া মনের চঞ্চলতা ও সর্ব্ববিধ অশান্তি দূরীভূত হয় অর্থাৎ এক কথায় বলিতে গেলে, সর্ব্বানর্থ-নিবৃত্তি হয় এবং সর্ব্বোপরি সুদুর্ল্লভ যে শ্রীব্রজ-প্রেমসেবা, তাহা লাভ হইয়া থাকে।

শাস্ত্রে বলিতেছেন ঃ—

অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তর-শুচিঃ ॥

অর্থাৎ মানব শুচিই হউন বা অশুচিই হউন বা তিনি যে কোনও অবস্থায় থাকুক না কেন, যদি তিনি পদ্মপলাশলোচন শ্রীহরিকে স্মরণ ( বা তদীয় নাম কীর্ত্তন ) করেন, তাহা হইলে তাঁহার দেহ ও চিত্ত উভয়ই সুপবিত্র বা পরম নির্ম্মল হইয়া যায় অর্থাৎ তাঁহার সর্ব্ববিধ পাপ ও সর্ব্ববিধ দুর্ব্বাসনা দূরীভূত হইয়া তিনি পরম পবিত্র হইয়া যান।

স্কন্দপুরাণে বলিতেছেন—

মহাপাতক-যুক্তোঽপি কীর্ত্তয়ন্ননিশং হরিং।
শুদ্ধান্তঃকরণো ভুত্বা জায়তে পঙ্‌ক্তি-পাবনঃ ॥

অর্থাৎ যদি কোন ব্যক্তি মহাপাতক-যুক্ত হইয়াও নিরন্তর হরি-নাম কীর্ত্তন করেন, তাহা হইলে তাঁহার চিত্ত পরম পবিত্র অর্থাৎ সুনির্ম্মল হইয়া যায় এবং তখন তিনি সকল শ্রেণীকে পবিত্র করিতে সমর্থ হন।

শ্রীমদ্ভাগবতে বলিতেছেন ঃ—

নাতঃ পরং কর্ম্ম-নিবন্ধ-কৃন্তনং
মুমুক্ষতাং তীর্থপদানুকীর্ত্তনাৎ।
ন যৎ পুনঃ কর্ম্মসু সজ্জতে মনো
রজস্তমোভ্যাং কলিলং ততোঽন্যথা ॥

অর্থাৎ পাপের মূলোচ্ছেদ করিতে পবিত্র-পাদ ভগবান্ শ্রীহরির নাম-কীর্ত্তন অপেক্ষা অধিকতর বলবান্ আর কিছুই নাই। এতদ্ভিন্ন অন্যবিধ প্রায়শ্চিত্তের

যে ব্যবস্থা আছে, তাহাতে রজ ও তম-গুণ উদ্ভূত হইয়া চিত্ত মলিন করিয়া দেয়, কিন্তু শ্রীভগবন্নাম-কীর্ত্তনে চিত্ত একান্ত নির্ম্মল হইয়া থাকে এবং পুনর্ব্বার কর্ম্মে আর আসক্ত হয় না।

বৈশম্পায়ন-সংহিতায় বলিতেছেন ঃ—

সর্ব্বধর্ম্ম-বহিভূর্তঃ সর্ব্বপাপ-রতস্তথা।
মুচ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনাৎ॥

অর্থাৎ যে ব্যক্তি সর্ব্বধর্ম্ম-বহিস্কৃত ও সর্ব্ব প্রকার পাপে আসক্ত, তিনিও শ্রীহরিনাম-কীর্ত্তনমাত্রে ভব-সমুদ্র উত্তীর্ণ হইয়া থাকেন।

এইরূপে বুঝা যাইতেছে যে, কৃষ্ণ-কীর্ত্তন করিতে করিতে চিত্ত একেবারে সুনির্ম্মল হইয়া যায় এবং তখন সেই নির্ম্মল চিত্তে কৃষ্ণ-স্ফূর্ত্তি হইয়া অন্য সর্ব্ববিধ বাসনা দূরীভূত করতঃ শ্রীরাধাগোবিন্দ-প্রেমসেবা-লাভের বাসনা পূর্ণ করিয়া দেয়।

## ভব-মহাদাবাগ্নি-নির্ব্বাপণং।

দৈব-প্রেরণায় বন-মধ্যে গ্রীষ্মাদি কালে বায়ু-বিতাড়িত বৃক্ষের ঘর্ষণে যে অগ্নি উৎপন্ন হইয়া বন দগ্ধ করে, তাহার নাম দাবাগ্নি বা দাবানল। দাবাগ্নি প্রজ্বলিত হইয়া যেমন বন-মধ্যস্থ প্রাণী সকলকে দগ্ধ করে, তদ্রূপ সংসারাসক্ত জীব সকল অনাদিকাল হইতে ভগবদ্বহির্ম্মুখ বলিয়া ত্রিতাপজ্বালা তাহাদিগকে অবিরত দগ্ধ করিতেছে ; এই নিরবচ্ছিন্ন জ্বালার আর বিরাম নাই, ইহা জন্মের পর জন্ম এইরূপে ক্রমাগতই চলিতেছে ; সুতরাং ইহা দাবাগ্নি হইতেও আরও ভীষণ ; এই ত্রিতাপ-জ্বালা সংসারেই ভোগ করিতে হয় বলিয়া সংসারকেই দাবাগ্নি হইতেও অধিকতর ভীষণ অর্থাৎ মহাদাবাগ্নি বলিতেছেন ; অধিকন্তু দাবানল ত কালক্রমে নির্ব্বাপিত হয়, কিন্তু এই সংসার-রূপ দাবানল আর নির্ব্বাপিত হইবার নহে, তন্নিমিত্তও ইহা হইতেছে মহাদাবানল। তবে

যেমন শ্রীভগবৎ-প্রেরণায় অকস্মাৎ প্রচুর পরিমাণে বারি-বর্ষণ হইয়া দাবাগ্নি নিৰ্ব্বাপিত হইলে, প্রাণিগণ ঐ দাবাগ্নি হইতে রক্ষা প্রাপ্ত হইয়া শান্তি লাভ করে, তদ্রূপ শ্রীভগবৎ-প্রেরণায় নামসঙ্কীর্ত্তন-রূপ প্রবল অমৃত-ধারা-বর্ষণেই এই ভব-মহাদাবাগ্নি নিৰ্ব্বাপিত হইয়া থাকে অর্থাৎ কেবলমাত্র কৃষ্ণনাম-কীর্ত্তন দ্বারাই জীবের সংসার-বন্ধন মোচন হয় এবং সর্ব্বোপরি সুদুর্ল্লভ যে শ্রীরাধাগোবিন্দ-প্রেমসেবা, তাহা লাভ হইয়া থাকে। শ্রীকৃষ্ণ-প্রেমসেবা-লাভই হইতেছে জীবের সর্ব্ব-প্রধান মুক্তি অর্থাৎ বন্ধন-নাশ——ইহা সার্ষ্টি, সামীপ্যাদি পঞ্চবিধ মুক্তিরও অতীত এবং তদপেক্ষা অনেক উচ্চ-স্তরে অবস্থিত, ইহা অপেক্ষা শ্রেষ্ঠ মুক্তি আর হইতে পারে না, ইহা দেবতাগণেরও দুর্ল্লভ। শ্রীমন্মহাপ্রভুর প্রশ্নে শ্রীরায় রামানন্দ উত্তর দিয়াছিলেন, যথা ঃ—

প্রশ্ন— মুক্ত মধ্যে কোন্ জন মুক্ত করি মানি।
উত্তর— কৃষ্ণ-প্রেম যার সেই মুক্ত-শিরোমণি ॥

শ্রীচৈতন্যচরিতামৃত।

শ্রীকৃষ্ণ-কীর্ত্তন দ্বারাই এই কৃষ্ণ-প্রেম ও তজ্জনিত শ্রীরাধাগোবিন্দ-পাদপদ্ম-সেবা লাভ হইয়া থাকে। শ্রীরাধাগোবিন্দ-প্রেমসেবা লাভ করিতে পারিলেই, সেই ভাগ্যবান্ ব্যক্তি তখন মুক্ত-শিরোমণি বলিয়া অভিহিত হন এবং তাঁহার ভব-মহাদাবাগ্নি চিরদিনের তরে নিৰ্ব্বাপিত হইয়া যায়।

বিষ্ণুধৰ্ম্মোত্তরে বলিতেছেন ঃ—

শমায়ালং জলং বহ্নেস্তমসো ভাস্করোদয়ঃ।
শান্ত্যৈ কলেরঘৌঘস্য নাম-সঙ্কীর্ত্তনং হরেঃ ॥ ১ ॥

নাম্নাং হরেঃ কীর্ত্তনতঃ প্রযাতি
সংসার-পারং দুরিতৌঘ-মুক্তঃ।
নরঃ স সত্যং কলিদোষ-জন্ম-
পাপং নিহন্ত্যাশু কিমত্র চিত্রং ॥ ২ ॥

অর্থাৎ জল যেমন অগ্নি নির্ব্বাণ করিতে সমর্থ এবং সূর্য্যোদয় যেমন অন্ধকার নিবারণ করিতে সমর্থ, তদ্রূপ হরিনাম-সঙ্কীর্ত্তনও কলির পাপরাশি বিনাশ করিতে বিশেষরূপে সমর্থ ॥ ১ ॥

মনুষ্য যখন হরিনাম-কীর্ত্তনমাত্রেই সর্ব্বপাপ-বিনির্ম্মুক্ত হইয়া ভব-সমুদ্র উত্তীর্ণ হন, তখন তদ্দ্বারা তাহাদের কলিজনিত পাপ যে বিনষ্ট হইবে, তাহাতে আর আশ্চর্য্য কি ? ॥ ২ ॥

প্রভাসখণ্ডে বলিতেছেনঃ—

মধুর-মধুরমেতন্মঙ্গলং মঙ্গলানাং
সকল-নিগম-বল্লী-সৎফলং চিৎস্বরূপং।
সকৃদপি পরিগীতং হেলয়া শ্রদ্ধয়া বা
ভৃগুবর ! নরমাত্রং তারয়েৎ কৃষ্ণনাম ॥

অর্থাৎ হে শৌনক ! সকল মধুরের মধুর, সকল মঙ্গলের মঙ্গল, নিখিল বেদরূপ লতিকার সৎফল ও ব্রহ্ম-স্বরূপ যে কৃষ্ণ-নাম, তাহা হেলায় হউক বা শ্রদ্ধায় হউক একবারমাত্রও কীর্ত্তিত হইলে মানবমাত্রকেই উদ্ধার করিয়া থাকে।

শ্রীমদ্ভাগবতে বলিতেছেনঃ—

স্তেনঃ সুরাপো মিত্রধ্রুগ্ ব্রহ্মহা গুরুতল্পগঃ
স্ত্রী-রাজ-পিতৃ-গো-হন্তা যে চ পাতকিনোহপরে।
সর্ব্বেষামপ্যঘবতামিদমেব সুনিষ্কৃতং
নাম-ব্যাহরণং বিষ্ণোর্যতস্তদ্বিষয়া মতিঃ ॥

অর্থাৎ স্বর্ণাপহারী, মদ্যপায়ী, মিত্রদ্রোহী, ব্রহ্মঘাতী, গুরুপত্নী-গামী, স্ত্রী বা রাজা বা পিতা বা গো-হত্যাকারী ও অন্যান্য যে সকল পাতকী আছে, তাহাদের সকলেরই পক্ষে শ্রীবিষ্ণুর নাম উচ্চারণই হইতেছে শ্রেষ্ঠ প্রায়শ্চিত্ত, যেহেতু বিষ্ণুর নাম উচ্চারণ করিবামাত্রই তিনি মনে করেন যে, এই ব্যক্তি

আমারই নিজ-জন, অতএব ইহাকে রক্ষা করা আমার সর্ব্বতোভাবে কর্ত্তব্য।

এইরূপে দেখা যাইতেছে যে, কৃষ্ণ-নাম কীর্ত্তন করিতে করিতে মানব সর্ব্বপাপ-বিনির্ম্মুক্ত হইয়া পরম পবিত্র হইয়া যায় এবং শ্রীকৃষ্ণ তখন তাহার উদ্ধারের নিমিত্ত ব্যাকুল হইয়া স্বীয় দেব-দুর্ল্লভ শ্রীপাদপদ্ম-সেবা প্রদান করিয়া থাকেন।

শ্রেয়ঃকৈরব-চন্দ্রিকা-বিতরণং।

নাম-সঙ্কীর্ত্তনে সর্ব্ব অমঙ্গল ও সমস্ত বিপদ দূরীভূত হয়। শ্রীকৃষ্ণের একটী নাম হইতেছে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন; বিপদকালে তাঁহাকে মনে প্রাণে একবার ডাকিতে পারিলে বিপদ কি আর থাকিতে পারে? কৌরবেরা সভা-মধ্যে দ্রৌপদী-দেবীকে বিবস্ত্রা করিতে উদ্যত হইলে, তৎকালে তিনি নিরুপায় হইয়া, শ্রীকৃষ্ণ-চরণে একান্তভাবে শরণাগত হইলেন ও করযোড়ে 'কৃষ্ণ, কৃষ্ণ' বলিয়া কাঁদিয়া উঠিলেন; তখন কৃষ্ণ কি আর স্থির থাকিতে পারেন? তিনি তৎক্ষণাৎ স্বয়ং বস্ত্ররূপ ধারণ করিয়া দ্রৌপদীর লজ্জা নিবারণ করিলেন। বিপদে পড়িয়া শরণাগত হইয়া ঐরূপ একান্ত-চিত্তে প্রহ্লাদ ডাকিয়াছিলেন বলিয়া, প্রভু তাঁহাকে মৃত্যুর কবল হইতে রক্ষা করিয়াছিলেন। ধ্রুবও ঐরূপে ডাকিয়াছিলেন বলিয়া, ধ্রুবের সমস্ত বিপদ দূরীভূত হইয়া সর্ব্ববিধ কল্যাণ সাধিত হইয়াছিল।

বলা বাহুল্য, জীবের সর্ব্ববিধ মঙ্গলের মধ্যে শ্রীকৃষ্ণপাদপদ্ম-সেবা-লাভই হইতেছে সর্ব্বশ্রেষ্ঠ মঙ্গল। শ্রীমন্মহাপ্রভুর প্রশ্নে শ্রীরায় রামানন্দ উত্তর দিয়াছিলেন, যথাঃ—

প্রশ্ন— শ্রেয়ো মধ্যে কোন্ শ্রেয়ো জীবের হয় সার।
উত্তর—কৃষ্ণভক্ত-সঙ্গ বিনা শ্রেয়ো নাহি আর॥

শ্রীচৈতন্যচরিতামৃত।

এতদ্দ্বারা ইহাই বলিতেছেন যে, কৃষ্ণ-ভক্তের সঙ্গই হইতেছে পরম মঙ্গল, যেহেতু ভক্ত-সঙ্গের ফলেই পরম-মঙ্গলময় শ্রীকৃষ্ণ-পাদপদ্ম-সেবা লাভ হইয়া থাকে, কেননা ভক্ত-সঙ্গে অনুক্ষণ শ্রীকৃষ্ণ-কীর্ত্তন হয় এবং কৃষ্ণ-কীর্ত্তন করিতে করিতে কৃষ্ণ-প্রেম ও তজ্জনিত কৃষ্ণ-পাদপদ্ম-সেবা লাভ হইয়া থাকে।

বৃহদ্বিষ্ণুপুরাণে বলিতেছেন ঃ—

নাম্নোঽস্য যাবতী শক্তিঃ পাপ-নির্হরণে হরেঃ।
তাবৎ কর্ত্তুং ন শক্নোতি পাতকং পাতকী জনঃ ॥

অর্থাৎ পাপরূপ মহা অমঙ্গল ক্ষয় করিতে হরি-নামের যত শক্তি আছে, সর্ব্বদা পাপকারী ব্যক্তিও তত পাপ করিতে পারে না।

ইতিহাসোত্তমে বলিতেছেন ঃ—

শ্বাদোঽপি ন হি শক্নোতি কর্ত্তুং পাপানি যত্নতঃ।
তাবন্তি যাবতী শক্তির্বিষ্ণোর্নাম্নোঽশুভ-ক্ষয়ে ॥

অর্থাৎ অমঙ্গল নাশ করিতে বিষ্ণু-নামের যত শক্তি আছে, নিত্য কুক্কুর-ভক্ষণশীল পরম পাপজাতিও চেষ্টা করিয়াও তত পাপ করিতে সমর্থ হয় না।

বৃহন্নারদীয়পুরাণে বলিতেছেন ঃ—

অচ্যুতানন্দ-গোবিন্দ-নামোচ্চারণ-ভেষজাৎ।
নশ্যন্তি সকলা রোগাঃ সত্যং সত্যং বদাম্যহং ॥

অর্থাৎ আমি সত্য সত্য বলিতেছি—অচ্যুত, আনন্দ, গোবিন্দ ইত্যাদি নামোচ্চারণ-রূপ ঔষধ দ্বারা সকল রোগ বিনষ্ট হইয়া থাকে।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলিতেছেন ঃ—

সর্ব্বপাপ-প্রশমনং সর্ব্বোপদ্রব-নাশনং।
সর্ব্বদুঃখ-ক্ষয়-করং হরিনামানুকীর্ত্তনং ॥

অর্থাৎ হরিনাম কীর্ত্তন করিলে সর্ব্বপাপ ধ্বংস হয়, সর্ব্ব প্রকার বিঘ্ন বিনষ্ট হয় ও সমুদায় দুঃখ দূরীভূত হইয়া থাকে।

বিষ্ণুধর্ম্মোত্তরে বলিতেছেন ঃ—

সর্ব্বমঙ্গল-মঙ্গল্যমায়ুষ্যং ব্যাধি-নাশনং।
ভুক্তি-মুক্তি-প্রদং দিব্যং বাসুদেবস্য কীর্ত্তনং॥

অর্থাৎ বাসুদেব শ্রীকৃষ্ণের নাম কীর্ত্তন করিলে, উহা সকল মঙ্গলেরও মঙ্গল প্রদান করে, পরমায়ু বৃদ্ধি করে, ব্যাধি নাশ করে এবং পরমানন্দ-প্রদ অনুত্তম বৈকুণ্ঠলোক প্রাপ্ত করাইয়া থাকে।

## বিদ্যা-বধূ-জীবনং।

"শ্রীকৃষ্ণই যে একমাত্র ভজনীয় ও শ্রীকৃষ্ণ-ভজন যে অবশ্য কর্ত্তব্য"—এই শ্রীকৃষ্ণভক্তি-বিষয়ক পরম তত্ত্বজ্ঞানই হইতেছে পরা বিদ্যা, ইহা অপেক্ষা শ্রেষ্ঠ বিদ্যা আর হইতে পারে না। শ্রীকৃষ্ণনাম-সঙ্কীর্ত্তন-প্রভাবে এই জ্ঞান হৃদয়ে দৃঢ়রূপে বদ্ধমূল হইয়া থাকে। শ্রীমন্মহাপ্রভুর প্রশ্নে শ্রীরায় রামানন্দ উত্তর দিয়াছিলেন, যথা ঃ—

প্রশ্ন—প্রভু কহে কোন্ বিদ্যা বিদ্যা-মধ্যে সার।
উত্তর—রায় কহে ভক্তি বিনা বিদ্যা নাহি আর॥

শ্রীচৈতন্যচরিতামৃত।

শ্রীকৃষ্ণ-কীর্ত্তন সহযোগে কৃষ্ণ-ভজন করিতে করিতে শ্রীকৃষ্ণ-পাদপদ্মে ভক্তি অর্থাৎ প্রেমভক্তি তজ্জনিত শ্রীরাধা-গোবিন্দ-প্রেমসেবা লাভ হইয়া থাকে।

গরুড়পুরাণে বলিতেছেন ঃ—

যদীচ্ছসি পরং জ্ঞানং জ্ঞানাদ্ যৎ পরমং পদং।
তদাদরেণ রাজেন্দ্র! কুরু গোবিন্দ-কীর্ত্তনং॥

অর্থাৎ শ্রীশুকদেব গোস্বামী অম্বরীষ মহারাজকে বলিলেন, হে নৃপরাজ!

যদি তোমার পরম জ্ঞান ও সেই জ্ঞান হইতে পরম পদ লাভ করিতে ইচ্ছা থাকে, তাহা হইলে আদর সহকারে শ্রীগোবিন্দের নাম কীর্ত্তন কর।

বিষ্ণুরহস্যে ও বিষ্ণুধর্ম্মোত্তরে বলিতেছেন ঃ—

এতদেব পরং জ্ঞানমেতদেব পরং তপঃ।
এতদেব পরং তত্ত্বং বাসুদেবস্য কীর্ত্তনং ॥

অর্থাৎ বাসুদেব শ্রীকৃষ্ণের নাম-কীর্ত্তনই হইতেছে পরম জ্ঞান, ইহাই হইতেছে পরম তপস্যা এবং ইহাই হইতেছে পরম তত্ত্ব।

আনন্দাম্বুধি-বর্দ্ধনং।

কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তন আনন্দ-সমুদ্র পরিবর্দ্ধন করে।

শ্রীভগবদ্গীতায় বলিতেছেন ঃ—

স্থানে হৃষীকেশ ! তব প্রকীর্ত্ত্যা
জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি
সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধ-সংঘাঃ ॥

অর্থাৎ অর্জ্জুন কহিলেন, হে হৃষীকেশ ! তোমার নাম কীর্ত্তন করিলে, কেবল আমি কেন সমস্ত জগৎ হর্ষযুক্ত ও অনুরাগ-বিশিষ্ট হয়; অপিতু রাক্ষসগণ ভীত হইয়া দিগন্তরে পলায়ন করে এবং সিদ্ধ পুরুষেরা তোমাকে নমস্কার করে।

শ্রীভক্তিরসামৃতসিন্ধু বলিতেছেন ঃ—

ব্রহ্মানন্দো ভবেদেষ চেৎ পরার্দ্ধ-গুণীকৃতঃ।
নৈতি ভক্তি-সুখাম্ভোধেঃ পরমাণু-তুল্যমপি ॥

অর্থাৎ ব্রহ্মানন্দকে যদি কোটী কোটী গুণও করা যায়, তথাপি তাহা ভক্তি-সুখ-সাগরের একটী পরমাণুর তুল্যও হয় না। (এখানে বলা বাহুল্য যে,

কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তনানুষ্ঠানই হইতেছে ভক্তি এবং তাহা হইতেই সুখ-সমুদ্র উদ্বেলিত ও পরিবর্দ্ধিত হইয়া থাকে।)

প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং।

এই নাম-সঙ্কীর্ত্তনের পদে পদে অমৃতের আস্বাদ প্রাপ্ত হওয়া যায়। যাবতীয় সুমিষ্ট বস্তুর মধ্যে অমৃত হইতেছে সর্ব্বশ্রেষ্ঠ। পরন্তু নাম-সঙ্কীর্ত্তন হইতেছে অমৃত হইতেও অধিকতর সুমধুর, যেহেতু অমৃত হইল মিষ্ট, কিন্তু মিষ্ট দ্রব্য খাইয়া উদর পূর্ণ হইলে আর একটুও খাইবার লালসা হয় না বা খাওয়াও যায় না, কিন্তু এই নাম-সঙ্কীর্ত্তনামৃত যতই পান করা যায়, ততই লালসা বৃদ্ধি পায়, কিছুতেই আর তৃপ্তি হয় না—তখন এক অপূর্ব্ব আনন্দে হৃদয় নৃত্য করিতে থাকে।

নারদপুরাণে বলিতেছেন ঃ—

নব্যং নব্যং নামধেয়ং মুরারে-
র্যদ্ যচ্চৈতদ্ গেয়-পীযূষ-পুষ্টং।
যে গায়ন্তি ত্যক্ত-লজ্জাঃ সহর্ষং
জীবন্মুক্তাঃ সংশয়ো নাস্তি তত্র ॥

অর্থাৎ পরমোৎকৃষ্ট-মধুর-রসময় শ্রীমুরারির নাম সকল প্রতিক্ষণই নূতন নূতন বলিয়া অনুভূয়মান হইয়া থাকেন ; যাঁহারা লজ্জা পরিত্যাগ পূর্ব্বক এই সমস্ত নাম সহর্ষে কীর্ত্তন করেন, তাঁহারা যে জীবন্মুক্ত, তদ্বিষয়ে আর কিছুমাত্র সন্দেহ নাই।

শ্রীবিদগ্ধ-মাধবে বলিতেছেন ঃ—

তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতনুতে তুণ্ডাবলী-লব্ধয়ে
কর্ণক্রোড়-কড়ম্বিনী ঘটয়তে কর্ণার্ব্বুদেভ্যঃ স্পৃহাং।

চেতঃপ্রাঙ্গণ-সঙ্গিনী বিজয়তে সর্ব্বেন্দ্রিয়াণাং কৃতিং
নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী ॥

আহা মরি ! না জানি "কৃষ্ণ" এই বর্ণ দুইটি কত সুধা দিয়াই গঠিত ! ইহা বদনে উচ্চারিত হইবামাত্র শত শত বদন-লাভের কামনা হৃদয়ে উত্থিত হয়, কর্ণ-কুহরে প্রবিষ্ট হইবামাত্র কোটী কোটী কর্ণ-লাভের বাসনার উদ্রেক হয় এবং স্মৃতিপথে জাগরূক হইবামাত্র সমস্ত ইন্দ্রিয়ের কার্য্য স্থগিত করিয়া দেয় !!!

### সর্ব্বাত্ম-স্নপনং।

নাম-সঙ্কীর্ত্তন সমস্ত ইন্দ্রিয়গণকে পরিতৃপ্ত করে।

শ্রীমদ্ভাগবতে বলিতেছেন ঃ—

নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্
ভবৌষধাচ্ছ্রোত্র-মনোভিরামাৎ ॥
ক উত্তমঃশ্লোক-গুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ ॥ ৩১ ॥

ইহার অনুবাদ "সংক্ষিপ্ত সদাচার" প্রবন্ধে 'শ্রীভগবন্নাম ও কথা' বিষয়ে দ্রষ্টব্য। এখানে 'শ্রোত্র-মনোঽভিরামাৎ' বাক্য দ্বারা ইহাই বলিতেছেন যে, হরি-কথা বা হরি-কীর্ত্তন কর্ণ ও মনের আনন্দ-জনক বলিয়া ইন্দ্রিয়-সুখাভিলাষী বিষয়িগণও এই হরি-কথা শ্রবণ করিয়া থাকেন। সুতরাং এতদ্দ্বারা বুঝা যাইতেছে যে, হরি-কথা বা হরিনামানুকীর্ত্তন সর্ব্বেন্দ্রিয়ের তৃপ্তিকর।

উপরে ইহার ঠিক পূর্ব্বেই "শ্রীবিদগ্ধ-মাধব" গ্রন্থ হইতে

তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতনুতে তুণ্ডাবলী-লব্ধয়ে

ইত্যাদি যে শ্লোকটী উদ্ধৃত করা হইয়াছে, দেখিতে পাইবেন যে তাহাতেও বলিতেছেন, 'কৃষ্ণ-নাম' বদনে উচ্চারিত হইবামাত্র শত শত বদন-লাভের কামনা হৃদয়ে উত্থিত হয়, কর্ণকুহরে প্রবিষ্ট হইবামাত্র কোটী কোটী কর্ণ-লাভের বাসনার

উদ্রেক হয় এবং স্মৃতি-পথে জাগরূক হইবামাত্র সমস্ত ইন্দ্রিয়ের কার্য্য স্থগিত করিয়া দেয়। এতদ্দ্বারাও ইহা স্পষ্টই বুঝা যাইতেছে যে, 'কৃষ্ণনাম-কীর্ত্তন' সমস্ত ইন্দ্রিয়ের পক্ষে কিরূপ অসাধারণ তৃপ্তিকর।

শ্রীমদ্ভাগবতে শ্রীভগবান্ বলিতেছেন ঃ—

সতাং প্রসঙ্গান্মম বীর্য্য-সংবিদো
ভবন্তি হৃৎ-কর্ণ-রসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গ-বর্ত্মনি
শ্রদ্ধা-রতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥

ইহার অনুবাদ ২৪৭ পৃষ্ঠায় দ্রষ্টব্য। এখানে "হৃৎ-কর্ণ-রসায়নাঃ কথাঃ" এই বাক্য দ্বারা শ্রীভগবান্ স্বয়ংই বলিতেছেন, 'সাধু-সঙ্গে হৃদয় ও কর্ণের প্রীতিপ্রদ যে সমস্ত সৎ-কথার আলোচনা হয়'; সুতরাং এই শ্রীভগবদ্বাক্যে বুঝা যাইতেছে যে, শ্রীকৃষ্ণ-কথা বা শ্রীকৃষ্ণ-কীর্ত্তন ইন্দ্রিয়গণের পরম প্রীতিকর।

শ্রীকৃষ্ণ-কীর্ত্তন যে ইন্দ্রিয়গণের পক্ষে কিরূপ পরিতৃপ্তিকর, কি অপূর্ব্ব আনন্দ-প্রদ ও কীদৃশ মধুর হইতেও সুমধুর, তাহা যাঁহাদের জন্ম-জন্মান্তরীণ সুকৃতির ফলে কৃষ্ণ-কীর্ত্তন দ্বারা সে আস্বাদ অনুভব করিবার ভাগ্য ঘটিয়াছে, তাঁহারাই কেবল তাহা বুঝিতে সমর্থ—এ আনন্দ বুঝাইবার বস্তু নহে, ইহা উপভোগের সামগ্রী; পরন্তু স্বয়ং শ্রীকৃষ্ণ-কীর্ত্তনের অনুষ্ঠান না করিলে, বা তাহা শ্রবণ না করিলে, তজ্জনিত পরমানন্দ উপভোগ করা যায় না।

এইরূপে হর্ষভরে নাম-সঙ্কীর্ত্তনের মহিমা কীর্ত্তন করিতে করিতে, ভাবময় শ্রীমন্মহাপ্রভুর অন্তরে বিষাদ ও দৈন্য-ভাবের উদ্রেক হইল; তখন তিনি বলিতে লাগিলেন ঃ—

হে ভগবন্! ভিন্ন ভিন্ন লোকের ভিন্ন ভিন্ন রুচি বশতঃ তুমি হরি, কৃষ্ণ, গোবিন্দ, মুরারি, মুকুন্দ, মাধব প্রভৃতি স্বীয় অসংখ্য নামের প্রচার করিয়াছ ও সেই নাম-সমূহে নিজের সর্ব্ব শক্তি অর্পণ করিয়াছ অর্থাৎ তুমিও যেমন পতিত-

পাবন, তোমার নামও তদ্রূপ পতিত-পাবন, তুমিও যেমন বাঞ্ছাকল্পতরু, তোমার নামও তদ্রূপ বাঞ্ছাকল্পতরু, সুতরাং তোমার নামও হইতেছে তোমারই ন্যায় সৰ্ব্বশক্তিমান্ ; অপিচ সেই নাম গ্রহণ করিবার পক্ষে স্থানাস্থান কালাকাল কোনও নিয়ম কর নাই অর্থাৎ যে কোনও স্থানে যে কোনও সময়ে সেই নাম গ্রহণ করা যাইতে পারে, তাহাতে কোনও বিধি বা নিষেধ নাই। হে প্রভো! তোমার এত দয়া, কিন্তু আমার ঈদৃশ দুর্দ্দৈব যে, তোমার ঐ কোনও নামে আমার রুচি জন্মিল না ॥ ২ ॥

লোকের রুচি বিভিন্ন বলিয়া শ্রীভগবান্ও কৃপা করিয়া নিজের অসংখ্য নামের প্রচার করিয়াছেন—যাঁহার যে নামে অভিরুচি হইবে, যাঁহার যে নাম ভাল লাগিবে, তিনি সেই নামই কীর্ত্তন করিতে পারিবেন। আবার শ্রীভগবানের আরও দয়া এই যে, তিনি সকল নামেই নিজের সমস্ত শক্তি অর্পণ করিয়াছেন ; সুতরাং যিনি যে নামই গ্রহণ করুন না কেন, তাহাতেই তাঁহার ইষ্ট-সিদ্ধি হইবে।

শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বলিতেছেন ঃ—

সৰ্ব্বাণি নামানি হি তস্য রাজন্ !
সৰ্ব্বার্থ-সিদ্ধ্যৈ তু ভবন্তি পুংসঃ।
তস্মাদ্ যথেষ্টং খলু কৃষ্ণ-নাম
সর্ব্বেষু কার্য্যেষু জপেত ভক্ত্যা ॥

অর্থাৎ মহামুনি মার্কণ্ডেয় শ্রীবজ্র-মহারাজকে বলিলেন, হে রাজন্! শ্রীভগবানের সকল নামই মানবের সৰ্ব্ব কার্য্যে সিদ্ধি প্রদান করিয়া থাকেন ; অতএব সকল কার্য্যেই শ্রীকৃষ্ণের নাম সকল ভক্তিপূর্ব্বক যথেষ্টরূপে জপ করিবে।

স্কন্দপুরাণে বলিতেছেন ঃ—

দান-ব্রত-তপস্তীর্থক্ষেত্রাদীনাঞ্চ যাঃ স্থিতাঃ।
শক্তয়ো দেব-মহতাং সৰ্ব্ব-পাপ-হরাঃ শুভাঃ।

রাজসূয়াশ্বমেধানাং জ্ঞানসাধ্যাত্মবস্তুনঃ।
আকৃষ্য হরিণা সর্ব্বাঃ স্থাপিতাঃ স্বেষু নামসু ॥

অর্থাৎ দান, ব্রত, তপস্যা, তীর্থক্ষেত্র প্রভৃতির এবং দেবতা ও সাধুগণের, তথা রাজসূয় ও অশ্বমেধাদি যজ্ঞ-সমূহের এবং জ্ঞান-সাধ্য আত্মবস্তুর যে সমস্ত সর্ব্ব-পাতক-নাশিনী ও মঙ্গলদায়িনী শক্তি আছে, শ্রীহরি তৎসমস্ত আকর্ষণ করিয়া আপনার নাম-সমূহে স্থাপন করিয়াছেন।

ব্রহ্মাণ্ডপুরাণে বলিতেছেন ঃ—

সর্ব্বার্থ শক্তি-যুক্তস্য দেবদেবস্য চক্রিণঃ।
যচ্চাভিরুচিতং নাম তৎ সর্ব্বার্থেষু যোজয়েৎ ॥

অর্থাৎ দেবদেব চক্রপাণির সর্ব্বাভীষ্ট-প্রদানে শক্তি-সম্পন্ন যে কোনও নামে অভিরুচি হইবে, সকল প্রয়োজন-সিদ্ধির নিমিত্ত তাহাই কীর্ত্তন করিবে।

শ্রীভগবানের আরও কৃপা এই যে, তিনি এই নাম গ্রহণের নিমিত্ত কোনও কালাকাল বা স্থানাস্থান নির্দ্দেশ করেন নাই অর্থাৎ খাইতে, শুইতে, উঠিতে, বসিতে, চলিতে, ফিরিতে যখন তখনই—এমন কি মলমূত্র পরিত্যাগের সময়েও এই নাম গ্রহণ করা যাইতে পারে, তাহাতে কোনও নিষেধ নাই, কোনও নিয়ম নাই ; যে কোন সময়ে, যে কোন অবস্থাতে এবং পবিত্র বা অপবিত্র যে কোন স্থানেই নাম গ্রহণ করা হউক না কেন, নামের ফল প্রাপ্ত হইয়া যাইবে।

শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বলিতেছেন ঃ—

ন দেশ-নিয়মস্তস্মিন্ ন কাল-নিয়মস্তথা।
নোচ্ছিষ্টাদৌ নিষেধোঽস্তি শ্রীহরের্নাম্নি লুব্ধক ! ॥

অর্থাৎ হে ব্যাধ ! শ্রীহরির নাম কীর্ত্তন করিতে স্থানের নিয়ম নাই বা কালের নিয়ম নাই অর্থাৎ সর্ব্ব স্থানে ও সর্ব্ব সময়েই নাম কীর্ত্তন করা যাইতে পারে ; উচ্ছিষ্টাদি অশুচি অবস্থাতেও নাম কীর্ত্তন করিতে কোনও নিষেধ নাই।

স্কন্দ ও পদ্মপুরাণ এবং বিষ্ণুধর্ম্মোত্তরে বলিতেছেন ঃ—

চক্রায়ুধস্য নামানি সদা সর্ব্বত্র কীর্ত্তয়েৎ।
নাশৌচং কীর্ত্তনে তস্য স পবিত্রকরো যতঃ ॥

অর্থাৎ চক্রপাণি শ্রীবিষ্ণুর নাম সর্ব্ব কালে ও সর্ব্ব স্থানেই কীর্ত্তন করিবে; অশৌচ অর্থাৎ অপবিত্র অবস্থাতেও কীর্ত্তন করিবে, তাহাতে কোনও দোষ হইবে না, যেহেতু শ্রীবিষ্ণু হইতেছেন পরম পবিত্রময় ও পরম পবিত্রকারী; (সুতরাং তাঁহার নাম-কীর্ত্তন সকলকেই পবিত্র করিয়া থাকেন।)

বৈশ্বানর সংহিতায় বলিতেছেন ঃ—

ন দেশ-কাল-নিয়মো ন শৌচাশৌচ-নির্ণয়ঃ।
পরং সঙ্কীর্ত্তনাদেব রামরামেতি উচ্যতে ॥

অর্থাৎ স্থানের নিয়ম নাই বা কালের নিয়ম নাই বা শুচি অশুচির নিয়ম নাই, কেবল "রাম রাম" এইমাত্র কীর্ত্তন করিলেই মুক্ত হইবে।

শ্রীভগবানের কৃপা এতাদৃশ অপরিসীম হইলেও এবং তাঁহার নাম সকল অপার-শক্তি-সম্পন্ন হইলেও, সেই নাম গ্রহণ করিতে রুচি না হওয়া যে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, তদ্বিষয়ে আর কিছুমাত্র সন্দেহ নাই; তজ্জন্য শ্রীমন্মহাপ্রভু কৃপা-পরবশ হইয়া আমাদের ন্যায় হতভাগ্যগণের শিক্ষার্থে অত্যন্ত আক্ষেপের সহিত বলিতেছেন,—হায়, হায়! ঈদৃশ নামেও আমার অনুরাগ হইল না।

(নাম-মাহাত্ম্য-বিষয়ক আরও অধিক বিবরণ "সংক্ষিপ্ত-সদাচার" প্রবন্ধের 'শ্রীভগবন্নাম ও কথা' বিষয়ে দ্রষ্টব্য)।

এই অপার মহিমময় হরিনাম হেলা করিয়া লইলেও পাপনাশাদি রূপ ফল প্রাপ্ত হওয়া যায় বটে, কিন্তু তাই বলিয়া যে অমনি যেমন তেমন করিয়াই নাম লইতে হইবে তাহা নহে, যেহেতু তদ্দ্বারা নামের প্রকৃত ফল যে কৃষ্ণ-প্রেম তাহা লাভ করা যায় না। অতএব এই দেব-দুর্ল্লভ কৃষ্ণ-প্রেম লাভ করিতে হইলে কিরূপে যে নাম লইতে হইবে, তৎসম্বন্ধে শ্রীমন্মহাপ্রভু বলিতেছেন, যথা ঃ—

তৃণ হইতেও নীচ হইয়া, বৃক্ষের ন্যায় সহিষ্ণু হইয়া, স্বয়ং নিরভিমান হইয়া এবং সর্ব্ব জীবে সম্মান দিয়া সর্ব্বদা শ্রীহরিনাম কীর্ত্তন করিবে। ইহার তাৎপর্য্য এই যে, তৃণের উপর দিয়া কেহ মাড়াইয়া গেলে, তৃণ তাহাকে কিছু বলে না বটে, কিন্তু সেই ব্যক্তি চলিয়া যাইবামাত্র তৃণ আবার ঘাড় উঁচু করিয়া উঠে; পরন্তু সেরূপ হইলে চলিবে না; কেহ দুর্ব্বাক্য বলিলে বা এমন কি প্রহার করিলেও তাহাকে কিছু বলা হইবে না, উহা অবাধে সহ্য করিতে হইবে এবং তিনি চলিয়া গেলে তাঁহার অসাক্ষাতেও তাঁহার কোনরূপ নিন্দা করা হইবে না; নিজে উত্তম হইয়াও সর্ব্বদা এইরূপ নীচ হইয়া থাকিতে হইবে। বৃক্ষকে কাটিলেও যেমন কাহাকেও কিছু বলে না, জল অভাবে শুকাইয়া মরিলেও যেমন কাহারও নিকট জল চাহে না, অপিচ আনন্দে সকলকে ফল ফুল প্রদান করে, সেইরূপ কেহ তাড়ন, ভর্ৎসন বা প্রহারাদি যে কোনও প্রকার অত্যাচার করুন না কেন, তাহা অম্লান-বদনে সহ্য করিতে হইবে, তাঁহাকে একটী কটু কথাও বলিলে চলিবে না, পরন্তু হাস্যমুখে তাঁহার মঙ্গল কামনা করিতে হইবে। প্রাণান্তেও কাহারও নিকট কিছু ভিক্ষা চাওয়া হইবে না—অযাচিতভাবে যাহা পাওয়া যায়, তাহাতেই সন্তুষ্ট থাকিতে হইবে। স্বয়ং উত্তম হইয়াও সম্পূর্ণরূপে অভিমান-শূন্য হইতে হইবে এবং সর্ব্ব-জীবে শ্রীকৃষ্ণ অধিষ্ঠিত আছেন জানিয়া, জীব মাত্রকেই সম্মান করিতে হইবে। এইরূপ ভাবে সর্ব্বদা শ্রীহরিনাম গ্রহণ করিলে শ্রীকৃষ্ণচরণারবিন্দে জীবের পঞ্চম পুরুষার্থ যে দেব-দুর্ল্লভ প্রেম, তাহা লাভ হইয়া থাকে॥ ৩॥

তৃণাদপি সুনীচেন।

বৈষ্ণবের সর্ব্ব শ্রেষ্ঠ ভুষণ হইতেছে দৈন্য; যাঁহার হৃদয়ে দৈন্য নাই, তিনি বৈষ্ণব মধ্যেই পরিগণিত হইতে পারেন না—হৃদয়ে ভক্তি থাকিলে দৈন্যের অস্তিত্ব স্বাভাবিক; যাঁহার হৃদয়ে ভক্তি যে পরিমাণে অধিক, তাঁহার দৈন্যও সেই

পরিমাণে অধিক। হৃদয়ে দৈন্য না থাকিলে ত ঔদ্ধত্য-স্বভাব স্বতঃই উৎপন্ন হয়, যাহা বৈষ্ণব ধর্ম্মের সম্পূর্ণ বিরোধী; উদ্ধত-প্রকৃতি ব্যক্তির হৃদয়ে ভক্তির স্থান কোথায়?

"পাষণ্ড-দলনে" পূজ্যপাদ শ্রীলকৃষ্ণদাস বাবাজী-মহারাজ বলিতেছেন ঃ—

নীচ হ'য়ে ভজিলে সে সর্ব্ব ভক্তি পায়।

ভক্তি বিষয়ে যিনি যত উর্দ্ধে উঠিয়াছেন, যিনি যত উত্তম হইয়াছেন, তাঁহার হৃদয় দৈন্য-ভরে ততই অবনত হইয়াছে, তিনি সর্ব্বতোভাবে অহঙ্কার-অভিমান-পরিশূন্য হইয়াছেন। শ্রীকৃষ্ণ-ভক্তের স্বভাবই হইতেছে এই যে, যিনি ভক্তি-বিষয়ে যতই অগ্রসর হইবেন, তিনি নিজেকে ততই দীনহীন বলিয়া জ্ঞান করিবেন। হৃদয়ে এই দৈন্য-ভাব আনয়ন করিবার একটী প্রকৃষ্ট উপায় হইতেছে নিজেকে সর্ব্বদা অপরাধী মনে করা।

মহাজনগণ বলিতেছেন ঃ—

আপনাকে সাপরাধ মানি অনুক্ষণ।
নিরন্তর করিবেক নাম-সঙ্কীর্ত্তন॥

তরোরিব সহিষ্ণুনা।

বৃক্ষের ন্যায় সহিষ্ণু হইবে। তাহা কিরূপ তৎসম্বন্ধে শ্রীচৈতন্যচরিতামৃত বলিতেছেন ঃ—

বৃক্ষ যেন কাটিলেহো কিছু না বোলয়।
শুকাইয়া মৈলে কারে পানি না মাগয়॥
যেই যে মাগয়ে তারে দেয় আপন ধন।
ঘর্ম্ম বৃষ্টি সহি আনের করয়ে রক্ষণ॥

নিজেকে সর্ব্বদা হীন মনে না করিলে, নিজেকে অতি অধম মহাপাপী মহাপরাধী মনে না করিলে, হৃদয়ে দৈন্যভাব কদাচ আসিতে পারে না এবং দৈন্য

ভাব না আসিলে শ্রীহরি-ভজনের ফল সম্যক্‌রূপে লাভ করিতে পারা যায় না। কাহাকেও কটু বাক্য বলিতে নাই; দুর্ব্বাক্য বলিয়া লোকের প্রাণে ব্যথা দিলে শ্রীভগবান্‌ কদাচ প্রীত হন না এবং তদ্দ্বারা মহাপাপের সঞ্চার হইয়া থাকে ও ক্রমশঃই অধিকাধিক উদ্ধত-প্রকৃতি হইতে হয়; ঔদ্ধত্য বৈষ্ণবের পক্ষে বিষবৎ পরিত্যাজ্য, যেহেতু তদ্দ্বারা ভক্তিধন সমূলে বিনষ্ট হইয়া যান। অতএব কি ছোট কি বড়, কি ধনী কি দরিদ্র, কি পণ্ডিত কি মূর্খ—কাহাকেও দুর্ব্বাক্য বলা কদাচ কর্ত্তব্য নহে। পরন্তু অন্যে যদি বিনা কারণেও দুর্ব্বাক্য বলেন, তথাপি তাহা অম্লান-বদনে সহ্য করিতে হইবে, তদুত্তরে তাঁহাকে কিছুমাত্রও কটু বলিলে চলিবে না; এমন কি কেহ প্রহার করিলেও তাঁহাকে কিছুমাত্র দুর্ব্বাক্য না বলিয়া, বরং মিষ্টবাক্যে তাঁহার নিকট ক্ষমা ভিক্ষা করিতে হইবে—নিজের কিছু দোষ না থাকা সত্ত্বেও এরূপ ব্যবহার করিতে হইবে। এরূপ আচরণ দুর্ব্বলতা বা হীনতার পরিচায়ক নহে, ইহা হৃদয়ের অসাধারণ মহত্ত্বই জ্ঞাপন করিয়া থাকে। ক্ষমার ন্যায় মহৎ গুণ আর নাই, ক্ষমাশীল ব্যক্তি সমস্ত জগৎ বশীভূত করিতে পারেন। জগতেও এই দৃষ্টান্ত প্রতিনিয়তই দৃষ্টিগোচর হইতেছে যে, সহ্য করিয়া গেলে তাহার কোনও বিপদ নাই, কিন্তু না সহিলে তাহার পদে পদে বিপদ। লোকেও কথায় বলে ঃ—

সহিলে সম্পত্তি, না সহিলে বিপত্তি।

কৃষ্ণ-ভক্ত সহ্যশীল ও ক্ষমাশীল না হইলে, ভক্তিদেবী ক্রমশঃই হৃদয় হইতে অন্তর্হিত হন। কেহ দুর্ব্বাক্য বলিলে বা প্রহার করিলে, তাহাতে এমন কি মনের দ্বারাও তাঁহার অনিষ্ট-চিন্তা করিলে চলিবে না, অথবা তাহার প্রতিবিধানের জন্য শ্রীভগবানের নিকট প্রার্থনা করিলেও চলিবে না, বরঞ্চ শ্রীভগবৎ-সমীপে এই প্রার্থনা করিতে হইবে যে, হে প্রভো! এই ব্যক্তি অজ্ঞ, ইনি না বুঝিয়া আমার উপর অযথা পীড়ন করিতেছেন, কিন্তু তজ্জন্য তুমি ইঁহাকে শাস্তি না দিয়া ইঁহাকে ক্ষমা কর। তবে শ্রীভগবান্‌ কিন্তু স্বভাবতঃই এরূপ ভক্ত-

নির্যাতন সহ্য করেন না, তিনি ভক্তের বিনা প্রার্থনাতেও স্বয়ংই ঈদৃশ নির্যাতনকারীর সমুচিত শাস্তি প্রদান করিয়া থাকেন; পরন্তু ভক্তের পক্ষে এরূপ আচরণ অতীব মহৎ হৃদয়েরই পরিচায়ক এবং ভক্তি-পথের বিশেষ সহায়। এই সাংসারিক হিসাবেও দেখা যায়, মানবের যদি সহ্যগুণ থাকিত তাহা হইলে মারামারি, কাটাকাটি, যুদ্ধ-বিগ্রহাদি জগতের বহুবিধ মহা অনিষ্টের সংঘটনও প্রচুর পরিমাণে দূরীভূত হইয়া জগতের অশেষ কল্যাণ সাধিত হইত, সকলেই কত সুখ-শান্তিতে বাস করিতে সমর্থ হইতেন। বৈষ্ণব-জগতে এই সহ্য-গুণ অসাধারণরূপে বিদ্যমান আছে বলিয়াই, উহা মহাশান্তিময়—উহা প্রাণ জুড়াইবার স্থান।

অমানিনা মানদেন।

এই বাক্যের অর্থে শ্রীচৈতন্যচরিতামৃতে বলিতেছেন ঃ—

উত্তম হঞা বৈষ্ণব হবে নিরভিমান।
জীবে সম্মান দিবে জানি কৃষ্ণ-অধিষ্ঠান ॥

নিজের বিদ্যা, ধন, কুলাদি সর্ব্ববিধ অহঙ্কার অভিমান সর্ব্বতোভাবে বর্জ্জন করিয়া ও মান অপমান একেবারে জলাঞ্জলি দিয়া, প্রাণিমাত্রকেই যথাযোগ্য আদর করিতে হইবে, লোক-সমাজে যাহার কিছুমাত্র মান-সম্ভ্রম নাই, তাহাকেও পর্য্যন্ত সম্মান করিতে হইবে।

মহাজনগণ বলিতেছেন ঃ—

ব্রাহ্মণাদি কুক্কুর চণ্ডাল অন্ত করি।
দণ্ডবৎ করিবেক ভূমেতে নমস্করি।।
এই সে বৈষ্ণব-ধর্ম্ম সবারে প্রণাম।

জীবের প্রতি উপরোক্তরূপ আচরণ করিলে সকলেরই মান সম্ভ্রমের মর্য্যাদা রক্ষা করা হইয়া থাকে এবং সঙ্গে সঙ্গে নিজের অহঙ্কার-অভিমানও দূরীভূত হয়।

হৃদয়ে দৃঢ় ও বিশুদ্ধ ভক্তি না হইলে কাহারও ভাগ্যে "তৃণাদপি সুনীচ" ও "তরোরিব সহিষ্ণু" ভাব লাভ হইতে পারে না। সুতরাং তৃণাদপি সুনীচ হইয়া 'নাম' লইবার উপদেশ দ্বারা মহাপ্রভু প্রকারান্তরে পরম ভক্তি সহকারে নাম লইতেই উপদেশ দিতেছেন, যেহেতু ভক্তি-ভাবে নাম না লইলে নামের মুখ্য ফল যে শ্রীকৃষ্ণ-প্রেম তাহার উদয় হয় না, কেবল পাপ-নাশাদি নামের গৌণ ফলই লাভ হইয়া থাকে। নাম-মহিমা-কীর্ত্তন-প্রসঙ্গে আরাধ্যপাদ শ্রীলহরিদাস ঠাকুর মহাশয় যাহা বলিয়াছেন, তাহা শ্রীচৈতন্যচরিতামৃতে ব্যক্ত করিতেছেন, যথা :—

তিন লক্ষ নাম ঠাকুর করেন কীর্ত্তন।
নামের মহিমা উঠাইল পণ্ডিতের গণ॥
কেহ বলে নাম হৈতে হয় পাপ-ক্ষয়।
কেহ বলে নাম হৈতে জীবের মোক্ষ হয়॥
হরিদাস কহে নামের এ দুই ফল নহে।
নামের ফলে কৃষ্ণ-পদে প্রেম উপজয়ে॥
আনুষঙ্গিক ফল নামের মুক্তি পাপ-নাশ।
তাহার দৃষ্টান্ত যৈছে সূর্য্যের প্রকাশ॥
হরিদাস কহে যৈছে সূর্য্যের উদয়।
না হৈতে আরম্ভে তমের হয় ক্ষয়॥
চোর প্রেত রাক্ষসাদির ভয় হয় নাশ।
উদয় হৈলে ধর্ম্ম কর্ম্ম মঙ্গল প্রকাশ॥
ঐছে নামোদয়ারম্ভে পাপাদ্যের ক্ষয়।
উদয় কৈলে কৃষ্ণ-পদে হয় প্রেমোদয়॥
মুক্তি তুচ্ছ ফল হয় নামাভাস হৈতে।
যেই মুক্তি ভক্ত না লয় কৃষ্ণ চাহে দিতে॥

নামের প্রকৃত ফল যে 'কৃষ্ণ-প্রেম' তাহা লাভ করিতে হইলেই, এই তৃণাদপি' শ্লোকের ন্যায় দীনহীন হইয়া নাম গ্রহণ না করিলে, ঐ দেব-দুর্ল্লভ অমূল্য ধন লাভ করা যায় না। তাই শ্রীমন্মহাপ্রভু জীবের প্রতি সদয় হইয়া এই অনির্ব্বচনীয় অতুলনীয় মহোপদেশ প্রদান করিয়াছেন। বলা বাহুল্য, তাঁহার এই উপদেশ প্রতিপালন করিতে সর্ব্বতোভাবে যত্নবান্ হওয়া আমাদের অবশ্য কর্ত্তব্য।

যেরূপে নাম লইলে প্রেমোদয় হয়, সেই কথা বলিতে বলিতে মহাপ্রভুর দৈন্য বৃদ্ধি প্রাপ্ত হইল; তখন তিনি শুদ্ধ-ভক্তি প্রার্থনা করিয়া বলিতে লাগিলেন ঃ—

হে জগদীশ্বর! আমি সুবর্ণ-মণি-মাণিক্যাদি বিভব চাহি না, স্ত্রী-পুত্রাদি স্বজনবর্গ ও দাস-দাসী প্রভৃতি পরিচরবর্গ চাহি না, সুন্দরী স্ত্রী চাহি না, কবিতা-রচনা-শক্তি চাহি না; হে প্রভো! আমি কিছুই চাহি না, কেবলমাত্র এই ভিক্ষা করি, যেন জন্মে জন্মে তোমার শ্রীচরণে আমার নিষ্কাম ভক্তি লাভ হয়॥ ৪॥

নিজের হৃদয়ে অনুক্ষণ এইরূপ চিন্তা করিতে হইবে যে, শ্রীকৃষ্ণ-চরণে আমার লেশমাত্র ভক্তি নাই, আমার ন্যায় ভক্তিহীন পশু জগতে আর কেহ নাই। এইরূপ চিন্তা করিতে করিতে ধন, জন, স্ত্রী-পুত্র, কুল শীল, মানাদির ও মোক্ষ-লাভের বাসনা পর্য্যন্তও অন্য সর্ব্ববিধ বাসনা পরিত্যাগ করিয়া কেবল ভক্তি-লাভের প্রার্থনা করিতে হইবে। শ্রীকৃষ্ণ-চরণে এই নিবেদন করিতে হইবে যে, হে প্রভো! আমি আর কিছুই চাহি না, কেবল এই চাহি যে, তোমার শ্রীপাদপদ্মে আমার নিষ্কপট, নিষ্কাম, বিশুদ্ধ ভক্তি অর্থাৎ প্রেমভক্তি লাভ হউক। এখানে বলা বাহুল্য যে, হৃদয়ে অন্য বাসনা থাকিলে উত্তমা ভক্তি বা প্রেমভক্তি কদাচ লাভ হয় না। শ্রীচৈতন্যচরিতামৃত বলিতেছেন ঃ—

ভুক্তি মুক্তি আদি বাঞ্ছা যদি মনে হয়।
সাধন করিলেও প্রেম নাহি উপজয়॥

তথাহি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ—

ভুক্তি-মুক্তি-স্পৃহা যাবৎ পিশাচী হৃদি বর্ত্ততে।
তাবদ্ভক্তি-সুখস্যাত্র কথমভ্যুদয়ো ভবেৎ ॥

( ইহার অনুবাদ ৩৩১ পৃষ্ঠায় দ্রষ্টব্য।)

অনন্তর মহাপ্রভু ভাবিতে লাগিলেন, আমি একটী কৃষ্ণ-বহির্ম্মুখ সাংসারিক জীব, এবং সেই ভাবে পরম দৈন্য সহকারে শ্রীকৃষ্ণ-চরণে দাস্য ভক্তি প্রার্থনা করিয়া বলিতে লাগিলেন—

হে শ্রীনন্দনন্দন! তোমার নিত্যদাস আমি তোমাকে ভুলিয়া ঘোর মায়া-শৃঙ্খলে আবদ্ধ হইয়া বিষম সংসার-সাগরে নিপতিত হইয়াছি, তুমি কৃপা করিয়া এ কিঙ্করকে তোমার শ্রীচরণের ধূলি-সদৃশ জ্ঞান কর অর্থাৎ কৃপা করিয়া তোমার শ্রীচরণের ক্ষুদ্র একটী সেবক করিয়া লও, আর আমি পরমানন্দে তোমার সেবা করিতে থাকি॥ ৫ ॥

এইরূপ বলিতে বলিতে মহাপ্রভুর উৎকণ্ঠা ও দৈন্য বর্দ্ধিত হইতে লাগিল; তখন তিনি যাহাতে প্রেমের সহিত নাম-সঙ্কীর্ত্তন করিতে পারেন তজ্জন্য শ্রীকৃষ্ণ-সমীপে প্রার্থনা করিতে লাগিলেন। বলা বাহুল্য, উৎকণ্ঠা না হইলে শ্রীকৃষ্ণ-পাদপদ্ম লাভ হয় না, তথা প্রেমের সহিত নাম-সঙ্কীর্ত্তন করিতে না পারিলেও শ্রীকৃষ্ণ-প্রেমসেবা লাভ করা যায় না; তন্নিমিত্ত মহাপ্রভু অত্যন্ত উৎকণ্ঠিত হইয়া পরম দৈন্য সহকারে প্রেমের সহিত নাম-সঙ্কীর্ত্তন করিতে পারিবার প্রার্থনা করিয়া বলিতে লাগিলেন ঃ—

হে প্রভো! তোমার নাম গ্রহণ করিতে কবে আমার নয়নে দর দর বেগে অশ্রুধারা প্রবাহিত হইবে, গদগদ ভাবে কবে আমার কণ্ঠ রুদ্ধ হইয়া যাইবে এবং পরমানন্দ-ভরে কবে আমার সর্ব্ব শরীর রোমাঞ্চিত হইয়া উঠিবে॥ ৬ ॥

বলা বাহুল্য, 'হা কৃষ্ণ, হা কৃষ্ণ!' বলিয়া ক্রন্দন করা কম সৌভাগ্যের বিষয়

নহে, জন্মজন্মান্তরের বহু সুকৃতি থাকিলে তবে জীবের ভাগ্যে এই ক্রন্দন লাভ হয়। এই ক্রন্দনে কেবলমাত্র যে নিজেরই মঙ্গল হয় তাহা নহে, পরন্তু এই ক্রন্দন-ধ্বনি অন্য যিনিও শ্রবণ করেন, তাঁহারও ভব-বন্ধন মোচন হইয়া থাকে, যথা শ্রীচৈতন্য-ভাগবতে বলিতেছেন ঃ—

কৃষ্ণ-প্রেমানন্দে কাঁদে যে সুকৃতী জন।
সে ক্রন্দন-শ্রবণে সর্ব্ব-বন্ধ-বিমোচন ॥

এই ক্রন্দন দুঃখের ক্রন্দন নহে, ইহাতে বিন্দুমাত্র দুঃখ নাই, পরন্তু অপার আনন্দ। এরূপ ক্রন্দন যাঁহার ভাগ্যে লাভ হয়, তিনিই ইহার সুখ অনুভব করিতে সমর্থ, অন্যে তাহা বুঝিতে পারে না।

এইরূপে প্রেমধন প্রার্থনা করিতে করিতে মহাপ্রভুর মনে ভাবান্তর উপস্থিত হইল—তিনি শ্রীমতীর ভাবে বিভাবিত হইয়া কৃষ্ণ-বিরহে কাতর হইলেন এবং উদ্বেগ, বিষাদ ও দৈন্য সহকারে সখীগণ সমীপে এই বলিয়া প্রলাপ করিতে লাগিলেন, যথা ঃ—

হে সখি! কৃষ্ণ-বিরহে আমার এ কি দশা হইল! নিমেষ-পরিমিত সময় আমার নিকট যেন যুগের ন্যায় প্রতীয়মান হইতেছে, আমার চক্ষে যেন অবিরল বর্ষার বারিধারা প্রবাহিত হইতেছে এবং সমস্ত জগৎ যেন আমার নিকট শূন্যময় বোধ হইতেছে!! ॥ ৭ ॥

কৃষ্ণ-বিরহে এরূপ কাতর হইয়া যে কীদৃশ সৌভাগ্যের বিষয়, তাহা কে বলিতে সক্ষম হইবে? দেখুন, এই ত আমরা অনুক্ষণই কৃষ্ণ-বিরহে রহিয়াছি, কিন্তু কই আমরা ত বিরহ-যন্ত্রণা কিছুমাত্র অনুভব করিতে পারিতেছি না, আমরা ত "কোথায় কৃষ্ণ, কোথায় কৃষ্ণ" বলিয়া কৃষ্ণ দর্শনের জন্য ব্যাকুল হইতেছি না, আমরা ত "হা কৃষ্ণ! হা কৃষ্ণ" বলিয়া কৃষ্ণ পাইবার লালসায় ছুটিতেছি না, আমরা ত "কৃষ্ণ আমায় দেখা দাও" বলিয়া কাঁদিয়া আকুল হইতেছি না। ইহার কারণ কি? ইহার কারণ হইতেছে আমরা কৃষ্ণকে মনে প্রাণে ভালবাসি না;

যাঁহার ভালবাসা যত অধিক হইবে, তিনি কৃষ্ণ-বিরহে ততই অধিক কাতর হইবেন। কৃষ্ণে ভালবাসা অনেক সুকৃতির ফলে লাভ হইয়া থাকে।

শ্রীমন্মহাপ্রভু ঐরূপে বিলাপ করিতেছেন, এমন সময়ে অকস্মাৎ শ্রীরাধিকার প্রতি একদা শ্রীকৃষ্ণের ঔদাসীন্যের কথা তাঁহার মনে উঠিল ; তখন অমনি তৎসঙ্গে সঙ্গে তাঁহার হৃদয়ে নির্ম্মল স্বাভাবিক প্রেম অর্থাৎ নিষ্কাম প্রেম-ভাব জাগরিত হইল ; অনন্তর তিনি শ্রীরাধা-ভাবে বিভাবিত হইয়া সখীগণকে সম্বোধন পূর্ব্বক শ্রীকৃষ্ণের উদ্দেশে বলিতে লাগিলেন ঃ—

হে সখি ! শ্রীগোবিন্দ আমাকে পরম সমাদরে আলিঙ্গন করিয়া আত্মসাৎ করুন, অথবা দর্শন না দিয়া আমাকে মর্ম্মাহত করুন, কিম্বা সেই লম্পট আমাকে পরিত্যাগ করিয়া অন্য রমণীর সহিত বিহারাদি করুন—তাঁহার যাহা ইচ্ছা তাহাই করুন না কেন, তথাপি তিনিই আমার প্রাণনাথ—অন্য আর কেহই নহেন ।। ৮ ।।

ভালবাসা সম্পূর্ণরূপে কামগন্ধহীন ও আত্মসুখাভিলাষ পরিশূন্য না হইলে, কেহ এরূপ কথা বলিতে পারেন না। শ্রীকৃষ্ণের প্রতি শ্রীরাধিকার যে প্রীতি তাহার তুলনা কুত্রাপি নাই ; ইহাতে স্বসুখেচ্ছার লেশমাত্র নাই, তাঁহার কেবলই কৃষ্ণসুখেচ্ছা, তাঁহার সমস্ত কার্য্যই কৃষ্ণ-সুখের নিমিত্ত। তাঁহার দেহ শ্রীকৃষ্ণ-প্রেমরসে গঠিত, তিনি হইতেছেন কৃষ্ণ-প্রেমময়ী, কামের গন্ধ পর্য্যন্তও তাঁহাতে নাই ; তিনি অনুক্ষণ কেবল কৃষ্ণ-সুখের জন্যই চিন্তা করিতেছেন, তাঁহার আহার বিহার, বেশ ভূষা, ক্রোধ মান প্রভৃতি সমস্তই কৃষ্ণ-সুখের জন্য। তিনি ক্রোধ করিয়া কৃষ্ণকে ভৎর্সনা করিলে কৃষ্ণ সুখী হন বলিয়া তাঁহার ক্রোধ ; তিনি মান করিলে কৃষ্ণ সুখী হন বলিয়া তাঁহার মান ; তাঁহাকে সম্ভোগ করিয়া কৃষ্ণ সুখী হন বলিয়া তাঁহার এই সম্ভোগ, ইহাতে তাঁহার বিন্দুমাত্র আত্মেন্দ্রিয়-প্রীতি-বাঞ্ছা নাই—এমন কি শ্রীকৃষ্ণ যদি অন্য কোন রমণীরও সহিত সম্ভোগ করিয়া সুখ লাভ করিবার বাসনা করেন, তবে সেই সম্ভোগের বিধান তিনিই

করিয়া থাকেন। যা করিলে কৃষ্ণ সুখী হন, তাহাতেই তাঁহার সুখ; এমন কি তাঁহাকে পীড়ন করিয়া বা দর্শন না দিয়া যদি কৃষ্ণ সুখী হন, তথাপি তাঁহার চিত্তে ভাবান্তর উপস্থিত হয় না, তিনি যে কৃষ্ণময়ী, তিনি যে কৃষ্ণ বই আর কিছুই জানেন না। শ্রীমন্মহাপ্রভু হইতেছেন শ্রীরাধার এই ভাবে বিভাবিত, তাই তিনি বলিলেন, কৃষ্ণ যাহা ইচ্ছা তাহাই করুন না কেন, তথাপি তিনিই আমার প্রাণনাথ। শ্রীরাধিকার এই প্রেমভাব যে কি অপূর্ব্ব পদার্থ, তাহা শ্রীচৈতন্যচরিতামৃত হইতে অল্প একটু উদ্ধৃত করিয়া দেখান যাইতেছে, যথা শ্রীরাধিকা বলিতেছেন ঃ—

আমি কৃষ্ণ-পদ-দাসী তিঁহো রস-সুখ-রাশি
আলিঙ্গিয়া করে আত্মসাথ।
কিবা না দেন দরশন জারেন আমার তনু মন
তভু তেহোঁ মোর প্রাণনাথ॥

সখি হে! শুন মোর মনের নিশ্চয়।
কিবা অনুরাগ করে কিবা দুঃখ দিয়া মোরে
মোর প্রাণেশ্বর—কৃষ্ণ, অন্য নয়॥

না গণি আপন দুঃখ সবে বাঞ্ছি তাঁর সুখ
তাঁর সুখে আমার তাৎপর্য্য।
মোরে যদি দিলে দুঃখ তার হৈল মহাসুখ
সেই দুঃখ মোর সুখবর্য্য॥

যে নারীকে বাঞ্ছে কৃষ্ণ তার রূপে সতৃষ্ণ
তারে না পাইয়া হয় দুঃখী।
মুঞি তার পায়ে পড়ি লঞা যাঙ হাতে ধরি
ক্রীড়া করাইয়া করোঁ সুখী॥

কৃষ্ণ মোর জীবন কৃষ্ণ মোর প্রাণধন
কৃষ্ণ মোর প্রাণের পরাণ।
হৃদয় উপরে ধরোঁ সেবা করি সুখী করোঁ
এই মোর সদা রহে ধ্যান ॥
মোর সুখ সেবনে কৃষ্ণের সুখ সঙ্গমে
অতএব দেহ দেঙ দান।
কৃষ্ণ মোরে কান্তা করি কহে মোরে প্রাণেশ্বরী
মোর হয় দাসী-অভিমান ॥
এই রাধার বচন শুদ্ধ প্রেমের লক্ষণ
আস্বাদয়ে শ্রীগৌররায়।
ভাবে মন নহে স্থির সাত্ত্বিকে ব্যাপে শরীর
মন দেহ ধারণ না যায় ॥
ব্রজের বিশুদ্ধ প্রেম যেন জাম্বুনদ হেম
আত্ম-সুখের যাহে নাহি গন্ধ।
সে প্রেম জানা'তে লোকে প্রভু কৈল এই শ্লোকে
পদ কৈল অর্থের নির্ব্বন্ধ ॥

এই অপূর্ব্ব "শিক্ষাষ্টক" প্রত্যহ পাঠ বা শ্রবণ করিলে যে কি অসাধারণ ফল লাভ হয়, তৎসম্বন্ধে শ্রীচৈতন্যচরিতামৃত বলিতেছেন, যথা ঃ—

প্রভুর শিক্ষাষ্টক শ্লোক যেই পড়ে শুনে।
কৃষ্ণ-প্রেমভক্তি তার বাড়ে দিনে দিনে ॥

সুতরাং বলা বাহুল্য, শ্রীকৃষ্ণ-প্রেমসেবাভিলাষী ভক্তগণের পক্ষে শ্রীগৌরচন্দ্র-মুখারবিন্দ-বিগলিত এই শিক্ষাষ্টক-স্তোত্র-রূপ সুবিমল সুমধুর মকরন্দ-ধারা

প্রত্যহ পান ও বিশেষরূপে ইহার রসাস্বাদন করা একান্ত আবশ্যক এবং নিরন্তর এই অলৌকিক অষ্টক-স্তবরাজের অনুশীলন পূর্ব্বক তদ্ভাবে বিভাবিত হইয়া ভজন করিতে থাকাই অবশ্য কর্ত্তব্য।

ইতি শ্রীশ্রীশিক্ষাষ্টকের অনুবাদ সমাপ্ত।

## শ্রীশ্রীনবদ্বীপচন্দ্র-স্তবরাজঃ।

কনক-রুচির-গৌরঃ সর্ব্ব-চিত্তৈক-চৌরঃ
প্রকৃতি-মধুর-দেহঃ পূর্ণ-লাবণ্য-গেহঃ।
কলিত-ললিত-রূপঃ ক্ষুব্ধ-কন্দর্প-ভূপঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ১ ॥

বহুল-চিকুর-বন্ধঃ স্নিগ্ধ-মুগ্ধ-প্রবন্ধঃ
প্রসর-পুর-পুরন্ধ্রী-চিত্ত-সন্ধান-মন্ত্রী।
বিহিত-বিবিধ-বেশ-দ্যোতিতাশেষ-দেশঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ২ ॥

বিকশিত-শতপত্র-দ্যোতি-বিস্ফার-নেত্রঃ
প্রিয়-মৃদুল-পবিত্র-স্নিগ্ধদৃক্-প্রেমপাত্রঃ।
অতি-মধুর-চরিত্রঃ প্রোল্লসচ্চারু-গাত্রঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ৩ ॥

মলয়জ-করবীরশ্চাদ্বিলাসাতি ধীরঃ
সুবিমল-স্মিতবক্ত্রঃ প্রান্তবস্ত্রানুরক্তঃ।
রভসময়-বিহারঃ পূর্ণলীলাবতারঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ৪ ॥

সকল-রস-বিদগ্ধঃ সৰ্ব্বভাব-প্রশুদ্ধঃ
সকল-সুখ-বিনোদঃ খ্যাত-নৃত্য-প্রমোদঃ।
সকল-সুখদ-নামা ধন্য-তারুণ্য-ধামা
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ৫ ॥

অবিরত-গলদস্রঃ প্রেমধারা-সহস্র-
স্নপিত-সকল-দেশঃ খ্যাত-নামোপদেশঃ।
ভুবন-বিদিত-সৰ্ব্ব-প্রাণি-নিস্তার-গৰ্ব্বঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ৬ ॥

ঘন-পুলক-কদম্বঃ স্থূল-মুক্তা-সমাম্ভঃ
স্নপিততর-হৃদোরঃ প্রেম-হুঙ্কার-ঘোরঃ।
সদয়-মধুর-মূর্ত্তির্বিশ্ব-বিখ্যাত-কীর্ত্তিঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ৭ ॥

অখিল-ভুবন-ভৰ্ত্তা দুর্গতি-ত্রাণ-কৰ্ত্তা
কলি-কলুষ-নিহন্তা দীন দুঃখৈক-শান্তা।
নিরবধি-নিজগাথা-কীৰ্ত্তনানন্দ-দাতা
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ৮ ॥

সুর-মুনিগণ-বন্ধুঃ প্রেমভক্ত্যেক-সিন্ধুঃ
প্রকট-সুরভি-নন্দ-শ্রীলপাদারবিন্দঃ।
নটন-মধুর-মন্দঃ সুপ্রগাঢ়-প্রবন্ধঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ৯ ॥

সকল-নিগম-সারঃ প্রেম-পূর্ণাবতারঃ
প্রচুর-গুণ-গভীরঃ সৰ্ব্ব-সন্ধান ধীরঃ।

অধম-পতিত-বন্ধুঃ পূর্ণ-কারুণ্য-সিন্ধুঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ১০ ॥

মধুরিমণি মনোজ্ঞস্তাণ্ডবাদ্যন্ত- বিজ্ঞ-
স্তরুণিমণি বিচিত্রঃ প্রেম-নিস্তার-পাত্রঃ।
মহিমনি নিজনাম-গ্রাহি-সম্পূর্ণ-কামঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপ-চন্দ্রঃ ॥ ১১ ॥

শ্রীগৌরাঙ্গ-নটেন্দ্রস্য স্তুতিমেতামভীষ্টদাং।
যঃ পঠেৎ পরম-প্রীতঃ স প্রেমসুখভাগ্ ভবেৎ ॥ ১২ ॥

ইতি শ্রীমদ্রঘুনন্দন-ঠক্কুর বিরচিতঃ শ্রীশ্রীনবদ্বীপচন্দ্র-স্তবরাজঃ সমাপ্তঃ।

---

## শ্রীশ্রীগৌরাঙ্গ-স্তবকল্পতরুঃ।

গতিং দৃষ্ট্বা যস্য প্রমদ-গজবর্যেঽখিল-জনা
মুখঞ্চ শ্রীচন্দ্রোপরি দধতি থুৎকার-নিবহং।
স্বকান্ত্যা যঃ স্বর্ণাচলমধরয়চ্ছীধু চ বচ-
স্তরঙ্গৈর্গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ১ ॥

অলঙ্কৃত্যাত্মানং নব-বিবিধ-রত্নৈরিব বলদ্-
বিবর্ণত্ব-স্তম্ভাস্ফুট-বচন-কম্পাশ্রু-পুলকৈঃ।
হসন্ স্বিদ্যন্নৃত্যন্ শিতিগিরি-পতের্নির্ভরমুদে
পুরঃ শ্রীগৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ২ ॥

রসোল্লাসৈস্তির্যগ্ গতিভিরভিতো বারিভিরলং
দৃশোঃ সিঞ্চল্লোকানরুণ-জলযন্ত্রত্বমিতয়োঃ।

মুদা দন্তৈর্দষ্টা মধুরমধরং কম্প চলিতৈ-
র্নটন্ শ্রীগৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৩ ॥

ক্বচিন্মিশ্রাবাসে ব্রজপতি-সুতস্যোরু-বিরহাৎ
শ্লথচ্ছ্রীসন্ধিত্বাদ্দধদধিক-দৈর্ঘ্যং ভুজপদোঃ।
লুঠন্ ভূমৌ কাক্বা বিকল-বিকলং গদগদ-বচা
রুদন্ শ্রীগৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৪ ॥

অনুদ্ঘাট্য দ্বারত্রয়মুরু চ ভিত্তিত্রয়মহো
বিলঙ্ঘ্যোচ্চৈঃ কালিঙ্গিক-সুরভি-মধ্যে নিপতিতঃ।
তনূদ্যৎ-সঙ্কোচাৎ কমঠ ইব কৃষ্ণোরু-বিরহাৎ
বিরাজন্ গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৫ ॥

স্বকীয়স্য প্রাণার্বুদ-সদৃশ-গোষ্ঠস্য বিরহাৎ
প্রলাপানুন্মাদাৎ সততমতিকুর্বন্ বিকল-ধীঃ।
দধদ্ভিত্তৌ শশ্বদ্বদন-বিধু-ঘর্ষেণ রুধিরং
ক্ষতোত্থং গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৬ ॥

ক্ব মে কান্তঃ কৃষ্ণস্ত্বরিতমিহ তং লোকয় সখে!
ত্বমেবেতি দ্বারাধিপমভিদধন্নুন্মদ ইব।
দ্রুতং গচ্ছ দ্রষ্টুং প্রিয়মিতি তদুক্তেন ধৃত-তদ্-
ভুজান্তো গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৭ ॥

সমীপে নীলাদ্রেশ্চটক-গিরিরাজস্য কলনা-
দয়ে গোষ্ঠে গোবর্দ্ধনগিরি-পতিং লোকিতুমিতঃ।
ব্রজন্নস্মীত্যুক্ত্বা প্রমদ ইব ধাবন্নবধৃতো
গণৈঃ স্বৈর্গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৮ ॥

অলং-দোলা-খেলা-মহসি বর-তন্মণ্ডপ-তলে
স্বরূপেণ স্বেনাপর-নিজগণেনাপি মিলিতঃ।
স্বয়ং কুর্ব্বন্নাম্নামতি-মধুরগানং মুরভিদঃ
সরঙ্গো গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি॥ ৯॥

দয়াং যো গোবিন্দে গরুড় ইব লক্ষ্মীপতিরলং
পুরীদেবে ভক্তিং য ইব গুরুবর্য্যে যদুবরঃ।
স্বরূপে যঃ স্নেহং গিরিধর ইব শ্রীল-সুবলে
বিধত্তে গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি॥ ১০॥

মহা-সম্পদ্দারাদপি পতিতমুদ্ধৃত্য কৃপয়া
স্বরূপে যঃ স্বীয়ে কুজনমপি মাং ন্যস্য মুদিতঃ।
উরোগুঞ্জাহারং প্রিয়মপি চ গোবর্দ্ধন-শিলাং
দদৌ মে গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি॥ ১১॥

ইতি শ্রীগৌরাঙ্গোদ্গত-বিবিধ-সদ্ভাব-কুসুম-
প্রভা-ভ্রাজৎ-পদ্যাবলি-ললিত-শাখং সুরতরুং।
মুহুর্যোঽতিশ্রদ্ধৌষধিবর-বলৎ-পাঠসলিলৈ-
রলং সিঞ্চেদ্ বিন্দেৎ সরস-গুরু-তল্লোকন-ফলং॥ ১২॥

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতঃ
শ্রীশ্রীগৌরাঙ্গ-স্তবকল্পতরুঃ সমাপ্তঃ।

---

# শ্রীশ্রীগৌরাঙ্গ-প্রত্যঙ্গ-বর্ণনাখ্য-স্তবরাজঃ।

অথ স্তোত্রং প্রবক্ষ্যামি প্রত্যঙ্গ-বর্ণনং-প্রভোঃ।
ত্রিকাল-পঠনাদেব প্রেমভক্তিং লভেন্নরঃ ॥ ১ ॥

কশ্চিৎ শ্রীকৃষ্ণচৈতন্য-স্মরণাকুল-মানসঃ।
পুলকাচিত-সর্ব্বাঙ্গঃ সকম্পাশ্রু-বিলোচনঃ ॥ ২ ॥

কথঞ্চিৎ স্থৈর্য্যমালম্ব্য প্রণম্য গুরুমাদরাৎ।
স্তোতুমারব্ধবান্ ভক্ত্যা দ্বিজচন্দ্রং মহাপ্রভুং ॥ ৩ ॥

তপ্তহেমদ্যুতিং বন্দে কলি-কৃষ্ণং জগদ্গুরুং।
চারু-দীর্ঘ-তনুং শ্রীমচ্ছচী-হৃদয়-নন্দনং ॥ ৪ ॥

লসন্মুক্তালতা-নদ্ধ-চারু-কুঞ্চিত-কুন্তলং।
শিখণ্ডাঙ্কিত-গন্ধাঢ্যং পুষ্প-গুচ্ছাবতংসকং ॥ ৫ ॥

অর্দ্ধচন্দ্রোল্লসদ্ভাল-কস্তুরী-তিলকাঙ্কিতং।
ভঙ্গুর-ভ্রূলতা-কেলি-জিত-কামশরাসনং ॥ ৬ ॥

প্রেম-প্রবাহ-মধুর-রক্তোৎপল-বিলোচনং।
তিল-প্রসূন-সুস্নিগ্ধ-নুতনায়ত-নাসিকং ॥ ৭ ॥

শ্রীগণ্ডমণ্ডলোল্লাসি-রত্নকুণ্ডল-মণ্ডিতং।
সব্যকর্ণ-সুবিন্যস্ত-স্ফুরচ্চারু-শিখণ্ডকং ॥ ৮ ॥

মধুরস্নেহ-সুস্নিগ্ধ-প্রারক্তাধর-পল্লবং ॥
ঈষদ্দন্তুরিত-স্নিগ্ধ-স্ফুরন্মুক্তা-রদোজ্জ্বলং ॥ ৯ ॥

সপ্রেম-মধুরালাপ-বশীকৃত-জগজ্জনং।
ত্রিকোণ-চিবুকং কোটী-শারদেন্দু-প্রভাননং ॥ ১০ ॥

সিংহগ্রীবং মহামত্ত-দ্বিরদোল্লাসি-কন্ধরং।
আরক্ত-রেখাত্রয়যুক্-কম্বুকণ্ঠ-মনোহরং॥ ১১॥

মুক্তা-প্রবাল-কলিত-হারোজ্জ্বলিত-বক্ষসং।
কঙ্কণাঙ্গদ-বিদ্যোতি-জানুলম্বি-ভুজদ্বয়ং॥ ১২॥

যব-চক্রাঙ্কিতারক্ত-শ্রীমৎ-পাণিতলোজ্জ্বলং।
স্বর্ণমুদ্রা-লসচ্ছ্রীমদ্বিমধ্যাঙ্গুলি-পল্লবং॥ ১৩॥

চন্দনাগুরু-সুস্নিগ্ধং পুলকাবলী-চর্চ্চিতং।
চারু-নাভি-লসন্মধ্যং সিংহ-মধ্য-কৃশোদরং॥ ১৪॥

বিচিত্র-চিত্র-বসন-মধ্য-বন্ধোল্লসৎ-কটিং।
সুচারু-নূপুরোল্লাসি-কূজচ্চরণ-পল্লবং॥ ১৫॥

শরচ্চন্দ্র-প্রতীকাশ-নখ-রাজৎ-পদাঙ্গুলিং।
অঙ্কুশ-ধ্বজ-বজ্রাব্জ-বিলসচ্চরণাম্বুজং॥ ১৬॥

কোটিসূর্য্য-প্রতীকাশ-কোটীন্দু-ললিত-দ্যুতিং।
কোটী-কন্দর্প-লাবণ্য-কেলি-লীলা-মনোরমং॥ ১৭॥

সাক্ষাল্লীলা-তনুং-কেলিং-তনুং শৃঙ্গার-বিগ্রহং।
ক্বচিদ্ভাব-কলা-মূর্ত্তি-প্রস্ফুরৎ-প্রেমবিগ্রহং॥ ১৮॥

নামাত্মকং নাম-তনুং পরমানন্দ-বিগ্রহং।
ভক্ত্যাত্মকং ভক্তি-তনুং ভক্ত্যাচার-বিহারিণং॥ ১৯॥

অশেষ-কেলি-লাবণ্য-লীলা-তাণ্ডব-পণ্ডিতং।
শচী-জঠর-রত্নাব্ধি-সমুদ্ভূত-সুধানিধিং॥ ২০॥

অশেষ-জগদানন্দ-কন্দমদ্ভুত-মঙ্গলং।
স্ফুরদ্দাস-রসাবেশ-মদালস-বিলোচনং॥ ২১॥

ক্বচিদ্ভক্তজনৈর্দিব্য-মাল্য-গন্ধানুলেপনৈঃ।
বেষ্টিতং রস-সঙ্গীতং গায়ন্তী রস-লালসং॥ ২২॥

ক্বচিদ্বাল্য-রসাবেশ-গঙ্গাতীর-বিহারিণং।
ক্বচিদ্গায়তি গায়ন্তং নৃত্যন্তং কর-শব্দিতৈঃ॥ ২৩॥

বদন্তং শব্দমত্যুচ্চৈঃ কুর্ব্বন্তং সিংহ-বিক্রমং।
ক্বচিদাস্ফোট-হুঙ্কার-কম্পিতাশেষ-ভূতলং॥ ২৪॥

সুগুপ্ত-গোপিকাভাব-প্রকাশিত-জগত্রয়ং।
প্রাপিতাশেষ-পুরুষ-স্ত্রী-স্বভাবমনাকুলং॥ ২৫॥

নিজ-ভাব-রসাস্বাদ বিবশৈকাদশেন্দ্রিয়ং।
বিদগ্ধ-নাগরী-ভাব-কলা-কেলি মনোরমং॥ ২৬॥

গদাধর-প্রেমভাব-কলাক্রান্ত-মনোরথং।
নরহরি-প্রেমরসাস্বাদ-বিহ্বল-মানসং॥ ২৭॥

সর্ব্ব-ভাগবতাহৃত-কান্তাভাব-প্রকাশকং।
প্রেম-প্রদান-ললিত দ্বিভুজং ভক্ত-বৎসলং॥ ২৮॥

প্রেমারাধ্য-পদদ্বন্দ্বং শ্রীপ্রেমভক্তি-মন্দিরং।
নিজ-ভাবরসোল্লাস-মুগ্ধীকৃত-জগত্রয়ং॥ ২৯॥

স্বনাম জপ-সংখ্যাভির্বৈষ্ণবীকৃত-ভূতলং।
নবদ্বীপ-জনানন্দং ভূদেব-জন-মঙ্গলং॥ ৩০॥

অশেষ-জীব-সদ্ভাগ্য-ক্রম-সদ্ভূত-সৎফলং।
ভয়ানুরাগ-সুস্নেহ-ভক্তি-গম্য-পদাম্বুজং॥ ৩১॥

নটরাজ-শিরোরত্নং শ্রীনাগর-শিরোমণিং।
অশেষ-রসিক-স্ফূর্য্যন্মৌলি-ভূষণ-ভূষণং॥ ৩২॥

রসিকানুগত-স্নিগ্ধ-বদনাব্জ-মধুব্রতং।
শ্রীমদ্দ্বিজ-কুলোত্তংসং নবদ্বীপ-বিভূষণং ॥ ৩৩ ॥

প্রেমভক্তি-রসোন্মত্তাদ্বৈত-সেব্য-পদাম্বুজং।
নিত্যানন্দং-প্রিয়তমং সর্ব্বভক্ত-মনোরথং ॥ ৩৪ ॥

ভক্তারাধ্যং ভক্তিসাধ্যং ভক্তরূপিণমীশ্বরং।
শ্রীনিবাসাদি-ভক্তাগ্রৈঃ স্তূয়মানং মুহুর্মুহুঃ।
সার্ব্বভৌমাদিভির্ব্বেদশাস্ত্রাগম-বিশারদৈঃ ॥ ৩৫ ॥

যঃ এবং চিন্তয়েদ্দেব-দেবেশং প্রযতোঽহনিশং।
সংস্তৌতি ভক্তিভাবেন ত্রিসন্ধ্যং নিত্যমেব চ ॥ ৩৬ ॥

ধর্ম্মার্থী লভতে ধর্ম্মং শ্রীভাগবতমুত্তমং।
অর্থার্থী লভতে চার্থং কৃষ্ণ-সেবা-বিধৌ রতিং ॥ ৩৭ ॥

কামার্থী লভতে কামং প্রেমভক্তি-বিধানতঃ।
সংসার-বাসনা-মুক্তিং মোক্ষার্থী বিগত-স্পৃহঃ ॥ ৩৮ ॥

বিদ্যার্থী লভতে বিদ্যাং কাম-সংসার-কৃন্তনীং।
কাব্যার্থী কবিতা-শক্তিং কৃষ্ণবর্ণন-শালিনীং ॥ ৩৯ ॥

অপুত্রো বৈষ্ণবং পুত্রং লভতে লোক-বন্ধুতাং।
আশ্রয়ার্থী লভেচ্ছান্তং শ্রীমদ্ভাগবতং গুরুং ॥ ৪০ ॥

শ্রীমচ্ছ্রীকৃষ্ণচৈতন্য-পদাম্বুজ-যুগে ভৃশং।
প্রেমানুরাগ-ললিতাং প্রেমভক্তিং লভেন্নরঃ ॥ ৪১ ॥

ইতি শ্রীলাবধূতাভিন্ন শ্রীমদদ্বৈতাচার্য্যপ্রভু বিরচিতঃ
শ্রীশ্রীগৌরাঙ্গ-প্রত্যঙ্গবর্ণনাখ্য-স্তবরাজঃ সমাপ্তঃ।

# শ্রীশ্রীব্রজবিহারস্তোত্রং।

গায়ন্তীনাং গোপ-সীমন্তিনীনাং
স্ফীতাকাঙ্ক্ষামক্ষিরোলম্বমালাং।
নিশ্চাঞ্চল্যামাত্মবক্তারবিন্দে
কুর্ব্বন্নব্যাদ্দেবকীনন্দনো বঃ॥ ১॥

সুপর্ণ-স্বর্ণাদ্রৌ রচিত-মণি-শৃঙ্গো জলধিজা-
মুখাম্ভোজে ভৃঙ্গো নিগম-বিলসৎ-পঞ্জর-শুকঃ।
ত্রিলোকী কস্তুরী-তিলক-কমনীয়ো ব্রজবধূ-
বিহারী শ্রীকৃষ্ণো দিশতু ভবতাং শর্ম্ম সততং॥ ২॥

কস্ত্বং বাল বলানুজস্ত্বমিহ কিং মন্মন্দিরাশঙ্কয়া
বুদ্ধং তৎ নবনীত-কুম্ভ-বিবরে হস্তং কথং ন্যস্যসি।
কর্ত্তুং তত্র পিপীলিকাপনয়নং সুপ্তাঃ কিমুদ্বোধিতাঃ
বালা বৎসগতিং বিবেক্তুমিতি সংজল্পন্ হরিঃ পাতু বঃ॥ ৩॥

জীর্ণা তরিঃ সরিদতীব-গভীর-নীরা
বালা বয়ং সকলমিত্থমনর্থ-হেতুঃ।
নিস্তার-বীজমিদমেব কৃশোদরীণাং
যন্মাধবস্ত্বমসি সম্প্রতি কর্ণধারঃ॥ ৪॥

শ্রীশ্রীকৃষ্ণো জয়তি জগতাং জন্মদাতা চ পাতা
হর্ত্তা চান্তে হরতি ভজতাং যশ্চ সংসার-ভীতিং।
রাধানাথঃ সজল-জলদ-শ্যামলঃ পীতবাসা
বৃন্দারণ্যে বিহরতি সদা সচ্চিদানন্দ-রূপঃ॥ ৫॥

জ্যোতীরূপং পরম-পুরুষং নির্গুণং নিত্যমেকং
নিত্যানন্দং নিখিল-জগতামীশ্বরং বিশ্ববীজং।
গোলোকেশং দ্বিভুজ-মুরলী-ধারিণং রাধিকেশং
বন্দে বৃন্দারক-হরিহরব্রহ্ম-বন্দ্যাঙিঘ্রপদ্মং ॥ ৬ ॥

যেষাং শ্রীমদ্‌যশোদাসুত-পদ-কমলে নাস্তি ভক্তির্নরাণাং
যেষামাভীর-কন্যা-প্রিয়-গুণ-কথনে নানুরক্তা রসজ্ঞা।
যেষাং শ্রীকৃষ্ণলীলা-ললিতগুণ-কথা সাদরৌ নৈব কর্ণৌ
ধিক্‌ তান্‌ ধিক্‌ তান্‌ ধিগেতান্‌ কথয়তি নিতরাং কীর্ত্তনস্থো মৃদঙ্গঃ ॥ ৭ ॥

কেচিদ্‌ বদন্তি ধনহীন-জনো জঘন্যঃ
কেচিদ্‌ বদন্তি গুণহীন জনো জঘন্যঃ।
ব্যাসো বদত্যখিলবেদ-বিশেষ-বিজ্ঞো
নারায়ণ-স্মরণ-হীন-জনো জঘন্যঃ ॥ ৮ ॥

বৃন্দাবনে বৃক্ষলতা-প্রতানৈ-
র্বৃন্দাবনেশস্য বিহার-হেতোঃ।
পুরা বিধাত্রা রচিতান্‌ সুকুঞ্জান্‌
জগাম কৃষ্ণঃ সহ রাধয়া সঃ ॥ ৯ ॥

নবীন-মেঘোপম-নীল-দেহঃ
সুপীত-পট্টাম্বর-যুগ্মধারী।
স্মিতাননঃ কুণ্ডলবান্‌ কিরীটী
বংশীধরো মালতী-মাল্যধারী ॥ ১০ ॥

নবীন-নীলাম্বুদ-কান্তিমদ্‌বপুঃ
সস্মের-বক্ত্রাম্বুজ-বেণুবাদনঃ।

অনেক-রত্নাভরণৈর্বিভূষিতঃ
স সুন্দরাঙ্গো মহসা মহোজ্জ্বলঃ ॥ ১১ ॥

গোপীজনানন্দকরো মুরারি-
র্বৃন্দাবনেন্দ্রো বনমাল্য-শোভী।
বংশী-নিনাদেন ব্রজাঙ্গনানাং
মনাংসি সম্মোহিতবান্ স কামী ॥ ১২ ॥

নাশায় বালকগণান্ স হি কংসরাজঃ
তাং পূতনাং মানুষ-রাক্ষসীঞ্চ।
সংপ্রেষয়ামাস যদা তদা তাং
মায়াশিশুঃ প্রাণ-সমং শুশোষ ॥ ১৩ ॥

জিঘাংসয়া সমায়ান্তীং পূতনাং রাক্ষসী-বরাং।
ক্রোড়ে কৃত্বা স্তন্যদাত্রীং জঘান বালকো হরিঃ ॥ ১৪ ॥

গোপীগণাস্তমিহ কামদৃশা ভজন্তে
যং ভক্তিভাজ ইহ কেবল-ভক্তিভাবৈঃ।
যং যোগিনো হৃদি ধিয়া পরিচিন্তয়ন্তি
তং কেবলং কমল-লোচনমাশ্রয়েঽহং ॥ ১৫ ॥

কৃষ্ণে কারুণ্য-পূর্ণে শশধর বদনে পীত-কৌষেয়-বস্ত্রে
রত্নালঙ্কার-ভূষে সজল-জলধর-শ্যামলে সুন্দরাঙ্গে।
বংশীবাদ্য-প্রমোদে ব্রজজন-যুবতী-জীবনে যাদবেন্দ্রে
ভূয়াদ্ভক্তির্দৃঢ়া মে সকল-সুরবরৈঃ সেব্যমানে মুরারৌ ॥ ১৬ ॥

বৃন্দারণ্যে বিহরতি সদা বাসুদেবো দয়ালু-
র্গোপশ্রীভিঃ স্মর-শর-শতৈর্ভিন্নহৃৎ-কামুকীভিঃ।

গোপৈর্বালৈরপি সহচরৈঃ সার্দ্ধমানন্দযুক্তে-
র্যোঽসৌ কৃষ্ণঃ পরম-করুণস্তং সদা চিন্তয়েঽহং ॥ ১৭ ॥

বৃন্দাবন-স্থান-বিহার-হেতো
রাধা-সমং কুঞ্জগৃহ-প্রবেশং।
চকার গোপীজন-বল্লভোঽসৌ
পায়াদপায়াদপি মাং মুরারিঃ ॥ ১৮ ॥

বনে বনে কুঞ্জবনে মুরারি-
র্ভ্রমন্ ভ্রমন্ ভ্রাজতি রাধিকা চ।
সহৈব কুঞ্জে রমতে চ রাধা
পায়াদপায়াদিহ কৃষ্ণ একঃ ॥ ১৯ ॥

অনন্ত ! বিশ্বম্ভর ! বাসুদেব !
সমস্ত-দেবৈরপি বন্দ্য-পাদ !।
নিরাময় ! ত্রাণপতে ! মুরারে !
হরে ! হরাশেষ-মহাঘ-সংঘং ॥ ২০ ॥

ইতি শ্রীল-শ্রীধরস্বামি-বিরচিতং শ্রীশ্রীব্রজবিহার-স্তোত্রং-সম্পূর্ণং ॥

---

## শ্রীশ্রীমধুসূদন-স্তোত্রং।

ওমিত্যুচ্চারতো মোহনিদ্রা দূরং পলায়তে।
তয়া গ্রস্তং জগন্নাথ ! ত্রাহি মাং মধুসূদন ! ॥ ১ ॥

অন্য গতির্ন বিদ্যতে নাথ ! ত্বমেব শরণং মম।
পাপ-পঙ্কে নিমগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ! ॥ ২ ॥

মোহিতোঽজ্ঞান-তমসা পুত্র-দার-গৃহাদিষু।
তৃষ্ণয়া পীড্যমানোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ! ॥ ৩॥

ভক্তিহীনঞ্চ দীনঞ্চ দুঃখ-শোকাতুরং প্রভো ! ।
অনাশ্রয়মনাথঞ্চ ত্রাহি মাং মধুসূদন ! ॥ ৪ ॥

গতাগতেন শ্রান্তোঽস্মি দীর্ঘ-সংসার-বর্ত্মসু।
পুনর্নাগন্তুমিচ্ছামি ত্রাহি মাং মধুসূদন ! ॥ ৫ ॥

বহবো হি ময়া দৃষ্টা যোনি-দ্বারঃ পৃথক পৃথক্।
গর্ভবাস-মহাদুঃখাৎ ত্রাহি মাং মধুসূদন ! ॥ ৬ ॥

তেন দেব ! প্রপন্নোঽস্মি ত্রাণার্থস্ত্বৎপরায়ণঃ।
দুঃখার্ণব-নিমগ্নোঽহং ত্রাহি মাং মধুসূদন ! ॥ ৭ ॥

বাচা যচ্চ প্রতিজ্ঞাতং কর্ম্মণা নোপপাদিতং।
তৎপাপাব্ধি-নিমগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ! ॥ ৮ ॥

সুকৃতং ন কৃতং কিঞ্চিদ্দুষ্কৃতঞ্চ কৃতং ময়া।
সংসারার্ণব-মগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ! ॥ ৯ ॥

দেহান্তর-সহস্রেষু প্রাপিতং ভ্রমতা ময়া।
তির্য্যক্ত্বং মানুষত্বঞ্চ ত্রাহি মাং মধুসূদন ! ॥ ১০ ॥

বাচয়ামি যথোন্মত্তঃ প্রলপামি তবাগ্রতঃ।
জরামরণ-ভীতোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ! ॥ ১১ ॥

যত্র যত্র চ জাতোঽস্মি স্ত্রীষু বা পুরুষেষু বা।
দেহি তত্রাচলাং ভক্তিং ত্রাহি মাং মধুসূদন ! ॥ ১২ ॥

গত্বা গত্বা নিবর্ত্তন্তে চন্দ্র-সূর্য্যোদয়ো গ্রহাঃ।
কদাপি ন নিবর্ত্তন্তে দ্বাদশাক্ষর-চিন্তকাঃ ॥ ১৩ ॥

সন্তি স্তোত্রাণি বহবো বাঞ্ছিতার্থ-প্রদানি-বৈ।
দ্বাদশার্ণাৎ পরং নাস্তি বাসুদেবেন ভাষিতং ॥ ১৪ ॥

দ্বাদশার্ণং মহাস্তোত্রং সর্ব্ব-কাম-ফল-প্রদং।
গর্ভবাস-নিরাসায় শুকেন পরিভাষিতং ॥ ১৫ ॥

দ্বাদশার্ণং নিরাহারো যঃ পঠেৎ হরিবাসরে।
স গচ্ছেদ্ বৈষ্ণবং ধাম যত্র যোগেশ্বরো হরিঃ ॥ ১৬ ॥

ইতি শ্রীল-শুকদেব-গোস্বামি-বিরচিতং শ্রীশ্রীমধুসূদন-স্তোত্রং সম্পূর্ণং।

## শ্রীশ্রীমধুসূদন-স্তোত্রের অনুবাদ।

"ওঁ" এই বাক্য উচ্চারণ করিবামাত্র মোহনিদ্রা দূরে পলায়ন করে, কিন্তু হে প্রভো জগন্নাথ! আমি সেই মোহনিদ্রায় অভিভূত হইয়াছি; অতএব হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন! তুমি আমাকে রক্ষা কর ॥ ১ ॥

হে প্রভো! তুমিই আমার একমাত্র আশ্রয়, আমার আর অন্য গতি নাই। আমি পাপ-পঙ্কে নিমগ্ন হইয়াছি; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন! তুমি আমাকে রক্ষা কর ॥ ২ ॥

হে নাথ! আমি অজ্ঞানান্ধকারে অভিভূত হইয়া পুত্র, কলত্র, গৃহাদিতে অত্যন্ত আসক্ত হইয়া পড়িয়াছি, নিদারুণ বিষয়-তৃষ্ণা আমাকে উৎপীড়ন করিতেছে; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন! তুমি আমাকে রক্ষা কর ॥ ৩ ॥

হে প্রভো! আমি ভক্তিহীন, অতি দীন, শোক-দুঃখে জর্জ্জরীভূত, অনাথ ও নিরাশ্রয়; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন! তুমি আমাকে রক্ষা কর ॥ ৪ ॥

হে নাথ! এই সুদীর্ঘ সংসার-পথে পুনঃপুনঃ যাতায়াত করিতে করিতে

আমি ক্লান্ত হইয়া পড়িয়াছি, এ সংসারে আর পুনর্ব্বার আসিতে ইচ্ছা করি না ; অতএব হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে রক্ষা কর ॥ ৫ ॥

হে প্রভো ! আমি পৃথক্ পৃথক্ বহুসংখ্যক যোনিতে জন্মগ্রহণ করিয়াছি, অতএব গর্ভবাস-জনিত মহাদুঃখ আর সহিতে পারি না ; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে গর্ভ-যন্ত্রণা হইতে পরিত্রাণ কর ॥ ৬ ॥

হে দেব ! আমি বিষম দুঃখ-সমুদ্রে নিমগ্ন হইয়া পরিত্রাণের জন্য একান্ত-ভাবে তোমার শরণাগত হইতেছি ; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে রক্ষা কর ॥ ৭ ॥

হে প্রভো ! আমি বাক্য দ্বারা যাহা প্রতিজ্ঞা করিয়াছি, কার্য্যের দ্বারা তাহা পালন করিতে পারি নাই, সুতরাং আমি প্রতিজ্ঞা-ভঙ্গ-জনিত পাপ-সমুদ্রে নিমগ্ন হইয়াছি ; অতএব হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে উদ্ধার কর ॥ ৮ ॥

হে প্রভো ! আমি কখনও কোন সুকৃতি করি নাই, কেবল দুষ্কৃতিই করিয়াছি, তজ্জন্য এই ঘোর সংসার-সাগরে নিমগ্ন হইয়াছি ; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে উদ্ধার কর ॥ ৯ ॥

হে নাথ ! আমি সহস্র সহস্র দেহ ভ্রমণ করিতে করিতে কখনও বা পশু, পক্ষী প্রভৃতি ইতর দেহ, কখনও বা মানবদেহ প্রাপ্ত হইয়া কেবল ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতেছি ; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে রক্ষা কর ॥ ১০ ॥

হে প্রভো ! আমি জরা ও মৃত্যু-ভয়ে ভীত হইয়া তোমার নিকট উন্মত্তের ন্যায় প্রলাপ করিতেছি ; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে রক্ষা কর ॥ ১১ ॥

হে নাথ ! আমি যে কোনও স্থানে স্ত্রী বা পুরুষ যে কোনও রূপেই জন্মগ্রহণ করি না কেন, সর্ব্বত্রই যেন তোমাতে অচলা ভক্তি প্রদান করিও, আমি

কেবল ইহাই প্রার্থনা করি ; হে বিপদ-ভঞ্জন শ্রীমধুসূদন ! তুমি আমাকে রক্ষা কর ॥ ১২ ॥

এই সংসারে চন্দ্র-সূর্য্যাদি গ্রহগণও পুনঃপুনঃ যাইতেছে ও ফিরিয়া আসিতেছে ; কিন্তু যাঁহারা

"ওঁ নমো ভগবতে বাসুদেবায়"

এই দ্বাদশাক্ষর মন্ত্রের উপাসক, তাঁহাদিগকে আর কখনও এ সংসারে ফিরিয়া আসিতে হয় না ॥ ১৩ ॥

যদিও অভীপ্সিত-ফলপ্রদ বহুসংখ্যক স্তোত্র আছে, কিন্তু শ্রীবাসুদেব বলিয়াছেন, দ্বাদশাক্ষর-সমন্বিত স্তোত্র অপেক্ষা শ্রেষ্ঠ স্তোত্র আর নাই ॥ ১৪ ॥

দ্বাদশাক্ষর মহাস্তোত্র সর্ব্ব কামনা পরিপূর্ণ করেন। জীবের গর্ভবাস-নিবারণের জন্য শ্রীশুকদেব কর্ত্তৃক এই মহাস্তোত্র কীর্ত্তিত হইয়াছেন ॥ ১৫ ॥

যিনি শ্রীএকাদশী-দিবসে অনাহারে থাকিয়া এই দ্বাদশাক্ষর স্তোত্র পাঠ করেন, যোগেশ্বর শ্রীহরি যে স্থানে বিরাজ করিতেছেন, তিনি সেই বিষ্ণুলোকে অর্থাৎ শ্রীবৈকুণ্ঠ-ধামে গমন করেন ॥ ১৬ ॥

ইতি শ্রীশ্রীমধুসূদন-স্তোত্রের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রং। (১)

ওঁ নমো বিশ্বরূপায় বিশ্বস্থিত্যন্তহেতবে।
বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমো নমঃ ॥ ১ ॥
নমো বিজ্ঞান-রূপায় পরমানন্দ-রূপিণে।
কৃষ্ণায় গোপীনাথায় গোবিন্দায় নমো নমঃ ॥ ২ ॥

নমঃ কমলনেত্রায় নমঃ কমল-মালিনে।
নমঃ কমল-নাভায় কমলা-পতয়ে নমঃ ॥ ৩ ॥

বর্হাপীড়াভিরামায় রামায়াকুণ্ঠমেধসে।
রমা-মানস-হংসায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৪ ॥

কংসবংশ-বিনাশায় কেশি-চানূর-ঘাতিনে।
বৃষভধ্বজ-বন্দ্যায় পার্থ-সারথয়ে নমঃ ॥ ৫ ॥

বেণুবাদন-শীলায় গোপালায়াহি-মর্দ্দিনে।
কালিন্দী কূল-লোলায় লোল-কুণ্ডল-ধারিণে ॥ ৬ ॥

বল্লবী-নয়নাম্ভোজ-মালিনে নৃত্যশালিনে।
নমঃ প্রণত-পালায় শ্রীকৃষ্ণায় নমো নমঃ ॥ ৭ ॥

নমঃ পাপ-প্রণাশায় গোবর্দ্ধন-ধরায় চ।
পূতনা-জীবিতান্তায় তৃণাবর্ত্তাসু-হারিণে ॥ ৮ ॥

নিষ্কলায় বিমোহায় শুদ্ধায়াশুদ্ধি-বৈরিণে।
অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমো নমঃ ॥ ৯ ॥

প্রসীদ পরমানন্দ ! প্রসীদ পরমেশ্বর !।
আধি-ব্যাধি-ভুজঙ্গেন দষ্টং মামুদ্ধর প্রভো ! ॥ ১০ ॥

শ্রীকৃষ্ণ ! রুক্মিণীকান্ত ! গোপীজন-মনোহর !।
সংসার-সাগরে মগ্নং মামুদ্ধর জগদ্‌গুরো ! ॥ ১১ ॥

কেশব ! ক্লেশহরণ ! নারায়ণ ! জনার্দ্দন !।
গোবিন্দ ! পরমানন্দ ! মাং সমুদ্ধর মাধব ! ॥ ১২ ॥

ইতি শ্রীগোপালতাপনীয়শ্রুতি-ধৃতং শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রং (১) সমাপ্তং।

———

# শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রের (১) অনুবাদ।

যিনি বিশ্বরূপ এবং বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয়ের কারণ, সেই বিশ্বময় শ্রীগোবিন্দকে আমি পুনঃপুনঃ নমস্কার করি ॥ যিনি জ্ঞান ও পরমানন্দ-স্বরূপ, সেই গোবিন্দ গোপীনাথ শ্রীকৃষ্ণকে আমি পুনঃপুনঃ প্রণাম করি ॥ যিনি পদ্মলোচন, পদ্মমালী ও পদ্মনাভ, সেই পদ্মাপতিকে আমি নমস্কার করি ॥ যাঁহার শিরোদেশ ময়ূর-পুচ্ছে সুশোভিত, যিনি অপরিমিত-জ্ঞানময় ও যিনি লক্ষ্মীদেবীর মানস-সরোবরে হংস-স্বরূপ সেই শ্রীগোবিন্দকে আমি পুনঃপুনঃ প্রণাম করি ॥ যিনি কংসবংশ-ধ্বংসকারী, যিনি কেশী ও চানূর-ঘাতী এবং যিনি শ্রীমহাদেবেরও বন্দনীয়, সেই অর্জ্জুন-সারথি শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ যিনি বেণু-বাদন-পরায়ণ, গো-পালক, কালিয়-মর্দ্দন, যমুনা-কূল-বিহারী, চঞ্চল-কুণ্ডল-পরিশোভিত, গোপীগণের নয়ন-কমল-গ্রথিত-মাল্যধারী, নৃত্য-পরায়ণ ও প্রণত-জনের প্রতিপালক, সেই শ্রীকৃষ্ণকে আমি পুনঃপুনঃ প্রণাম করি ॥ যিনি পাপ-বিনাশন, গোবর্দ্ধন-ধারী, পূতনা-বিনাশকারী ও তৃণাবর্ত্ত-প্রাণসংহারী, সেই কৃষ্ণকে আমি নমস্কার করি ॥ যিনি পূর্ণ-স্বরূপ, মোহ-বর্জ্জিত, পরম বিশুদ্ধ, পরম পাবন অদ্বিতীয় ও সর্ব্ব-পূজ্য, সেই শ্রীকৃষ্ণকে আমি পুনঃপুনঃ প্রণাম করি ॥ হে পরমানন্দ-স্বরূপ! হে পরমেশ্বর! আপনি আমার প্রতি প্রসন্ন হউন; হে প্রভো! মনঃপীড়া-রূপ ও ব্যাধি-রূপ কাল-ভুজঙ্গ আমাকে দংশন করিয়াছে, তাহা হইতে আপনি আমাকে উদ্ধার করুন ॥ হে কৃষ্ণ! হে রুক্মিণী-কান্ত! হে গোপীজন-চিত্তাপহারিন্! হে জগদ্গুরো! আমি সংসার-সাগরে নিমগ্ন হইয়াছি, আপনি আমাকে উদ্ধার করুন ॥ হে কেশব! হে দুঃখ-বিনাশন! হে নারায়ণ! হে জনার্দ্দন! হে গোবিন্দ! হে পরমানন্দ! হে মাধব! আপনি আমাকে উদ্ধার করুন ॥ ১-১২ ॥

ইতি শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রের (১) অনুবাদ সম্পূর্ণ।

# শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রং (২)।

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্ট-দোহং
তীর্থাস্পদং শিব-বিরিঞ্চি-নুতং শরণ্যং।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল-ভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ! তে চরণারবিন্দং ॥ ১ ॥

ত্যক্ত্বা সুদুস্ত্যজ-সুরেপ্সিত-রাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ! আর্য্য-বচসা যদগাদরণ্যং।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্
বন্দে মহাপুরুষ! তে চরণারবিন্দং ॥ ২ ॥

ইতি শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ-ধৃতং শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রং (২) সম্পূর্ণং।

— —

# শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রের (২) অনুবাদ।

হে মহাপুরুষ! আপনার যে শ্রীচরণারবিন্দ সর্ব্বদা ধ্যানযোগ্য, ইন্দ্রিয় ও স্বজনাদি-জনিত-পরাভব-বিনাশক, মনোবাঞ্ছা-পূর্ণকারী, গঙ্গাদি-তীর্থাশ্রয়, শিবব্রহ্মাদি-দেবগণ-স্তুত, শরণ-যোগ্য, ভক্তজন-দুঃখাপহারক ও প্রণত-জনগণের ভবসমুদ্র-সন্তারক, সেই শ্রীচরণারবিন্দ বন্দনা করি ॥ ১ ॥

হে ধার্ম্মিক-প্রবর! হে মহাপুরুষ! যে রাজ্যলক্ষ্মী ত্যাগ করা অন্য সকলেরই পক্ষে দুরূহ ও যাহা দেবতাগণেরও বাঞ্ছনীয়, আপনি পিতৃবাক্য-প্রতিপালনার্থে তাহা অনায়াসে পরিত্যাগ পূর্ব্বক বনে গমন করিয়াছিলেন এবং স্বীয় প্রেয়সী শ্রীসীতাদেবীর প্রীতির নিমিত্ত মায়া-মৃগের পশ্চাদ্ধাবিত হইয়াছিলেন; অতএব আপনার শ্রীচরণারবিন্দ বন্দনা করি ॥ ২ ॥

ইতি শ্রীশ্রীকৃষ্ণস্তোত্রের (২) অনুবাদ সমাপ্ত।

———

## শ্রীশ্রীকৃষ্ণস্য লীলামৃতাখ্য-দশনামস্তোত্রং ।

রাধিকা-হৃদয়োন্মাদি-বংশীক্বাণ-মধূচ্ছটঃ ।
রাধা-পরিমলোদ্গার-গরিমা-ক্ষিপ্ত-মানসঃ ॥ ১ ॥

কম্র-রাধা-মনোমীন-বড়িশীকৃত-বিভ্রমঃ ।
প্রেমগর্ব্বান্ধ-গান্ধর্ব্বা-কিলকিঞ্চিত-রঞ্জিতঃ ॥ ২ ॥

ললিতা-বশ্যধী-রাধা-মানাভাস-বশীকৃতঃ ।
রাধা-বক্রোক্তি-পীযূষ-মাধুর্য্য-ভর-লম্পটঃ ॥ ৩ ॥

মুখেন্দু-চন্দ্রিকোদ্গীর্ণ-রাধিকা-রাগ-সাগরঃ ।
বৃষভানুসুতা-কণ্ঠহারি-হার-হরিন্মণিঃ ॥ ৪ ॥

ফুল্লরাধা-কমলিনী-মুখাম্বুজ-মধুব্রতঃ ।
রাধিকা-কুচ-কস্তুরীপত্র-স্ফুরদুরঃস্থলঃ ॥ ৫ ॥

ইতি গোকুল-ভূপাল-সূনু-লীলা-মনোহরং ।
যঃ পঠেন্নাম-দশকং সোঽস্য বল্লভতাং ব্রজেৎ ॥ ৬ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীকৃষ্ণস্য লীলামৃতাখ্য-দশনামস্তোত্রং সমাপ্তং ।

---

## শ্রীশ্রীগোপাল-স্তবরাজঃ ।

শ্রীশ্রীগোপালদেবায় নমঃ ।

নবীন-নীরদ-শ্যামং নীলেন্দীবর-লোচনং ।
বল্লবী-নন্দনং বন্দে কৃষ্ণং গোপাল-রূপিণং ॥ ১ ॥

স্ফুরদ্বর্হদলোদ্বদ্ধ-নীল-কুঞ্চিত-মূর্দ্ধজং ।
কদম্বকুসুমোদ্বদ্ধ-বনমালা-বিভূষিতং ॥ ২ ॥

গণ্ড-মণ্ডল-সংসর্গি-চলৎ-কাঞ্চন-কুণ্ডলং।
স্থূল-মুক্তাফলোদার-হারদ্যোতিত-বক্ষসং॥ ৩॥

হেমাঙ্গদ-তুলাকোটি-কিরীটোজ্জ্বল-বিগ্রহং।
মন্দ-মারুত-সংক্ষোভ-চলিতাম্বর-সঞ্চয়ং॥ ৪॥

রুচিরৌষ্ঠপুট-ন্যস্ত-বংশী-মধুর-নিস্বনৈঃ।
লসদ্গোপালিকা-চেতো মোহয়ন্তং মুহুর্মুহুঃ॥ ৫॥

বল্লবী-বদনাম্ভোজ-মধুপান-মধুব্রতং।
ক্ষোভয়ন্তং মনস্তাসাং সস্মেরাপাঙ্গ-বীক্ষণৈঃ॥ ৬॥

যৌবনোদ্ভিন্ন-দেহাভিঃ সংসক্তাভিঃ পরস্পরং।
বিচিত্রাম্বর-ভূষাভির্গোপনারীভিরাবৃতং॥ ৭॥

প্রভিন্নাঞ্জন-কালিন্দী-জলকেলি-কলোৎসুকং।
যোধয়ন্তং ক্বচিদ্গোপান্ ব্যাহরন্তং গবাং গণং॥ ৮॥

কালিন্দী-জল-সংসর্গি-শীতলানিল-সেবিতে।
কদম্ব-পাদপচ্ছায়ে স্থিতং বৃন্দাবনে ক্বচিৎ॥ ৯॥

রত্ন ভূধর-সংলগ্ন-রত্নাসন-পরিগ্রহং।
কল্পপাদপ-মধ্যস্থ-হেম-মণ্ডপিকা-গতং॥ ১০॥

বসন্ত-কুসুমামোদ-সুরভীকৃত-দিঙ্মুখে।
গোবর্দ্ধন-গিরৌ রম্যে স্থিতং রাসরসোৎসুকং॥ ১১॥

সব্য-হস্ততল-ন্যস্ত-গিরিবর্য্যাতপত্রকং।
খণ্ডিতাখণ্ডলোন্মুক্ত-মুক্তাসার-ঘনাঘনং॥ ১২॥

বেণুবাদ্য-মহোল্লাস-কৃত-হুঙ্কার-নিস্বনৈঃ।
সবৎসৈরুন্মুখৈঃ শশ্বদ্গোকুলৈরভিবীক্ষিতং॥ ১৩॥

কৃষ্ণমেবানুগায়দ্ভিস্তচ্চেষ্টা-বশবর্ত্তিভিঃ।
দণ্ডপাশোদ্যত-করৈর্গোপালৈরুপশোভিতং॥ ১৪॥

নারদাদ্যৈর্মুনি-শ্রেষ্ঠৈর্বেদ-বেদাঙ্গ-পারগৈঃ।
প্রীতি-সুস্নিগ্ধয়া বাচা স্তূয়মানং পরাৎপরং॥ ১৫॥

য এবং চিন্তয়েদ্দেবং ভক্ত্যা সংস্তৌতি মানবঃ।
ত্রিসন্ধ্যং তস্য তুষ্টোঽসৌ দদাতি বরমীপ্সিতং॥ ১৬॥

রাজবল্লভতামেতি ভবেৎ সর্ব্বজন-প্রিয়ঃ।
অচলাং শ্রিয়মাপ্নোতি স বাগ্মী জায়তে ধ্রুবং॥ ১৭॥

ইতি শ্রীগৌতমীয়তন্ত্রে শ্রীশ্রীগোপাল স্তবরাজঃ সম্পূর্ণঃ।

## শ্রীশ্রীকৃষ্ণস্যানন্দাখ্য-মহাস্তোত্রং।

শ্রীশ্রীকৃষ্ণায় নমঃ।

শ্রীকৃষ্ণঃ পরমানন্দো গোবিন্দো নন্দনন্দনঃ।
তমাল-শ্যামল-রুচিঃ শিখণ্ড-কৃত-শেখরঃ॥ ১॥

পীত-কৌষেয়-বসনো মধুর-স্মিত-শোভিতঃ।
কন্দর্প-কোটি-লাবণ্যো বৃন্দারণ্য-মহোৎসবঃ॥ ২॥

বৈজয়ন্তী-স্ফুরদ্বক্ষাঃ কক্ষাত্ত-লগুড়োত্তমঃ।
কুঞ্জার্পিত-রতির্গুঞ্জাপুঞ্জ-মঞ্জুল-কণ্ঠকঃ॥ ৩॥

কর্ণিকারাঢ্য-কর্ণ-শ্রীধৃত-স্বর্ণাভ-বর্ণকঃ।
মুরলী-বাদন-পটুর্বল্লবী-কুল-বল্লভঃ॥ ৪॥

গান্ধর্ব্বাপ্তি-মহাপর্ব্ব-রাধারাধন-পেশলঃ।
ইতি শ্রীকৃষ্ণচন্দ্রস্য নাম-বিংশতি সংজ্ঞিতং॥ ৫॥

আনন্দাখ্যং মহাস্তোত্রং যঃ পঠেচ্ছৃণুয়াচ্চ যঃ।
সঃ পরং সৌখ্যমাসাদ্য কৃষ্ণপ্রেম-সমন্বিতঃ॥ ৬॥

সর্ব্বলোকপ্রিয়ো ভূত্বা সদ্গুণাবলি-ভূষিতঃ।
ব্রজরাজ-কুমারস্য সন্নিকর্ষমবাপ্নুয়াৎ॥ ৭॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং শ্রীশ্রীকৃষ্ণস্যানন্দাখ্যং মহাস্তোত্রং সমাপ্তং।

---

# শ্রীশ্রীমদনগোপাল-স্তোত্রং

বনভুবি রবিকন্যা-স্বচ্ছ-কচ্ছালি-পালি-
ধ্বনিযুত-বরতীর্থ-দ্বাদশাদিত্য-কুঞ্জে।
সকনক-মণিবেদী-মধ্যমধ্যাধিরূঢ়ঃ
স্ফুরিত মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ১॥

সুভগ-নব-শিখণ্ড-ভ্রাজদুষ্ণীষ-হারা-
ঙ্গদ-বলয়-সমুদ্রা-ধ্বান-মঞ্জীর-রম্যঃ।
বসন ঘুসৃণ-চর্চ্চা-মালিকোল্লাসিতাঙ্গঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ২॥

কটিকৃত-বরভঙ্গ-ন্যস্ত-জঙ্ঘান্যজঙ্ঘঃ
করযুগ-ধৃত-বংশীং-ন্যস্য বিম্বাধরাগ্রে।
সুমধুর মতি-তির্য্যগ্গ্রীবয়া বাদয়ংস্তাং
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ৩॥

বিধিকৃত-বিধুসৃষ্টি-ব্যর্থতাকারি-বক্ত্র-
দ্যুতিলব-হৃত-রাধা-স্থূল-মানান্ধকারঃ।
স্মিত-লপিত-মধূল্যোন্মাদিতৈতন্ধৃষীকঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৪ ॥

শরদুদিত-সরোজ-ব্রাত-বিত্রাসি-নেত্রা-
ঞ্চল-কুটিল-কটাক্ষৈর্ম্মন্দরোদ্দণ্ড-চালৈঃ।
ঝটিতি-মথিত-রাধা-স্বান্ত-দুগ্ধার্ণবান্তঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৫ ॥

কুটিল-চটুল-চিল্লীবল্লি-লাস্যেন লব্ধ-
প্রথিত-সকল-সাধ্বী-ধর্ম্মরত্ন-প্রসাদঃ।
তিলকবদলিকেন ধ্বস্ত-কামেষু-চাপঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৬ ॥

শুকযুব-বরচঞ্চু-প্রাংশু-নাসাংশু-সিন্ধৌ
জনিত-কুলবধূটী-দৃষ্টি-মৎস্যী-বিহারঃ।
স্মিতলব-যুত-রাধা-জল্প-মন্ত্রোন্মদান্তঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৭ ॥

বিকসদধর-বন্ধূকান্তরুড্ডীয় গন্ধৈঃ
পতিতমুপ বিধত্তুং রাধিকা-চিত্তভৃঙ্গং।
দশন-রুচি-গুণাগ্রে দত্ত-তৎ-সীধুচারঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৮ ॥

শ্রবণ-মদনকন্দ-প্রেক্ষণোড্ডীন-রাধা-
ধৃতি-বিভব-বিহঙ্গে ন্যস্ত-নেত্রান্ত-বাণঃ।
অলক-মধুপ-দত্ত-দ্যোত-মাধবীক-সত্রঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৯ ॥

পরিমল-রুচি-পালী-শালি-গান্ধর্ব্বকোদ্যন্-
মুখকমল-মধূলী-পান-মত্ত-দ্বিরেফঃ।
মুকুরজয়ি-কপোলে মৃগ্য-তচ্চুম্ব-বিম্বঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোহপি গোপাল এষঃ॥ ১০॥

মকর-মুখ-সদৃক্ষ-স্বর্ণবর্ণাবতংস-
প্রচলন-হৃত-রাধা-সর্ব্ব-শারীর-ধর্ম্মঃ।
তদতিচল-দৃগন্ত-স্বস্থবংশে ধৃতাক্ষঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোহপি গোপাল এষঃ॥ ১১॥

হরিমণি-কৃত-শঙ্খ-শ্লাঘিতোল্লঙ্ঘ-লেখা-
ত্রয়-রুচি-বৃত-কণ্ঠস্যোপকণ্ঠে মণীন্দ্রং।
দধদিহ পরিরব্ধুং রাধিকাং বিম্বিতাঙ্গ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোহপি গোপাল এষঃ॥ ১২॥

কুবলয়-কৃত-বক্ষস্তম্পমুচ্চং দধানঃ
শ্রম-বিলুলিত-রাধা স্বাপনায়ৈব নব্যং।
ভুজ-যুগমপি দিব্যং তৎ-প্রকাণ্ডোপধানং
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোহপি গোপাল এষঃ॥ ১৩॥

রুচির-জঠরপত্রে চিত্র-নাভীতটোদ্যৎ-
তনুরুহতিতি-নাম্নীং বল্লবী-বৃন্দ-ভুক্ত্যৈ।
স্মরনৃপতি-সমুদ্র-স্বাক্ষরালীং দধানঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোহপি গোপাল এষঃ॥ ১৪॥

যুবতি-হৃদলসেভ-প্রৌঢ়-বন্ধায় কাম-
স্থপতি-চিত-রসোরুস্তম্ভ-জৃম্ভাভিরামঃ।

মরকত-কট-জৈত্র-ক্ষুল্ল-জানু-প্রসন্নঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৫ ॥

প্রণয় নব-মধূনাং পানমাত্রৈক-গত্যাঃ
সকল-করণ-জীব্যং রাধিকা-মত্তভৃঙ্গ্যাঃ।
অরুণ-চরণ-কঞ্জ-দ্বন্দ্বমুল্লাস্য পশ্যন্
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৬ ॥

অতুল-বিলসদঙ্গশ্রেণি-বিন্যাসভঙ্গ্যা
গ্লপিত-মদনকোটি-স্ফার-সৌন্দর্য্য-কীর্ত্তিঃ।
বল-লব-হত-মত্তাপার-পারীন্দ্র-দর্পঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৭ ॥

তরণি-দুহিতৃ-কচ্ছে স্বচ্ছ-পাথোদ-ধামা
সমুদিত-নব-কামাভীর-রামাবলীনাং।
তড়িদতি-রুচি-বাহু-স্ফূর্জদংসোঽতিজৃম্ভন্
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৮ ॥

নব-তরুণিম-ভট্টাচার্য্য-বর্য্যেণ শাস্ত্রং
মনসিজ-মুনি-কৢপ্তং ন্যায়মধ্যাপিতাভিঃ।
নবনব-যুবতীভির্বিভ্রদুদ্গ্রাহমস্মিন্
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৯ ॥

রতিমতিরচয়ন্ত্যা রাধিকা-নর্ম্মকান্ত্যা
স্থগিত-বচন-দর্পঃ স্ফারিতান্য-প্রসঙ্গঃ।
খরমতি-ললিতাস্যে কিঞ্চিদঞ্চৎ-স্মিতাক্ষঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ২০ ॥

সবিধ-রমিত-রাধঃ সাগ্রজ-স্নিগ্ধ-রূপ-
প্রণয়-রুচির-চন্দ্রঃ কুঞ্জখেলা-বিতন্দ্রঃ
রচিত-জন-চকোর-প্রেম-পীযূষ-বর্ষঃ
স্ফুরতি মদন-পূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ২১ ॥

মদন-বলিত-গোপালস্য যঃ স্তোত্রমেতৎ
পঠতি সুমতিরুদ্যদ্দৈন্য-বন্যাভিষিক্তঃ।
স খলু বিষয়-রাগং সৌরিভাগং বিহায়
প্রতিজনি লভতে তৎ-পাদ-কঞ্জানুরাগং ॥ ২২ ॥

ইতি শ্রীমদ্রঘুনাথ দাসগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীমদনগোপাল-স্তোত্রং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীগোপালরাজ-স্তোত্রং।

বপুরতুল-তমাল-স্ফীত-বাহুরুশাখো-
পরি-ধৃত-গিরিবর্য্য-স্বর্ণবর্ণৈক-গুচ্ছঃ।
কটিকৃত-পরহস্তারক্ত-শাখাগ্র-হৃদ্যঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১ ॥

রুচির-দৃগভিধানে পঙ্কজে ফুল্লয়ন্তং
সুভগ-বদনগাত্রং চিত্রচন্দ্রং দধানঃ।
বিলসদধর-বিম্ব-ঘ্রায়ি-নাসা-শুকোষ্ঠঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ২ ॥

চল-কুটিলতর-ভ্রূ-কাম্মু্র্কান্তদূর্গন্ত-
ক্রমণ-নিশিতবাণং শীঘ্রযাণং দধানঃ।
দরয়িতুমিব রাধাধৈর্য্য-পারীন্দ্রবর্য্যং
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ৩ ॥

অসুলভমিহ রাধাবক্ত্র-চুম্বং বিজান-
ন্নিব বিলাসিতুমেতচ্ছায়য়াপি প্রদূরাৎ।
মুকুর-যুগলমচ্ছং গণ্ডদম্ভেন বিভ্রৎ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ৪ ॥

রুচি-নিকর-বিরাজদ্দাড়িমী-পক্কবীজ-
প্রকর-বিজয়ি-দন্তশ্রেণী-সৌরভ্যবাতৈঃ।
রচিত-যুবতি-চেতঃ-কীর-জিহ্বাতি-লৌল্যঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ৫ ॥

বচন-মধু-রসানাং পায়নৈর্গোপরামা-
কুলমুরুধৃত-ধামাপুন্মদীকৃত্য কামং।
অভিমত-রতিরত্নান্যাদদানস্ততো দ্রাক্
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ৬ ॥

কুবলয়-নিভ-ভালে কৌঙ্কুম-দ্রাব-পুণ্ড্রং
দধদিব ঘনষণ্ডে নিশ্চলচঞ্চলাগ্রং।
রচয়িতুমিব-সাধ্বী-কীর্ত্তি-মুগ্ধালি-ভীতিং
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ৭ ॥

শ্রবণ-মদন-রজ্জু সঞ্জয়ল্লাঞ্জ-রাধা-
নয়ন-চল-চকোরো বন্ধুমুৎকঃ কিশোরো।

কৃত-মকর-বতংস-স্নিগ্ধ-চন্দ্রাংশু-চারঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ৮ ॥

যুবতি-করণ-রত্নব্রাতমাচ্ছিদ্য নেত্র-
ভ্রমণ-পটু-ভটৈস্তং ন্যস্য হৃৎ-সৌধ-মধ্যে।
গরুড়মণি-কবাটেনোরসাঘুষ্য হৃষ্টঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ৯ ॥

ত্রিবলি-ললিত-তুন্দ-স্যন্দি-নাভী-হ্রদোদ্যৎ-
তনুরুহততি-সর্পীমত্র বিভ্রাণ উগ্রাং।
যুবতি-পতি-ভয়াখু-গ্রাসনায়েব সদ্যঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১০ ॥

মরকত-কৃতরম্ভা-গর্ব্ব-সর্ব্বঙ্কষোরু-
দ্বয়মুরু-রস-ধাম-প্রেয়সীনাং দধানঃ।
স্ফুরদবিরল-পুষ্ট-শ্রোণিভারাতি-রম্যঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১১ ॥

মদন-মণিবরালী-সংপুট-ক্ষুল্লজানু-
দ্বয়-সুললিত-জঙ্ঘা-মঞ্জু-পাদাব্জ-যুগ্মঃ।
বিবিধ-বসন-ভূষা-ভূষিতাঙ্গঃ সুকণ্ঠঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১২ ॥

কলিত-বপুরিব শ্রীবিট্ঠল-প্রেমপুঞ্জঃ
পরিজন-পরিচর্য্যা-ধৈর্য্য-পীযুষ-পুষ্টঃ।
দ্যুতি-ভর-জিত-মাদ্যন্মম্মথোদ্যৎ-সমাজঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১৩ ॥

বিবিধ-ভজন-পুষ্পৈরিষ্ট-নামানি গৃহ্ণন্
পুলকি-তনুরিহ শ্রীবিট্ঠলস্যোরু-সখ্যোঃ ।
প্রণয়-মণিসরং স্বং হন্ত তস্মৈ দদানঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১৪ ॥

গিরিকুল-পতি-পট্টোল্লাসি-গোপালরাজ-
স্তুতি-বিলসিত-পদ্যান্যুদ্ভট-প্রেমদানি ।
নটয়তি রসনাগ্রে শ্রদ্ধয়া নির্ভরং যঃ
স সপদি লভতে তৎ-প্রেমরত্নং প্রসাদং ॥ ১৫ ॥

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীগোপালরাজ স্তোত্রং সম্পূর্ণং ।

---

## শ্রীশ্রীকৃষ্ণস্য প্রণাম-প্রণয়াখ্য-স্তবঃ ।

কন্দর্প-কোটি-রম্যায় স্ফুরদিন্দীবর-ত্বিষে ।
জগন্মোহন-লীলায় নমো গোপেন্দ্র-সূনবে ॥ ১ ॥

কৃষ্ণলা-কৃত-হারায়-কৃষ্ণ-লাবণ্যশালিনে ।
কৃষ্ণা-কূল-করীন্দ্রায় কৃষ্ণায় করবৈ নমঃ ॥ ২ ॥

সর্ব্বানন্দ-কদম্বায় কদম্ব-কুসুম-স্রজে ।
নমঃ প্রেমাবলম্বায় প্রলম্বারি-কনীয়সে ॥ ৩ ॥

কুণ্ডল-স্ফুরদংসায় বংশায়ত্ত-মুখশ্রিয়ে ।
রাধা-মানস-হংসায় ব্রজোত্তংসায় তে নমঃ ॥ ৪ ॥

নমঃ শিখণ্ড-চূড়ায় দণ্ড-মণ্ডিত পাণয়ে।
কুণ্ডলীকৃত-পুষ্পায় পুণ্ডরীকেক্ষণায় তে ॥ ৫ ॥

রাধিকা-প্রেম-মাধবীক-মাধুরী-মুদিতান্তরং।
কন্দর্প-বৃন্দ-সৌন্দর্য্যং গোবিন্দমভিবাদয়ে ॥ ৬ ॥

শৃঙ্গার-রস-শৃঙ্গারং কর্ণিকারাক্ত-কর্ণিকং।
বন্দে শ্রিয়া নবাভ্রাণাং বিভ্রাণং বিভ্রমং হরিং ॥ ৭ ॥

সাধবীব্রত-মণিব্রাত-পশ্যতোহর-বেণবে।
কহ্লার-কৃত-চূড়ায় শঙ্খচূড়-ভিদে নমঃ ॥ ৮ ॥

রাধিকাধর-বন্ধুক-মকরন্দ-মধুব্রতং।
দৈত্য-সিন্ধুর-পারীন্দ্রং বন্দে গোপেন্দ্র-নন্দনং ॥ ৯ ॥

বর্হেন্দ্রায়ুধ-রম্যায় জগজ্জীবন-দায়িনে।
রাধা-বিদ্যুদ্বৃতাঙ্গায় কৃষ্ণাম্ভোদায় তে নমঃ ॥ ১০ ॥

প্রেমান্ধ-বল্লবী-বৃন্দ-লোচনেন্দীবরেন্দবে।
কাশ্মীর-তিলকাঢ্যায় নমঃ পীতাম্বরায় তে ॥ ১১ ॥

গীর্ব্বাণেশ-মদোদ্দাম-দাব-নির্ব্বাণ-নীরদং।
কন্দুকীকৃত-শৈলেন্দ্রং বন্দে গোকুল-বান্ধবং ॥ ১২ ॥

দৈন্যার্ণবে নিমগ্নোঽস্মি মন্তুগ্রাব-ভরার্দ্দিতঃ।
দুষ্টে কারুণ্য-পারীণ! ময়ি কৃষ্ণ! কৃপাং কুরু ॥ ১৩ ॥

আধারোঽপ্যপরাধানামবিবেক-হতোঽপ্যহং।
ত্বৎকারুণ্য-প্রতীক্ষ্যোঽস্মি প্রসীদ ময়ি মাধব! ॥ ১৪ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতঃ
শ্রীশ্রীকৃষ্ণস্য প্রণাম-প্রণয়াখ্য-স্তবঃ সমাপ্তঃ।

# শ্রীশ্রীকৃষ্ণস্য প্রণামপ্রণয়াখ্য-স্তবের অনুবাদ।

যিনি কোটী কোটী কন্দর্পের ন্যায় রমণীয়, যাঁহার অঙ্গ-কান্তি বিকশিত নীলপদ্মের ন্যায় শ্যামবর্ণ এবং যিনি স্বীয় পরমাদ্ভূত লীলা দ্বারা ত্রিজগৎ মুগ্ধ করিতেছেন, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ১ ॥

যিনি গুঞ্জাহারে বিভূষিত, ইন্দ্রনীলমণির ন্যায় যাঁহার লাবণ্য এবং যিনি কালিন্দী-তীরে মাতঙ্গের ন্যায় ক্রীড়া করেন, সেই শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ২ ॥

যিনি নিখিল আনন্দের কারণ-স্বরূপ, যাঁহার বক্ষঃস্থল কদম্বকুসুম-মালায় পরিশোভিত এবং যিনি ভক্তগণের প্রেম দ্বারা বশীভূত হয়েন, সেই রামানুজ শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ৩ ॥

দোদুল্যমান কুণ্ডল দ্বারা যাঁহার স্কন্ধদেশ সুশোভিত, বংশীবাদন নিমিত্ত ঈষৎ বক্রীকৃত মুখমণ্ডল দ্বারা যিনি শোভা পাইতেছেন, যিনি শ্রীরাধার মানস-রূপ সরোবরে হংসের ন্যায় বিহার করেন এবং যিনি নিখিল ব্রজবাসিবৃন্দের শিরোভূষণ-স্বরূপ, সেই শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ৪ ॥

ময়ূর-পুচ্ছে যাঁহার চূড়া সুশোভিত, যিনি গো-রক্ষণের নিমিত্ত করতলে রত্ন-খচিত দণ্ড ধারণ করিয়াছেন এবং কুসুম-নির্ম্মিত কুণ্ডলে যাঁহার কর্ণ-যুগল অলঙ্কৃত, সেই পুণ্ডরীক-নয়ন শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ৫ ॥

শ্রীরাধিকার প্রেমরূপ মকরন্দের মাধুর্য্য-আস্বাদন-প্রভাবে যাঁহার অন্তঃকরণ সর্ব্বদা হর্ষযুক্ত ও যিনি কোটী কোটী কন্দর্পের ন্যায় সৌন্দর্য্যান্বিত, সেই শ্রীগোবিন্দকে আমি অভিবাদন করি ॥ ৬ ॥

যিনি শৃঙ্গার-রসের ভুষণ-স্বরূপ, যিনি কর্ণিকার-কুসুম দ্বারা কর্ণ-ভুষণ করিয়াছেন এবং যাঁহাকে দেখিলে নবীন মেঘের উদয় হইয়াছে বলিয়া ভ্রম হয়, সেই শ্রীহরিকে আমি বন্দনা করি ॥ ৭ ॥

যাঁহার বংশীধ্বনি সাধ্বী-শিরোমণি ব্রজসুন্দরীগণের সতীত্ব-ধর্ম্ম-নিষ্ঠা-রূপ রত্ন-নিচয় অপহরণ করে অর্থাৎ তাঁহাদিগের সতীত্বাভিমান বিচূর্ণ করে, সুগন্ধি পদ্মপুষ্প-সমূহ দ্বারা যাঁহার চূড়া বিনির্ম্মিত হইয়াছে এবং যিনি শঙ্খচূড়-নামক কংস-ভৃত্যের নিহন্তা, সেই শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ৮ ॥

যিনি শ্রীরাধিকার অধর রূপ বন্ধুকপুষ্পের ( বাঁধুলী ফুলের ) মকরন্দ-পানে ভ্রমর-স্বরূপ এবং যিনি দানব-রূপ মাতঙ্গগণের পক্ষে সিংহ-স্বরূপ, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ৯ ॥

যে শ্রীকৃষ্ণ-রূপ নবীন-মেঘ ময়ূরপুচ্ছ-রূপ ইন্দ্রধনু দ্বারা রমণীয় হইয়াছেন, যিনি জগতের জীবন-স্বরূপ জল দান করেন এবং যাঁহার শ্রীঅঙ্গ শ্রীরাধিকা-রূপ বিদ্যুন্মালায় সুশোভিত, সেই শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ১০ ॥

যিনি প্রেমান্ধ গোপসুন্দরীগণের নয়ন-কমলের চন্দ্র-স্বরূপ এবং যিনি কুঙ্কুম-রচিত তিলকে সুশোভিত, সেই-পীত-বসন-ধারী শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ১১ ॥

যিনি দেবরাজ ইন্দ্রের প্রবল গর্ব্বরূপ দাবানল-নির্ব্বাপণে নবীন-মেঘ-স্বরূপ এবং যিনি গিরিরাজ গোবর্দ্ধনকে ক্রীড়া-কন্দুকের ন্যায় উত্তোলন করিয়াছিলেন, সেই গোকুল-বন্ধু শ্রীকৃষ্ণকে আমি নমস্কার করি ॥ ১২ ॥

হে কৃষ্ণ ! হে দয়ার সাগর ! আমি অপরাধ-রূপ পাষাণ-ভার-গ্রস্ত হইয়া দুঃখার্ণবে নিমগ্ন হইয়াছি ; অতএব কৃপা করিয়া এই মন্দ ব্যক্তিকে উদ্ধার কর ॥ ১৩ ॥

হে মাধব ! আমি শত শত অপরাধে পরিপূর্ণ ও অজ্ঞান-প্রভাবে হতচিত্ত ; আমি এক্ষণে তোমার করুণার প্রতীক্ষা করিতেছি ; হে নাথ ! তুমি আমার প্রতি প্রসন্ন হয় ॥ ১৪ ॥

ইতি শ্রীশ্রীকৃষ্ণস্য প্রণাম-প্রণয়াখ্য-স্তবের অনুবাদ সমাপ্ত।

# শ্রীশ্রীহরি-কুসুম-স্তবকঃ।

শ্রীশ্রীহরয়ে নমঃ।

গতি-গঞ্জিত-মত্ততর-দ্বিরদং
রদ-নিন্দিত-সুন্দর-কুন্দ-মদং।
মদনার্ব্বুদ-রূপ-মদঘ্ন-রুচিং
রুচির-স্মিত-মঞ্জরি-মঞ্জু-মুখং ॥ ১ ॥

মুখরীকৃত-বেণুহৃত-প্রমদং
মদ-বল্গিত-লোচন-তামরসং।
রসপূর-বিকাশক-কেলিপরং
পরমার্থ-পরায়ণ-লোক-গতিং ॥ ২ ॥

গতি-মণ্ডিত-যামুন-তীরভুবং
ভুবনেশ্বর-বন্দিত-চারু-পদং।
পদকোজ্জ্বল-কোমল-কণ্ঠরুচং
রুচকান্ত-বিশেষক-বল্গুতরং ॥ ৩ ॥

তরল-প্রচলাক-পরীত-শিখং
শিখরীন্দ্র-ধৃতি-প্রতিপন্ন-ভুজং।
ভুজগেন্দ্র-ফণাঙ্গন-রঙ্গধরং
ধর-কন্দর-খেলন-লুব্ধহৃদং ॥ ৪ ॥

হৃদয়ালু-সুহৃদ্গণ-দত্ত-মহং
মহনীয়-কথাকুল-ধূর্ত-কলিং।
কলিতাখিল-দুর্জ্জয়-বাহুবলং
বল-বল্লব-শাবক-সন্নিহিতং ॥ ৫ ॥

হিত-সাধু-সমীহিত-কল্পতরুং
তরুণীগণ-নূতন-পুষ্পশরং।
শরণাগত-রক্ষণ-দক্ষতমং
তমসাধু-কুলোৎপল-চণ্ডকরং ॥ ৬ ॥

করপদ্ম-মিলৎ-কুসুম-স্তবকং
বক-দানব-মত্ত-করীন্দ্র-হরিং।
হরিণীগণ-হারক-বেণুকলং
কলকণ্ঠ-রবোজ্জ্বল-কণ্ঠরণং ॥ ৭ ॥

রণ-খণ্ডিত-দুর্জ্জন-পুণ্যজনং
জন-মঙ্গল কীর্ত্তিলতা-প্রভবং।
ভবসাগর-কুম্ভজ-নামগুণং
গুণসঙ্গ-বিবর্জ্জিত-ভক্তগণং ॥ ৮ ॥

গণনাতিগ-দিব্য-গুণোল্লসিতং
সিতরশ্মি-সহোদর-বক্ত্রবরং।
বরদৃপ্ত-বৃষাসুর-দাব-ঘনং
ঘন-বিভ্রম-বেশ-বিহারময়ং ॥ ৯ ॥

ময়পুত্র-তমঃ-ক্ষয়-পূর্ণবিধুং
বিধুরীকৃত-দানব-রাজ কুলং।
কুল-নন্দনমত্র নমামি হরিং ॥ ১০ ॥

উরসি পরিস্ফুরদিন্দিরমিন্দিন্দির-মন্দির-স্রজোল্লসিতং।
হরিমঙ্গনাতি-মঙ্গলমঙ্গ-লসচ্চন্দনং বন্দে ॥ ১১ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতঃ শ্রীশ্রীহরিকুসুমস্তবকঃ সম্পূর্ণঃ।

---

# শ্রীশ্রীহরি-কুসুম-স্তবকের অনুবাদ।

যাঁহার গতি মত্ত মাতঙ্গের মনোহর গতিকেও তিরস্কার করিতেছে, যাঁহার দন্তপঙ্‌ক্তি কুন্দকুসুমের সৌন্দর্য্যকেও পরাভব করিতেছে, যাঁহার অঙ্গকান্তি কোটী কোটী কন্দর্পের সৌন্দর্য্য-গর্ব্ব খর্ব্ব করিতেছে, যাঁহার শ্রীমুখমণ্ডল মৃদু-মধুর হাস্যে অতি মনোহর শোভা পাইতেছে ॥ ১ ॥

যিনি বংশীধ্বনি দ্বারা সুন্দরীগণকে আকর্ষণ করিতেছেন, যৌবন-মদে যাঁহার নয়ন-যুগল মনোহর অরুণ বর্ণ ধারণ করিয়াছে, যাঁহার লীলা ও হাস্যাদি বিবিধ-রঙ্গ-তরঙ্গ বিকাশ করিতেছে, যিনি পরমার্থ-পরায়ণ ভক্তগণের একমাত্র গতি ॥ ২ ॥

যাঁহার ধ্বজ-বজ্রাদি চরণ-চিহ্ন দ্বারা শ্রীযমুনার তীরভূমি অলঙ্কৃত হইয়াছে, যাঁহার পরম সুন্দর চরণ-যুগল ব্রহ্ম-রুদ্রাদি দেবগণ কর্ত্তৃক বন্দিত হইতেছে, যাঁহার সুকোমল-কণ্ঠ-দ্যুতি পদকালঙ্কারে সমুজ্জ্বল, যাঁহার ললাটদেশ গোরোচনা-রচিত তিলকে পরম মনোহর শোভা ধারণ করিয়াছে ॥ ৩ ॥

চঞ্চল অর্থাৎ কম্পমান ময়ূর-পুচ্ছ দ্বারা যাঁহার মস্তক সুশোভিত, যিনি বাম হস্তে গোবর্দ্ধন ধারণ করিয়াছেন, যিনি ফণিরাজ কালিয়ের মস্তকে নৃত্য করিয়াছেন, যাঁহার চিত্ত পর্ব্বত-কন্দরে ক্রীড়া করিতে সমুৎসুক ॥ ৪ ॥

যিনি সহৃদয় সুহৃদ্‌বৃন্দকে সর্ব্বদা উৎসবান্বিত করেন, যাঁহার মহামহিমান্বিত কথা-প্রসঙ্গে কলি-কলুষ সর্ব্বতোভাবে বিদূরিত হয়, যাঁহার বাহুবল নিখিল ব্রহ্মাণ্ডে অজেয়, যিনি বলদেব ও ব্রজবালকগণের নিকট সর্ব্বদা বিরাজমান ॥ ৫ ॥

যিনি অনুগত ভক্তমণ্ডলীর অভীষ্ট-পূরণে কল্পতরু-সদৃশ, যিনি যুবতী-গণের পক্ষে নবীন-কন্দর্প-স্বরূপ, যিনি শরণাগত-রক্ষণে পরম নিপুণ, যিনি দৈত্যকুল-নলিনী-সমূহকে বিশীর্ণ করিবার পক্ষে প্রচণ্ড মার্ত্তণ্ড-স্বরূপ অর্থাৎ যিনি দুষ্ট-দলনে বিশেষ তৎপর ॥ ৬ ॥

যাঁহার কর-কমল কুসুম-স্তবকে সুশোভিত, যিনি বকাসুর-রূপ মাতঙ্গের পক্ষে কেশরি-স্বরূপ, যাঁহার মধুর মুরলী-রব হরিণীগণকে বিমোহিত করে, যাঁহার কণ্ঠস্বর কোকিলের ধ্বনি অপেক্ষাও সুমধুর ॥ ৭ ॥

যিনি যুদ্ধে দুষ্ট রাক্ষসগণকে ধ্বংস করিয়াছেন, যাঁহার কীর্ত্তি-কলাপ জগতের কল্যাণ বিধান করিতেছে, যাঁহার নামের গুণ ভব-সমুদ্র-শোষণে অগস্ত্যমুনি-স্বরূপ অর্থাৎ যাঁহার নামের গুণে অবলীলাক্রমে সংসার-সাগর উত্তীর্ণ হওয়া যায়, যাঁহার ভক্তগণ প্রকৃতি অর্থাৎ স্ত্রী-সঙ্গ-বর্জ্জিত ॥ ৮ ॥

যিনি দয়া-দাক্ষিণ্যাদি অসংখ্য দিব্য-গুণগণ-মণ্ডিত, যাঁহার বদন-মণ্ডল শশধর-সদৃশ মনোহর, যিনি বৃষাসুর-রূপ দাবানল-নির্ব্বাপণে জলধর-সদৃশ, যিনি সাতিশয় বিলাস-পরায়ণতা প্রযুক্ত তদুচিত বেশভুষা ধারণ করিয়া নিকুঞ্জ-বিহারে তৎপর ॥ ৯ ॥

যিনি ময়-দানব-পুত্র ব্যোমাসুর-রূপ অন্ধকার ধ্বংস করিতে পূর্ণচন্দ্র-সদৃশ ও যাঁহা হইতে দানব-রাজকুল অশেষ ক্লেশ প্রাপ্ত হইয়াছে অর্থাৎ যিনি দৈত্যকুল দলন করিয়াছেন, স্ববংশের আনন্দ-দাতা সেই শ্রীহরিকে আমি নমস্কার করি ॥ ১০ ॥

যাঁহার বক্ষঃস্থলে লক্ষ্মী বিরাজমান, যিনি অলিকুলাকীর্ণ বৈজয়ন্তী-মালায় সুশোভিত, যিনি যুবতীবৃন্দের চিত্তরঞ্জনকারী এবং যাঁহার শ্রীঅঙ্গ চন্দনানুলিপ্ত, সেই শ্রীহরিকে আমি নমস্কার করি ॥ ১১ ॥

ইতি শ্রীশ্রীহরি-কুসুম-স্তবকের অনুবাদ সমাপ্ত।

---

# শ্রীশ্রীমুকুন্দমালা-স্তোত্রং ।

বন্দে মুকুন্দমরবিন্দ-দলায়তাক্ষং
কুন্দেন্দু-শঙ্খ-দশনং শিশুগোপ-বেশং ।
ইন্দ্রাদি-দেবগণ-বন্দিত-পাদপীঠং
বৃন্দাবনালয়মহং বসুদেব-সূনুং ।। ১ ।।

শ্রীবল্লভেতি বরদেতি দয়াপরেতি
ভক্তি-প্রিয়েতি ভব-লুণ্ঠন-কোবিদেতি ।
নাথেতি নাগ-শয়নেতি জগন্নিবাসে-
ত্যালাপিনং প্রতিদিনং কুরু মাং মুকুন্দ ! ।। ২ ।।

জয়তু জয়তু দেবো দেবকীনন্দনোঽয়ং
জয়তু জয়তু কৃষ্ণো বৃষ্ণিবংশ-প্রদীপঃ ।
জয়তু জয়তু মেঘ-শ্যামলঃ কোমলাঙ্গো
জয়তু জয়তু পৃথ্বী-ভার-নাশো মুকুন্দঃ ।। ৩ ।।

মুকুন্দ ! মূর্ধ্না প্রণিপত্য যাচে
ভবন্তমেকান্তমিয়ন্তমর্থং ।
অবিস্মৃতিস্ত্বচ্চরণারবিন্দে
ভবে ভবে মেঽস্তু ভবৎ-প্রসাদাৎ ।। ৪ ।।

শ্রীগোবিন্দ-পদাম্ভোজ-মধুনো মহদদ্ভুতং ।
যৎপায়িনো ন মুহ্যন্তি মুহ্যন্তি যদপায়িনঃ ।। ৫ ।।

নাহং বন্দে তব চরণয়োর্দ্বন্দ্বমদ্বন্দ্ব-হেতোঃ
কুম্ভীপাকং গুরুমপি হরে ! নারকং নাপনেতুং ।

রম্যা-রামা-মৃদু-তনুলতা-নন্দনে নাপি রন্তুং
ভাবে ভাবে হৃদয়-ভবনে ভাবয়েয়ং ভবন্তং ॥ ৬ ॥

নাস্থা ধৰ্ম্মে ন বসু-নিচয়ে নৈব কামোপভোগে
যদ্ভাব্যং তদ্ভবতু ভগবন্ ! পূৰ্ব্বকৰ্ম্মানুরূপং।
এতৎ প্রার্থ্যং মম বহুমতং জন্মজন্মান্তরেঽপি
ত্বৎপাদাম্ভোরুহ-যুগ-গতা নিশ্চলা ভক্তিরস্তু ॥ ৭ ॥

দিবি বা ভুবি বা মমাস্তু বাসো
নরকে বা নরকান্তক ! প্রকামং।
অবধীরিত-শারদারবিন্দৌ
চরণৌ তে মরণেঽপি চিন্তয়ামি ॥ ৮ ॥

সরসিজ-নয়নে সশঙ্খ-চক্রে
মুরভিদি মা বিরমস্ব চিত্ত ! রন্তুং।
সুখতরমপরং ন জাতু জানে
হরি-চরণ-স্মরণামৃতেন তুল্যং ॥ ৯ ॥

চিন্তয়ামি হরিমেব সততং মন্দহাসং মুদিতাননাম্বুজং।
নন্দগোপ-তনয়ং পরাৎপরং নারদাদি-মুনিবৃন্দ-বন্দিতং ॥ ১০ ॥

করচরণ-সরোজে কান্তিমন্নেত্রমীনে
শ্রমমুষি ভুজবীচি-ব্যাকুলেঽগাধ-মার্গে।
হরি-সরসি বিগাহ্যাপীয় তেজোজলৌঘং
ভব-মরু-পরিখিন্নঃ ক্লেশমদ্য ত্যজামি ॥ ১১ ॥

হে লোকাঃ ! শৃণুত প্রসূতি-মরণ-ব্যাধেশ্চিকিৎসামিমাং
যোগজ্ঞাঃ সমুদাহরন্তি মুনয়ো যাং যাজ্ঞবল্ক্যাদয়ঃ।

অন্তর্জ্যোতিরমেয়মেকমমৃতং কৃষ্ণাখ্যমাপীয়তাং
তৎ পীতং পরমৌষধং বিতনুতে নির্ব্বাণমাত্যন্তিকং ॥ ১২ ॥

হে মর্ত্ত্যাঃ! পরমং হিতং শৃণুত বো বক্ষ্যামি সংক্ষেপতঃ
সংসারার্ণবমাপদূর্ম্মি-বহুলং সম্যক্ প্রবিশ্য স্থিতাঃ।
নানাজ্ঞানমপাস্য চেতসি নমো নারায়ণায়েত্যমুং
মন্ত্রং সপ্রণবং প্রণাম-সহিতং প্রাবর্ত্তয়ধবং মুহুঃ ॥ ১৩ ॥

মা ভৈর্মন্দমনো বিচিন্ত্য বহুধা যামীশ্চিরং যাতনা
নৈবামী প্রভবন্তি পাপ-রিপবঃ স্বামী ননু শ্রীধরঃ।
আলস্যং ব্যপনীয় ভক্তি-সুলভং ধ্যায়স্ব নারায়ণং
লোকস্য ব্যসনাপনোদন-করো দাসস্য কিং ন ক্ষমঃ ॥ ১৪ ॥

ভব-জলধি-গতানাং দ্বন্দ্ব-বাতাহতানাং
সুত-দুহিতৃ-কলত্র-ত্রাণভারার্দ্দিতানাং।
বিষম-বিষয়-তোয়ে মজ্জতামপ্লবানাং
ভবতি শরণমেকো বিষ্ণু-পোতো নরাণাং ॥ ১৫ ॥

রজসি নিপতিতানাং মোহজালাবৃতানাং
জনন-মরণ-দোলাদুর্গ-সংসর্গিনাং।
শরণমশরণানামেক এবাতুরাণাং
কুশল পথ-নিযুক্তশ্চক্রপাণির্নরাণাং ॥ ১৬ ॥

অপরাধ-সহস্র-সঙ্কুলং পতিতং ভীম-ভবার্ণবোদরে।
অগতিং শরণাগতং হরে! কৃপয়া কেবলমাত্মসাৎ কুরু ॥ ১৭ ॥

মা মে স্ত্রীত্বং মা চ মে স্যাৎ কুভাবো
মা মূর্খত্বং মা কুদেশেষু জন্ম।

মিথ্যাদৃষ্টির্মা চ মে স্যাৎ কদাচিৎ
জাতৌ জাতৌ বিষ্ণুভক্তো ভবেয়ং ॥ ১৮ ॥

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈশ্চ
বুদ্ধ্যাত্মনা বানুসৃতি-স্বভাবাৎ।
করোমি যদ্‌যৎ সকলং পরস্মৈ
নারায়ণায়ৈব সমর্পয়ামি ॥ ১৯ ॥

যৎ কৃতং যৎ করিষ্যামি তৎ সর্ব্বং ন ময়া কৃতং।
ত্বয়া কৃতন্তু ফলভুক্ ত্বমেব মধুসূদন ! ॥ ২০ ॥

ভবজলধিমগাধং দুস্তরং নিস্তরেয়ং
কথমহমিতি চেতো মা স্ম গাঃ কাতরত্বং।
সরসিজ-দৃশি দেবে তারকী ভক্তিরেকা
নরক-ভিদি নিষণ্ণা তারয়িষ্যত্যবশ্যং ॥ ২১ ॥

তৃষ্ণাতোয়ে মদন-পবনোদ্ধূত-মোহোর্ম্মি-মালে
দারাবর্ত্তে তনয়-সহজ-গ্রাহ-সংঘাকুলে চ।
সংসারাখ্যে মহতি জলধৌ মজ্জতাং নস্ত্রিধামন্ !
পাদাম্ভোজে বরদ ! ভবতো ভক্তিভাবং প্রযচ্ছ ॥ ২২ ॥

পৃথিবরেণুরণুঃ পয়াংসি কণিকাঃ ফল্গুঃ স্ফুলিঙ্গো লঘু-
স্তেজো নিঃশ্বসনং মরুত্তনুতরং রন্ধ্রং সুসূক্ষ্মং নভঃ।
ক্ষুদ্রা রুদ্র-পিতামহ-প্রভৃতয়ঃ কীটাঃ সমস্তাঃ সুরা
দৃষ্টে যত্র স তারকো বিজয়তে শ্রীপাদ-ধূলীকণঃ ॥ ২৩ ॥

আম্নায়াভ্যসনান্যরণ্য-রুদিতং কৃচ্ছ্র-ব্রতান্যন্বহং
মেদচ্ছেদ-পদানি পূর্ত্ত-বিধয়ঃ সর্ব্বং হুতং ভস্মনি।

তীর্থানামবগাহনানি চ গজস্নানং বিনা যৎপদ-
দ্বন্দ্বাম্ভোরুহ-সংস্তুতিং বিজয়তে দেবঃ স নারায়ণঃ ॥ ২৪ ॥

আনন্দ-গোবিন্দ-মুকুন্দ-রাম-
নারায়ণানন্ত-নিরাময়েতি।
বক্তুং সমর্থোঽপি ন বক্তি কশ্চি-
দহো জনানং ব্যসনাভিমুখ্যং ॥ ২৫ ॥

ক্ষীরসাগর-তরঙ্গ-শীকরাসার-তারকিত-চারুমূর্ত্তয়ে।
ভোগিভোগ-শয়নীয়-শায়িনে মাধবায় মধু-বিদ্বিষে নমঃ ॥ ২৬ ॥

নাথে নঃ পুরুষোত্তমে ত্রিজগতামেকাধিপে চেতসা
সেব্যে স্বস্য পদস্য দাতরি পরে নারায়ণে তিষ্ঠতি।
যং কঞ্চিৎ পুরুষাধমং কতিপয়-গ্রামেশমল্পার্থদং
সেবায়ৈ মৃগয়ামহে নরমহো মূঢ়া বরাকা বয়ং ॥ ২৭ ॥

বদ্ধেনাঞ্জলিনা নতেন শিরসা গাত্রৈঃ সরোমোদ্গমৈঃ
কণ্ঠেন স্বর-গদ্গদেন নয়নেনোদ্গীর্ণ-বাষ্পাম্বুনা।
নিত্যং ত্বচ্চরণারবিন্দ-যুগল-ধ্যানামৃতাস্বাদিনা-
মস্মাকং সরসীরুহাক্ষ! সততং সম্পদ্যতাং জীবিতং ॥ ২৮ ॥

যৎ কৃষ্ণ-প্রণিপাত-ধূলি-ধবলং তদ্বর্ষ্ম তদ্বৈ শির-
স্তে নেত্রে তমসোজ্ঝিতে সুরুচিরে যাভ্যাং হরির্দৃশ্যতে।
সা বুদ্ধির্বিমলেন্দু-শঙ্খধবলা যা মাধব-ধ্যায়িনী
সা জিহ্বামৃত-বর্ষিণী প্রতিপদং যা স্তৌতি নারায়ণং ॥ ২৯ ॥

জিহ্বে! কীর্ত্তয় কেশবং মধুরিপুং চেতো! ভজ শ্রীধরং
পানিদ্বন্দ্ব! সমর্চ্চয়াচ্যুত-কথাং শ্রোত্র-দ্বয়! ত্বং শৃণু।

কৃষ্ণং লোকয় লোচন-দ্বয় ! হরের্গচ্ছাঙ্ঘ্রি-যুগ্মালয়ং
জিঘ্র ঘ্রাণ ! মুকুন্দ-পাদ-তুলসীং মূর্দ্ধন্ ! নমাধোক্ষজং ॥ ৩০ ॥

মদন ! পরিহর স্থিতিং মদীয়ে
মনসি মুকুন্দ-পদারবিন্দ-ধাম্নি।
হরনয়ন-কৃশানুনা কৃশোঽসি
স্মরসি ন চক্র-পরাক্রমং মুরারেঃ ॥ ৩১ ॥

নাথে ধাতরি ভোগিভোগ-শয়নে নারায়ণে মাধবে
দেবে দেবকীনন্দনে সুরবরে চক্রায়ুধে শার্ঙ্গিণি।
লীলাশেষ-জগৎ-প্রপঞ্চ-জঠরে বিশ্বেশ্বরে শ্রীধরে
গোবিন্দে কুরু চিত্তবৃত্তিমচলামন্যৈস্তু কিং বর্ত্তনৈঃ ॥ ৩২ ॥

মাদ্রাক্ষং ক্ষীণপুণ্যান্ ক্ষণমপি ভবতো ভক্তিহীনান্ পদাব্জে
মাশ্রৌষং শ্রাব্যবন্ধং তব চরিতমপাস্যান্যদাখ্যান-জাতং।
মাস্প্রাক্ষং মাধব ! ত্বামপি ভুবনপতে ! চেতসাপহ্নুবানান্
মাভুবং ত্বৎসপর্য্যাপরিকর-রহিতো জন্মজন্মান্তরেঽপি ॥ ৩৩ ॥

মজ্জন্মনঃ ফলমিদং মধুকৈটভারে !
মৎপ্রার্থনীয়-মদনুগ্রহ এষ এব।
তদ্ভৃত্য-ভৃত্য-পরিচারক-ভৃত্য-ভৃত্য-
ভৃত্যস্য ভৃত্যমিতি মাং স্মর লোকনাথ ! ॥ ৩৪ ॥

তত্ত্বং ব্রুবাণানি পরং পরস্তান্মধুক্ষরন্তীব মুদাবহানি।
প্রাবর্ত্তয় প্রাঞ্জলিরস্মি জিহ্বে ! নামানি নারায়ণ-গোচরাণি ॥ ৩৫ ॥

নমামি নারায়ণ-পদপঙ্কজং করোমি নারায়ণ-পূজনং সদা।
বদামি নারায়ণ-নাম নির্ম্মলং স্মরামি নারায়ণ-তত্ত্বমব্যয়ং ॥ ৩৬ ॥

শ্রীনাথ নারায়ণ বাসুদেব ! গোবিন্দ দামোদর চক্রপাণে ! ।
শ্রীপদ্মনাভাচ্যুত কৈটভারে ! কংসঘ্ন পদ্মাপ্রিয় শার্ঙ্গপাণে ! ॥ ৩৭ ॥

অনন্ত-বৈকুণ্ঠ-মুকুন্দ-রাম-
জনার্দ্দনানন্দ-নিরাময়েতি ।
বক্তুং সমর্থোঽপি ন বক্তি কশ্চিৎ
অহো জনানাং ব্যসনাভিমুখ্যং ॥ ৩৮ ॥

ভক্তাপায়-ভুজঙ্গ-গারুড়মণিস্ত্রৈলোক্যরক্ষামণি-
গোপী-লোচন-চাতকাম্বুদমণিঃ সৌন্দর্য্যমুদ্রামণিঃ ।
যঃ কান্তামণি-রুক্মিণী-ধনকুচদ্বন্দ্বৈক-ভূষামণিঃ
শ্রেয়ো দেবশিখামণির্দিশতু নো গোপাল-চূড়ামণিঃ ॥ ৩৯ ॥

শত্রুচ্ছেদৈক-মন্ত্রং সকলমুপনিষদ্বাক্য-সম্পূজ্য-মন্ত্রং
সংসারোচ্ছেদ-মন্ত্রং সমুচিত-তমসঃ সঙ্ঘ-নির্য্যাণ-মন্ত্রং ।
সর্ব্বৈশ্বর্য্যৈক-মন্ত্রং ব্যসন-ভুজগ-সন্দষ্ট-সন্ত্রাণ-মন্ত্রং
জিহ্বে ! শ্রীকৃষ্ণমন্ত্রং জপ জপ সততং জন্ম-সাফল্য-মন্ত্রং ॥ ৪০ ॥

ব্যামোহ-প্রশমৌষধং মুনি-মনোবৃত্তি-প্রবৃত্ত্যৌষধং
দৈত্যেন্দ্রার্ত্তিকরৌষধং ত্রিভুবনে সঞ্জীবনৈকৌষধং ।
ভক্তাত্যন্ত-হিতৌষধং ভবভয়-প্রধ্বংসনৈকৌষধং
শ্রেয়ঃ-প্রাপ্তিকরৌষধং পিব মনঃ ! শ্রীকৃষ্ণ-দিব্যৌষধং ॥ ৪১ ॥

কৃষ্ণ ! ত্বদীয়-পদ-পঙ্কজ-পঞ্জরান্ত-
মদ্যৈব মে বিশতু মানস-রাজহংসঃ
প্রাণ-প্রয়াণ-সময়ে কফ-বাত-পিত্ত-
কণ্ঠাবরোধন-বিধৌ স্মরণং কুতস্তে ॥ ৪২ ॥

চেতশ্চিন্তয় কীর্ত্তয় স্বরসনে ! নম্রীভব ত্বং শিরো !
হস্তাবঞ্জলি-সম্পুটং রচয়তং বন্দস্ব দীর্ঘং বপুঃ ! ।
আত্মন্ ! সংশ্রয় পুণ্ডরীক-নয়নং নাগাচলেন্দ্রস্থিতং
ধন্যং পুণ্যতমং তদেব পরমং দৈবং হি সংসিদ্ধয়ে ॥ ৪৩ ॥

শৃণ্বন্ জনার্দ্দন-কথা-গুণ-কীর্ত্তনানি
দেহে ন যস্য পুলকোদ্গম-রোমরাজিঃ।
নোৎপদ্যতে নয়নয়োর্বিমলাম্বুমালা
ধিক্ তস্য জীবিতমহো পুরুষাধমস্য ॥ ৪৪ ॥

অন্ধস্য মে হৃত-বিবেক-মহাধনস্য
চৌরৈঃ প্রভো ! বলিভিরিন্দ্রিয়-নামধেয়ৈঃ।
মোহান্ধকূপ-কুহরে বিনিপাতিতস্য
দেবেশ ! দেহি কৃপণস্য করাবলম্বং ॥ ৪৫ ॥

ইদং শরীরং শতসন্ধি-জর্জ্জরং
পতত্যবশ্যং পরিণাম-পেশলং।
কিমৌষধং পৃচ্ছসি মূঢ় ! দুর্ম্মতে !
নিরাময়ং কৃষ্ণ-রসায়নং পিব ॥ ৪৬ ॥

আশ্চর্য্যমেতদ্ধি মনুষ্য-লোকে
সুধাং পরিত্যজ্য বিষং পিবন্তি।
নামানি নারায়ণ-গোচরাণি
ত্যক্তান্যবাচঃ কুহকাঃ পঠন্তি ॥ ৪৭ ॥

ত্যজন্তু বান্ধবাঃ সর্ব্বে নিন্দন্তু গুরবো জনাঃ।
তথাপি পরমানন্দো গোবিন্দো মম জীবনং ॥ ৪৮ ॥

সত্যং ব্রবীমি মনুজাঃ ! স্বয়মূর্দ্ধবাহু-
র্যো যো মুকুন্দ-নরসিংহ-জনার্দ্দনেতি।
জীবো জপত্যনুদিনং মরণে রণে বা
পাষাণ-কাষ্ঠ-সদৃশায় দদাত্যভীষ্টং ॥ ৪৯ ॥

নারায়ণায় নম ইত্যমুমেব মন্ত্রং
সংসার-ঘোর-বিষ-নির্হরণায় নিত্যং।
শৃন্বন্তু ভব্যমতয়ো যতয়োঽনুরাগা-
দুচ্চৈস্তরামুপদিশাম্যহমূর্দ্ধবাহুঃ ॥ ৫০ ॥

চিত্তং নৈব নিবর্ত্ততে ক্ষণমপি শ্রীকৃষ্ণ-পাদাম্বুজাৎ
নিন্দন্তু প্রিয়-বান্ধবা গুরুজনা গৃহ্লন্তু মুঞ্চন্তু বা।
দুর্ব্বাদং পরিঘোষয়ন্তু মনুজা বংশে কলঙ্কোঽস্তু বা
তাদৃক্‌প্রেমধরানুরাগ-মধুনা মত্তায়মানং তু মে ॥ ৫১ ॥

কৃষ্ণো রক্ষতু নো জগত্রয়-গুরুঃ কৃষ্ণং নমধ্বং সদা
কৃষ্ণেনাখিল-শত্রবো বিনিহতাঃ কৃষ্ণায় তস্মৈ নমঃ।
কৃষ্ণাদেব সমুত্থিতং জগদিদং কৃষ্ণস্য দাসোঽস্ম্যহং
কৃষ্ণে তিষ্ঠতি বিশ্বমেতদখিলং হে কৃষ্ণ ! রক্ষস্ব মাং ॥ ৫২ ॥

হে গোপাল হে কৃপাজলনিধে হে সিন্ধুকন্যাপতে ! হে
কংস-ঘাতক হে গজেন্দ্র-করুণা-পারীণ হে মাধব !।
হে রামানুজ হে জগত্রয়-গুরো হে পুণ্ডরীকাক্ষ ! মাং
হে গোপীজন-নাথ পালয় পরং জানামি ন ত্বাং বিনা ॥ ৫৩ ॥

দারা বারাকরবর-সুতা তে তনুজো বিরিঞ্চিঃ
স্তোতা বেদস্তব সুরগণা ভৃত্যবর্গঃ প্রসাদঃ।

মুক্তির্মায়া জগদবিকলং তাবকী দেবকী তে
মাতা মিত্রং বলরিপু-সুতস্তৎ ত্বদন্যং ন জানে॥ ৫৪ ॥

প্রণামমীশস্য শিরঃফলং বিদু-
স্তদর্চ্চনং পাণিফলং দিবৌকসঃ।
মনঃফলং তদ্‌গুণ-তত্ত্ব-চিন্তনং
বাচঃ ফলং তদ্‌গুণ-কীর্ত্তনং বুধাঃ ॥ ৫৫ ॥

শ্রীমন্নাম প্রোচ্য নারায়ণাখ্যং
কে ন প্রাপ্তা বাঞ্ছিতং পাপিনোঽপি।
হা নঃ পূর্ব্বং বাক্‌প্রবৃত্তা ন তস্মিং-
স্তেন প্রাপ্তং গর্ভবাসাদি-দুঃখং ॥ ৫৬ ॥

ধ্যায়ন্তি যে বিষ্ণুমনন্তমচ্যুতং
হৃৎপদ্ম-মধ্যে সততং ব্যবস্থিতং।
উপাসকানাং প্রভুমীশ্বরেশ্বরং
তে যান্তি সিদ্ধিং পরমাং তু বৈষ্ণবীং ॥ ৫৭ ॥

স ত্বং প্রসীদ ভগবন্! কুরু ময্যনাথে
বিষ্ণো! কৃপাং পরম-কারুণিকঃ খলু ত্বং।
সংসার-সাগর-নিমগ্নমনন্ত-দীন-
মুদ্ধর্ত্তুমর্হসি হরে! পুরুষোত্তমোঽসি ॥ ৫৮ ॥

অলমলমলমেকা প্রাণিনাং পাতকানাং
নিরসন-বিষয়ে যা কৃষ্ণ-কৃষ্ণেতি বাণী।
যদি ভবতি মুকুন্দে ভক্তিরানন্দ-সান্দ্রা
করতল-কলিতা সা মোক্ষ-সাম্রাজ্য-লক্ষ্মীঃ ॥ ৫৯ ॥

যস্য প্রিয়ৌ শ্রুতিধরৌ কবিলোক-বীরৌ
মিত্রে দ্বিজন্মবর-পার্শ্বচরাবভূতাং।
তেনাম্বুজাক্ষ-চরণাম্বুজ-ষট্পদেন
রাজ্ঞা কৃতা কৃতিরিয়ং কুলশেখরেণ ॥ ৬০ ॥

মুকুন্দমালাং পঠতাং নরাণা-
মশেষ-সৌখ্যং লভতে ন কঃ স্বিৎ।
সমস্ত-পাপ-ক্ষয়মেত্য দেহী
প্রাযাতি বিষ্ণোঃ পরমং পদং তৎ ॥ ৬১ ॥

ইতি শ্রীল-কুলশেখরেণ রাজ্ঞা বিরচিতং শ্রীশ্রীমুকুন্দমালা-স্তোত্রং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীগোবিন্দ-স্তোত্রং।

চিন্তামণি-প্রকর-সদ্মসু কল্পবৃক্ষ-
লক্ষাবৃতেষু সুরভীরভিপালয়ন্তং।
লক্ষ্মী-সহস্রশত-সম্ভ্রম-সেব্যমানং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১ ॥

বেণুং ক্বণন্তমরবিন্দ-দলায়তাক্ষং
বর্হাবতংসমসিতাম্বুদ-সুন্দরাঙ্গং।
কন্দর্পকোটি-কমনীয়-বিশেষ-শোভং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২ ॥

আলোল-চন্দ্রক-লসদ্বনমাল্য-বংশী-
রত্নাঙ্গদং প্রণয়-কেলিকলা-বিলাসং।

শ্যামং ত্রিভঙ্গ-ললিতং নিয়ত-প্রকাশং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ৩ ॥

অঙ্গানি যস্য সকলেন্দ্রিয়-বৃত্তিমন্তি
পশ্যন্তি পান্তি কলয়ন্তি চিরং জগন্তি।
আনন্দ-চিন্ময়-সদুজ্জ্বল-বিগ্রহস্য
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ৪ ॥

অদ্বৈতমচ্যুতমনাদিমনন্তরূপ-
মাদ্যং পুরাণ পুরুষং নব-যৌবনঞ্চ।
বেদেষু দুর্লভমদুর্লভমাত্মভক্তৌ
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ৫ ॥

পন্থাস্তু কোটিশত-বৎসর-সংপ্রগম্যো
বায়োরথাপি মনসো মুনি-পুঙ্গবানাং।
সোঽপ্যস্তি যৎপ্রপদ-সীম্ন্যবিচিন্ত্য-তত্ত্বে
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ৬ ॥

একোঽপ্যসৌ রচয়িতুং জগদণ্ড-কোটিং
যচ্ছক্তিরস্তি জগদণ্ডচয়া যদন্তঃ।
অণ্ডান্তরস্থ-পরমাণু-চয়ান্তরস্থং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ৭ ॥

যদ্ভাব-ভাবিত-ধিয়ো মনুজাস্তথৈব
সংপ্রাপ্য রূপ-মহিমাসন-যান-ভূষাঃ।
সূক্তৈর্যমেব নিগম-প্রথিতৈঃ স্তুবন্তি
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ৮ ॥

আনন্দ চিন্ময়-রস প্রতিভাবিতাভি-
স্তাভির্য এব নিজ-রূপতয়া কলাভিঃ।
গোলোক এব নিবসত্যখিলাত্মভূতো
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ৯ ॥

প্রেমাঞ্জনচ্ছুরিত-ভক্তি-বিলোচনেন
সন্তঃ সদৈব হৃদয়েঽপি বিলোকয়ন্তি।
যং শ্যামসুন্দরমচিন্ত্য-গুণস্বরূপং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১০ ॥

রামাদি-মূর্ত্তিষু কলা-নিয়মেন তিষ্ঠন্
নানাবতারমকরোদ্ ভুবনেষু কিন্তু।
কৃষ্ণং স্বয়ং সমভবৎ পরমঃ পুমান্ যো
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১১ ॥

যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি-
কোটিষ্কশেষ-বসুধাদি-বিভূতি-ভিন্নং।
তদ্ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১২ ॥

মায়া হি যস্য জগদণ্ডশতানি সূতে
ত্রৈগুণ্য-তদ্বিষয়বেদ বিতায়মানা।
সত্ত্বাবলম্বি-পরসত্ত্ব-বিশুদ্ধসত্ত্বং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১৩ ॥

আনন্দ-চিন্ময়-রসাত্মতয়া মনঃসু
যঃ প্রাণিনাং প্রতিফলন্ স্মরতামুপেত্য।

লীলায়িতেন ভুবনানি জয়ত্যজস্রং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১৪ ॥

গোলোক-নাম্নি নিজ-ধাম্নি তলে চ তস্য
দেবী-মহেশ-হরিধামসু তেষু তেষু।
তে তে প্রভাব-নিচয়া বিহিতাশ্চ যেন
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১৫ ॥

সৃষ্টি-স্থিতি-প্রলয়-সাধন-শক্তিরেকা
ছায়েব যস্য ভুবনানি বিভর্ত্তি দুর্গা।
ইচ্ছানুরূপমপি যস্য চ চেষ্টতে সা
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১৬ ॥

ক্ষীরং যথা দধি বিকার-বিশেষ-যোগাৎ
সঞ্জায়তে ন হি ততঃ পৃথগস্তি হেতোঃ।
যঃ শম্ভুতামপি তথা সমুপৈতি কার্য্যাদ্
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১৭ ॥

দীপার্চ্চিরেব হি দশান্তরমভ্যুপেত্য
দীপায়তে বিবৃতহেতু-সমানধর্ম্মা।
যস্তাদৃগেব হি চ বিষ্ণুতয়া বিভাতি
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১৮ ॥

যঃ কারণার্ণব-জলে ভজতি স্ম যোগ-
নিদ্রামনন্ত-জগদণ্ড-সরোমকূপঃ।
আধার-শক্তিমবলম্ব্য পরাং স্বমূর্ত্তিং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ১৯ ॥

যস্যৈক-নিশ্বসিত-কালমথাবলম্ব্য
জীবন্তি লোম-বিলজা জগদণ্ড-নাথাঃ।
বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলা-বিশেষো
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২০ ॥

ভাস্বান্ যথাশ্ম-সকলেষু নিজেষু তেজঃ
স্বীয়ং কিয়ৎ প্রকটয়ত্যপি তদ্বদত্র।
ব্রহ্মা য এষ জগদণ্ড-বিধানকর্ত্তা
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২১ ॥

যৎপাদ-পল্লব-যুগং বিনিধায় কুম্ভ-
দ্বন্দ্বে প্রণাম-সময়ে স গণাধিরাজঃ।
বিঘ্নান্ বিহন্তুমলমস্য জগত্ত্রয়স্য
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২২ ॥

অগ্নির্মহী গগনমম্বু মরুদ্দিশশ্চ
কালস্তথাত্ম-মনসীতি জগত্ত্রয়াণি।
যস্মাদ্ ভবন্তি বিভবন্তি বিশন্তি যঞ্চ
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২৩ ॥

যচ্চক্ষুরেষ সবিতা সকল-গ্রহাণাং
রাজা সমস্ত-সুরমূর্ত্তিরশেষ-তেজাঃ।
যস্যাজ্ঞয়া ভ্রমতি সংভৃত-কালচক্রো
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২৪ ॥

ধর্ম্মোঽথ পাপ-নিচয়ঃ শ্রুতয়স্তপাংসি
ব্রহ্মাদি-কীট-পতগাবধয়শ্চ জীবাঃ।

যদ্দত্তমাত্র-বিভব-প্রকট-প্রভাবাঃ
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২৫ ॥

যস্ত্বিন্দ্রগোপমথবেন্দ্রমহো স্বকর্ম্ম-
বন্ধানুরূপ-ফলভাজনমাতনোতি।
কর্ম্মাণি নির্দ্দহতি কিন্তু চ ভক্তিভাজাং
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২৬ ॥

যং ক্রোধ-কাম-সহজপ্রণয়াদি-ভীতি-
বাৎসল্য-মোহ-গুরুগৌরব-সেব্যভাবৈঃ।
সঞ্চিন্ত্য তস্য সদৃশীং তনুমাপুরেতে
গোবিন্দমাদি-পুরুষং তমহং ভজামি ॥ ২৭ ॥

ইতি শ্রীব্রহ্মসংহিতায়াং পঞ্চমাধ্যায়ে শ্রীব্রহ্মকৃতং
শ্রীশ্রীগোবিন্দ-স্তোত্রং সম্পূর্ণং।

---

## শ্রীশ্রীগোবিন্দ-স্তোত্রের অনুবাদ।

যে স্থানের গৃহ-সমূহ চিন্তামণি-নির্ম্মিত ও যে স্থান লক্ষ লক্ষ কল্পবৃক্ষে পরিবেষ্টিত, সেই অসাধারণ গোকুল নামক পীঠস্থলে যিনি কামধেনুগণকে সস্নেহে প্রতিপালন করিতেছেন এবং গোপসুন্দরী-রূপিণী শতসহস্র লক্ষ্মীগণ পরমাদরে যাঁহার সেবা করিতেছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১ ॥

যিনি বংশীধ্বনি করিতেছেন, যাঁহার নয়ন-যুগল পদ্ম-পলাশের ন্যায় বিস্তৃত, যাঁহার মস্তকে ময়ূর-পুচ্ছের চূড়া শোভা পাইতেছে, যাঁহার শ্রীঅঙ্গ শ্যামল

জলধরের ন্যায় সুন্দর এবং যিনি কোটী কোটী কন্দর্প অপেক্ষাও কমনীয় ও পরম সুন্দর, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২ ॥

যাঁহার মস্তক-স্থিত চূড়ায় ঈষৎ কম্পান্বিত ময়ূর-পুচ্ছের চন্দ্রক দীপ্তি পাইয়েছে, যাঁহার গলদেশে বনমালা, অধরে মুরলী ও হস্তে রত্ন-বলয় শোভা পাইতেছে, যিনি প্রণয় পূর্ব্বক পরিহাসাদি করিতে সুনিপুণ এবং যিনি শ্যাম-সুন্দর, ত্রিভঙ্গ-ললিত ও নিত্য-প্রকাশ, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ৩ ॥

যাঁহার সমুজ্জ্বল শ্রীবিগ্রহ সচ্চিদানন্দময় এবং যাঁহার প্রত্যেক অঙ্গই সমস্ত ইন্দ্রিয়ের বৃত্তিযুক্ত হইয়া জগৎকে চিরকাল দর্শন, পালন ও পর্য্যবেক্ষণ করিতেছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ৪ ॥

যিনি অদ্বৈত অর্থাৎ তুলনা-রহিত, অচ্যুত অর্থাৎ ধ্বংস-রহিত, অনাদি, অনন্ত-রূপ, আদ্য পুরাণ-পুরুষ ও নব-যৌবনান্বিত এবং যিনি বেদ-সমূহেও দুর্ল্লভ, কিন্তু নিজ-ভক্তিতে সুলভ, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ৫ ॥

বায়ু অথবা প্রধান প্রধান মুনিগণের মন যে পথ শত-কোটী বৎসরে বহু আয়াসে গমন করিতে পারে, সেই পথও যাঁহার অচিন্ত্য-তত্ত্ব শ্রীচরণারবিন্দের অগ্রভাগে বর্ত্তমান রহিয়াছে, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ৬ ॥

যিনি স্বয়ং এক হইলেও, যাঁহার কোটী কোটী ব্রহ্মাণ্ড সৃষ্টি করিবার শক্তি আছে ও যাঁহার অভ্যন্তরে তাদৃশ অসংখ্য ব্রহ্মাণ্ড অবস্থান করিতেছে, অথবা সেই সমস্ত ব্রহ্মাণ্ডান্তর্গত অতি ক্ষুদ্র-পরমাণু-সমূহও যাঁহার অন্তরে অবস্থান করিতেছে, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ৭ ॥

মানবগণ যাঁহার ভাব চিন্তা করিতে করিতে তন্ময় হইয়া গিয়া, তত্তুল্য রূপ, মহিমা, আসন, যান ও ভূষণ প্রাপ্ত হইয়া, বেদোক্ত সূক্ত-সমূহ দ্বারা যাঁহারই

স্তব করিয়া থাকেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ৮ ॥

যিনি সমস্ত গোলোক-বাসী ও অন্যান্য প্রিয়বর্গের আত্মাস্বরূপ অর্থাৎ অত্যন্ত প্রিয়, যাঁহার প্রিয়তমা ব্রজদেবীগণ আনন্দ-চিন্ময় অর্থাৎ মধুর রসে সংগঠিত এবং যিনি হ্লাদিনী-শক্তি-রূপা সেই প্রেয়সীবর্গের সহিত গোলোক-বৃন্দাবনে বিরাজ করিতেছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ৯ ॥

যে শ্যামসুন্দরের গুণ ও রূপ চিন্তার অতীত এবং সাধুগণ প্রেমাঞ্জন-রঞ্জিত ভক্তিনেত্রে সর্ব্বদা যাঁহাকে হৃদয়াভ্যন্তরে দর্শন করিয়া থাকেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১০ ॥

যে পরম-পুরুষ যথাযোগ্য শক্তি প্রকাশ করতঃ, শ্রীরামচন্দ্রাদি মূর্ত্তিতে অবস্থিত থাকিয়া, জগতে নানা অবতার প্রকট করিয়াছেন, পরন্তু যিনি শ্রীকৃষ্ণ-রূপে স্বয়ংই অবতীর্ণ হইয়াছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১১ ॥

কোটী কোটী ব্রহ্মাণ্ডে অসংখ্য পৃথিবী প্রভৃতি বিভূতি দ্বারা যিনি ভিন্ন অর্থাৎ অন্য সমস্ত হইতে ভেদ-প্রাপ্ত এবং যিনি নিষ্কল, অনন্ত ও অশেষ-স্বরূপ, সেই ব্রহ্ম হইতেছেন প্রভাবশালী যে গোবিন্দের প্রভা অর্থাৎ অঙ্গকান্তি, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১২ ॥

যাঁহার বহিরঙ্গা শক্তি মায়া শত শত ব্রহ্মাণ্ড প্রসব করিতেছেন এবং যাঁহার মায়া সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিগুণে ও ত্রিগুণাত্মক বেদে বিস্তার লাভ করিয়াছেন, অথচ যিনি রজস্তমঃ-মিশ্রিত মায়িক সত্ত্বগুণের আশ্রয় হইয়াও, তাহারও অতীত চিচ্ছক্তির বৃত্তিরূপ যে সত্ত্ব, সেই বিশুদ্ধ-সত্ত্ব-স্বরূপ, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১৩ ॥

আনন্দ-চিন্ময় রস-স্বরূপ অর্থাৎ উজ্জ্বল-শৃঙ্গার-রস-স্বরূপ বলিয়া, যিনি

প্রাণিগণের মানস-পটে প্রতিফলিত হইয়া সাক্ষাৎ মন্মথরূপে বিরাজ করতঃ, অলৌকিক লীলায় নিরন্তর ভুবন-সমূহ জয় করিতেছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১৪ ॥

যিনি সর্ব্বোপরিস্থিত গোলোক নামক নিজ-ধামে এবং তন্নিম্নস্থ যথাক্রমে বিষ্ণু, শিব ও দেবীর তত্তৎ প্রসিদ্ধ ধামসমূহে তত্তৎ প্রভাব-সমূহ বিস্তার করিয়াছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১৫ ॥

যাঁহার সৃষ্টি-স্থিতি-প্রলয়-কারিণী একমাত্র শক্তি-রূপা দুর্গাদেবী, ছায়ার ন্যায় অনুগতা হইয়া, ভুবন সকল ভরণ-পোষণ করিতেছেন এবং যাঁহার ইচ্ছানুরূপ কার্য্য-সমূহই করিতেছেন, সেই আদি পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১৬ ॥

বিকার-বিশেষের (দম্বলের) যোগে দুগ্ধ যেমন দধি হইয়া থাকে, পরন্তু সেই দধি কখনও নিজ-কারণ-স্বরূপ দুগ্ধ হইতে পৃথক্ বস্তু নহে; তদ্রূপ যিনি সংহার-কার্য্যের নিমিত্ত রুদ্র-রূপ ধারণ করেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১৭ ॥

যেমন একটী প্রদীপ-জ্যোতিঃ অন্য বর্ত্তিকে (শলিতাকে) প্রাপ্ত হইয়া পৃথক্ দীপ-রূপে পরিণত হয়, কিন্তু মূল দীপের সমান-ধর্ম্মই প্রকাশ করিয়া থাকে, সেইরূপ যিনি বিশ্বকার্য্যের নিমিত্ত গুণাবতার বিষ্ণু-রূপে প্রকাশ পাইয়া থাকেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১৮ ॥

যিনি শেষ নামক আধার-শক্তিময়ী নিজ পরা মূর্ত্তিকে আশ্রয় করিয়া কারণার্ণব-জলে যোগনিদ্রা অবলম্বন করেন, আর যাঁহার প্রতি রোমকূপ হইতে অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি হইয়া থাকে, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১৯ ॥

যে মহাবিষ্ণুর একটীমাত্র নিশ্বাস-কাল অবলম্বন করিয়া তদীয় রোম-বিবর-জাত ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরাদি ব্রহ্মাণ্ড-নাথগণ জীবন ধারণ করেন, সেই মহাবিষ্ণু

যে গোবিন্দের কলা অর্থাৎ অংশের অংশ-বিশেষ, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২০ ॥

সূর্য্য যেরূপ নিজ-প্রস্তর-সমূহে অর্থাৎ সূর্য্যকান্ত-মণি-সমূহে স্বীয় তেজ কিয়ৎ পরিমাণে প্রকাশ করেন এবং সেই তেজঃপ্রাপ্ত মণি-সমূহ দ্বারা কিঞ্চিৎ দাহ ও প্রকাশাদি কার্য্যও করিয়া থাকেন, সেইরূপ যিনি ব্রহ্মাতে স্বীয় শক্তি-কণা সঞ্চার করিয়া ব্রহ্মাণ্ড-সৃষ্টি-কার্য্য সম্পন্ন করেন, সেই আদি পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২১ ॥

বিঘ্ন-বিনাশন গণপতি, প্রণামকালে যাঁহার পাদপদ্ম-যুগল নিজ-মস্তক-স্থিত কুম্ভ-যুগলে ধারণ করিয়া, ত্রিজগতের বিঘ্ন-বিনাশনে সমর্থ হইয়াছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২২ ॥

অগ্নি, পৃথিবী, আকাশ, জল. বায়ু, দিক্, কাল, আত্মা ও মন ইহা লইয়াই জগৎ—এইরূপ ত্রিজগৎ যাঁহা হইতে উৎপত্তি লাভ করে, যাঁহা দ্বারা প্রতিপালিত হয় এবং প্রলয়কালে যাঁহাতে প্রবেশ করে, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২৩ ॥

যে সূর্য্যদেব সমস্ত গ্রহের রাজা, অশেষ তেজঃ সম্পন্ন ও সর্ব্বদেব-মূর্ত্তি, এতাদৃশ সূর্য্যদেবেরও যিনি চক্ষু অর্থাৎ প্রকাশক এবং সেই সূর্য্যদেব যাঁহার আজ্ঞায় কালচক্র ধারণ পূর্ব্বক নিয়ত পরিভ্রমণ করিতেছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২৪ ॥

অধিক আর কি বলিব —ধর্ম্ম ও পাপ-সমূহ, শ্রুতি-সমূহ, তপ-সমূহ এবং ব্রহ্মাদি হইতে আরম্ভ করিয়া কীট-পতঙ্গ পর্য্যন্ত জীব-সমূহ যাঁহার প্রদত্ত বিভব মাত্র লাভ করিয়া প্রভাবশালী হইয়াছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২৫ ॥

অহো! কি ইন্দ্রগোপ নামক ক্ষুদ্র কীট, কি দেবরাজ ইন্দ্র—সকলকেই যিনি নিজ নিজ কর্ম্মের অনুরূপ ফল প্রদান করেন, কিন্তু যিনি ভক্তিমান্

জনের কর্ম্ম-সকল নিঃশেষে দগ্ধ করিয়া থাকেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২৬ ॥

এই যে অনেকেই ক্রোধ, কাম, সহজ-প্রণয় (সখ্য), ভয়, বাৎসল্য, মোহ (সর্ব্ব-বিস্মৃতি), গুরুগৌরব (মহা সম্মান), সেব্য-ভাব (দাস্য) প্রভৃতি বিবিধ ভাবে যাঁহাকে অনুক্ষণ চিন্তা করিয়া সেই সেই ভাবানুরূপ দেহ প্রাপ্ত হইয়াছেন, সেই আদি-পুরুষ শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ২৭ ॥

ইতি শ্রীব্রহ্ম-সংহিতায় শ্রীব্রহ্মা-কর্ত্তৃক কথিত
শ্রীশ্রীগোবিন্দ-স্তোত্রের অনুবাদ সমাপ্ত।

---

## শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলী।

শ্রীশ্রীব্রজ নাগরায় নমঃ।

(এই অপূর্ব্ব স্তোত্র প্রত্যহ অবশ্য পাঠ্য।)

নব-জলধর-বর্ণং চম্পকোদ্ভাসি-কর্ণং
বিকসিত-নলিনাস্যং বিস্ফুরন্মন্দ-হাস্যং।
কনক-রুচি-দুকূলং চারু-বর্হাবচূলং
কমপি নিখিল-সারং নৌমি গোপী-কুমারং॥ ১ ॥

মুখ-জিত-শরদিন্দুঃ কেলি-লাবণ্য-সিন্ধুঃ
কর-বিনিহিত-কন্দুর্বল্লবী-প্রাণবন্ধুঃ।
বপুরুপসৃত-রেণুঃ কক্ষ-নিক্ষিপ্ত-বেণু-
র্বচন-বশগ-ধেনুঃ পাতু মাং নন্দসূনুঃ॥ ২ ॥

ধ্বস্ত-দুষ্ট-শঙ্খচূড় ! বল্লবী-কুলোপগূঢ় !
ভক্ত-মানসাধিরূঢ় ! নীলকণ্ঠ-পিচ্ছচূড় ! ।
কণ্ঠলম্বি-মঞ্জু-গুঞ্জ ! কেলিলব্ধ-রম্যকুঞ্জ !
কর্ণবর্ত্তি-ফুল্লকুন্দ ! পাহি দেব ! মাং মুকুন্দ ! ॥ ৩ ॥

যজ্ঞভঙ্গ রুষ্টশক্র-নুন্নঘোর-মেঘচক্র-
বৃষ্টিপূর-খিন্ন-গোপ-বীক্ষণোপজাত-কোপ ! ।
ক্ষিপ্র-সব্যহস্ত-পদ্ম-ধারিতোচ্চ-শৈল-সদ্ম-
গুপ্তগোষ্ঠ ! রক্ষ রক্ষ মাং তথাদ্য পঙ্কজাক্ষ ! ॥ ৪ ॥

মুক্তাহারং দধদুড়ুচক্রাকারং
সারং গোপী-মনসি মনোজারোপী ।
কোপী কংসে খল-নিকুরম্বোত্তংসে
বংশে রঙ্গী দিশতু রতিং নঃ শার্ঙ্গী ॥ ৫ ॥

লীলোদ্দামা জলধর-মালা-শ্যামা
ক্ষামাঃ কামাদভিরচয়ন্তী রামাঃ ।
স মামব্যাদখিলমুনীনাং স্তব্যা
গব্যাপূর্ত্তিঃ প্রভুরঘ-শত্রোমূর্ত্তিঃ ॥ ৬ ॥

পর্ব্ব-বর্ত্তুল-শর্ব্বরীপতি-গর্ব্বরীতি-হরাননং
নন্দ-নন্দনমিন্দিরা কৃত-বন্দনং ধৃত-চন্দনং ।
সুন্দরী রতি-মন্দিরীকৃত-কন্দরং ধৃত-মন্দরং
কুণ্ডল-দ্যুতিমণ্ডল-প্লুত-কন্ধরং ভজ সুন্দরং ॥ ৭ ॥

গোকুলাঙ্গন-মণ্ডনং কৃত-পূতনা-ভব-মোচনং
কুন্দ-সুন্দর-দন্তমম্বুজ-বৃন্দ-বন্দিত-লোচনং ।

সৌরভাকর-ফুল্ল-পুষ্কর-বিস্ফুরৎ-করপল্লবং
দৈবত-ব্রজ-দুর্ল্লভং ভজ বল্লবী কুল-বল্লভং॥ ৮॥

তুণ্ড-কান্তি-দণ্ডিতোরু-পাণ্ডুরাংশ-মণ্ডলং
গণ্ডপালি-তাণ্ডবালি-শালি-রত্নকুণ্ডলং।
ফুল্ল-পুণ্ডরীক-ষণ্ড কৢপ্ত মাল্যমণ্ডনং
চণ্ড-বাহুদণ্ডমত্র নৌমি কংস-খণ্ডনং॥ ৯॥

উত্তরঙ্গদঙ্গরাগ-সঙ্গমাতি-পিঙ্গল-
স্তুঙ্গ-শৃঙ্গ-সঙ্গি পাণিরঙ্গনালি-মঙ্গলঃ।
দিগ্বিলাসি-মল্লিহাসি-কীর্ত্তিবল্লি-পল্লব-
স্ত্বাং স পাতু ফুল্ল-চারু-চিল্লিরদ্য বল্লবঃ॥ ১০॥

ইন্দ্র-নিবারং ব্রজপতি-বারং
নির্ধৃত-বারং হৃত-ঘন-বারং।
রক্ষিত-গোত্রং প্রীণিত-গোত্রং
ত্বাং ধৃত-গোত্রং নৌমি সগোত্রং॥ ১১॥

কংস-মহীপতি-হৃদ্গত-শূলং
সন্তত-সেবিত-যামুন-কূলং।
বন্দে সুন্দর-চন্দ্রক-চূলং
ত্বামহমখিল-চরাচর-মূলং॥ ১২॥

মলয়জ-রুচিরস্তনুজিত-মুদিরঃ
পালিত বিবুধস্তোষিত-বসুধঃ।
মামতি-রসিকঃ কেলিভিরধিকঃ
স্মিত-সুভগ-রদঃ কৃপয়তু বরদঃ॥ ১৩॥

উররীকৃত-মুররী-রুত-ভঙ্গং
নব-জলধর-কিরণোল্লসদঙ্গং।
যুবতি-হৃদয়-ধৃত-মদন-তরঙ্গং
প্রণমত যামুন-তট-কৃত-রঙ্গং ॥ ১৪ ॥

নবাম্ভোদ-নীলং জগত্তোষি-শীলং
মুখাসঙ্গি-বংশং শিখণ্ডাবতংসং।
করালম্বি-বেত্রং বরাম্ভোজ-নেত্রং
ধুন-স্ফীত-গুঞ্জং ভজে লব্ধ কুঞ্জং ॥ ১৫ ॥

হৃত-ক্ষৌণি-ভারং কৃত-ক্লেশ-হারং
জগদ্গীত-সারং মহারত্ন-হারং!
মৃদু-শ্যাম-কেশং লসদ্বন্য-বেশং
কৃপাভির্নিদেশং ভজে বল্লবেশং ॥ ১৬ ॥

উল্লসদ্বল্লবী-বাসসাং তস্কর-
স্তেজসা নির্জ্জিত-প্রস্ফুরদ্ভাস্করঃ।
পীন-দোঃস্তম্ভয়োরুল্লসচ্চন্দনঃ
পাতু বঃ সর্ব্বতো দেবকী-নন্দনঃ ॥ ১৭ ॥

সংসৃতেস্তারকং তং গবাং চারকং
বেণুনা মণ্ডিতং ক্রীড়নে পণ্ডিতং।
ধাতুভির্বেষিণং দানব-দ্বেষিণং
চিন্তয় স্বামিনং বল্লবী-কামিনং ॥ ১৮ ॥

উপাত্ত-কবলং পরাগ শবলং
সদেক-শরণং সরোজ-চরণং।

অরিষ্ট-দলনং বিকৃষ্ট-ললনং
নমামি সমহং সদৈব তমহং ॥ ১৯ ॥

বিহার-সদনং মনোজ্ঞ-রদনং
প্রণীত-মদনং শশাঙ্ক-বদনং।
উরস্থ-কমলং যশোভিরমলং
করাত্ত-কমলং ভজস্ব তমলং ॥ ২০ ॥

দুষ্ট-ধ্বংসঃ কর্ণিকারাবতংসঃ
খেলদ্বংশী-পঞ্চম-ধ্বান-শংসী।
গোপীচেতঃ-কেলিভঙ্গী-নিকেতঃ
পাতু স্বৈরী হন্ত বঃ কংস-বৈরী ॥ ২১ ॥

বৃন্দাটব্যাং কেলিমানন্দ-নব্যাং
কুর্ব্বন্নারী-চিত্ত-কন্দর্পধারী।
নর্ম্মোদ্গারী মাং দুকূলাপহারী
নীপারূঢ়ঃ পাতু বর্হাবিচূড়ঃ ॥ ২২ ॥

রুচির-নখে রচয় সখে! বলিত-রতিং ভজন-ততিং।
ত্বমবিরতিস্ত্বরিত-গতির্নত-শরণে হরি-চরণে ॥ ২৩ ॥

রুচির-পটঃ পুলিন-নটঃ পশুপ-গতিগুর্ণ-বসতিঃ।
স মম শুচির্জলদ-রুচির্মনসি পরিস্ফুরতু হরিঃ ॥ ২৪ ॥

কেলি-বিহিত-যমলার্জ্জুন-ভঞ্জন!
সুললিত-চরিত-নিখিল-জন-রঞ্জন!।
লোচন-নর্ত্তন-জিত-চল-খঞ্জন!
মাং পরিপালয় কালিয়-গঞ্জন! ॥ ২৫ ॥

ভুবন-বিস্তৃর-মহিমাড়ম্বর !
বিরচিত-নিখিল-খলোৎকর-সম্বর ! ।
বিতর যশোদা-তনয় ! বরং বর-
মভিলষিতং মে ধৃত-পীতাম্বর ! ॥ ২৬ ॥

চিকুর-করম্বিত-চারু-শিখণ্ডং ।
ভাল-বিনির্জ্জিত-বর-শশিখণ্ডং ।
রদ-রুচি-নির্ধূত-মুদ্রিত-কুন্দং
কুরুত বুধা ! হৃদি সপদি মুকুন্দং ॥ ২৭ ॥

যঃ পরিরক্ষিত-সুরভী-লক্ষস্তদপি চ সুর-ভী-মর্দ্দন দক্ষঃ ।
মুরলী-বাদন-খুরলীশালী স দিশতু কুশলং তব বনমালী ॥ ২৮ ॥

রমিত-নিখিল-ডিম্বে বেণু-পীতোষ্ঠ-বিম্বে
হতখল-নিকুরম্বে বল্লবী-দত্ত-চুম্বে ।
ভবতু মহিত-নন্দে তত্র বঃ কেলিকন্দে
জগদবিরল-তুন্দে ভক্তিরুর্ব্বী মুকুন্দে ॥ ২৯ ॥

পশুপ-যুবতি-গোষ্ঠী-চুম্বিত-শ্রীমদোষ্ঠী
স্মর-তরলিত-দৃষ্টির্নির্ম্মিতানন্দ-বৃষ্টিঃ ।
নব-জলধর-ধামা পাতু বঃ কৃষ্ণ-নামা
ভুবন-মধুর-বেশা মালিনী মূর্ত্তিরেষা ॥ ৩০ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতা শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলী সমাপ্তা ।

শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলী-স্তোত্র-পাঠান্তে ধ্যানং।

অঙ্গ-শ্যামলিমচ্ছটাভিরভিতো মন্দীকৃতেন্দীবরং
জাড্যঞ্জাগুরু-রোচিষাং বিদধতং পট্টাম্বরস্য শ্রিয়া।
বৃন্দারণ্য-নিবাসনং হৃদি লসদ্দামাভিরামোদরং
রাধা-স্কন্ধ-নিবেশিতোজ্জ্বল-ভুজং ধ্যায়েম দামোদরং॥

---

## শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলীর অনুবাদ।

নব-জলধরের ন্যায় শ্যামল-সুন্দর যাঁহার রূপ, চম্পক-কুসুমে যাঁহার কর্ণ-যুগল সুশোভিত, যাঁহার বদন-মণ্ডল বিকসিত পদ্মের ন্যায় পরম মনোহর ও মন্দ মন্দ হাস্যযুক্ত, যাঁহার অঙ্গচ্ছটা সুবর্ণ-কান্তির ন্যায় দীপ্তিমান্, যাঁহার চূড়া মনোহর ময়ূর-পুচ্ছে সুশোভিত এবং যিনি ত্রিজগতের সার-বস্তু, সেই কি এক অনির্ব্বচনীয় পরম সুন্দর-গোপী-কুমারকে আমি স্তব করি॥ ১॥

যাঁহার মুখ-মণ্ডল শরৎ-কালীন চন্দ্র অপেক্ষাও মনোহর, যিনি কেলি-বিলাসোচিত লাবণ্যের সিন্ধু, যাঁহার হস্তে ক্রীড়া-কন্দুক সুশোভিত, যিনি ব্রজাঙ্গনাগণের প্রাণবন্ধু, যাঁহার কলেবর নাভীগণের খুরোত্থিত ধূলি-কণায় সুশোভিত, যাঁহার কক্ষদেশে বেণু বিরাজিত এবং ধেনুগণ যাঁহার বাক্যের বশীভূত, সেই শ্রীনন্দনন্দন আমাকে রক্ষা করুন॥ ২॥

হে দেব! হে মুকুন্দ! তুমি দুষ্ট শঙ্খচূড়ের ধ্বংসকারী, তুমি ব্রজ-রমণীগণ কর্ত্তৃক আলিঙ্গিত, তুমি ভক্তগণের মানস-পটে অধিষ্ঠিত, তোমার চূড়া ময়ূর-পুচ্ছে সুশোভিত, তোমার কণ্ঠে মনোহর গুঞ্জামালা দোদুল্যমান, কেলি-বিলাসের নিমিত্ত মনোহর নিকুঞ্জ-কানন তোমার আশ্রয় ও তোমার কর্ণ-যুগল কুন্দ-পুষ্পে সুশোভিত; তুমি আমাকে পরিত্রাণ কর॥ ৩॥

হে পুণ্ডরীকাক্ষ! যজ্ঞ-ভঙ্গ নিবন্ধন দেবরাজ ইন্দ্র সাতিশয় কোপান্বিত হইয়া মেঘ-সমূহ প্রেরণ করতঃ অতিবৃষ্টি দ্বারা গোপ-গোপীদিগকে ক্লেশ দিতে থাকিলে, তদ্দর্শনে তুমি রুষ্ট হইয়া, শীঘ্র বামহস্তে অত্যুচ্চ গিরি-গোবর্দ্ধন ধারণ পূর্ব্বক ব্রজধামকে রক্ষা করিয়াছিলে; সেইরূপ আমাকেও অদ্য রক্ষা কর ॥ ৪ ॥

যিনি নক্ষত্রমালার ন্যায় মনোহর মুক্তাহার কণ্ঠে ধারণ করিয়াছেন, যিনি গোপিকাগণের অন্তঃকরণে কন্দর্প-ভাব জাগরিত করেন এবং যাবতীয় দুর্দ্দান্তের শিরোমণি কংসের প্রতি যাঁহার অত্যন্ত ক্রোধ, সেই বংশী-প্রিয় শাঙ্গ'পাণি শ্রীকৃষ্ণ আমাদিগকে তাঁহার শ্রীচরণে রতি প্রদান করুন ॥ ৫ ॥

যে শ্রীমূর্ত্তি ব্রজ-মণ্ডলে পরম সুখে বিহার করিবার সমুপযুক্ত, যাহা মেঘমালার ন্যায় শ্যামবর্ণ, কন্দর্প-সমরে গোপসুন্দরীগণ যৎ কর্ত্তৃক দুর্ব্বল হইয়া পড়েন, যাহা নিখিল মুনিগণের ধ্যেয়-বস্তু এবং যাহা গাভীগণের তৃপ্তি-সাধনে সমর্থ, অঘ-দমন শ্রীকৃষ্ণের সেই মূর্ত্তি আমাকে রক্ষা করুন ॥ ৬ ॥

যাঁহার বদন-কান্তি পূর্ণচন্দ্রের গর্ব্ব খর্ব্ব করিতেছে, লক্ষ্মী যাঁহার পাদপদ্ম সেবা করিয়া থাকেন, যাঁহার শ্রীঅঙ্গ চন্দনাদি দ্বারা অনুলিপ্ত, যিনি গোপীগণের সহিত বিহারের নিমিত্ত গিরি-গহ্বরে সঙ্কেত-স্থান নির্দ্দেশ করিয়াছেন, যিনি মন্দরপর্ব্বত তুল্য গোবর্দ্ধন ধারণ করিয়াছেন এবং যাঁহার গ্রীবাদেশ কর্ণস্থ কুণ্ডল-প্রভায় সুশোভিত, হে মন! তুমি সেই পরম সুন্দর শ্রীনন্দ-নন্দনকে ভজনা কর ॥ ৭ ॥

যিনি গোকুলের ভূষণ-স্বরূপ, যিনি পূতনা রাক্ষসীর ভব-বন্ধন বিমোচন করিয়াছেন, যাঁহার দন্ত-পঙ্‌ক্তি কুন্দ-কুসুমের ন্যায় পরম মনোহর, যাঁহার নয়ন-যুগল অধিকতর সুন্দর বলিয়া পদ্মগণও সেই নয়নের প্রশংসা করে, যাঁহার করপল্লব সুসৌরভান্বিত ও সুবিকসিত কমলের ন্যায় শোভা পাইতেছে এবং যিনি দেবতাগণেরও দুর্ল্লভ, হে চিত্ত! তুমি গোপীকুলবল্লভ সেই শ্রীকৃষ্ণকে ভজনা কর ॥ ৮ ॥

যাঁহার বদন-কান্তি পূর্ণচন্দ্রের শোভাকেও তিরস্কার করিতেছে, যাঁহার গণ্ড-প্রদেশে চঞ্চল রত্ন-কুণ্ডল শোভা পাইতেছে, যিনি বিকসিত কমল-মালায় সুশোভিত এবং যাঁহার ভুজদণ্ড সাতিশয় প্রতাপান্বিত, সেই কংস-বিনাশন শ্রীকৃষ্ণকে আমি স্তব করি ॥ ৯ ॥

যাঁহার কুসুম-চন্দনাদি-লিপ্ত কলেবরে লাবণ্যের তরঙ্গ খেলিতেছে, যাঁহার হস্ত উচ্চ-শৃঙ্গ গোবর্দ্ধন-ধারণে সমর্থ, যিনি অঙ্গনাগণের মঙ্গল-দাতা, যাঁহার যশঃসৌরভ মল্লিকা-কুসুমের ন্যায় দিগ্বিদিক্ আমোদিত করিতেছে এবং যাঁহার ভ্রূ-যুগল নিরতিশয় মনোহর, সেই গোপেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ অদ্যই তোমাকে রক্ষা করুন ॥ ১০ ॥

যজ্ঞভঙ্গ বশতঃ ইন্দ্রদেব কুপিত হইলে, যিনি গোবর্দ্ধন ধারণ পূর্ব্বক, সেই ইন্দ্র-প্রেরিত মেঘগণের প্রবল বারি-বর্ষণ নিবৃত্ত করতঃ, উহাদিগকে দূরীভূত করিয়া ইন্দ্রকে পরাভূত ও ব্রজধামকে রক্ষা করিয়াছিলেন এবং যিনি গোসমূহের প্রীতিবর্দ্ধনকারী, সেই যে গোবর্দ্ধন-ধারী ব্রজেন্দ্র-নন্দন তুমি, তোমাকে আমি সপরিকরে বন্দনা করি ॥ ১১ ॥

যিনি কংসরাজের হৃদয়ে শূল-স্বরূপ, যিনি নিরন্তর যমুনাতীরে অবস্থান করিতে বড়ই ভালবাসেন ও মনোহর ময়ূরপুচ্ছে যাঁহার চূড়া সুশোভিত, অখিল চরাচরের মূল-স্বরূপ সেই যে শ্রীনন্দ-নন্দন তুমি, তোমাকে আমি প্রণাম করি ॥ ১২ ॥

যাঁহার শ্রীঅঙ্গ সুগন্ধি চন্দনাদি দ্বারা অনুলিপ্ত, যাঁহার অঙ্গ-শোভা নবীন মেঘের কান্তিকেও পরাভব করিতেছে, যিনি দেবতাগণের পালন-কর্ত্তা, যিনি কংসাদি দৈত্য বধ করিয়া ভুভার হরণ করতঃ পৃথিবীর তৃপ্তি সাধন করিয়াছেন, যিনি কেলি-বিষয়ে সুরসিক এবং যাঁহার দন্তশ্রেণী কুন্দ-কুসুমের ন্যায় পরম মনোহর, সেই সর্ব্বাভীষ্ট-প্রদ শ্রীকৃষ্ণ আমাকে কৃপা করুন ॥ ১৩ ॥

যিনি কত কত মোহন ভঙ্গিতে বংশীধ্বনি করেন, নব-জলধর-কান্তির ন্যায় যাঁহার শ্রীঅঙ্গ-কান্তি পরম মনোহর এবং যিনি যুবতী-বৃন্দের হৃদয়ে অনঙ্গ-তরঙ্গ উদ্বেলিত করেন, সেই যমুনাতট-বিহারী শ্রীহরিকে তোমরা প্রণাম কর ।। ১৪ ।।

যিনি নবীন-মেঘের ন্যায় নীল-কলেবর, যাঁহার সুমধুর চরিত্রে ত্রিভুবন পরিতুষ্ট, যাঁহার বদনে বংশী, ময়ূর-পুচ্ছ যাঁহার শিরোভূষণ, গো-পালনের নিমিত্ত যাঁহার হস্তে বেত্র, অত্যুৎকৃষ্ট কমলের ন্যায় মনোহর যাঁহার নেত্র এবং যাঁহার গলদেশে অতি সুন্দর গুঞ্জাহার বিরাজমান, সেই কুঞ্জবিহারী শ্রীকৃষ্ণকে আমি ভজনা করি ।। ১৫ ।।

যিনি দৈত্য বধ করিয়া ভূভার হরণ করিয়াছেন—সমগ্র জগতের দুঃখ মোচন করিয়াছেন, ত্রিভুবন যাঁহার বলবীর্য্যের প্রশংসা করিতেছে, যাঁহার গলদেশ সমুজ্জ্বল মহামূল্য রত্নহারে বিভূষিত, যিনি সুকোমল কৃষ্ণবর্ণ কেশ-কলাপে সুশোভিত, যিনি রাখাল-বেশে সুসজ্জিত এবং যিনি অপার-করুণা-পারাবার; সেই গোপ-বল্লভ শ্রীকৃষ্ণকে আমি ভজনা করি ।। ১৬ ।।

যিনি গোপ-ললনাগণের বসনাপহারী, যিনি তেজঃপ্রভাবে সমুজ্জ্বল প্রভাকরকেও পরাভূত করিয়াছেন ও যাঁহার বিশাল বাহু-যুগল চন্দন-চর্চ্চিত, সেই যশোদা-নন্দন শ্রীকৃষ্ণ তোমাদিগকে সর্ব্বতোভাবে রক্ষা করুন ।। ১৭ ।।

যিনি ভবার্ণব-ত্রাতা, গো-পালনকারী, বংশীধারী, কেলি-নিপুণ, গৈরিক-বেশে সুসজ্জিত, দৈত্য-দলনকারী ও সকলের স্বামী, সেই গোপ-বাঞ্ছিত শ্রীকৃষ্ণকে চিন্তা কর ।। ১৮ ।।

অরণ্য মধ্যে ভক্ষণের নিমিত্ত যাঁহার বামহস্তে নবনীত, যাঁহার কলেবর বিবিধ বন্য-কুসুম-রেণু দ্বারা চিত্রিত, যিনি শরণাগত-বৎসল, বিকসিত পদ্মের ন্যায় যাঁহার চরণ-যুগল মনোহর, যিনি অমঙ্গল-ধ্বংসকারী ও যাঁহার শ্রীঅঙ্গকান্তি ব্রজ-বালাগণকে আকর্ষণ করে, উৎসবময় সেই শ্রীনন্দ-নন্দনকে আমি প্রণাম করি ।। ১৯ ।।

যিনি অশেষবিধ লীলার আশ্রয়, যাঁহার দন্ত-পঙ্‌ক্তি অতীব মনোহর, যিনি যুবতীগণের হৃদয়ে কন্দর্পভাব বিস্তার করেন, যাঁহার শ্রীমুখমণ্ডল চন্দ্রের ন্যায় পরম রমণীয়, যাঁহার বক্ষঃস্থলে কমলা বিরাজমান, যাঁহার সুবিমল যশোরাশি ত্রিভুবন-পরিব্যাপ্ত ও যাঁহার দক্ষিণ হস্তে লীলাপদ্ম বিরাজিত, তোমরা সেই শ্রীনন্দ-নন্দনকে নিরন্তর ভজনা কর ।। ২০ ।।

যিনি দুর্দ্দান্ত দানবগণের দলনকর্ত্তা, কর্ণিকার-কুসুম যাঁহার কর্ণভূষণ, যিনি পঞ্চমস্বরে বংশীধ্বনি করেন, যিনি গোপিকাগণের চিত্তে বিলাসাদির অবলম্বন-স্থান এবং যিনি স্বচ্ছন্দাচারী অর্থাৎ স্বতন্ত্র, সেই কংস-রিপু শ্রীকৃষ্ণ তোমাদিগকে রক্ষা করুন ।। ২১ ।।

যিনি শ্রীবৃন্দাবনে বিবিধ আনন্দময় লীলা করিতেছেন, যিনি ব্রজ-যুবতী-গণের অন্তঃকরণে কন্দর্প-প্রভাব বিস্তার করেন, যিনি নানাবিধ পরিহাস-বাক্যে তাঁহাদিগকে আনন্দ দিতেছেন এবং যিনি গোপীগণের বসন হরণ করিয়া কদম্ব-বৃক্ষে আরোহণ করিয়াছিলেন, সেই ময়ূর-পুচ্ছাবতংস শ্রীকৃষ্ণ আমাকে রক্ষা করুন ।। ২২ ।।

হে সখে! তুমি প্রবল অনুরাগ সহকারে মনোহর-নখরাজি-বিরাজিত ও প্রণত-জন-প্রতিপালক সেই শ্রীহরির চরণ-যুগল নিরন্তর ভজনা কর ।। ২৩ ।।

যিনি মনোহর পীত বসনে সুশোভিত, যিনি যমুনা-পুলিন-বিহারী, যিনি গোপগণের পালন-কর্ত্তা, যিনি ভক্ত বাৎসল্যাদি গুণের আকর এবং যাঁহার স্মরণে সর্ব্ব দোষ দূরীভূত হয়, সেই নবীন-নীরদ-কান্তি শ্রীহরি আমার চিত্তে বিরাজ করুন ।। ২৪ ।।

হে কালিয়-গঞ্জন! তুমি বাল্যলীলাচ্ছলে যমলার্জ্জুনকে উদ্ধার করিয়াছ, তোমার সুললিত চরিত নিখিল জনগণের চিত্ত রঞ্জন করে এবং তুমি নয়ন-ভঙ্গী দ্বারা চঞ্চল খঞ্জনকেও পরাভব করিয়াছ; তুমি কৃপা করিয়া আমাকে ভক্তিরস দ্বারা পরিপুষ্ট কর ।। ২৫ ।।

হে পীতাম্বর! তোমার মহিমা ত্রিভুবনে পরিব্যাপ্ত ও তুমি নিখিল দুষ্ট জনের দমনকর্ত্তা; হে যশোদা-নন্দন! তুমি আমাকে অভিলষিত শ্রেষ্ঠ বর-দানে পরিতৃপ্ত কর ॥ ২৬ ॥

মনোহর ময়ূর-পুচ্ছে যাঁহার চূড়া সুশোভিত, শুক্লাষ্টমী-সমুদিত অর্দ্ধচন্দ্র অপেক্ষাও যাঁহার ললাটদেশ অতীব সুন্দর এবং যাঁহার দমন-কান্তি কুন্দ-কুসুমের মুকুলকেও তিরস্কার করিতেছে, হে পণ্ডিতগণ! তোমরা সেই মুকুন্দ শ্রীকৃষ্ণকে শীঘ্র হৃদয়ে ধারণ কর ॥ ২৭ ॥

যিনি লক্ষ লক্ষ সুরভীর প্রতিপালক, অথচ যিনি সুর-ভী-মর্দ্দনে দক্ষ অর্থাৎ দেবতাগণের ভয়-বিনাশক এবং যিনি মুরলী-বাদনে বিশেষ পটু, সেই বনমালী শ্রীকৃষ্ণ তোমাদের কল্যাণ বিধান করুন ॥ ২৮ ॥

যিনি নিখিল ব্রজ-বালকের সহিত ক্রীড়া করেন, যাঁহার বিম্বফল-সদৃশ ওষ্ঠদেশে বংশী বিরাজিত, যিনি পুতনা প্রভৃতি দুষ্ট-সমূহের দলন-কর্ত্তা, ব্রজ-ললনাগণ প্রেমভরে যাঁহার মুখ-চুম্বন করেন, পিতৃভক্তি বশতঃ যিনি নন্দ মহারাজের অর্চ্চনা করেন, যিনি অনন্ত-লীলাময় এবং যাঁহার উদরাভ্যন্তরে বিশ্ব-ব্রহ্মাণ্ড বিরাজমান, সেই শ্রীমুকুন্দ-দেবের পাদপদ্মে তোমাদের প্রগাঢ় ভক্তি হউক ॥ ২৯ ॥

ব্রজ রমণীগণ যাঁহার সুললিত ওষ্ঠ চুম্বন করিলে, যিনি কন্দর্পোদ্দীপ্ত চঞ্চল-নয়নে তাঁহাদিগের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক ও তৎসহ সম্ভোগাদি দ্বারা তাঁহাদের হৃদয়ে আনন্দ-ধারা বর্ষণ করেন, যাঁহার শরীর-কান্তি নবীন নীরদের ন্যায় সুমনোহর এবং যিনি জগন্মোহন বেশে সুসজ্জিত, সেই বনমালা-বিরাজিত শ্রীকৃষ্ণ-মূর্ত্তি তোমাদিগকে রক্ষা করুন ॥ ৩০ ॥

ইতি—শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলীর অনুবাদ সমাপ্ত।

———

শ্রীশ্রীমুকুন্দ-মুক্তাবলী-স্তোত্র-পাঠান্তে ধ্যান।

যাঁহার শ্রীঅঙ্গের শ্যামল-কান্তি নীলপদ্মের শোভাতিশয়কেও তিরস্কার করিতেছে, যাঁহার পীতবর্ণ পট্ট-বস্ত্রের সৌন্দর্য্যে কুঙ্কুম-কান্তিকেও পরাভব করিতেছে, যাঁহার বক্ষঃস্থলে বৈজয়ন্তী-মালা দোদুল্যমান, যিনি শ্রীরাধিকার স্কন্ধে বাম হস্ত ন্যস্ত করিয়া বিরাজ করিতেছেন, সেই বৃন্দাবন বিহারী শ্রীদামোদরকে আমি ধ্যান করি।

---

## শ্রীশ্রীচাটুপুষ্পাঞ্জলিঃ।

শ্রীশ্রীরাধিকায়ৈ নমঃ।

নব-গোরোচনা-গৌরীং প্রবরেন্দীবরাম্বরাং।
মণি-স্তবক-বিদ্যোতি-বেণী-ব্যালাঙ্গনা-ফণাং॥ ১॥

উপমান-ঘটামান-প্রহারি-মুখমণ্ডলাং।
নবেন্দু-নিন্দি-ভালোদ্যৎ-কস্তুরী-তিলক-শ্রিয়ং॥ ২॥

ভ্রূজিতানঙ্গ-কোদণ্ডাং লোল-নীলালকাবলীং।
কজ্জলোজ্জ্বলতা-রাজচ্চকোরী-চারুলোচনাং॥ ৩॥

তিলপুষ্পাভ-নাসাগ্র-বিরাজদ্‌বর-মৌক্তিকাং।
অধরোদ্ধূত-বন্ধূকাং কুন্দালী-বন্ধুর-দ্বিজাং॥ ৪॥

সরত্ন-স্বর্ণ-রাজীব-কর্ণিকা-কৃত-কর্ণিকাং।
কস্তুরী-বিন্দু-চিবুকাং রত্ন-গ্রৈবেয়কোজ্জ্বলাং॥ ৫॥

দিব্যাঙ্গদ-পরিষ্বঙ্গ-লসদ্ভুজ-মৃণালিকাং।
বলারি-রত্ন-বলয়-কলালম্বি-কলাবিকাং ॥ ৬ ॥

রত্নাঙ্গুরীয়কোল্লাসি-বরাঙ্গুলি করাম্বুজাং।
মনোহর-মহাহার-বিহারি-কুচ-কুট্মলাং ॥ ৭ ॥

রোমালি-ভুজগী-মূর্দ্ধ-রত্নাভ-তরলাঞ্চিতাং।
বলিত্রয়ী-লতাবদ্ধ ক্ষীণভঙ্গুর-মধ্যমাং ॥ ৮ ॥

মণি-সারসনাধার-বিস্ফার-শ্রোণি-রোধসং।
হেমরম্ভা-মদারম্ভ-স্তম্ভনোরু-যুগাকৃতিং ॥ ৯ ॥

জানু-দ্যুতি-জিত-ক্ষুল্ল-পীতরত্ন-সমুদ্গকাং।
শরন্নীরজ-নীরাজ্য-মঞ্জীর-বিরণৎ-পদাং ॥ ১০ ॥

রাকেন্দু-কোটি-সৌন্দর্য্য-জৈত্র-পাদনখ-দ্যুতিং।
অষ্টাভিঃ সাত্ত্বিকৈর্ভাবৈরাকুলীকৃত-বিগ্রহাং ॥ ১১ ॥

মুকুন্দাঙ্গ-কৃতাপাঙ্গামনঙ্গোর্ম্মি-তরঙ্গিতাং।
ত্বামারব্ধ-প্রিয়ানন্দাং বন্দে বৃন্দাবনেশ্বরি ! ॥ ১২ ॥

অয়ি প্রোদ্যন্মহাভাব-মাধুরী-বিহ্বলান্তরে !।
অশেষ-নায়িকাবস্থা-প্রাকট্যাদ্ভুত-চেষ্টিতে ! ॥ ১৩ ॥

সর্ব্বমাধুর্য্য-বিচ্ছোলী-নির্ম্মঞ্ছিত-পদাম্বুজে !।
ইন্দিরা-মৃগ্য-সৌন্দর্য্য-স্ফুরদঙ্ঘ্রি-নখাঞ্চলে ! ॥ ১৪ ॥

গোকুলেন্দুমুখী-বৃন্দ-সীমন্তোত্তংস-মঞ্জীর !।
ললিতাদি-সখীযূথ-জীবাতু-স্মিত-কোরকে ! ॥ ১৫ ॥

চটুলাপাঙ্গ-মাধুর্য্য-বিন্দূন্মাদিত-মাধবে !।
তাতপাদ-যশঃস্তোম-কৈরবানন্দ-চন্দ্রিকে ! ॥ ১৬ ॥

অপার-করুণাপূর-পূরিতান্তর্মনোহ্রদে !।
প্রসীদাস্মিন্ জনে দেবি ! নিজদাস্য-স্পৃহাজুষি ।। ১৭ ।।

কচ্চিৎ ত্বং চাটু-পটুনা তেন গোষ্ঠেন্দ্র-সূনুনা।
প্রার্থ্যমান-চলাপাঙ্গ-প্রসাদা দ্রক্ষ্যসে ময়া ।। ১৮ ।।

ত্বাং সাধু মাধবী-পুষ্পৈর্মাধবেন কলাবিদা।
প্রসাধ্যমানাং স্বিদ্যন্তীং বীজয়িষ্যাম্যহং কদা ।। ১৯ ।।

কেলি-বিস্রংসিনো বক্র-কেশবৃন্দস্য সুন্দরি !।
সংস্কারায় কদা দেবি ! জনমেতং নিদেক্ষ্যসি ।। ২০ ।।

কদা বিম্বোষ্ঠি ! তাম্বূলং ময়া তব মুখাম্বুজে।
অর্প্যমাণং ব্রজাধীশ-সূনুরাচ্ছিদ্য ভোক্ষ্যতে ।। ২১ ।।

ব্রজরাজ-কুমার-বল্লভাকুল-সীমন্তমণি ! প্রসীদ মে।
পরিবারগণস্য তে যথা পদবী মে ন দবীয়সী ভবেৎ ।। ২২ ।।

করুণাং মুহুরর্থয়ে পরং তব বৃন্দাবন-চক্রবর্ত্তিনি !।
অপি কেশি-রিপোর্যয়া ভবেৎ সচটুপ্রার্থন-ভাজনং জনঃ ।। ২৩ ।।

ইমং বৃন্দাবনেশ্বর্য্যা জনো যঃ পঠতি স্তবং।
চাটু-পুষ্পাঞ্জলিং নাম স স্যাদস্যাঃ কৃপাস্পদং ।। ২৪ ।।

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতঃ শ্রীশ্রীচাটু-পুষ্পাঞ্জলিঃ সমাপ্তঃ।

# শ্রীশ্রীভাবা-চাটুপুষ্পাঞ্জলি।

নব-গোরোচনা-দ্যুতি শ্রীঅঙ্গ শোভয়ে অতি
নীল পট্ট-শাড়ী শোভে তায়।
ভুজঙ্গিনী জিনি বেণী ফণি-বিরাজিত মণি
রত্ন-গুচ্ছ অতি শোভে তায় ॥ ১ ॥

জিনি উপমার গণ তুলনা নাহিক সম
শোভে যার ও মুখ-মণ্ডল।
চৌরস কপাল-ছান্দ নিন্দিয়া নবীন চান্দ
কস্তুরী-তিলক ঝলমল ॥ ২ ॥

কন্দর্প-কোদণ্ড জিনি ভুরুযুগ-সুবলনি
অলকা তিলক তছু'পরি।
উজ্জ্বল কজ্জল জিনি নেত্র-শোভা চকোরিণী
কটাক্ষ-সন্ধান মনোহারী ॥ ৩ ॥

নাসা তিলফুল-আভা গজমুক্তা করে শোভা
বেসর সহিতে মনোহর।
জিনিয়া বান্ধুলি-ফুল অধরের দুটি কূল
যার শোভা কাম-অগোচর ॥

কুন্দপুষ্প-সম পাঁতি জিনিয়া দন্তের দ্যুতি
মুকুতা হইতে সুশোভিত।
তাহে রক্ত-রেখাগণ চিত্র শোভা মনোরম
যাতে কৃষ্ণের উনমত চিত ॥ ৪ ॥

কর্ণে স্বর্ণ-ঢেঁড়ি সাজে নানা রত্ন তার মাঝে
অবতংস তাহার উপর।
চিবুকে কস্তুরী-বিন্দু মুখে যার শোভে ইন্দু
যার শোভা কাম-অগোচর ॥ ৫ ॥

পদ্মের মৃণাল জিনি বাহুযুগ-সুবলনি
অঙ্গদ কঙ্কণ শোভে তায়।
নীলমণি-চুড়ী হাতে নানা রত্ন সাজে তাতে
কৃষ্ণ-মনহংস বন্ধ তায় ॥ ৬ ॥

করাম্বুজে বরাঙ্গুলী তাহে নানা রত্নাঙ্গুরী
উল্লসিত করে যার শোভা।
মনোহর হার গলে তাহে নানা রত্ন মিলে
পয়োধর বেঢ়ি যার শোভা ॥ ৭ ॥

নাভি হৈতে রোমাবলি ঊর্দ্ধে যার শোভে ভালি
শিরে মণি যেন ভুজঙ্গিনী।
মধ্যদেশ ক্ষীণ অতি ত্রিবলি-বন্ধন তথি
ভাঙ্গে পাছে এই ভয় মানি ॥ ৮ ॥

বিস্তার নিতম্ব মাঝে ক্ষুদ্র ঘণ্টী তাহে বাজে
মণিতে খচিত মনোহর।
স্বর্ণ-কদলিকা জিনি ঊরুযুগ-সুবলনি
যার শোভা কাম-অগোচর ॥ ৯ ॥

পীতবর্ণ-রত্ন-ঘটা জিনিয়া জানুর ছটা
যেই হরে তার গর্ব্ব মান।

শরতের পদ্ম জিনি শ্রীচরণ দুইখানি
নূপুরের ধ্বনি যার গান ॥ ১০ ॥

কোটী পূর্ণিমার চান্দ জিনিয়া নখের ছান্দ
ঝলমল কিরণ যাহার।
সাত্ত্বিকাদি ভাবগণ আকুল তাহার মন
তাতে হয় বিগ্রহ যাহার ॥ ১১ ॥

যার কটাক্ষ-কামশরে কৃষ্ণে উন্মাদিত করে
মনাব্ধির তরঙ্গ বাড়ায়।
হেন বৃন্দাবনেশ্বরী তারে বন্দোঁ কর যুড়ি
কৃষ্ণ-প্রিয়াগণানন্দ তায় ॥ ১২ ॥

মহাভাব-মাধুরী যাঁহাতে উদয় করি
বিহ্বল করয়ে অতিশয়।
অশেষ নায়িকার গুণ তাঁতে হয় প্রকটন
অপরূপ চরিত্র আশয় ॥ ১৩ ॥

সকল মাধুরী যার পদাম্বুজে পরচার
নিছনি লইল সবিশেষে।
নারায়ণের প্রিয়তমা সৌন্দর্য্য-মাধুর্য্য-সীমা
স্ফুরে যার পদনখ-পাশে ॥ ১৪ ॥

গোকুল-নগরে কত ইন্দুমুখী শত শত
সীমন্ত-মঞ্জরী করি মানে।
ললিতাদি সখীগণ সাক্ষাত যার জীবন
মানে যারে পরাণের পরাণে ॥ ১৫ ॥

চঞ্চল-কটাক্ষ-শরে কৃষ্ণে উন্মাদিত করে
যাহার মাধুর্য্য এক বিন্দু।
পিতা মাতা গুরুজন যার যশে সুপ্রসন্ন
কুমুদ সহিতে যৈছে ইন্দু ॥ ১৬ ॥

অপার সাগর করুণার পূরে
পূরিত অন্তর যার।
হে দেবি রাধিকে এই যে দাসীকে
করি লেহ আপনার ॥ ১৭ ॥

নন্দের নন্দনে বিনয়-বচনে
কত না সাধিবে তোরে।
তুঁহু সে মানিনী প্রিয়-বাণী শুনি
প্রসন্ন হইবি তোরে ॥

এ সব তোমার প্রেমের পসার
তাহে নানা উপচার।
হেন দিন হব সে সঙ্গে রহিব
সে লীলা হেরিব আর ॥ ১৮ ॥

মাধবীর ফুলে করি পুটাঞ্জলে
তোমারে সাধিব কান।
কাম-কলানিধি রসের অবধি
বিধি কৈল নিরমাণ ॥

তুঁহু কমলিনী তাহে স্বেদ জানি
চামর করিব তোরে।

হেন কবে আর হইবে আমার
এ কৃপা করিবে মোরে ॥ ১৯ ॥

নানা লীলা-ভরে রসের আবেশে
কেশ-বেশ হবে দূরে ।
কবে হেন হব সে বেশ করিব
এ কৃপা করিবে মোরে ॥ ২০ ॥

তব মুখাম্বুজে তাম্বূলে এই যে
কবে বা যোগাব আমি ।
নন্দ-সুত তাহা কাড়িয়া খাইব
এমন করিবে তুমি ॥ ২১ ॥

নন্দের নন্দন তাঁর প্রিয়-জন
সীমন্তে যে মণি ধরে ।
এমন যে তুমি কি বলিব আমি
প্রসন্ন হইবে মোরে ॥

পরিবারগণ আছে যত জন
তোমার প্রেমের দাসী ।
তা সবা মাঝারে দাসী-পদ মোরে
দেহ তব ভালবাসি ॥ ২২ ॥

বারে বারে বলি তুয়া পদ ধরি
বৃন্দাবন-বিহারিণি ! ।
যদি কৃপা কর এ দাসী উপর
রাখ মোর এই বাণী ॥

কেশিরিপু-জন প্রার্থনা-ভাজন
তুয়া প্রেম-পরসাদে।
যদি কৃপা কর এ দাসী উপর
নিবেদিয়ে দেবি রাধে! ।। ২৩ ।।

চাটু-পুষ্পাঞ্জলি এই স্তবাবলী
যে জন করয়ে গান।
বৃন্দাবনেশ্বরী তারে কৃপা করি
দাসী-পদ দেন দান ।। ২৪ ।।

শ্রীমদ্রূপ-ইত গোস্বামি-বিরচিত
শ্রীমুখ-গলিত ধার।
রাধাঙ্গ-বর্ণন করিল রচন
অর্থ করি পরচার ।।

ইতি শ্রীল যদুনন্দন-ঠাকুর-বিরচিত শ্রীশ্রীভাষা চাটুপুষ্পাঞ্জলি সমাপ্ত।

---

## শ্রীশ্রীরাধিকায়া আনন্দচন্দ্রিকাখ্য-দশনাম-স্তোত্রং।

রাধা দামোদর-প্রেষ্ঠা রাধিকা বার্ষভানবী।
সমস্ত-বল্লবী-বৃন্দ-ধম্মিলোত্তংস-মল্লিকা ।। ১ ।।

কৃষ্ণ-প্রিয়াবলী-মুখ্যা গান্ধর্ব্বা ললিতা-সখী।
বিশাখা-সখ্য-সুখিনী হরি-হৃদ্ভৃঙ্গ-মঞ্জরী ।। ২ ।।

ইমাং বৃন্দাবনেশ্বর্য্যা দশনাম-মনোরমাং।
আনন্দচন্দ্রিকাং নাম যো রহস্যাং স্তুতিং পঠেৎ ।। ৩ ।।

স ক্লেশ-রহিতো ভূত্বা ভূরি-সৌভাগ্য-ভূষিতঃ।
ত্বরিতং করুণা-পাত্রং রাধা মাধবয়োর্ভবেৎ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং আনন্দচন্দ্রিকাখ্যং
শ্রীশ্রীরাধিকা-দশনাম-স্তোত্রং সমাপ্তং।

---

## শ্রীশ্রীরাধিকায়াঃ প্রেমপূরাভিধ-স্তোত্রং।

মধু-মধুর-নিশায়াং জ্যোতিরুদ্ভাসিতায়াং
সিত-কুসুম-সুবাসাঃ কৢপ্ত-কর্পূরভূষা।
সুবল-সখমুপেতা দূতিকা-ন্যস্ত-হস্তা
ক্ষণমপি মম রাধে! নেত্রমানন্দয় ত্বং॥ ১॥

স্মর-গৃহমবিশন্তী বাম্যতো ধাম গন্তুং
শরণিমনুসরন্তী তেন সংরুধ্য তূর্ণং।
বল-সবলিত-কাক্কা লম্ভিতান্তঃস্মিতাক্ষী
ক্ষণমপি মম রাধে! নেত্রমানন্দয় ত্বং॥ ২॥

মন্দির-রুচির-বক্ষস্যুন্নতে মাধবস্য
স্থিরচর-বর-বিদ্যুদ্বল্লিবন্মল্লি-তল্পে।
ললিত-কনক-যূথী-মালিকাবচ্চ ভান্তী
ক্ষণমপি মম রাধে! নেত্রমানন্দয় ত্বং॥ ৩॥

স্মর-বিলসিত-তল্পে জল্পলীলামনল্পাং
ক্রমকৃতি-পরিহীনাং বিভ্রতি তেন সার্দ্ধং।

মিথ ইব পরিরম্ভারম্ভ-বৃত্ত্যেক-বর্ম্মা
ক্ষণমপি মম রাধে ! নেত্রমানন্দয় ত্বং ॥ ৪ ॥

প্রমদ-মদন-যুদ্ধ-শ্রান্তিতঃ কান্ত-কৃষ্ণ-
প্রচুর-সুখদ-বক্ষঃ-স্ফার-তল্পে স্বপন্তী।
রস-মুদিত-বিশাখা-জীবিতাদ্ধা-সমৃদ্ধা
ক্ষণমপি মম রাধে ! নেত্রমানন্দয় ত্বং ॥ ৫ ॥

অপি বত সুরতান্তে প্রৌঢ়ি-সৌভাগ্য-দৃপ্যৎ-
প্রণয়-ধৃত-সুসখ্যোন্মাদ-মত্তোরু-গর্ব্বৈঃ।
দর-গদিত-মুকুন্দাকল্পিতাকল্প-তল্পা
ক্ষণমপি মম রাধে ! নেত্রমানন্দয় ত্বং ॥ ৬ ॥

স্মর-দয়িত-নিকুঞ্জ-প্রাঙ্গণে ব্যবহাস্যাং
ব্রজ-নব-যুবরাজং বক্রিমাড়ম্বরেণ।
সদসি পরিভবন্তী সংস্তুতালী-কুলেন
ক্ষণমপি মম রাধে ! নেত্রমানন্দয় ত্বং ॥ ৭ ॥

ক্বচন চ দর-দোষাদ্দৈবতঃ কৃষ্ণ-জাতাৎ
সপদি বিহিত-মানা মৌনিনী তত্র তেন।
প্রকটিত-পটু-চাটু-প্রার্থ্যমান-প্রসাদা
ক্ষণমপি মম রাধে ! নেত্রমানন্দয় ত্বং ॥ ৮ ॥

পিতুরিহ বৃষভানোর্ভাগ্য-ভঙ্গী বকারেঃ
প্রণয়-বিপিন-ভৃঙ্গী সঙ্গিনী তস্য দেবি !।
নিজগণ-কুমুদালেঃ কৌমুদী হা কৃপাব্ধে !
ক্ষণমপি মম রাধে ! নেত্রমানন্দয় ত্বং ॥ ৯ ॥

নিরবধি-গুণসিন্ধো ! ভদ্রসেনাদি-বন্ধো !
নিরুপম-গুণবৃন্দ-প্রেয়সীবৃন্দ-মৌলে ! ।
অতি-কদন-সমুদ্রে মজ্জতো হা কৃপাদ্রে !
ক্ষণমপি মম রাধে ! নেত্রমানন্দয় ত্বং ॥ ১০ ॥

নটয়তি রুচি-নান্দীমুন্নয়ন্ সূত্রধার-
প্রবর ইব রসজ্ঞা-নর্ত্তকীং রঙ্গরূপে ।
রসবতি দশকেঽস্মিন্ প্রেমপূরাভিধে যঃ
স সপদি লভতে তদ্দ্বন্দ্বরত্ন-প্রসাদং ॥ ১১ ।

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীরাধিকায়াঃ প্রেমপূরাভিধ-স্তোত্রং সম্পূর্ণং ।

---

## শ্রীশ্রীপ্রেমপূরাভিধ-স্তোত্রের অনুবাদ।

হে রাধে ! বসন্তকালীন জ্যোৎস্না-বিকশিত মধুর রজনীতে শুভ্র-কুসুম-সদৃশ ধবল বসন ও কর্পূর-সদৃশ ধবল ভুষণ-সমূহ পরিধান করতঃ, সুবল-সখার অনুগামিনী হইয়া বৃন্দা-দূতীর স্কন্ধে হস্তারোপণ পূর্ব্বক, যখন তুমি অভিসার করিবে, তখন ক্ষণমাত্রও দর্শন দিয়া আমার নয়ন-যুগলের আনন্দ বিধান করিও ॥ ১ ॥

হে রাধে ! তুমি বাম্যভাব বশতঃ কন্দর্প-কেলিকুঞ্জে প্রবেশ না করিয়া, নিজ-গৃহে গমন করিবার পথে যাইতে থাকিলে, শ্রীকৃষ্ণ বল পূর্ব্বক অবিলম্বে তোমার গতি-রোধ করিয়া, তোমাকে বিবিধ দৈন্য-বচনে সন্তুষ্ট করতঃ, যখন বিলাস-কুঞ্জে পুনরায় তোমাকে আনয়ন করিবেন, তখন তোমার বদন-কমলে

ঈষৎ হাস্যের উদয় হইবে ; হে সুন্দরি ! তুমি তদবস্থায় ক্ষণকালের জন্যও দর্শন দিয়া আমার নেত্রদ্বয়কে আনন্দিত করিও ।। ২ ।।

হে রাধে ! যখন তুমি মল্লিকাকুসুম-নির্ম্মিত শয্যায় শ্রীকৃষ্ণের নব-জলধর-সদৃশ মনোহর উন্নত বক্ষঃস্থলে স্থির বিদ্যুল্লতা ও মনোহর সুবর্ণ-যূথিকা-মালার ন্যায় শোভা পাইতে থাকিবে, তাদৃশাবস্থায় ক্ষণকালের নিমিত্তও দর্শন দিয়া আমার নেত্র-যুগলকে হর্ষান্বিত করিও ।। ৩ ।।

হে রাধে ! কন্দর্প-বিহারোচিত শয্যায় প্রাণবল্লভের সহিত যদৃচ্ছা হাস্য পরিহাস করিতে করিতে নিরতিশয় সুখানুভব পূর্ব্বক যখন তোমরা পরস্পরকে আলিঙ্গন করিতে প্রবৃত্ত হইবে, তাদৃশাবস্থায় ক্ষণকালের জন্যও দর্শন দিয়া আমার নয়ন-দ্বয়কে পুলকিত করিও ।। ৪ ।।

হে রাধে ! সাতিশয় উন্মত্ততা সহকারে কন্দর্প-যুদ্ধ করিতে করিতে ক্লান্ত হইয়া তুমি প্রাণবল্লভের প্রচুর-সুখদায়ক বিশাল বক্ষঃস্থল-রূপ বিস্তীর্ণ শয্যায় শয়ন পূর্ব্বক তাঁহার সহিত মধুর রসালাপ করিতে থাকিলে, তচ্ছ্রবণে যে বিশাখা সখী বিপুল হর্ষান্বিতা হন, সেই বিশাখার জীবন-ধন তুমি ক্ষণকালের জন্যও দর্শন দিয়া আমার নেত্র-দ্বয়কে পরিতৃপ্ত করিও ।। ৫ ।।

হে রাধে ! সুরতাবসানে তুমি সুসৌভাগ্যোদ্দীপ্ত-প্রণয়-শালিনী ললিতা-দেবীর প্ররোচনায় অতীব গর্ব্বে বিচিত্ররূপে গর্ব্বান্বিত হইয়া ও তদ্দ্বারা সামান্য-রূপে উপদিষ্ট হইয়া শ্রীকৃষ্ণ কর্ত্তৃক স্বীয় বেশ ও শয্যা বিরচিত করাইয়া লইবে ; তাদৃশাবস্থায় ক্ষণকালের নিমিত্তও দর্শন দিয়া আমার নয়ন-যুগলের আনন্দ বিধান করিও ।। ৬ ।।

হে রাধে ! কন্দর্পের প্রিয়তম নিকুঞ্জগৃহ-প্রাঙ্গণে বিশিষ্ট-পরিহাসযুক্ত সভামধ্যে তুমি বিবিধ বক্রোক্তি দ্বারা ব্রজ-নব-যুবরাজ শ্রীকৃষ্ণকে পরাজিত করিলে, সখীগণ সম্যক্‌রূপে তোমার স্তব করিতে থাকিবেন ; তাদৃশাবস্থায় ক্ষণকালের জন্যও দর্শন দিয়া আমার নেত্র-দ্বয়ের তৃপ্তি সাধন করিও ।। ৭ ।।

হে রাধে! কোনও সময়ে দৈবাৎ শ্রীকৃষ্ণের অত্যল্প অপরাধ বশতঃ তুমি মান-ভরে মৌনাবলম্বন করিয়া থাকিলে, তিনি তোমাকে প্রসন্ন করিবার জন্য বিবিধ চাটুবাক্যে প্রার্থনা করিতে থাকিবেন; তাদৃশাবস্থায় তুমি ক্ষণকালের জন্যও দর্শন দিয়া আমার লোচন-দ্বয়কে আনন্দিত করিও ॥ ৮ ॥

হে কৃপাময়ি! হে রাধে! তুমি এই ব্রজপুরে স্বীয় পিতা বৃষভানু-রাজার ভাগ্যের চমৎকার মূর্ত্তি-স্বরূপা অর্থাৎ বৃষভানু-রাজার কি পরম সৌভাগ্য যে তিনি তোমাকে কন্যা-রূপে প্রাপ্ত হইয়াছেন এবং তুমি বক-রিপু শ্রীকৃষ্ণের প্রণয়-কাননের ভৃঙ্গী-স্বরূপা অর্থাৎ তুমি সততই শ্রীকৃষ্ণ-প্রেমামৃত-সমুদ্রে নিমগ্না। হে লীলাময়ি দেবি! তুমি সর্ব্বদাই শ্রীকৃষ্ণ-সঙ্গিনী এবং তুমি স্বীয় সখীরূপ কুমুদ-পুষ্প-সমূহের কৌমুদী-স্বরূপা অর্থাৎ সখীগণের প্রাণ-তুল্যা; অতএব তুমি ক্ষণকালের জন্যও দর্শন দিয়া আমার নেত্রদ্বয়ের আনন্দ বিধান কর ॥ ৯ ॥

হে রাধে! হে অশেষ-গুণ-জলধে! তুমি শ্রীকৃষ্ণের আদি-বন্ধু এবং তুমি নিরুপম-গুণশালিনী সখীবৃন্দের মুকুটমণিস্বরূপা। হে দয়াময়ি! আমি অতীব দুঃখ-সাগরে নিমগ্ন হইয়াছি; অতএব তুমি ক্ষণকালের জন্যও দর্শন দিয়া আমার নেত্র-দ্বয়কে আনন্দিত কর ॥ ১০ ॥

যে ব্যক্তি এই রসপূর্ণ "প্রেমপূরাভিধ" দশক-রূপ রঙ্গালয়ে রুচি-রূপ মঙ্গলাচরণ পূর্ব্বক প্রধান সূত্রধারের (নটের) ন্যায় জিহ্বা-রূপ নটিনীকে নৃত্য করান অর্থাৎ যিনি প্রীতি সহকারে এই "প্রেমপূরাভিধ-স্তোত্র" পাঠ করেন, তিনি অচিরে শ্রীরাধা-গোবিন্দ-যুগলরত্নের প্রসাদ লাভ করিয়া থাকেন ॥ ১১ ॥

ইতি শ্রীশ্রীপ্রেমপূরাভিধ-স্তোত্রের অনুবাদ সমাপ্ত।

# শ্রীশ্রীরাধিকায়াঃ
# প্রেমাম্ভোজ-মরন্দাখ্য-স্তবরাজঃ ।

শ্রীশ্রীরাধিকায়ৈ নমঃ ।

মহাভাবোজ্জ্বলচ্চিন্তা-রত্নোদ্ভাবিত-বিগ্রহাং ।
সখী-প্রণয়-সদ্গন্ধ-বরোদ্বর্ত্তন-সুপ্রভাং ॥ ১ ॥

কারুণ্যামৃত-বীচিভিস্তারুণ্যামৃত-ধারয়া ।
লাবণ্যামৃত-বন্যাভিঃ স্নপিতাং গ্লপিতেন্দিরাং ॥ ২ ॥

হ্রী-পট্টবস্ত্র-গুপ্তাঙ্গীং সৌন্দর্য্য-ঘুসৃণাঞ্চিতাং ।
শ্যামলোজ্জ্বল-কস্তূরী-বিচিত্রিত-কলেবরাং ॥ ৩ ॥

কম্পাশ্রু-পুলক-স্তম্ভ-স্বেদ-গদ্গদ-রক্ততা ।
উন্মাদো জাড্যমিত্যেতৈ রত্নৈর্নবভিরুত্তমৈঃ ॥ ৪ ॥

কৢপ্তালঙ্কৃতি-সংশ্লিষ্টাং গুণালী-পুষ্পমালিনীং ।
ধীরাধীরাত্ব-সদ্বাস-পটবাসৈঃ পরিষ্কৃতাং ॥ ৫ ॥

প্রচ্ছন্ন-মান-ধম্মিল্লাং সৌভাগ্য-তিলকোজ্জ্বলাং ।
কৃষ্ণ-নাম-যশঃ শ্রাব-বতংসোল্লাসি-কর্ণিকাং ॥ ৬ ॥

রাগ-তাম্বূল-রক্তোষ্ঠীং প্রেম-কৌটিল্য-কজ্জলাং ।
নর্ম্ম-ভাষিত-নিঃস্যন্দ-স্মিত-কর্পূর-বাসিতাং ॥ ৭ ॥

সৌরভান্তঃপুরে গর্ব্ব-পর্য্যঙ্কোপরি লীলয়া ।
নিবিষ্টাং-প্রেমবৈচিত্ত্য-বিচলত্তরলাঞ্চিতাং ॥ ৮ ॥

প্রণয়-ক্রোধ-সচ্চোলী বন্ধ-গুপ্তীকৃত-স্তনাং ।
সপত্নী-বক্ত্র-হৃচ্ছোষি-যশঃ-শ্রীকচ্ছপী-রবাং ॥ ৯ ॥

মধ্যতাত্মসখী-স্কন্ধ-লীলা-ন্যস্ত-করাম্বুজাং।
শ্যামাং শ্যাম-স্মরামোদ-মধুলী-পরিবেষিকাং ॥ ১০ ॥

ত্বাং নত্বা যাচতে ধৃত্বা তৃণং দন্তৈরয়ং জনঃ।
স্বদাস্যামৃত-সেকেন জীবয়ামুং সুদুঃখিতং ॥ ১১ ॥

ন মুঞ্চেচ্ছরণায়াতমপি দুষ্টং দয়াময়ঃ।
অতো গান্ধর্ব্বিকে! হাহা মুঞ্চৈনং নৈব তাদৃশং ॥ ১২ ॥

প্রেমাম্ভোজ-মরন্দাখ্যং স্তবরাজমিমং জনঃ।
শ্রীরাধিকা-কৃপা-হেতুং পঠংস্তদ্দাস্যমাপ্নুয়াৎ ॥ ১৩ ॥

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামী-বিরচিতঃ
শ্রীশ্রীরাধিকায়াঃ প্রেমাম্ভোজ-মরন্দাখ্য-স্তবরাজঃ সমাপ্তঃ।

---

## শ্রীশ্রীনিকুঞ্জরহস্য-স্তবঃ।

শ্রীশ্রীরাধিকা-কৃষ্ণচন্দ্রাভ্যাং নমঃ।

নব-ললিত-বয়স্কৌ নব-লাবণ্য-পুঞ্জৌ
নবরস-চলচিত্তৌ নূতন-প্রেম-বিত্তৌ।
নব-নিধুবন-লীলা-কৌতুকেনাতি-লোলৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১ ॥

দ্রুত-কনক-সুগৌর-স্নিগ্ধ-মেঘৌঘ-নীল-
চ্ছবিভিরখিল-বৃন্দারণ্যমুদ্ভাসয়ন্তৌ।
মৃদুল-নব-দুকূলে নীল-পীতে দধানৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ২ ॥

প্রথম-মিলন-ভীতোদ্ভাসিতাশ্বাস-বাচৌ
প্রিয়তম-ভুজরোধ-ব্যগ্রহস্তৌ রতোৎকৌ
অলমলমিতি লীলা-গদ্গদোক্ত্যুন্মদান্ধৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৩ ॥

প্রিয়-রতি-সমনুজ্ঞা-মার্গণানম্র-বক্ত্রা-
ন্নমিত-চিবুক-দৃষ্ট্যাস্মের-কান্তাননাব্জৌ।
কিমিহ কুরুষ ইত্যাস্বাদ্য-বাক্কিঙ্কণোক্তী
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৪ ॥

প্রতিপদ-প্রতিকূলানুগ্রহ-ব্যগ্রমূর্ত্তী
বহু-বিরচিত-নানা-চাটুকার-প্রকারৌ।
নব-সুরত বিলাসৌৎসুক্য-গূঢ়-প্রকাশৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৫ ॥

সুরত-কলহ-সৌখ্যৈঃ কাকুবাদ-প্রণামা-
ধিক-বিরচিত-মান্যৌ দুর্গম-প্রেমভঙ্গৌ।
স্মিত-মধুর-মৃদূপালম্ভ-হৃন্নীত-কান্তৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৬ ॥

নব-কিশলয়-তল্পে কল্পয়ন্তৌ বিচিত্রাং
সুরত-সমর-লীলামুন্মদানঙ্গ-রঙ্গৌ।
ললিত-বলয়-কাঞ্চী-নূপুর-ধ্বান-রম্যৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৭ ॥

প্রিয়-কর-পরিমর্দ্দোজ্জৃম্ভমানোরু-বক্ষো-
রুহ-মনসিজ-কণ্ডূদ্দণ্ড-কন্দর্প-লোলৌ।

নমিত-দয়িত-পাণি-স্পৃষ্ট-নীবী-নিবন্ধৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৮ ॥

প্রিয়তম-কৃত-গাঢ়াশ্লেষ-খর্বায়িতোরু-
স্তন-মুকুল-মনোজ্ঞা বল্লভৈকাত্মতেচ্ছুঃ।
কিমপি রচিত-শুষ্কক্রন্দিতোদার-হাসৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ৯ ॥

সতত-সুরত-তৃষ্ণা-ব্যাকুলাবুম্মদিষ্ণু
বিপুল-পুলক রাজদ্গৌর-নীলোজ্জ্বলাঙ্গৌ।
মিথ উরু-পরিরম্ভাদেক-দেহায়মানৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১০ ॥

সততমপরিমাণোজ্জৃম্ভমানানুরাগৌ
মদরস-ভরসিন্ধু-লোল-দোলায়িতাঙ্গৌ।
দলিত-সকল-সেতু ধন্য-গোপ্যেক-রম্যৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১১ ॥

বিলুলিত-বর-বেণী-হার-মালাবতংসৌ
মৃদুল-মধুর-হাসোল্লাসি-বক্ত্রেন্দুবিম্বৌ।
অতিরস-মদ-লোলৌ চিত্র-কন্দর্পকেলী
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১২ ॥

সুরত-রস-মদাব্ধৌ সন্ততং সন্তরন্তৌ
ত্রুটিত-বলয়-কাঞ্চী-দাম-হারাবলিকৌ।
মণি-কনক-বিভূষোৎসার-ভাস্বৎ-পরাঙ্গৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১৩ ॥

স্তবকিত--মণিদাম্না প্রেয়সা গুম্ফিতাত্য-
দ্ভুত-সুললিত-বেণী-প্রেয়সী কৢপ্ত-চূড়ৌ।
মিথ উদয়দখণ্ডপ্রেম-রজ্জু-বিবদ্ধৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১৪ ॥

জঘন-লুলিত-বেণী-বিস্ফুরৎ-বর্হচূড়ৌ
কনক-রুচির-চূড়া-কঙ্কণ-দ্বন্দ্বপাণী।
বিলসদরুণ-রোচিঃ-পীত-কৌষেয়-বাসৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১৫ ॥

কনক-জলদ-গাত্রৌ নীল-শোণাব্জ-নেত্রৌ
মৃগমদ-রস-ভালৌ মালতী-কুন্দ-মালৌ।
তরল-তরণ-বেশৌ নীল-পীতাম্বরেশৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১৬ ॥

ললিত-নব-কিশোরৌ নব্য-লাবণ্য-পুঞ্জৌ
সকল-রসিক-চূড়ালঙ্কৃতী মুগ্ধ-বেশৌ।
মধুর-মধুর-মূর্ত্তী বিদ্যুদম্ভোদ-কান্তী
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১৭ ॥

কিমপি পরম-শোভা-মাধুরীরূপ-চেষ্টা-
হসিত-ললিত দৃষ্ট্যাত্যদ্ভুতোৎকর্ষ-কাষ্ঠাং।
পরম-রস-রহস্যাবেশতঃ সন্দধানৌ
স্মর-নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১৮ ॥

নিখিল-নিগম-গূঢ়ৌ নিত্যমন্যোন্য-গাঢ়-
প্রণয়-ভর-বিবৃদ্ধৌ তুঙ্গিতানঙ্গ-চেষ্টৌ।

স্মরত-রস-মদান্ধৌ ন্যস্ত-জীবৌ মিথোঽঙ্গে
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ১৯ ॥

রমণ-বদন-চন্দ্রে দত্ত-তাম্বূল-বীটী
নিজ-রসনিধি-বক্ত্রে দত্ত-তচ্চর্ব্ব্য-ভাগৌ।
মিথ উরু-রসাদঙ্গ-স্পর্শ-লোলুভ্যমানৌ
স্মর-নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ২০ ॥

অতি-রসমদ-বেগান্নিস্ত্রপাধৈর্য্য-দৃষ্টী
ক্রম-সমুদিত-তত্তৎ-সৌরতাশ্চর্য্যনীতী।
বহিরতিরস-লীলানুব্রতাক্ষাম-বর্ণৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ২১ ॥

রজত-ভবন-রন্ধ্রায়াত-সম্মন্দ-শীতা-
নিল-বিদলিত-তুঙ্গানঙ্গ-সংগ্রাম-খেদৌ।
ক্ষণ-সহচর-রম্যারব্ধ-ভূয়ো-বিহারৌ
স্মর নিভৃত-নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণচন্দ্রৌ ॥ ২২ ॥

তদতিললিত-লীলা-লোল-লোলাঙ্গ-লক্ষ্যৌ
সুললিত-ললিতাদের্নির্ণিমেষাক্ষি-রন্ধ্রৈঃ।
হৃদয়মুপনয়ন্তৌ পূর্ণসৌখ্যাম্বুরাশী
শ্রীরাধাকৃষ্ণয়োর্দাস্যং দেহি মালে ! তু প্রার্থয়ে ॥
নাম চিন্তামণি-রূপং নামৈব পরমা গতিঃ।
নাম্নঃ পরতরং নাস্তি তস্মান্নাম উপাস্মহে ॥

---

## শ্রীনামজপ-সমর্পণমন্ত্রঃ।

নামযজ্ঞো মহাযজ্ঞঃ কলৌ কল্মষ-নাশনঃ।
কৃষ্ণচৈতন্য-প্রীত্যর্থে নামযজ্ঞ-সমর্পণং ॥

---

## জপান্তে শ্রীনামমালা-স্থাপনমন্ত্রঃ।

পতিতপাবনং নাম নিস্তারয় নরাধমং।
রাধাকৃষ্ণ-স্বরূপায় চৈতন্যায় নমো নমঃ ॥
ত্বং মালে ! সর্ব্বদেবানাং সর্ব্বসিদ্ধি-প্রদা মতা।
তেন সত্যেন মে সিদ্ধিং দেহি মাতর্নমোঽস্তু তে ॥

---

## আত্মসমর্পণ-মন্ত্রঃ।

অহং ভগবতোঽংশোঽস্মি সদা দাসোঽস্মি সর্ব্বথা।
তৎকৃপাপেক্ষকো নিত্যমিত্যাত্মানং সমর্পয়েৎ ॥ ১ ॥

---

তবাস্মি রাধিকানাথ! কর্ম্মণা মনসা গিরা।
কৃষ্ণকান্তে! তবৈবাস্মি যুবামেব গতির্ম্মম ॥
যোঽহং মমাস্তি যৎকিঞ্চিৎ ইহলোকে পরত্র চ।
তৎসর্ব্বং ভবতোরদ্য চরণেষু সমর্পিতং ॥ ২ ॥

---

## শ্রীশ্রীযোগপীঠ।

### সহস্রদল-কমলে অষ্ট-সখীর স্থান-নির্ণয়।

প্রধানাষ্টদলেষ্বেবমষ্টৌ শ্রীললিতাদয়ঃ।
রাধাকৃষ্ণ-সুখামোদাঃ সেবোপায়ন-পাণয়ঃ ॥
সর্ব্বদা যত্নতো ধ্যেয়াস্তত্রাদৌ ললিতোত্তরে।
ঐশান্যে তু বিশাখেন্দ্রে চিত্রেন্দুলেখিকাগ্নেয়ে ॥
যাম্যে চম্পকবল্লী চ নৈর্ঋত্যে রঙ্গদেবিকা।
পশ্চিমে তুঙ্গবিদ্যাঽথ সুদেবী বায়বে তথা ॥

### অষ্ট-সখীর সেবা-নির্ণয়।

তাম্বূলে ললিতাদেবী কর্পূরাদৌ বিশাখিকা।
চামরে চম্পকলতা চিত্রা বসন-সেবনে ॥
রাগে তু রঙ্গদেবী সা সুদেবী জল-সেবনে।
নানাবাদ্যে তুঙ্গবিদ্যা চেন্দুরেখা চ নর্ত্তনে ॥

দর্পণে শশিরেখা চ বিমলা পাদ-সেবনে।
পালী কুসুম-শয্যায়াং বেশে চানঙ্গমঞ্জরী ॥
শ্যামলা চন্দনাদৌ চ গানে মধুমতী তথা।
ধন্যা রত্ন-বিভূষায়াং মঙ্গলা মাল্য-সেবনে।
ইত্যাদ্যাঃ কোটিশো গোপ্যো নানাসেবাং প্রকুর্ব্বতে ॥

অষ্ট-সখীর স্মরণ-প্রণালী।

(১) শ্রীললিতা।

গোরোচনারুচি-মনোহরকান্তি-দেহাং
মায়ূরপুচ্ছ-তুলিতচ্ছবি-চারুচেলাং।
রাধে ! তব প্রিয়সখীঞ্চ গুরুং সখীনাং
তাম্বূল-ভক্তি-ললিতাং ললিতাং নমামি ॥

(২) শ্রীবিশাখা।

সৌদামিনী-নিচয়-চারুরুচি-প্রতীকাং
তারাবলী-ললিতকান্তি-মনোজ্ঞ-চেলাং।
শ্রীরাধিকে ! তব চরিত্র-গুণানুরূপাং
সদগন্ধ-চন্দন-রতাং বশয়ে বিশাখাং ॥

(৩) শ্রীচিত্রা।

কাশ্মীর-কান্তি-কমনীয়-কলেবরাভাং
সুস্নিগ্ধ-কাচ-নিচয়-প্রভ-চারুচেলাং।
শ্রীরাধিকে ! তব মনোরথ-বস্ত্র-দানে
চিত্রাং বিচিত্র-হৃদয়াং সদয়াং প্রপদ্যে ॥

(৪) শ্রীইন্দুরেখা।

নৃত্যোৎসবাং হি হরিতাল-সমুজ্জ্বলাভাং
সন্দাড়িমী-কুসুম-কান্তি-মনোজ্ঞ-চেলাং।
বন্দে মুদা রুচি-বিনির্জ্জিত-চন্দ্ররেখাং
শ্রীরাধিকে! তব সখীমহমিন্দুরেখাং॥

(৫) শ্রীচম্পকলতা।

সদ্রত্ন-চামর-করাং বর-চম্পকাভাং
চাসাখ্য-পক্ষি-রুচিরচ্ছবি-চারু-চেলাং।
সর্ব্বান্ গুণাংস্তুলয়িতুং দধতীং বিশাখাং
রাধেহথ চম্পকলতাং ভবতীং প্রপদ্যে॥

(৬) শ্রীরঙ্গদেবী।

সৎপদ্ম-কেশর-মনোহর-কান্তি-দেহাং
প্রোদ্যজ্জবা-কুসুম-দীধিতি-চারু-চেলাং।
প্রায়েণ চম্পকলতাধিগুণাং সুশীলাং
রাধে! ভজে প্রিয়সখীং তব রঙ্গদেবীং॥

(৭) শ্রীতুঙ্গবিদ্যা।

সচ্চন্দ্র-চন্দন-মনোহর-কুঙ্কুমাভাং
পাণ্ডুচ্ছবি-প্রচুরকান্তি-লসদ্দুকূলাং।
সর্ব্বত্র কোবিদতয়া মহিতাং সমজ্ঞাং
রাধে! ভজে প্রিয়সখীং তব তুঙ্গবিদ্যাং॥

(৮) শ্রীসুদেবী।

প্রোত্তপ্ত-শুদ্ধ-কনকচ্ছবি-চারু-দেহাং
প্রোদ্যৎ-প্রবাল-নিচয়-প্রভ-চারুচেলাং।

সর্ব্বানুজীবন-গুণোজ্জ্বল-ভক্তি-দক্ষাং
শ্রীরাধিকে ! তব সখীং কলয়ে সুদেবীং ॥

---

## মঞ্জরীগণের স্থান-নির্ণয়।

অথাষ্টোপদলেষ্বেবমনঙ্গমঞ্জরী-মুখাঃ।
সযুথা যত্নতো ধ্যেয়াস্তত্রোত্তর-দল-দ্বয়ে ॥
অনঙ্গমঞ্জরী তস্যা বামে মধুমতী মতা।
পূর্ব্বয়োর্বিমলা বামে শ্যামলা দক্ষিণে দ্বয়োঃ।
পালিকা-মঙ্গলে বারুণয়োর্ধন্যা চ তারকা ॥

---

## প্রিয়নর্ম্ম-সখীগণের স্থান-নির্ণয়।

অথ কিঞ্জল্ক-পার্শ্বস্থাঃ সর্ব্বদা সেবনোৎসুকাঃ।
প্রিয়নর্ম্ম-সখীর্ধ্যায়েৎ কৃষ্ণ-দক্ষিণতঃ ক্রমাৎ।
লবঙ্গমঞ্জরীং রূপমঞ্জরীং রসমঞ্জরীং।
গুণরত্যুত্তরে নাম মঞ্জর্য্যৌ ভদ্রমঞ্জরীং ॥
লীলামঞ্জরিকাঞ্চৈব বিলাসমঞ্জরীং তথা।
বিলাসমঞ্জরীঞ্চান্যাং মঞ্জর্য্যৌ কেলি-কুন্দয়োঃ ॥
মদনাশোকমঞ্জর্য্যৌ মঞ্জুলালীং সুধামুখীং।
পদ্মমঞ্জরিকামেতাঃ ষোড়শ প্রবরা মতাঃ ॥
এতাসাং সঙ্গিনী ভূত্বা শ্রীগুর্ব্বাজ্ঞানুসারতঃ।
রাধা-মাধবয়োঃ সেবাং কুর্য্যান্নিত্যং প্রযত্নতঃ ॥

---

### শ্রীঅনঙ্গমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

বসন্তকালোদ্ভব-কেতকীতিতি-
প্রভা-বিড়ম্বদ্যুদ্ভট-কান্তি-ডম্বরাং।
বিনিন্দিতেন্দীবর-ভাস্বরাম্বরা-
মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীং॥

### শ্রীলবঙ্গমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

চপলা-দ্যুতি-নিন্দিত-কান্তিকাং
শুভতারাবলী-শোভিতাম্বরাং।
শ্রীব্রজরাজসুত-প্রমোদিনীং
প্রভজে তাঞ্চ লবঙ্গমঞ্জরীং॥

### শ্রীরূপমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

গোরোচনা-নিন্দি-নিজাঙ্গ-কান্তিং
মায়ূরপিচ্ছাভ-সুচীন-বস্ত্রাং।
শ্রীরাধিকা-পাদসরোজ-দাসীং
রূপাখ্যকাং মঞ্জরিকাং ভজেহহং॥

### শ্রীরসমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

হংসপক্ষ-রুচিরেণ বাসসা
সংযুতাং বিকচ-চম্পক-দ্যুতিং।
চারু-রূপ-গুণ-সম্পদান্বিতাং
সর্ব্বদাপি রসমঞ্জরীং ভজে॥

### শ্রীগুণমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

জবানিভ-দুকূলাঢ্যাং তড়িদালি-তনুচ্ছবিং।
কৃষ্ণামোদ-কৃতাপেক্ষাং ভজেঽহং গুণমঞ্জরীং॥

### শ্রীরতিমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

বন্ধুক-বর্ণ-বসন-বসানাং
তড়িৎ-প্রভা-দিগ্ধ-তনুচ্ছবিঞ্চ।
শ্রীরাধিকায়া নিকটে বসন্তীং
ভজে স্বরূপাং রতিমঞ্জরীং তাং॥

### শ্রীভদ্রমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

বিশুদ্ধ-চামীকর-সুন্দরাভাং
তারাবলী-চারু-মনোজ্ঞ-চেলাং।
শ্রীরাধিকায়া নিকটে বসন্তীং
ভদ্রাখ্যকাং মঞ্জরিকাং ভজেঽহং॥

### শ্রীলীলামঞ্জরীর ধ্যান বা স্মরণ।

বিশুদ্ধ-হেমাব্জ-কলেবরাভাং
সুবস্ত্র-রত্নাদি-বিভূষিতাঙ্গীং।
শ্রীরাধিকায়া নিকটে বসন্তীং
লীলাখ্যকাং মঞ্জরিকাং ভজেঽহং॥

### শ্রীবিলাসমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

স্বর্ণকেতক-বিনিন্দি-কায়কাং
নিন্দিত-ভ্রমর-কান্তিকাম্বরাং।

কৃষ্ণ-পাদ-কমলোপসেবিনী-
মর্চ্চয়ামি সুবিলাসমঞ্জরীং ॥

( দ্বিতীয় ) শ্রীবিলাসমঞ্জরীর ধ্যান বা স্মরণ।

প্রতপ্ত-হেমাঙ্গ-রুচিং মনোজ্ঞাং
শোণাম্বরাং চারু-সুভূষণাঢ্যাং।
শ্রীরাধিকাপাদ-সরোজদাসী-
মন্যাং তথা মঞ্জরিকাং ভজামি ॥

যোগপীঠের সহস্রদল-কমল মধ্যে সখীদিগের স্থান নিরূপিত হইতেছে। প্রধান অষ্টদলে শ্রীশ্রীরাধাকৃষ্ণ-সুখামোদিনী ও সেবা-সামগ্রী-হস্তে দণ্ডায়মানা শ্রীললিতাদি অষ্ট-সখীকে শ্রীবৃন্দাদেবীর সহিত সযত্নে ধ্যান করিবে। উত্তর-দলস্থ শ্রীললিতাদেবী হইতে আরম্ভ করিয়া বিশাখাদি ক্রমে ধ্যান করিতে হইবে। অনন্তর এই অষ্ট-সখীর অনুগত ও অষ্ট উপদলে অবস্থিত অনঙ্গ মঞ্জরী প্রভৃতি প্রধান অষ্ট-মঞ্জরীর ধ্যান করিতে হইবে। এই প্রধান অষ্ট-মঞ্জরীর প্রত্যেকের অধীনে দুই দুইটী করিয়া ষোলটি যূথ আছে। ইঁহারাই কিঞ্জল্ক-পার্শ্বস্থ প্রিয়নর্ম্ম সখী। শ্রীকৃষ্ণের দক্ষিণ-পার্শ্বে অবস্থিত লবঙ্গমঞ্জরী হইতে আরম্ভ করিয়া রূপমঞ্জরী আদি ক্রমে এই প্রিয়নর্ম্ম-সখীগণের ধ্যান করিতে হইবে। নিত্যসেবাপরায়ণা এই প্রিয়নর্ম্ম-সখীগণের অনুগতা হইয়া দীক্ষাগুরুর উপদেশানুযায়ী ব্রজে নিজ-সিদ্ধদেহ অর্থাৎ মঞ্জরীদেহ ভাবনা করিয়া গুরু-প্রণালী-অনুসারে সেবা করিতে হইবে। সিদ্ধ-দেহে নাম ( অমুক মঞ্জরী ), বর্ণ, বয়স, বসন, ভূষণ ও সেবা শ্রীগুরুদেবের নিকট হইতে জানিয়া লইতে হয়।

———

## অষ্ট-সখী ও প্রধান অষ্ট-মঞ্জরীর নাম ও স্থান-নির্ণয়।

| সহস্রদলের কোন্ দিকে। | প্রধান অষ্ট-দলে অষ্ট-সখীর নাম। | অষ্ট উপদলে প্রধান অষ্ট-মঞ্জরী। |
|---|---|---|
| উত্তরে | শ্রীললিতা। | শ্রীঅনঙ্গমঞ্জরী। |
| ঈশানে | শ্রীবিশাখা। | শ্রীমধুমতীমঞ্জরী। |
| পূর্বে | শ্রীচিত্রা। | শ্রীবিমলামঞ্জরী। |
| অগ্নিকোণে | শ্রীইন্দুরেখা। | শ্রীশ্যামলামঞ্জরী। |
| দক্ষিণে | শ্রীচম্পকলতা। | শ্রীপালিকামঞ্জরী। |
| নৈর্ঋতে | শ্রীরঙ্গদেবী। | শ্রীমঙ্গলামঞ্জরী। |
| পশ্চিমে | শ্রীতুঙ্গবিদ্যা। | শ্রীধন্যামঞ্জরী। |
| বায়ুকোণে | শ্রীসুদেবী। | শ্রীতারকামঞ্জরী। |

প্রধান অষ্ট-মঞ্জরীর প্রত্যেকের অনুগত ও কিঞ্জল্ক-পার্শ্বে অবস্থিত দুই দুই জন করিয়া ষোলজন প্রিয়নর্ম-সখী আছেন। তাঁহাদের নাম, যথা ঃ—

১-২। লবঙ্গমঞ্জরী ও রূপমঞ্জরী।

৩-৪। রসমঞ্জরী ও গুণমঞ্জরী।

৫-৬। রতিমঞ্জরী ও ভদ্রমঞ্জরী।

৭-৮। লীলামঞ্জরী ও বিলাসমঞ্জরী (১)।

৯-১০। বিলাসমঞ্জরী (২) ও কেলিমঞ্জরী।

১১-১২। কুন্দমঞ্জরী ও মদনমঞ্জরী।

১৩-১৪। অশোকমঞ্জরী ও মঞ্জুলালীমঞ্জরী।

১৫-১৬। সুধামুখীমঞ্জরী ও পদ্মমঞ্জরী।

শ্রীললিতাদি অষ্ট-সখীর প্রত্যেকের যূথে ৮ জন করিয়া ৬৪ জন সখী আছেন। ইঁহাদিগের নাম ৫২৮ হইতে ৫৩০ পৃষ্ঠায় দ্রষ্টব্য এবং ইঁহাদিগের অবস্থিতি এই "যোগপীঠ" প্রবন্ধের পরেই যোগপীঠের মানচিত্রে দ্রষ্টব্য।

শ্রীঅনঙ্গমঞ্জরীর বর্ণ বসন্তকালীন কেতকীপুষ্পের কান্তিমালাকে ও তাঁহার বসন নীলপদ্মের শোভাতিশয়কেও তিরস্কার করিতেছে। এইরূপ শ্রীলবঙ্গমঞ্জরী বিদ্যুদ্বর্ণা ও তারাবলী-সদৃশ-বসনা, শ্রীরূপমঞ্জরী গোরোচনা-বর্ণা ও ময়ূর-পুচ্ছাভ-বসনা, শ্রীরসমঞ্জরী প্রফুল্ল-চম্পকপুষ্প-বর্ণা ও হংস-পক্ষাভ-বসনা, শ্রীগুণমঞ্জরী বিদ্যুদ্বর্ণা ও জবাকুসুমাভ-বসনা, শ্রীরতিমঞ্জরী তড়িদ্বর্ণা ও বন্ধূক-পুষ্পাভ-বসনা, শ্রীভদ্রমঞ্জরী বিশুদ্ধ-স্বর্ণ-বর্ণা ও তারাবলী সদৃশ-বসনা, শ্রীলীলামঞ্জরী বিশুদ্ধ-স্বর্ণ-বর্ণা ও সুমনোজ্ঞ-বসনা, শ্রীবিলাসমঞ্জরী স্বর্ণ-কেতকী-বর্ণা ও ভ্রমরকান্তি-সদৃশ-বসনা এবং (দ্বিতীয়) শ্রীবিলাসমঞ্জরী তপ্ত-হেম-বর্ণা ও শোণ-কুসুমাভ-বসনা। ইঁহারা সকলেই পরমানন্দে শ্রীরাধাগোবিন্দের সেবা ও সুখ বিধান করিতেছেন।

---

শ্রীকৃষ্ণ হইতেছেন নিত্য-কিশোর; বয়স ১৫ বৎসর ৯ মাস ৭ দিন; পীতাম্বর; নব-নীরদ-বর্ণ।

শ্রীরাধিকা হইতেছেন নিত্য-কিশোরী; বয়স ১৪ বৎসর ২ মাস ১৫ দিন; নীল-বসনা; গলিত-হেম-বর্ণা।

---

নিত্য-কিশোরী শ্রীললিতাদি অষ্ট-সখীর বর্ণ, বস্ত্র, সেবাদি নিম্নে লিখিত হইল ।

| সখীর নাম । | বর্ণ । | বস্ত্র । | সেবা । | ভাব । | কুঞ্জ । | বয়স । |
|---|---|---|---|---|---|---|
| শ্রীললিতা | গোরোচনা | ময়ূরপুচ্ছাভ | তাম্বূল | খণ্ডিতা | বিদ্যুদ্বর্ণ | ১৪।৩।১২ |
| শ্রীবিশাখা | বিদ্যুৎ | তারাবলী-প্রভ | কর্পূরাদি | স্বাধীন-ভর্তৃকা | মেঘবর্ণ | ১৪।২।১৫ |
| শ্রীচিত্রা | কাশ্মীর | কাচ-প্রভ | বস্ত্রালঙ্কার | দিবাভিসারিকা | কিঞ্জল্ক-বর্ণ | ১৪।১।১৯ |
| শ্রীইন্দুরেখা | হরিতাল | দাড়িম্বকুসুম-বর্ণ | নৃত্য | প্রোষিত-ভর্তৃকা | স্বর্ণবর্ণ | ১৪।২।১২ |
| শ্রীচম্পকলতা | চম্পকপুষ্প | চাসপক্ষি-বর্ণ | চামর | বাসক-সজ্জা | তপ্তস্বর্ণ-বর্ণ | ১৪।২।১৪ |
| শ্রীরঙ্গদেবী | পদ্মকিঞ্জল্ক | জবাকুসুম-বর্ণ | অলক্ত | উৎকণ্ঠিতা | শ্যামবর্ণ | ১৪।২।৮ |
| শ্রীতুঙ্গবিদ্যা | চন্দ্রকুঙ্কুম | পাণ্ডুর-বর্ণ | গীত-বাদ্য | বিপ্রলব্ধা | অরুণ-বর্ণ | ১৪।২।২০ |
| শ্রীসুদেবী | সুবর্ণ | প্রবাল-বর্ণ | জল | কলহান্তরিতা | হরিদ্বর্ণ | ১৪।২।৮ |

---

শশিরেখা দর্পণ-সেবা, বিমলা পদ-সেবা, পালী কুসুম-শয্যা, অনঙ্গমঞ্জরী বেশ, শ্যামলা চন্দনাদি, মধুমতী গীত, ধন্যা রত্নালঙ্কার, মঙ্গলা মাল্য ইত্যাদি কোটী কোটী গোপীগণ শ্রীরাধা-গোবিন্দের চতুর্দ্দিকে অবস্থিত থাকিয়া নানা প্রকারে তাঁহাদের সেবা করিতেছেন ।

ইতি শ্রীশ্রীযোগপীঠ সমাপ্ত ।

শ্রীচৈতন্যভাগবতে ও শ্রীচৈতন্যচরিতামৃতে।

# শ্রীশ্রীগৌরপূর্ণিমা-ব্রতকথা।

( শ্রীমন্মহাপ্রভুর এই অপূর্ব্ব জন্মোপবাস-ব্রতকথা শ্রীশ্রীগৌর-পূর্ণিমার দিন অর্থাৎ তদীয় জন্মদিনে অবশ্য পাঠ্য ; অন্য যে কোন দিনও পাঠ্য।

১৪০৭ শকে ২০শে ফাল্গুন শুক্রবার সন্ধ্যাকালে সিংহ-লগ্নে, রবির ক্ষেত্রে, চন্দ্রের হোরায়, বৃহস্পতির দ্রেক্কাণে, রবির নবাংশে, বৃহস্পতির দ্বাদশাংশে ও ত্রিংশাংশে শ্রীগৌরচন্দ্র অবতীর্ণ হন। তাঁহার জন্মগ্রহণ-কালে কেতু ও চন্দ্র সিংহ-রাশিতে, শনি বৃশ্চিক-রাশিতে, বৃহস্পতি ও মঙ্গল ধনুরাশিতে এবং রবি, শুক্র, রাহু ও বুধ কুম্ভরাশিতে অবস্থান করিতেছিলেন। এই সমস্ত শুভ লগ্নে তিনি জন্মগ্রহণ করেন। )

জয় জয় মহাপ্রভু শ্রীগৌরসুন্দর।
জয় জগন্নাথ-পুত্র মহা-মহেশ্বর ।।
জয় নিত্যানন্দ-গদাধরের জীবন।
জয় জয় অদ্বৈতাদি-ভক্তের শরণ ।।
ভক্তগোষ্ঠী সহিত গৌরাঙ্গ জয় জয়।
শুনিলে চৈতন্য-কথা ভক্তি লভ্য হয় ।।
পুনঃ ভক্ত সঙ্গে প্রভু-পদে নমস্কার।
স্ফুরুক জিহ্বায় গৌরচন্দ্র-অবতার ।।
জয় জয় শ্রীকরুণাসিন্ধু গৌরচন্দ্র।
জয় জয় শ্রীসেবা-বিগ্রহ নিত্যানন্দ ।।
অবিজ্ঞাত দুই ভাই আর যত ভক্ত।
তথাপি কৃপায় তত্ত্ব করেন সুব্যক্ত ।।
ব্রহ্মাদির স্ফূর্ত্তি হয় কৃষ্ণের কৃপায়।
সর্ব্ব শাস্ত্রে বেদে ভাগবতে এই গায় ।।

তথাহি শ্রীভাগবতে ।

প্রচোদিতা যেন পুরা সরস্বতী
বিতন্বতাজস্য সতীং স্মৃতিং হৃদি ।
স্বলক্ষণা প্রাদুরভূৎ কিলাস্যতঃ
স মে ঋষীণামৃষভঃ প্রসীদতাং ॥

পূর্ব্বে ব্রহ্মা জানিলেন নাভি-পদ্ম হৈতে ।
তথাপিহ শক্তি নাহি কিছুই দেখিতে ॥
তবে যবে সর্ব্ব-ভাবে লইলা শরণ ।
তবে প্রভু কৃপায় দিলেন দরশন ॥
তবে কৃষ্ণ-কৃপায় স্ফুরিলা সরস্বতী ।
তবে সে জানিলা সর্ব্ব-অবতার-স্থিতি ॥
হেন কৃষ্ণচন্দ্রের দুর্জ্ঞেয় অবতার ।
তান কৃপা বিনে কার শক্তি জানিবার ॥
অচিন্ত্য অগম্য কৃষ্ণ-অবতার-লীলা ।
সেই ব্রহ্মা ভাগবতে আপনে কহিলা ॥

তথাহি-শ্রীভাগবতে দশম-স্কন্ধে ।

কো বেত্তি ভূমন্ ! ভগবন্ ! পরাত্মন্ !
যোগেশ্বরোতীর্ভবতস্ত্রিলোক্যাং ।
ক্কাহং কথং বা কতি বা কদেতি
বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াং ॥

কোন্ হেতু কৃষ্ণচন্দ্র করে অবতার ।
কার শক্তি আছে তত্ত্ব জানিতে তাঁহার ॥
তথাপি শ্রীভাগবতে গীতায় যে কয় ।
তাহা লিখি যে নিমিত্তে অবতার হয় ॥

তথাহি শ্রীগীতায়াং অর্জ্জুনং প্রতি শ্রীভগবদ্বাক্যং।

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত!।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানাং সৃজাম্যহং॥
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাং।
ধর্ম্ম-সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥
ধর্ম্ম-পরাভব হয় যখনে যখনে।
অধর্ম্মের প্রবলতা বাঢ়ে দিনে দিনে॥
সাধুজন-রক্ষা দুষ্ট-বিনাশ-কারণে।
ব্রহ্মা আদি প্রভুর পায় করেন বিজ্ঞাপনে॥
তবে প্রভু যুগ-ধর্ম্ম স্থাপন করিতে।
সাঙ্গোপাঙ্গে অবতীর্ন হন পৃথিবীতে॥
কলি-যুগে ধর্ম্ম হয় হরি-সঙ্কীর্ত্তন।
এতদর্থে অবতীর্ণ শ্রীশচীনন্দন॥
এই কহে ভাগবতে সর্ব্ব-তত্ত্ব-সার।
কীর্ত্তন-নিমিত্ত গৌরচন্দ্র-অবতার॥

তথাহি শ্রীভাগবতে একাদশ-স্কন্ধে।

ইতি দ্বাপর উর্ব্বীশ! স্তুবন্তি জগদীশ্বরং।
নানাতন্ত্র-বিধানেন কলাবপি তথা শৃণু॥
কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র-পার্ষদং।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তন-প্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥

কলি-যুগে সর্ব্ব-ধর্ম্ম হরি-সঙ্কীর্ত্তন।
সব প্রকাশিলেন চৈতন্য-নারায়ণ॥
কলি-যুগে সঙ্কীর্ত্তন-ধর্ম্ম পালিবারে।
অবতীর্ণ হৈলা প্রভু সর্ব্ব-পরিকরে॥

প্রভুর আজ্ঞায় আগে সর্ব্ব-পরিকর।
জন্ম লভিলেন সবে মানুষ-ভিতর॥
কি অনন্ত কি শিব বিরিঞ্চি ঋষিগণ।
যত অবতারের পার্ষদ আপ্তগণ॥
ভাগবত-রূপে জন্ম হইল সবার।
কৃষ্ণ সে জানেন যার অংশে জন্ম যার॥
কারো জন্ম নবদ্বীপে কারো চাটিগ্রামে।
কেহো রাঢ়ে ওড্রদেশে শ্রীহট্টে পশ্চিমে॥
নানা স্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ।
নবদ্বীপে আসি হৈল সবার মিলন॥
নবদ্বীপে হইব প্রভুর অবতার।
অতএব নবদ্বীপে মিলন সভার॥
নবদ্বীপে হেন গ্রাম ত্রিভুবনে নাই।
যঁহি অবতীর্ণ হৈলা চৈতন্য-গোসাঞি॥
সর্ব্ব বৈষ্ণবের জন্ম নবদ্বীপ গ্রামে।
কোন মহাপ্রিয়ের সে জন্ম অন্য স্থানে॥
শ্রীবাস পণ্ডিত আর শ্রীরাম পণ্ডিত।
শ্রীচন্দ্রশেখর দেব ত্রৈলোক্য-পূজিত॥
ভবরোগ নাশে বৈদ্য মুরারি নাম যার।
শ্রীহট্টে এ সব বৈষ্ণবের অবতার॥
পুণ্ডরীক বিদ্যানিধি বৈষ্ণব-প্রধান।
চৈতন্য-বল্লভ দত্ত বাসুদেব নাম॥
চাটিগ্রামে হৈল ইঁহা সবার প্রকাশ।
বূঢ়নে হইলা অবতীর্ণ হরিদাস॥

রাঢ় মাঝে একচাকা নামে আছে গ্রাম।
তঁহি অবতীর্ণ নিত্যানন্দ ভগবান্॥
হাড়াই পণ্ডিত নাম শুদ্ধ বিপ্ররাজ।
মূলে সর্ব্ব-পিতা, তানে করি পিতা-ব্যাজ॥
কৃপাসিন্ধু ভক্তিদাতা শ্রীবৈষ্ণব-ধাম।
রাঢ়ে অবতীর্ণ হৈলা নিত্যানন্দ রাম॥
মহা জয়-জয়-ধ্বনি পুষ্প-বরিষণ।
সংগোপে দেবতাগণে কৈলেন তখন॥
সেই দিন হইতে রাঢ়-মণ্ডল সকল।
পুনঃপুনঃ বাড়িতে লাগল সুমঙ্গল॥
তিরোতে পরমানন্দ পুরীর প্রকাশ।
নীলাচলে যাঁর সঙ্গে একত্রে বিলাস॥
গঙ্গাতীর পুণ্যস্থান সকল থাকিতে।
বৈষ্ণব জন্ময়ে কেন শোচ্য দেশেতে॥
আপনে হইলা অবতীর্ণ গঙ্গা-তীরে।
সঙ্গের পার্ষদ কেন জন্মায়েন দূরে॥
যে যে দেশ গঙ্গা-হরিনাম-বিবর্জ্জিত।
যে দেশে পাণ্ডব নাহি গেলা কদাচিত॥
সে সব জীবেরে কৃষ্ণ বৎসল হইয়া।
মহাভক্ত সব জন্মায়েন আজ্ঞা দিয়া॥
সংসার তারিতে শ্রীচৈতন্য-অবতার।
আপনে শ্রীমুখে করিয়াছেন স্বীকার॥
শোচ্য দেশে শোচ্য কুলে আপন সমান।
জন্মাইয়া বৈষ্ণব সভারে করে ত্রাণ॥

যে দেশে যে কুলে বৈষ্ণব অবতরে।
তাহার প্রভাবে লক্ষ যোজন নিস্তরে ॥
যে স্থানে বৈষ্ণবগণ করেন বিজয়।
সেই স্থান হয় অতি পুণ্য-তীর্থময় ॥
অতএব সর্ব্ব দেশে নিজ-ভক্তগণ।
অবতীর্ণ কৈলা শ্রীচৈতন্য-নারায়ণ ॥
নানা স্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ।
নবদ্বীপে আসি সভার হৈল মিলন ॥
নবদ্বীপে হইবে প্রভুর অবতার।
অতএব নবদ্বীপে মিলন সবার ॥
নবদ্বীপ হেন গ্রাম ত্রিভুবনে নাই।
যঁহি অবতীর্ণ হৈলা চৈতন্য-গোসাঞি ॥
অবতরিবেন প্রভু জানিয়া বিধাতা।
সকল সম্পূর্ণ করি থুইলেন তথা ॥
নবদ্বীপের সম্পত্তি কে বর্ণিবারে পারে।
এক গঙ্গাঘাটে লক্ষ লোক স্নান করে ॥
ত্রিবিধ বৈসয়ে এক জাতি লক্ষ লক্ষ।
সরস্বতী-প্রসাদে সবেই মহাদক্ষ ॥
সবে মহা অধ্যাপক করি গর্ব্ব ধরে।
বালকেও ভট্টাচার্য্য সনে কক্ষা করে ॥
নানা দেশ হৈতে লোক নবদ্বীপে যায়।
নবদ্বীপে পড়িলে সে বিদ্যা-রস পায় ॥
অতএব পড়ুয়ার নাহি সমুচ্চয়।
লক্ষকোটি অধ্যাপক নাহিক নির্ণয় ॥

রমা-দৃষ্টিপাতে সর্ব্ব লোক সুখে বসে।
ব্যর্থ কাল যায় মাত্র ব্যবহার-রসে॥
কৃষ্ণনাম-ভক্তি-শূন্য সকল সংসার।
প্রথম কলিতে হৈল ভবিষ্য-আচার॥
ধর্ম্ম-কর্ম্ম লোক সবে এই মাত্র জানে।
মঙ্গল-চণ্ডীর গীতে করে জাগরণে॥
দম্ভ করি বিষহরি পূজে কোন জন।
পুত্তলি করয়ে কেহো দিয়া বহুধন॥
ধন নষ্ট করে পুত্র-কন্যার বিভায়।
এইমত জগতের ব্যর্থ কাল যায়॥
যেবা ভট্টাচার্য্য চক্রবর্ত্তী মিশ্র সব।
তারাও না জানে সব গ্রন্থ-অনুভব॥
শাস্ত্র পড়াইয়া সবে এই কর্ম্ম করে।
শ্রোতার সহিতে যম-পাশে ডুবি মরে॥
না বাখানে যুগ-ধর্ম্ম কৃষ্ণের কীর্ত্তন।
দোষ বিনা গুণ কারো না করে কথন॥
যেবা সব বিরক্ত তপস্বি-অভিমানী।
তা সবার মুখেতেও নাহি হরি-ধ্বনি॥
অতি বড় সুকৃতি সে স্নানের সময়।
'গোবিন্দ' 'পুণ্ডরীকাক্ষ' নাম উচ্চারয়॥
গীতা ভাগবত যে যে জনে বা পড়ায়।
ভক্তির ব্যাখ্যান নাহি তাহার জিহ্বায়॥
এইমত বিষ্ণুমায়া-মোহিত সংসার।
দেখি ভক্ত সব দুঃখ ভাবেন অপার॥

কেমতে এ জীব সব পাইব উদ্ধার।
বিষয়-সুখেতে সব মজিল সংসার॥
বলিলেও কেহ নাহি লয় কৃষ্ণ-নাম।
নিরবধি বিদ্যা কুল করেন ব্যাখ্যান॥
স্বকার্য্য করেন সব ভাগবতগণ।
কৃষ্ণ-পূজা গঙ্গা-স্নান কৃষ্ণের কথন॥
সবে মেলি জগতেরে করে আশীর্ব্বাদ।
শীঘ্র কৃষ্ণচন্দ্র কর সবারে প্রসাদ॥
সেই নবদ্বীপে বৈসে বৈষ্ণবাগ্রগণ্য।
অদ্বৈত আচার্য্য নাম সর্ব্বলোকে ধন্য॥
জ্ঞান ভক্তি বৈরাগ্যের গুরু মুখ্যতর।
কৃষ্ণ-ভক্তি বাখানিতে যেহেন শঙ্কর॥
ত্রিভুবনে আছে যত শাস্ত্রের প্রচার।
সর্ব্বত্র বাখানে কৃষ্ণপদ-ভক্তি সার॥
তুলসীর মঞ্জরী সহিত গঙ্গাজলে।
নিরবধি সেবে কৃষ্ণ মহা-কুতূহলে॥
হুঙ্কার করয়ে কৃষ্ণ-আবেশের তেজে।
সে ধ্বনি ব্রহ্মাণ্ড ভেদি বৈকুণ্ঠেতে বাজে॥
যে প্রেমের হুঙ্কার শুনিয়া কৃষ্ণ নাথ।
ভক্তিবশে আপনে সে হইলা সাক্ষাত॥
অতএব অদ্বৈত বৈষ্ণব-অগ্রগণ্য।
নিখিল ব্রহ্মাণ্ডে যাঁর ভক্তিযোগ ধন্য॥
এইমত অদ্বৈত বৈসেন নদীয়ায়।
ভক্তিযোগ-শূন্য লোক দেখি দুঃখ পায়॥

সকল সংসার মত্ত ব্যবহার-রসে ।
কৃষ্ণ-পূজা বিষ্ণু-ভক্তি কারো নাহি বাসে ।।
বাশুলী পূজয়ে কেহো নানা উপহারে ।
মদ্য মাংস দিয়া কেহো যক্ষ পূজা করে ।।
নিরবধি নৃত্য-গীত-বাদ্য-কোলাহল ।
না শুনে কৃষ্ণের নাম পরম-মঙ্গল ।।
কৃষ্ণ-শূন্য মঙ্গলে দেবের নাহি সুখ ।
বিশেষে অদ্বৈত মনে পায় বড় দুখ ।।
স্বভাবে অদ্বৈত বড় কারুণ্য-হৃদয় ।
জীবের উদ্ধার চিন্তে হইয়া সদয় ।।
মোর প্রভু আসি যদি করে অবতার ।
তবে হয় এ সকল জীবের উদ্ধার ।।
তবে সে অদ্বৈত সিংহ আমার বড়াঞি ।
বৈকুণ্ঠ-বল্লভ যদি দেখাঙ হেথাঞি ।।
আনিয়া বৈকুণ্ঠ-নাথ সাক্ষাত করিয়া ।
নাচিব গাইব সর্ব্ব জীব উদ্ধারিয়া ।।
নিরবধি এইমত সঙ্কল্প করিয়া ।
সেবেন শ্রীকৃষ্ণ-পদ একচিত্ত হৈয়া ।।
অদ্বৈতের কারণে চৈতন্য-অবতার ।
সেই প্রভু কহিয়া আছেন বারবার ।।
সেই নবদ্বীপে বৈসে পণ্ডিত শ্রীবাস ।
যাঁহার মন্দিরে হৈল চৈতন্য-বিলাস ।।
সর্ব্বকাল চারি ভাই গায় কৃষ্ণ-নাম ।
ত্রিকাল করয়ে কৃষ্ণ-পূজা গঙ্গা-স্নান ।।

নিগূঢ়ে অনেক আরো বৈসে নদীয়ায়।
পূর্ব্বেই জন্মিলা সবে ঈশ্বর-আজ্ঞায়॥
শ্রীচন্দ্রশেখর জগদীশ গোপীনাথ।
শ্রীমান্ মুরারি শ্রীগরুড় গঙ্গাদাস॥
একে একে বলিতে হয় পুস্তক-বিস্তার।
কথার প্রস্তাবে নাম লৈব জানি যার॥
সবেই স্বধর্ম্ম-পর সবেই উদার।
কৃষ্ণ-ভক্তি বহি কেহো না জানয়ে আর॥
সবে করে সবারে বান্ধব-ব্যবহার।
কেহো না জানেন সব নিজ-অবতার॥
বিষ্ণুভক্তি-শূন্য দেখি সকল সংসার।
অন্তরে দহয়ে বড় চিত্ত সবাকার॥
কৃষ্ণ-কথা শুনিবেক নাহি হেন জন।
আপনা আপনি সবে করেন কীর্ত্তন॥
দুই চারি দণ্ড থাকি অদ্বৈত-সভায়।
কৃষ্ণ-কথা প্রসঙ্গে সবার দুঃখ যায়॥
দগ্ধ দেখে সকল সংসার ভক্তগণ।
আলাপের স্থান নাহি করেন ক্রন্দন॥
সকল বৈষ্ণব মেলি আপনি অদ্বৈতে।
প্রাণি-মাত্র কারে কেহো নারে বুঝাইতে॥
দুঃখ ভাবি অদ্বৈত করেন উপবাস।
সকল বৈষ্ণবগণ ছাড়ে দীর্ঘ-শ্বাস॥
কেনে বা কৃষ্ণের নৃত্য কেনে বা কীর্ত্তন।
কারে বা বৈষ্ণব বলি কিবা সঙ্কীর্ত্তন॥

কিছু নাহি জানে লোক ধন-পুত্র-রসে।
সকল পাষণ্ডী মেলি বৈষ্ণবেরে হাসে॥
চারি ভাই শ্রীবাস মিলিয়া নিজ-ঘরে।
নিশা হৈলে হরিনাম গায় উচ্চস্বরে॥
শুনিয়া পাষণ্ডী বলে হইল প্রমাদ।
এ ব্রাহ্মণ করিবেক গ্রামের উৎসাদ॥
মহা-তীব্র নরপতি যবন ইহার।
এ আখ্যান শুনিলে প্রমাদ নদীয়ার॥
কেহো বলে এ বামুনে এই গ্রাম হৈতে।
ঘর ভাঙ্গি ঘুচাইয়া ফেলাইমু স্রোতে॥
এ বামুনে ঘুচাইলে গ্রামের মঙ্গল।
অন্যথা যবনে গ্রাম করিবে কবল॥
এইমত বলে যত পাষণ্ডীর গণ।
শুনি 'কৃষ্ণ' বলি কান্দে ভাগবতগণ॥
শুনিয়া অদ্বৈত ক্রোধে অগ্নি হেন জ্বলে।
দিগম্বর হই সর্ব্ব বৈষ্ণবেরে বোলে॥
শুন শ্রীনিবাস গঙ্গাদাস শুক্লাম্বর।
করাইব কৃষ্ণ সর্ব্ব-নয়ন-গোচর॥
সবা উদ্ধারিব কৃষ্ণ আপনে আসিয়া।
বুঝাইব কৃষ্ণভক্তি তোমা সবা লৈয়া॥
যবে নাহি পারোঁ তবে এই দেহ হৈতে।
প্রকাশিয়া চারি ভুজ চক্র লৈমু হাতে।
পাষণ্ডীরে কাটিয়া করিমু স্কন্ধ-নাশ।
তবে কৃষ্ণ প্রভু মোর, মুঞি তাঁর দাস॥

এইমত অদ্বৈত বলেন অনুক্ষণ।
সঙ্কল্প করিয়া পূজে শ্রীকৃষ্ণ-চরণ ।।
ভক্ত সব নিরবধি একচিত্ত হৈয়া।
পূজে কৃষ্ণ-পাদপদ্ম ক্রন্দন করিয়া ।।
সর্ব্ব নবদ্বীপে ভ্রমে ভাগবতগণ।
কোথাও না শুনে ভক্তিযোগের কথন ।।
কেহো দুঃখে চাহে নিজ-শরীর এড়িতে।
কেহো কৃষ্ণ বলি শ্বাস ছাড়য়ে কান্দিতে ।।
অন্ন ভালমতে কারো না রুচয়ে মুখে।
জগতের ব্যবহার দেখি পায় দুঃখে ।।
ছাড়িলেন ভক্তগণ সর্ব্ব উপভোগ।
অবতরিবারে প্রভু করিলা উদ্যোগ ।।
ঈশ্বর-আজ্ঞায় আগে শ্রীঅনন্ত-ধাম।
রাঢ়ে অবতীর্ণ হৈলা নিত্যানন্দ রাম ।।
মাঘ মাসে শুক্লা ত্রয়োদশী শুভ-দিনে।
পদ্মাবতী-গর্ভে একচাকা নামে গ্রামে ।।
হাড়াই পণ্ডিত নাম শুদ্ধ বিপ্ররাজ।
মূলে সর্ব্ব-পিতা, তানে করি পিতা-ব্যাজ ।।
কৃপাসিন্ধু ভক্তিদাতা প্রভু বলরাম।
অবতীর্ণ হৈলা ধরি নিত্যানন্দ নাম ।।
মহা জয়-জয়-ধ্বনি পুষ্প-বরিষণ।
সংগোপে দেবতাগণ করিলা তখন ।।
সেই দিন হৈতে রাঢ়-মণ্ডল সকল।
বাড়িতে লাগিলা পুনঃপুনঃ সুমঙ্গল ।।

যে প্রভু পতিত জন নিস্তার করিতে।
অবধূত-বেশ ধরি ভ্রমিলা জগতে॥
অনন্তের প্রকাশ হইলা হেন মতে।
এবে শুন কৃষ্ণ অবতরিলা যেন মতে॥
নবদ্বীপে আছে জগন্নাথ মিশ্রবর।
বসুদেব-প্রায় তেঁহো স্বধর্ম্মে তৎপর॥
উদার-চরিত্র তেঁহো ব্রহ্মণ্যের সীমা।
হেন নাহি যাহা দিয়া করিব উপমা॥
কি কশ্যপ দশরথ বসুদেব নন্দ।
সর্ব্বময়-তত্ত্ব জগন্নাথ মিশ্রচন্দ্র॥
তান পত্নী শচী নাম মহা-পতিব্রতা।
মূর্ত্তিমতী বিষ্ণুভক্তি সেই জগন্মাতা॥
বহু কন্যা-পুত্রের হইল তিরোভাব।
সবে এক পুত্র বিশ্বরূপ মহাভাগ॥
বিশ্বরূপ-মূর্ত্তি যেন অভিন্ন মদন।
দেখি হরষিত দুই ব্রাহ্মণী ব্রাহ্মণ॥
জন্ম হৈতে বিশ্বরূপের হৈলা বিরক্তি।
শৈশবেই সকল শাস্ত্রেতে হৈল স্ফূর্ত্তি॥
বিষ্ণুভক্তি-শূন্য হৈল সকল সংসার।
প্রথম কলিতে হৈল ভবিষ্য-আচার॥
ধর্ম্ম-তিরোভাব হৈলে প্রভু অবতরে।
ভক্ত সব দুঃখ পায় জানিয়া অন্তরে॥
তবে মহাপ্রভু গৌরচন্দ্র ভগবান্।
শচী-জগন্নাথ-দেহে হৈলা অধিষ্ঠান॥

চৌদ্দ শত ছয় শকে শেষ মাঘ মাসে।
জগন্নাথ-শচী-দেহে কৃষ্ণের প্রবেশে॥
মিশ্র কহে শচী-স্থানে দেখি আন রীত।
জ্যোতির্ম্ময় দেহে গেহে লক্ষ্মী অধিষ্ঠিত॥
যাঁহা তাঁহা সর্ব্ব-লোক করয়ে সম্মান।
ঘরে পাঠাইয়া দেয় ধন বস্ত্র ধান॥
শচী কহে মুঞি দেখোঁ আকাশ উপরে।
দিব্যমূর্ত্তি লোক সব স্তুতি যেন করে॥
জগন্নাথ মিশ্র কহে স্বপ্ন যে দেখিল।
জ্যোতির্ম্ময়-ধাম মোর হৃদয়ে পশিল॥
আমার হৃদয় হৈতে গেলা তোমার হৃদয়ে।
হেন বুঝি জন্মিবেন কোনো মহাশয়ে॥
এত বলি দুঁহে রহে হরষিত হৈয়া।
শালগ্রাম সেবা করে বিশেষ করিয়া॥
জয় জয় ধ্বনি হৈল অনন্ত-বদনে।
স্বপ্ন-প্রায় জগন্নাথ মিশ্র শচী শুনে॥
মহাতেজ-মূর্ত্তি হইলেন দুই জনে।
তথাপিহ লখিতে না পারে অন্য জনে॥
অবতীর্ণ হইবেন ঈশ্বর জানিয়া।
ব্রহ্মা শিব আদি স্তুতি করেন আসিয়া॥
অতি মহা বেদ-গোপ্য এ সকল কথা।
ইহাতে সন্দেহ কিছু নাহিক সর্ব্বথা॥
ভক্তি করি ব্রহ্মাদি দেবের শুন স্তুতি।
যে গোপ্য-শ্রবণে হয় কৃষ্ণে রতি মতি॥

"জয় জয় মহাপ্রভু জনক সবার।
জয় জয় সঙ্কীর্ত্তন-হেতু অবতার ॥
জয় জয় বেদধর্ম্ম-সাধু-বিপ্র-পাল।
জয় জয় অভক্ত-শমন-মহাকাল ॥
জয় জয় সর্ব্ব-সত্যময়-কলেবর।
জয় জয় ইচ্ছাময় মহা-মহেশ্বর ॥
যে তুমি অনন্ত-কোটী ব্রহ্মাণ্ডের বাস।
সে তুমি শ্রীশচী-গর্ভে করিলা প্রকাশ ॥
তোমার যে ইচ্ছা কে বুঝিতে তার পাত্র।
সৃষ্টি স্থিতি প্রলয় তোমার লীলা মাত্র ॥
সকল সংসার যার ইচ্ছায় সংহারে।
সে কি কংস রাবণ বধিতে বাক্যে নারে ॥
তথাপিহ দশরথ-বসুদেব ঘরে।
অবতীর্ণ হৈয়া সে বধো তা সবারে ॥
এতেকে কে বুঝে প্রভু তোমার কারণ।
আপনি সে জান তুমি আপনার মন ॥
তোমার আজ্ঞায় এক সেবকে তোমার।
অনন্ত ব্রহ্মাণ্ড পারে করিতে উদ্ধার ॥
তথাপিহ তুমি সে আপনে অবতরি।
সর্ব্ব ধর্ম্ম বুঝাও পৃথিবী ধন্য করি ॥
সত্য-যুগে তুমি প্রভু শুভ্র-বর্ণ ধরি।
তপোধর্ম্ম বুঝাও আপনে তপ করি ॥
কৃষ্ণাজিন দণ্ড কমণ্ডলু জটা ধরি।
ধর্ম্ম স্থাপ ব্রহ্মচারি-রূপে অবতরি ॥

ত্রেতা-যুগে হইয়া সুন্দর রক্তবর্ণ।
হই যজ্ঞ-পুরুষ বুঝাও যজ্ঞ-ধর্ম্ম॥
স্রুক্-স্রুব-হস্তে যজ্ঞ আপনে করিয়া।
সবারে লওয়াও যজ্ঞ যাজ্ঞিক হৈয়া॥
দিব্য-মেঘ-শ্যামবর্ণ হইয়া দ্বাপরে।
পূজা-ধর্ম্ম বুঝাও আপনে ঘরে ঘরে॥
পীত-বাস শ্রীবৎসাদি নিজ-চিহ্ন ধরি।
পূজা কর মহারাজ-রূপে অবতরি॥
কলি-যুগে বিপ্র-রূপে ধরি পীতবর্ণ।
বুঝাবারে বেদ-গোপ্য সঙ্কীর্ত্তন-ধর্ম্ম॥
কতেক বা তোমার অনন্ত অবতার।
কার শক্তি আছে ইহা সংখ্যা করিবার॥
মৎস্য-রূপে তুমি জলে প্রলয়ে বিহর।
কূর্ম্ম-রূপে তুমি সব জীবের আধার॥
হয়গ্রীব-রূপে কর বেদের উদ্ধার।
আদি-দৈত্য দুই মধু কৈটভ সংহার॥
শ্রীবরাহ-রূপে কর পৃথিবী-উদ্ধার।
নরসিংহ-রূপে কর হিরণ্য-বিদার॥
বলি ছল' অপূর্ব্ব বামন-রূপ হই।
পরশুরাম-রূপে কর নিঃক্ষত্রিয়া মহী॥
রামচন্দ্র-রূপে কর রাবণ-সংহার।
হলধর-রূপে কর অনন্ত বিহার॥
বুদ্ধ-রূপে দয়া-ধর্ম্ম করহ প্রকাশ।
কল্কি-রূপে কর ম্লেচ্ছগণের বিনাশ॥

ধন্বন্তরি-রূপে কর অমৃত প্রদান।
হংস-রূপে ব্রহ্মাদিরে কহ তত্ত্বজ্ঞান॥
শ্রীনারদ-রূপে বীণা ধরি কর গান।
ব্যাস-রূপে কর নিজ-তত্ত্বের ব্যাখ্যান॥
সর্ব্ব-লীলা-লাবণ্য-বৈদগ্ধী করি সঙ্গে।
কৃষ্ণ-রূপে বিহর' গোকুলে বহু-রঙ্গে॥
এই অবতারে ভাগবত-রূপ ধরি।
কীর্ত্তন করিবা সর্ব্ব শক্তি পরচারি॥
সঙ্কীর্ত্তন-পূর্ণ হৈব সকল সংসার।
ঘরে ঘরে হৈব প্রেম-ভক্তির প্রচার॥
কি কহিব পৃথিবীর আনন্দ-প্রকাশ।
তুমি নৃত্য করিবা মিলিয়া সর্ব্ব দাস॥
যে তোমার পাদ-পদ্ম ধ্যান নিত্য করে।
তা সবার প্রভাবেই অমঙ্গল হরে॥
পদ-তলে খণ্ডে পৃথিবীর অমঙ্গল।
দৃষ্টিমাত্রে দশ-দিগ হয় সুনির্ম্মল॥
বাহু তুলি নাচিতে স্বর্গের বিঘ্ন-নাশ।
হেন যশ হেন নৃত্য হেন তোর দাস॥

তথাহি পদ্মপুরাণে।

পদ্ভ্যাং ভূমের্দিশোদৃগ্ভ্যাং দোর্ভ্যাঞ্চামঙ্গলং দিবঃ।
বহুধোৎসার্য্যতে রাজন্! কৃষ্ণ-ভক্তস্য নৃত্যতঃ॥

সে প্রভু আপনে তুমি সাক্ষাত হইয়া।
করিবা কীর্ত্তন প্রেম ভক্তগোষ্ঠী লৈয়া॥

"সত্যব্রত প্রভু ! তুমি সত্য সর্ব্বকাল।
সত্যে তোমা পায় জীব সত্যের আধার ॥
সত্যে আরোপিত সত্য আছয়ে তোমাতে।
তুমি যে সত্যের সত্য জানিল সাক্ষাতে ॥
সত্যময় প্রভু ! তুমি, তুমি সত্য-ব্রহ্ম।
আমি সব হৈনু দুই চরণে প্রপন্ন ॥
সংসার-বৃক্ষের এক প্রকৃতি আশ্রয়।
সুখ দুঃখ দুই গুটী ফলমাত্র হয় ॥
সত্ত্ব রজ তম গুণ তিন গুটি মূল।
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চারি রস তুল ॥
চক্ষু কর্ণ জিহ্বা নাসা আর জানি ত্বক্।
জ্ঞান-পরকার এই ইন্দ্রিয় পঞ্চক ॥
শোক মোহ জরা মৃত্যু ক্ষুধা তৃষ্ণা আর।
এই ছয় গুটি হয় স্বভাব ইহার ॥
রস রক্ত মাংস আদি সাত ধাতু ছাল।
পঞ্চভুত মন বুদ্ধি অহং অষ্ট ডাল ॥
নব গুটি গর্ত্তে হয় সঞ্চার ব্যভার।
এইরূপে কহি আদি-বৃক্ষের বিস্তার ॥
দশ গুটী প্রাণ হয় বৃক্ষের দশ পাতে।
সবে দুই গুটী হংস আছয়ে তাহাতে ॥
আব্রহ্ম পর্য্যন্ত ভব আদি বৃক্ষ বলি।
সকল পুরাণ বেদে এই অবধারি ॥
হেন ভব-বৃক্ষ তোমা হৈতে উতপতি।
তোমাতে প্রলয় হয় তোমাতেই স্থিতি ॥

চৌদ্দ শত সাত শকে মাস যে ফাল্গুন।
পৌর্ণমাসীর সন্ধ্যাকালে হৈল শুভ-ক্ষণ ॥
সিংহ রাশি সিংহ লগ্ন উচ্চ-গ্রহগণ।
ষড়্‌বর্গ অষ্টবর্গ সর্ব্ব সুলক্ষণ ॥
অনন্ত ব্রহ্মাণ্ডে যত আছে সুমঙ্গল।
সেই পূর্ণিমায় আসি মিলিল সকল ॥
অকলঙ্ক গৌরচন্দ্র দিলা দরশন।
সকলঙ্ক চন্দ্রে আর কোন্ প্রয়োজন ॥
এত জানি রাহু কৈল চন্দ্রের গ্রহণ।
"কৃষ্ণ কৃষ্ণ হরি-নামে" ভাসে ত্রিভুবন ॥
সঙ্কীর্ত্তন সহিত প্রভুর অবতার।
গ্রহণের ছলে তাহা করেন প্রচার ॥
ঈশ্বরের কর্ম্ম বুঝিবার শক্তি কায়।
চন্দ্র আচ্ছাদিল রাহু ঈশ্বর-ইচ্ছায় ॥
সর্ব্ব নবদ্বীপে দেখে হইল গ্রহণ।
উঠিল মঙ্গল-ধ্বনি শ্রীহরি-কীর্ত্তন ॥
অনন্ত অর্ব্বুদ লোক গঙ্গাস্নানে যায়।
'হরি বোল, হরি বোল' বলি সবে ধায় ॥
হেন হরি-ধ্বনি হৈল সর্ব্ব নদীয়ায়।
ব্রহ্মাণ্ড পূরিয়া ধ্বনি স্থান নাহি পায় ॥
অপূর্ব্ব শুনিয়া সব ভাগবতগণ।
সবে বলে নিরন্তর হউক গ্রহণ ॥
সবে বলে আজি বড় বাসিয়ে উল্লাস।
হেন বুঝি কিবা কৃষ্ণ করিলা প্রকাশ ॥

গঙ্গা-স্নানে চলিলা সকল ভক্তগণ।
নিরবধি চতুর্দ্দিকে হরি-সঙ্কীর্ত্তন ॥
কিবা শিশু বৃদ্ধ নারী সুজন দুর্জ্জন।
সবে 'হরি হরি' বলে দেখিয়া গ্রহণ ॥
'হরি বোল, হরি বোল' সবে এই শুনি।
সকল ব্রহ্মাণ্ডে ব্যাপিলেক হরি-ধ্বনি ॥
চতুর্দ্দিকে পুষ্প-বৃষ্টি করে দেবগণ।
জয় শব্দে দুন্দুভি বাজয়ে অনুক্ষণ ॥
হেনই সময়ে প্রভু জগত-জীবন।
অবতীর্ণ হইলেন শ্রীশচীনন্দন ॥
জগত ভরিয়া লোক বলে 'হরি হরি'।
সেই ক্ষণে "গৌর-কৃষ্ণ" ভূমে অবতরি ॥
প্রসন্ন হইল সব জগতের মন।
'হরি' বলি হিন্দুকে হাস্য করয়ে যবন ॥
'হরি' বলি নারীগণ দেয় হুলহুলী।
স্বর্গে নৃত্য বাদ্য করে দেব কুতূহলী ॥
প্রসন্ন হৈল দশ দিক্, প্রসন্ন নদী জল।
স্থাবর জঙ্গম হৈল আনন্দে বিহ্বল ॥

(১)—ধানশী।

রাহু-কবল ইন্দু প্রকাশ নাম-সিন্ধু
কলি-মর্দ্দন বান্ধে বানা।
পঁহু ভেল প্রকাশ ভুবন চতুর্দ্দশ
জয় জয় পড়িল ঘোষণা ॥

হে মাই! দেখ ত গৌরচন্দ্র।
নদীয়ার লোক- শোক সব নাশল
দিনে দিনে বাঢ়ল আনন্দ॥
দুন্দুভি বাজে শত শঙ্খ গাজে
বাজে বেণু বিষাণ।
শ্রীচৈতন্য-ঠাকুর নিত্যানন্দ-প্রভু
বৃন্দাবন দাস রস গান॥

---

(২)—ধানশী।

জিনিয়া রবি-কর শ্রীঅঙ্গ সুন্দর
নয়নে হেরই না পারি।
আয়ত লোচন ঈষত বঙ্কিম
উপমা নাহিক বিচারি॥
(আজু) বিজয়ে গৌরাঙ্গ অবনী-মণ্ডলে
চৌদিকে শুনিয়া উল্লাস।
এক হরি-ধ্বনি আব্রহ্ম ভরি শুনি
গৌরাঙ্গ-চাঁদের পরকাশ॥
চন্দনে উজ্জ্বল বক্ষ পরিসর
দোলয়ে তথি বনমাল।
চাঁদ সুশীতল শ্রীমুখ-মণ্ডল
আজানু বাহু বিশাল॥
দেখিয়া চৈতন্য ভুবনে ধন্য ধন্য
উঠয়ে জয় জয় নাদ।

কোই নাচত কোই গায়ত
কলি হৈলা হরিষে বিষাদ॥
চারিবেদ-শির- মুকুট চৈতন্য
পামর মূঢ় নাহি জানে।
শ্রীচৈতন্য-চন্দ্র নিতাই-ঠাকুর
বৃন্দাবন দাস রস গানে॥

---

(৩)—পঠমঞ্জরী।

প্রকাশ হইলা গৌরচন্দ্র।
দশ দিকে উঠিল আনন্দ॥
রূপ কোটী মদন জিনিয়া।
হাসে নিজ-কীর্ত্তন শুনিয়া॥
অতি সুমধুর মুখ আঁখি।
মহারাজ-চিহ্ন সব দেখি॥
শ্রীচরণে ধ্বজ বজ্র শোভে।
সব অঙ্গে জগ-মন লোভে॥
দূরে গেল সকল আপদ।
ব্যক্ত হৈল সকল সম্পদ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ জান।
বৃন্দাবন দাস গুণ গান॥

---

(৪)—নটমঙ্গল।

চৈতন্য-অবতার শুনিয়া দেবগণ
উঠিল পরম মঙ্গল রে।
সকল তাপ-হর শ্রীমুখ-চন্দ্র দেখি
আনন্দে হইলা বিহ্বল রে।
অনন্ত ব্রহ্মা শিব আদি করি যত দেব
সবেই নর-রূপ ধরি রে।
গায়েন হরি হরি গ্রহণ ছল করি
লখিতে কেহো নাহি পারি রে॥

দশ দিকে ধায় লোক নদীয়ায়
বলিয়া উচ্চ হরি হরি রে।
মানুষ দেবে মেলি এক ঠাঁই করে কেলি
আনন্দে নবদ্বীপ পূরি রে ॥

শচীর অঙ্গনে সকল দেবগণে
প্রণাম হইয়া পড়িলা রে।
গ্রহণ-অন্ধকারে লখিতে কেহো নারে
দুর্জ্ঞেয় চৈতন্য-খেলা রে ॥

কেহো পড়ে স্তুতি কারো হাতে ছাতি
কেহো চামর ঢুলায় রে।
পরম হরিষে কেহো পুষ্প বরিষে
কেহো নাচে কেহো গায় রে ॥

সব ভক্ত সঙ্গে করি আইলা গৌরহরি
পাষণ্ডী কিছুই না জান রে।
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যানন্দ
বৃন্দাবন দাস রস গান রে ॥

---

(৫)—মঙ্গল।

দুন্দুভি ডিণ্ডিম মঙ্গল জয়ধ্বনি
গায় মধুর রসাল রে।
বেদের অগোচরে আজু ভেটব
বিলম্বে নাহি আর কাজ রে ॥

আনন্দে ইন্দ্রপুর মঙ্গল-কোলাহল
সাজ সাজ বলি সাজ রে।
বহু-পুণ্য-ভাগ্যে চৈতন্য পরকাশ
পাওল নবদ্বীপ মাঝ রে॥
অন্যোন্যে আলিঙ্গন চুম্বন ঘনেঘন
লাজ কেহো নাহি মান রে।
নদীয়া-পুরন্দর- জনম-উল্লাসে ভর
আপন পর নাহি জান রে॥
ঐছন কৌতুকে আইলা নবদ্বীপে
চৌদিকে শুনি হরিনাম রে।
পাইয়া গৌর-রস বিহ্বল পরবশ
চৈতন্য জয় জয় গান রে॥
দেখিল শচী-গৃহে গৌরাঙ্গ-সুন্দরে
একত্র যৈছে কোটী চান্দ রে।
মানুষ-রূপ ধরি গ্রহণ-ছল করি
বোলয়ে উচ্চ হরিনাম রে॥
সকল-শক্তি-সঙ্গে আইলা গৌরচন্দ্র
পাষণ্ডী কিছুই না জান রে।
শ্রীচৈতন্য নিত্যানন্দ- চাঁদ প্রভু জান
বৃন্দাবন দাস রস গান রে॥

(৬)—যথারাগ।

নদীয়া-উদয়গিরি পূর্ণচন্দ্র গৌরহরি
কৃপা করি হইল উদয়।

পাপ-তমো হৈল নাশ ত্রিজগতের উল্লাস
জগ ভরি হরি-ধ্বনি হয় ॥
সেই কালে নিজালয়ে উঠিয়া অদ্বৈত-রায়ে
নৃত্য করে আনন্দিত-মনে।
হরিদাসে লৈয়া সঙ্গে হুঙ্কার-কীর্ত্তন-রঙ্গে
কেনে নাচে কেহো নাহি জানে ॥
দেখি উপরাগ হাসি শীঘ্র গঙ্গা-ঘাটে আসি
আনন্দে করিলা গঙ্গা-স্নান।
পাঞা উপরাগ ছলে আপনার মনোবলে
ব্রাহ্মণেরে দিলা নানা দান ॥
জগত আনন্দময় দেখি মনে সবিস্ময়
ঠারেঠোরে কহে হরিদাস।
তোমার ঐছন রঙ্গ মোর মন পরসন্ন
জানি কিছু কার্য্যে আছে ভাস ॥
আচার্য্য-রত্ন শ্রীবাস হৈল মনে সুখোল্লাস
যাই স্নান কৈল গঙ্গাজলে।
আনন্দে বিহ্বল মন করে হরি-সঙ্কীর্ত্তন
নানা দান কৈল মনোবলে ॥
এইমত ভক্ত যতি যায় যেই দেশে স্থিতি
তাঁহা তাঁহা পাঞা মনোবলে।
নাচে করে সঙ্কীর্ত্তন আনন্দে বিহ্বল মন
দান করে গ্রহণের ছলে ॥
ব্রাহ্মণ-সজ্জন-নারী নানা দ্রব্যে থালি ভরি
আইলা সবে যৌতুক লঞা।

যেন কাঁচা-সোণা-দ্যুতি দেখি বালকের মূর্ত্তি
আশীর্ব্বাদ করে সুখ পাঞা ॥
সাবিত্রী গৌরী সরস্বতী শচী রম্ভা অরুন্ধতী
আর যত দেবনারীগণ।
নানা দ্রব্য পাত্র ভরি ব্রাহ্মণীর বেশ ধরি
আসি সবে করে দরশন ॥
অন্তরীক্ষে দেবগণ সিদ্ধ গন্ধর্ব্ব চারণ
স্তুতি নৃত্য করে বাদ্য গীত।
নর্ত্তক বাদক ভাট নবদ্বীপে যার নাট
সবে আসি নাচে পাঞা প্রীত ॥
কেবা আইসে কেবা যায় কেবা নাচে কেবা গায়
সম্ভালিতে নারি কারো বোল।
খণ্ডিলেক দুঃখ শোক প্রমোদে পূর্ণিত লোক
মিশ্র হৈলা আনন্দে বিহ্বল ॥
আচার্য্য-রত্ন শ্রীবাস জগন্নাথ মিশ্র পাশ
আসি তাঁরে করে সাবধান।
করাইল জাত.কর্ম্ম যে আছিল বিধি-ধর্ম্ম
তবে মিশ্র করে নানা দান ॥
যৌতুক পাইল যত ঘরে বা আছিল কত
সব ধন বিপ্রে দিল দান।
যত নর্ত্তক গায়ন ভাট অকিঞ্চন জন
ধন দিয়া কৈল সবার মান ॥
শ্রীবাসের ব্রাহ্মণী নাম তার মালিনী
আচার্য্য-রত্নের পত্নী-সঙ্গে।

সিন্দূর হরিদ্রা তৈল খই কলা নানা ফল
দিয়া পূজে নারীগণ রঙ্গে ॥
অদ্বৈত-আচার্য্য-ভার্য্যা জগত-বন্দিতা আর্য্যা
নাম তাঁর সীতা ঠাকুরাণী।
আচার্য্যের আজ্ঞা পাঞা গেলা উপহার লঞা
দেখিতে বালক-শিরোমণি ॥
সুবর্ণের কড়ি বৌলি রজতমুদ্রা-পাশুলি
সুবর্ণের অঙ্গদ কঙ্কণ।
দু'বাহুতে দিব্য শঙ্খ রজতের মল্লবঙ্ক
স্বর্ণ-মুদ্রা নানা হারগণ ॥
ব্যাঘ্রনখ হেম-জড়ি কটি-পট্টসূত্র-ডোরি
হস্ত-পদের যত আভরণ।
চিত্রবর্ণ পট্টসাড়ী ভুনিফোতা পট্টপাড়ী
স্বর্ণ-রৌপ্য-মুদ্রা বহু ধন ॥
দুর্ব্বা ধান্য গোরোচন হরিদ্রা কুঙ্কুম চন্দন
মঙ্গল-দ্রব্য পাত্রেতে ভরিয়া।
বস্ত্র-গুপ্ত দোলা চড়ি সঙ্গে লঞা দাসী চেড়ী
বস্ত্রালঙ্কার পেটারি ভরিয়া ॥
ভক্ষ্য ভোজ্য উপহার সঙ্গে লৈল বহু ভার
শচী-গৃহে হৈলা উপনীত।
দেখিলা বালক-ঠাম সাক্ষাত গোকুল-কান
বর্ণমাত্র দেখি বিপরীত ॥
সর্ব্ব অঙ্গ সুনির্ম্মাণ সুবর্ণ-প্রতিমা-ভান
সর্ব্ব অঙ্গ সুলক্ষণময়।

বালকের দিব্য দ্যুতি দেখি পাইল বহু প্রীতি
বাৎসল্যেতে দ্রবিল হৃদয় ॥
দূর্ব্বা ধান্য দিল শীর্ষে কৈল বহু আশীষে
চিরজীবী হও দুই ভাই।
ডাকিনী শাকিনী হৈতে শঙ্কা উপজিল চিতে
ডরে নাম থুইল নিমাই।
পুত্র-মাতা-স্নানদিনে দিল বস্ত্র বিভূষণে
পুত্র সহ মিশ্রেরে সম্মানি।
শচী-মিশ্রের পূজা লৈয়া মনেতে হরিষ হৈয়া
ঘরে আইলা সীতা-ঠাকুরাণী ॥
ঐছে শচী জগন্নাথ পুত্র পাঞা লক্ষ্মীনাথ
পূর্ণ হৈল সকল বাঞ্ছিত।
ধন ধান্যে ভরে ঘর লোকমান্য কলেবর
দিনে দিনে হয় আনন্দিত ॥
মিশ্র বৈষ্ণব শান্ত অলম্পট শুদ্ধ দান্ত
ধন-ভোগে নাহি অভিমান।
পুত্রের প্রভাবে যত ধন আসি মিলে তত
বিষ্ণু-প্রীতে দ্বিজে দেন দান ॥
লগ্ন গণি হর্ষমতি নীলাম্বর চক্রবর্ত্তী
গুপ্তে কিছু কহিল মিশ্রেরে।
মহাপুরুষের চিহ্ন লগ্নে অঙ্গে ভিন্ন ভিন্ন
দেখি এই তারিব সংসারে ॥
ঐছে প্রভু শচী-ঘরে কৃপায় কৈল অবতারে
যেই ইহা করয়ে শ্রবণ।

গৌর প্রভু দয়াময় তারে হয়েন সদয়
সেই পায় তাঁহার চরণ ॥
পাইয়া মানুষ-জন্ম যে না শুনে গৌর-গুণ
হেন জন্ম তার ব্যর্থ হৈল।
পাইয়া অমৃত-ধুনী পিয়ে বিষগর্ত্ত-পানী
জন্মিয়া সে কেনে নাহি মৈল ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ আচার্য্য অদ্বৈতচন্দ্র
স্বরূপ রূপ রঘুনাথ দাস।
ইঁহা সবার শ্রীচরণ শিরে বন্দি নিজ-ধন
জন্ম-লীলা গাইল কৃষ্ণদাস ॥

ইতি শ্রীচৈতন্যভাগবতে ও শ্রীচৈতন্যচরিতামৃতে
শ্রীশ্রীগৌরাঙ্গ-জন্মলীলা-কথা সমাপ্ত।

---

শ্রীকৃষ্ণ-প্রেমতরঙ্গিণী গ্রন্থে

## শ্রীশ্রীজন্মাষ্টমী-ব্রতকথা।

( শ্রীকৃষ্ণের এই অপূর্ব্ব জন্মোপবাস-ব্রতকথা শ্রীশ্রীজন্মাষ্টমীর
দিন অর্থাৎ তদীয় জন্মদিনে অবশ্য পাঠ্য ;
অন্য যে কোন দিনও পাঠ্য )।

### প্রথম অধ্যায়।

নমো নমো গুরুর চরণে নমস্কার।
যাঁহার কৃপায় খণ্ডে ভব-অন্ধকার ॥

নমো নমো গণপতি বিঘ্ন-বিনাশন।
নমো ব্যাসদেব সত্যবতীর নন্দন॥
নমো ব্যাস-সুত শুক মহাযোগেশ্বর।
মুনীন্দ্র-বন্দিত-পদ লীলা-কলেবর॥
শুক-মুনির চরণে মোহার পরণাম।
যাঁহার কৃপায় ভাগবত-উপাদান॥
দেব-দ্বিজ-চরণে করিয়া পরণতি।
কৃষ্ণগুণ-পাঁচালী রচিব যথামতি॥
নমো নারায়ণের চরণে পরণাম।
ব্রহ্মাণ্ড-কোটীর স্থিতি-প্রলয়-বিধান॥
পুরুষ-পুরাণ হরি অনাদি-নিধান।
লীলা-অবতার করে ভকত-তারণ॥
চরণ-পঙ্কজে তাঁর করিয়া প্রণাম।
কথাচ্ছলে ভাগবত করিব ব্যাখ্যান॥

জয় জয় নন্দসুত ব্রজকুল-পতি।
জয় জয় যদুনাথ ত্রিভুবন-গতি॥
জয় জয় জগত-নিবাস-হৃষীকেশ।
জয় জয় ভক্তকুল-নলিনী-দিনেশ॥
জয় জয় ব্রহ্মাদি-বন্দিত পাদপদ্ম॥
জয় জয় দিব্য-অবতার-নবসদ্ম॥
জয় জয় কমলা-লালিত-পদদ্বন্দ্ব।
জয় জয় মুনীন্দ্র-মানস-সুখানন্দ॥
জয় জয় গুণনিধি জয় দয়াময়।
জয় জয় ভকত-বৎসল রসময়॥

জয় জয় যদুকুল-কমল-ভাস্কর।
জয় জয় ব্রজবধূ-কঞ্জ-শশধর ।।
জয় জয় মহাভয়-দুরিত-ভঞ্জন।
জয় জয় পরচণ্ড-পাষণ্ড-খণ্ডন ।।
জয় জয় অসুর-কুঞ্জর-মহাসিংহ।
জয় জয় ব্রজবধূ-মুখপদ্ম-ভৃঙ্গ ।।
জয় জয় যোগীন্দ্র-মানস-পরহংস।
জয় জয় ভবপথ-পরিশ্রম-ধ্বংস ।।
জয় জয় জগত-মঙ্গল গুণধাম।
জয় জয় শ্রুতি-বাণী-অগোচর-নাম ।।
জয় জয় জগত-নিবাস লক্ষ্মীকান্ত।
জয় জয় ভক্তকুল-বৎসল নিতান্ত ।।
জয় জয় দিব্য মৎস্য-আদি-অবতার।
জয় মহাকূর্ম্ম ক্ষীর-জলধি-বিহার ।।
জয় যজ্ঞ অবতার বরাহ-মূরতি।
জয় নরসিংহ দিব্য অনন্ত-শকতি ।।
জয় দিব্য-পরাক্রম অদ্ভুত বামন।
জয় ভৃগুপতি ক্ষত্রিকুল-বিনাশন ।।
জয় জয় রঘুপতি রাম-অবতার।
জয় হলধর রাম বিপক্ষ-বিদার ।।
জয় বুদ্ধ-অবতার অসুর-মোহন।
জয় কল্কি-রূপ ম্লেচ্ছকুল-বিনাশন ।।
জয় পূর্ণব্রহ্ম কৃষ্ণ বিচিত্র-বিহার।
জয় জগন্নাথ নীলাচল-অবতার ।।

জয় জয় শ্রীগৌরাঙ্গ চৈতন্য-মূরতি।
প্রেমভক্তি-দাতা প্রভু অগতির গতি॥

তবে কহি শুন লোক কৃষ্ণের চরিত্র।
অশেষ দুরিত হরে পরম পবিত্র॥
পরীক্ষিত মহারাজ ভকত-প্রধান।
শুকের সাক্ষাতে জিজ্ঞাসিল মতিমান্॥
"চন্দ্রবংশ সূর্য্যবংশ কহিলে সকল।
দুই বংশে জন্মিল যতেক মহীপাল॥
তা সবার অদভুত কহিলে চরিত্র।
বিশেষে যদুর যশ কহিলে পবিত্র॥
সেই যদু-বংশে হরি করি অবতার।
কি কি রূপে কৈল কর্ম্ম আনন্দ-বিহার॥
জগতের আত্মা প্রভু এক ভগবান্।
যাঁহা হৈতে হয় সব-বিশ্ব-উপাদান॥
হেন প্রভু কি কারণে ধরে নর-বেশ।
তাঁর গুণ কর্ম্ম তুমি কহিবে বিশেষ॥
কৃষ্ণকথা-সম সুখ নাহি মুক্তি-পদে।
তে কারণে ভক্তগণ গায় উচ্চ-নাদে॥
ভক্তি-পদ খাইতে যার বিশেষ যতন।
তারা সব কৃষ্ণ-গুণ গায় অনুক্ষণ॥
পরম-ঔষধ এই ভব-নিবারণে।
সতত কীর্ত্তন করে ভব-ভীত জনে॥
হরি-কথা-গুণ-নাম শ্রুতি-মনোহর।
বিষয়-লম্পট জনে শুনে নিরন্তর॥

কৃষ্ণকথা-শ্রবণে কাহার নাহি মতি।
কেবল না শুনে অচেতন আত্মঘাতী ॥
যুধিষ্ঠির আদি মোর পিতামহগণ।
কৃষ্ণ-পদযুগ-নৌকা করি আরোহণ ॥
কুরুসৈন্য গভীর-সাগর ভয়ঙ্কর।
ভীষ্ম দ্রোণ আদি মহাবীর ঘোরতর ॥
বৎস-পদ করি তাঁরা তরিলা সমরে।
হেনরূপে কৈলা হরি বংশের উদ্ধারে ॥
বংশ-রক্ষা-হেতু মোর এই কলেবর।
অশ্বত্থামা-ব্রহ্মঅস্ত্রে পুড়িল সকল ॥
শরণ লইল মাতা প্রভুর চরণে।
চক্রে অস্ত্র কাটি প্রভু রাখিলা আপনে ॥
কাল-রূপে সেই প্রভু করয়ে সংহার।
অন্তর্যামি-রূপে করে ভকত-উদ্ধার ॥
মায়ায় মানুষ-রূপে করে অবতার।
তাঁর গুণ কথা কহ করিয়া বিস্তার ॥
হেন শুনি রোহিণীর পুত্র বলরাম।
কিরূপে দৈবকী-গর্ভে হৈল উপাদান ॥
এক দেহ দুই গর্ভে কেমতে প্রবেশে।
কহিবে এ সব তুমি কৌতুক-বিশেষে ॥
কেন বা জন্মিলা কৃষ্ণ দৈবকী-উদরে।
কেমন করিয়া গিয়া রহিলা গোকুলে ॥
কিবা কর্ম্ম কৈল কৃষ্ণ গোকুলে রহিয়া।
কোন্ কর্ম্ম কৈল তবে মধুপুরী গিয়া ॥

সাক্ষাত মাতুল-বধ কৈল কি কারণে।
প্রভুর নিন্দিত কর্ম্ম কোন্ প্রয়োজনে॥
নর-লীলা প্রকাশিলা কতেক দিবস।
যদু-কুলে কোন্ কর্ম্ম করিলা প্রকাশ॥
কত রাজকন্যা হৈল প্রভুর রমণী।
আর যত যত কর্ম্ম কৈলা চক্রপাণি॥
সকলে কহিবে গুরু! করিয়া বিস্তার।
মহাযোগেশ্বর! মোর কর প্রতীকার॥
সাত দিন আমি নাহি পরশিয়ে জল।
তবু ত ক্ষুধায় আমি না হই বিকল॥
তোমার বদন-সরোরুহ-বিগলিত।
পান করি হরিকথা বচন-অমৃত॥"

এই কথা কহে সূত নৈমিষ-অরণ্যে।
শৌনকাদি মুনিগণ শুনে একমনে॥
সূত বলে শুনহ শৌনক মুনিগণ!।
"শুক যোগেশ্বর শুনি রাজার বচন॥
সাধু সাধু বলি তাঁরে করিয়া বাখান।
কহিতে আরম্ভ কৈল ভকত-প্রধান॥
'ভাল ভাল নিশ্চয় করিলে নরপতি।
গোবিন্দ-কথায় তুমি কৈলে দৃঢ়মতি॥
কৃষ্ণকথা-প্রশ্নফল কহিব তোমারে।
জিজ্ঞাসা করিলে মাত্র সর্ব্ব-পাপ হরে॥
যেবা পুছে যেবা কহে যে করে শ্রবণ।
বিশেষে পবিত্র হয় এই তিন জন॥

ত্রিভুবন তরে জেনো তাঁর পদ-জলে।
কৃষ্ণ-কথা পুছিলেই সর্ব্ব-পাপ হরে॥'
রাজারে প্রশংসা করি ব্যাসের নন্দন।
কহিতে লাগিল আদি-অন্ত-বিবরণ॥
কংস জরাসন্ধ আদি নৃপ-রূপ ধরি।
দৈত্যগণে ব্যাপিল সকল মর্ত্ত্যপুরী॥
তা সবার ভরে অতি করিয়া ক্রন্দন।
পৃথিবী লইল গিয়া ব্রহ্মার শরণ॥
'যাবত পাতালে মোর নাহি হয় গতি।
তাবত রাখিতে মোরে করিবে শকতি॥
অসুরের ভার আর সহনে না যায়।
এ সব গোচর দেব! কৈনু তুয়া পায়॥
পৃথিবীর বচন শুনিয়া প্রজাপতি।
ইন্দ্র আদি দেবগণ করিয়া সংহতি॥
চলিলা চতুরানন সঙ্গে মহেশ্বর।
ক্ষীর-জলনিধি যথা প্রভু গদাধর॥
বেদ-মন্ত্রে স্তুতি কৈল যত দেবগণে।
সমাধি করিয়া ব্রহ্মা রহিলা ধেয়ানে॥
শুনিলা আকাশ-বাণী গগন মণ্ডলে।
সমাধি ভাঙ্গিয়া ব্রহ্মা বলে উচ্চৈঃস্বরে॥
'শুন শুন দেবগণ ঈশ্বরের বাণী।
আপনে কহিলা যত প্রভু চক্রপাণি॥
পৃথিবীর দুঃখ প্রভু জানেন আপনে।
পুরবেই কৈলা প্রভু তার সমাধানে॥

তুমি সব জন্ম লহ গিয়া যদু-বংশে।
সবাই জনম গিয়া নিজ-নিজ-অংশে ॥
বসুদেব-ঘরে গিয়া দৈবকী-উদরে।
অবতার করিব প্রভু আপনি ক্ষিতি-তলে ॥
দিব্য-মূর্ত্তি আছে যত দেবতা-সুন্দরী।
জনম লভুক গিয়া নর-রূপ ধরি ॥
অনন্ত ধরণী-ধর সহস্র-বদন।
প্রথমে আসিয়া তেঁহো লভিবে জনম ॥
বিষ্ণু-মায়া ভগবতী জগত মোহিনী।
আপনেই আজ্ঞা তাঁরে দিলা চক্রপাণি ॥
কার্য্য সাধিবারে তেঁহো জন্মিব আপনে।
এ বোল বুঝিয়া দেব! চল নিজ-স্থানে ॥”
পৃথিবী পাঠাইয়া দিলা করিয়া আশ্বাস।
তবে ব্রহ্মা চলিলা আপন নিজ-বাস ॥

শূরসেন নামে রাজা যদু-কুলে ছিল।
সে রাজা ‘মথুরা’ নামে পুরী নিরমিল ॥
রাজ্য-ভোগ কৈল রাজা মথুরায় বসি।
রাজধানী নাম তার সেই হৈতে ঘুষি ॥
যে মথুরাপুরে কৃষ্ণ নিত্য সন্নিধান।
শূর-বংশে ছিল তথা বসুদেব নাম ॥
উগ্রসেন নামে এক আছিল নৃপতি।
তাঁর ভাই আছিল দেবক মহামতি ॥
দেবক ‘দৈবকী’ নাম কন্যার বিবাহে।
ডাকিয়া ত বসুদেবে আনিলা উৎসাহে ॥

বসুদেবে আনিয়া পূজিলা মতিমান্।
বিধি-অনুসারে তাঁরে কৈলা কন্যা-দান ॥
বহুমূল্য ধন দিলা যৌতুক-নিমিত্তে।
কন্যা বর তুলি তবে দিলা দিব্য-রথে ॥
চারি-শত মত্ত গজ কাঞ্চনে ভূষিত।
সাজা'য়ে রথের আগে কৈল নিয়োজিত ॥
অষ্টাদশ-শত রথ কাঞ্চনে নির্ম্মাণ।
পঞ্চদশ-সহস্র ঘোড়া দিলা আগুয়ান ॥
দুই-শত দাসী দিল ভূষণে ভূষিয়া।
কন্যা সমর্পণ কৈল বিনয় করিয়া।
শংখ-ভেরী-দুন্দুভি-মৃদঙ্গ-কোলাহল।
দেব-বাদ্য নর-বাদ্য বাজে সুমঙ্গল ॥
উগ্রসেন-সুত যুবরাজ কংস নামে।
রথের সারথি হৈয়া চলিলা আপনে ॥
ধরিল ঘোড়ার বাগ ভগিনী-সদয়ে।
অন্তরীক্ষ-বাণী হৈল হেনই সময়ে ॥
"যাহারে বহিস্ অরে অবোধ-শেখর।
তার গর্ভে হবে তোর মরণ নিশ্চল ॥
ইহার অষ্টম গর্ভে তোমার মরণ।
না বুঝিয়া কুমতি বহিস্ হেন জন ॥"
এ বোল শুনিয়া কংস কুলের অঙ্গার।
খলমতি মহাপাপী ক্রূর দুরাচার ॥
তীক্ষ্ন খড্গ হাতে ধরি উঠিলা সত্বরে।
লাফ দিয়া ধরে গিয়া ভগিনীর চুলে ॥

তবে বসুদেব দেখি কংসের ব্যভার।
নির্লজ্জ পাপিষ্ঠ পাপমতি দুরাচার ॥
প্রহসিত-মুখপদ্ম অন্তরে দুঃখিত।
বসুদেব বলে তবে সময়-উচিত ॥
"তোমা হৈতে যশের বিস্তার ভোজ-বংশে।
বীরগণে নিরবধি তোমারে প্রশংসে ॥
তুমি কংস মহাবীর জগতে বিখ্যাত।
তুমি কেন হেন কর্ম্ম করিবে সাক্ষাত ॥
নারী-বধ হয়ে তাহে ভগিনী তোমার।
বিবাহ-উৎসব তাহে নহে ধর্ম্মাচার ॥
যদি বল আপনার মরণ খণ্ডাই।
কোনো মতে কারো কভু মৃত্যু না এড়াই ॥
শরীরের সনে মৃত্যু জনমে সবার।
এখনে মরুক কিম্বা শত বর্ষ পর ॥
অবশ্য মরণ হবে কভু নহে আন।
এ বোল বুঝিয়া ক্রোধ ছাড় মতিমান্ ॥
এ দেহ ছাড়িলে আর না হবে শরীর।
হেন না বলিহ তুমি শুন মহাবীর! ॥
অন্য দেহ পাঞা জীব পূর্ব্ব দেহ ছাড়ে।
অদৃষ্ট-অধীন জীব অদৃষ্টে সঞ্চারে ॥
এক পদ ভূমে ফেলি আর পদ তুলি।
জোঁকে যেন ছাড়ে তৃণ আর তৃণ ধরি ॥
জাগিতে রাজাদি-রূপ হয় দরশনে।
ইন্দ্রপদ-সুখভোগ শুনয়ে শ্রবণে ॥

শয়ন করিয়া সেই করিয়া ধেয়ান।
স্বপনেই সেই রূপ দেখে বিদ্যমান॥
আপনেই ইন্দ্র হয় আপনেই রাজা।
আপনার পূর্ব্ব-দেহ পাসরে সে প্রজা॥
মরণ-সময়ে জীব যে দেহ চিন্তয়।
সেই দেহে জীবের জনম গিয়া হয়॥
উত্তম অধম দেহ অদৃষ্ট-প্রধান।
অদৃষ্ট যে করে সেই কভু নহে আন॥
এক চন্দ্র একই সূর্য্য প্রকাশ-স্বরূপ।
জল-ভেদে সেই যেন দেখি নানারূপ॥
বায়ু বেগে তাদের যেন চলন কম্পন।
বিচারিলে দেখি যত সে সব ভরম॥
এইরূপ নিত্য জীব অজর অমর।
ঈশ্বরের অংশ জীব ঈশ্বর-কিঙ্কর॥
মায়া-বিরচিত দেহে করি অনুরাগ।
দেহ-ধর্ম্মে আপনা পাসরে মহাভাগ॥
যে পুনঃ পণ্ডিত সেই করিব বিচার।
বুঝিয়া না করে কভু পর-অপকার॥
পরহিংসা যে করে নিজ-কুশল-কারণে।
সেই হিংসকের ভয় অবশ্য জনমে॥
এ তোমার ভগিনী কনিষ্ঠ অচেতনা।
ইহাকে না মার' তুমি শিশু বুদ্ধিহীনা॥"

সাম-ভেদে বসুদেব কৈল এত স্তুতি।
তবু সে সদয় নহে কংস পাপমতি॥

তবে বসুদেব তার বুঝিয়া হৃদয়।
মনে মনে যুকতি চিন্তিল মহাশয়॥
"অশুভ খণ্ডিতে করি কালের হরণ।
উপায় দেখিয়ে সবে এই সে এখন॥
যখন আসিয়া মৃত্যু হয় উপসন্ন।
বুদ্ধি-বলে নিবারিব করিয়া যতন॥
তবু মৃত্যু-পথ যদি খণ্ডিতে না পারি।
তবে আর আপনার দোষ নাহি ধরি॥
'যত পুত্র দৈবকীর হবে উপসন্ন।
সকল করিব কংস! তোমা সমর্পণ॥'
এ বোল বলিয়া করি দৈবকীর রক্ষা।
সম্প্রতি এখনে হয় মরণের মোক্ষা॥
পুত্র জনমিব যদি ইহার উদরে।
তার হস্তে মৃত্যু যদি থাকয়ে কংসেরে॥
অবশ্য মারিবে কংসে মোর পুত্রবরে।
বিধাতার গতি কেবা বুঝিবারে পারে॥
সম্প্রতি এখন করি মৃত্যু-নিবারণ।
কোনো মতে অবশ্য হবে কংসের মরণ॥
আগুণ লাগিলে যেন পোড়ে কাষ্ঠচয়।
দৈবযোগে তার মধ্যে কোনো কাষ্ঠ রয়॥
নিকটে ছাড়িয়া ঘর দূরে গিয়া পোড়ে।
অদৃষ্টে যাহার যেন তেন ফল ধরে॥
এইরূপে শরীরের সংযোগ বিচ্ছেদ।
অদৃষ্ট-কারণ বিনা কিছু নাহি ভেদ॥"

এইরূপে বিমরিষ করিয়া হৃদয়।
বলিতে লাগিলা বসুদেব মহাশয়॥
অট্ট অট্ট হাস করি প্রসন্ন-বদন।
অন্তরে দুঃখিত হঞা কি বলে বচন॥
"শুন কংস যুবরাজ! তুমি মহাশয়!।
দৈবকী করিয়া তুমি না করিহ ভয়॥
যত পুত্র জনমিবে ইহার উদরে।
আমি আনি সমর্পিব তোমার গোচরে॥
অন্তরীক্ষ-বাণী হৈল যাহার কারণে।
তাহা আনি দিব আমি তোমা বিদ্যমানে॥"
এ বোল শুনিয়া কংস চিন্তিল হৃদয়ে।
'ভাল ত কহিল বসুদেব-মহাশয়ে॥'
দৈবকীর কেশ-বন্ধ দিলেক ছাড়িয়া।
বসুদেব ঘরে গেলা কংসে প্রশংসিয়া॥

কতকাল রহি তবে দৈবকী-উদরে।
অষ্ট পুত্র জনমিল বৎসরে বৎসরে॥
অবশেষে এক কন্যা হৈল উপাদান।
প্রথম পুত্রের হৈল কীর্ত্তিমন্ত নাম॥
ভয়-যুত বসুদেব অসত্য বচনে।
পুত্র সমর্পিল ল'য়ে কংস-বিদ্যমানে॥
সাধুজনে নাহি কিছু দুঃসহ সংসারে।
পণ্ডিত জনের কিবা অপেক্ষা কাহারে॥
দুষ্টজনে কিবা নাহি করয়ে কুকর্ম্ম।
ভকত না করে কভু অসত্য অধর্ম্ম॥

তার সত্য ধর্ম্ম দেখি কংস যুবরাজ।
কহিল বিনয় করি মনে পাঞা লাজ ॥
"ইহা হৈতে আমার নাহিক কোনো ভয়।
ঘরে লঞা যাহ তুমি আপন তনয় ॥
অষ্টম গর্ভেতে পুত্র হইবে তোমার।
তাহা হৈতে মৃত্যু-ভয় আছয়ে আমার ॥"

পুত্র ল'য়ে বসুদেব চলিলা তখনে।
প্রতীত নহিল তবু দুষ্টের বচনে ॥
হেন কালে আসিয়া নারদ-তপোধন।
কহিল কংসেরে তবে মন্ত্রণা-বচন ॥
"নন্দ আদি গোপ যত গোকুলে বসতি।
সপুত্র বান্ধব তার যতেক যুবতী ॥
যদু-কুলে তোমার যতেক বন্ধু আছে।
বসুদেব আদি যত মথুরায় বৈসে ॥
যতেক দৈবকী আদি যদুকুল-নারী।
সকল দেবতা-জন্ম বুঝ অবধারি ॥
জ্ঞাতি বন্ধু তা সবার যারা তব ভৃত্য।
এ সব দেবতা আমি কহিল নিশ্চিত ॥
হরিতে পৃথিবী-ভার দেবের মন্ত্রণা।
বুঝিয়া উপায় তার করহ খণ্ডনা ॥"

এতেক কহিয়া মুনি হৈলা অন্তর্ধান।
কোন্ যুক্তি করে তবে কংস বলবান্ ॥
"দৈবকীর গর্ভে হৈব বিষ্ণু-অবতার।
সেই সে করিব মোরে অবশ্য সংহার ॥

পূরবে আছিনু মুঞি নামে কালনেমি।
সংগ্রামে বধিল মোরে ঐ চক্রপাণি॥
এখন কপট-বেশে দৈবকী-উদরে।
জনম লভিবে মোরে মারিবার তরে॥"
এতেক জানিয়া কংস কোন্ কর্ম্ম করে।
বসুদেব-দৈবকীরে বান্ধিল নিগড়ে॥
যত পুত্র জনমিল বৎসরে বৎসরে।
বিষ্ণু-শঙ্কা করিয়া মারিল একেবারে॥
খল রাজা কংস যত করয়ে দুর্নীত।
বন্ধু-বধ করে তার এ কোন্ বিচিত্র॥
পিতা মাতা বন্ধু পুত্র মিত্র সহোদরে।
রাজ্য-লোভে লোভী রাজা এ সব সংহরে॥
উগ্রসেন পিতা লৈয়া নিগড়ে বান্ধিল।
আপনি নৃপতি হৈয়া রাজ্যভোগ কৈল॥

মহাভাগবত লোক সুখে যেন বুঝে।
কথাচ্ছলে কহি আমি বুঝাবার কাজে॥
বুধ-জনে করি আমি এই পরিহার।
দোষ ক্ষমা করি মোর করহ বিচার॥
যেন তেন মতে কৃষ্ণকথা-অবসরে।
দিবস গোঙাই মাত্র এই মনে ধরে॥
চিত্ত দিয়া শুন ভাই! কৃষ্ণগুণ-বাণী।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি "শ্রীকৃষ্ণ-প্রেমতরঙ্গিণী" গ্রন্থে শ্রীমদ্ভাগবতীয় দশমস্কন্ধ-ধৃত শ্রীকৃষ্ণ-জন্মলীলার ভাষানুবাদে প্রথম অধ্যায় সমাপ্ত।

## দ্বিতীয় অধ্যায়।

প্রলম্ব চাণূর বক তৃণাবর্ত্ত নাম।
অঘাসুর মুষ্টিক অরিষ্ট বলবান্ ॥
দ্বিবিদ ধেনুক আর পুতনা রাক্ষসী।
যতেক অসুর আর মহাবল কেশী ॥
বাণ আদি করি আর যত নরেশ্বর।
এ সব সংহতি করি কংস বীরবর ॥
জরাসন্ধ সংহতি করিয়া দুষ্ট-মতি।
যদুকুল-হিংসন করয়ে নিরবধি ॥
তার ভয়ে যদু-কুল গিয়া নানা দেশে।
পলা'য়ে রহিল গিয়া অকিঞ্চন-বেশে ॥
কংস-সেবা করিয়া রহিল কত জন।
হেনরূপে কৈল যদু-কুলের হিংসন ॥
ছয় পুত্র দৈবকীর করিল বিনাশ।
সপ্তমে 'অনন্ত' আসি কৈল গর্ভে বাস ॥
কেবল বৈষ্ণব-ধাম সহস্র-বদন।
দৈবকীর গর্ভে আসি হৈলা উপসন্ন ॥
কংস-ভয়ে দৈবকী হৈল বিমরিষ।
জন্মিল ঈশ্বর-পুত্র এ বড় হরিষ ॥
জগতের আত্মা প্রভু পূর্ণ ভগবান্।
হেন বস্তু নাহি যাতে নাহি অবধান ॥
যদু-কুলে কংস-ভয় জানেন আপনে।
যোগমায়া পাঠাইয়া দিলা নারায়ণে ॥

"চল মহামায়া ! তুমি নন্দের গোকুলে।
গোপ-গোপী-গোধন-মণ্ডিত নিরন্তরে॥
বসুদেব-ভার্য্যা তথা আছেন রোহিণী।
কংস-ভয়ে অলক্ষিতে থাকে একাকিনী॥
দৈবকীর গর্ভ তুমি রোহিণী-উদরে।
থোও গিয়া কেহ যেন লখিতে না পারে॥
তবে আমি পূর্ণ-রূপে দৈবকী-উদরে।
জনম লভিব গিয়া বসুদেব-ঘরে॥
নন্দের ঘরণী আছে যশোদা-সুন্দরী।
তথা গিয়া জন্ম তুমি দিব্য মূর্ত্তি ধরি॥
নানা যজ্ঞ বলিদান দিয়া উপহার।
নরলোকে মহাপূজা করিবে তোমার॥
সর্ব্ব-লোকে দিবে তুমি সর্ব্ব কাম্য-বর।
সর্ব্ব-লোকে তোমারে পূজিবে নিরন্তর॥
কুমুদা চণ্ডিকা দুর্গা বিজয়া বৈষ্ণবী।
নারায়ণী ভদ্রকালী শারদা মাধবী॥
এ সব বিশেষ নাম ধরিব তোমার।
জগতে রহিব দিব্য পূজা সর্ব্ব-কাল॥
গর্ভ আকর্ষণ করিয়া আনিব আপনে।
সঙ্কর্ষণ নাম তাঁর হৈব তে কারণে॥
মনোরম দেখি লোকে বলিব বলরাম।
বলভদ্র নাম হৈব দেখি বলবান্॥"

এইরূপে আজ্ঞা যদি দিলা নারায়ণে।
শিরে আজ্ঞা ধরি দেবী চলিলা তখনে॥

দৈবকীর গর্ভ আনি রোহিণী-উদরে।
মহামায়া থুইল লৈয়া মহা-যোগ-বলে॥
দৈবকীর গর্ভপাত হৈলা হেন বাণী।
সর্ব্ব-লোকে এই কথা হৈল জানাজানি॥
জগতের আত্মা প্রভু পূর্ণ ভগবান্।
সতত ভকত-জনে করে পরিত্রাণ॥
সর্ব্ব শক্তি লঞা তবে প্রভু হৃষীকেশ।
বসুদেব-চিত্তে কৈল আপনে প্রবেশ॥
বসুদেব পরম বৈষ্ণব-ধাম ধরি।
সূর্য্য-সম তেজ কেহ-সহিতে না পারি॥
হেনকালে তবে বসুদেব মহাভাগ।
দেখিল দৈবকী-মুখ করি অনুরাগ॥
সর্ব্বশক্তি-যুত ধাম আনন্দ-মঙ্গল।
অখণ্ড অচ্যুত পরিপূর্ণ মহাবল॥
বসুদেব আরোপিল দৈবকীর মনে।
ধরিল দৈবকী ধাম চিত্ত-সমাধানে॥
পূর্ব্ব-দিগে ধরে যেন পূর্ণ শশধর।
ধরিল দৈবকী ধাম মনের ভিতর॥
জগত-নিবাস তাঁর নিবাস-স্বরূপ।
প্রকাশ না হৈল তবু দৈবকীর রূপ॥
কংসের মন্দিরে দেবী আছিলা বন্ধনে।
প্রকাশ না হৈল তেজ তাহার কারণে॥
প্রদীপের শিখা যেন কুম্ভের ভিতরে।
মূর্খ-মুখে শুদ্ধ বানী যেন না নিঃসরে॥

কংস আসি দৈবকীরে দেখি আচম্বিত।
চিন্তিতে লাগিলা কংস মনে পাঞা ভীত ॥
"এমন দৈবকী-রূপ কভু নাহি দেখি।
বিষ্ণু আসি অবতার কৈলা হেন লখি ॥
দৈবকীর অঙ্গ-তেজ সহনে না যায়।
এখন করিব আমি কেমন উপায় ॥
প্রয়োজন-কারণে বিক্রম নাহি করি।
যাহা হৈতে অপযশ রহে লোক ভরি ॥
একে ত স্ত্রী-জাতি আর তাহে গর্ভবতী।
তাহাতে ভগিনী-বধ হবে কোন্ গতি ॥
বল বীর্য্য পরমায়ু হরয়ে সকল।
জীয়ন্তেই মরা তার জীবন বিফল ॥"

এইরূপে সংশয় ভাবিয়া মনে মনে।
চিত্ত নিবারিয়া কংস রহিলা আপনে ॥
এখনে জন্মিব হরি কি হবে প্রকার।
নিরবধি চিন্তয়ে মরণ-প্রতীকার ॥
মজ্জন ভোজন পান করিতে শয়ন।
কৃষ্ণময় জগত দেখয়ে অনুক্ষণ ॥
গোবিন্দ ধেয়ান করি রহে নিরন্তর।
চিন্তিতে চৌদিকে কংস দেখে গদাধর ॥

তবে নারদাদি সনকাদি মুনিগণে।
ইন্দ্র আদি দেবগণ সবল বাহনে ॥
আপনে আসিয়া ব্রহ্মা হর মহেশ্বর।
স্তুতি করে নারায়ণে গর্ভের ভিতর ॥

"সত্যব্রত প্রভু! তুমি সত্য সর্ব্বকাল।
সত্যে তোমা পায় জীব সত্যের আধার॥
সত্যে আরোপিত সত্য আছয়ে তোমাতে।
তুমি যে সত্যের সত্য জানিল সাক্ষাতে॥
সত্যময় প্রভু! তুমি, তুমি সত্য-ব্রহ্ম।
আমি সব হৈনু দুই চরণে প্রপন্ন॥
সংসার-বৃক্ষের এক প্রকৃতি আশ্রয়।
সুখ দুঃখ দুই গুটী ফলমাত্র হয়॥
সত্ত্ব রজ তম গুণ তিন গুটি মূল।
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চারি রস তুল॥
চক্ষু কর্ণ জিহ্বা নাসা আর জানি ত্বক্।
জ্ঞান-পরকার এই ইন্দ্রিয় পঞ্চক॥
শোক মোহ জরা মৃত্যু ক্ষুধা তৃষ্ণা আর।
এই ছয় গুটি হয় স্বভাব ইহার॥
রস রক্ত মাংস আদি সাত ধাতু ছাল।
পঞ্চভুত মন বুদ্ধি অহং অষ্ট ডাল॥
নব গুটি গর্ত্তে হয় সঞ্চার ব্যভার।
এইরূপে কহি আদি-বৃক্ষের বিস্তার॥
দশ গুটী প্রাণ হয় বৃক্ষের দশ পাতে।
সবে দুই গুটী হংস আছয়ে তাহাতে॥
আব্রহ্ম পর্য্যন্ত ভব আদি বৃক্ষ বলি।
সকল পুরাণ বেদে এই অবধারি॥
হেন ভব-বৃক্ষ তোমা হৈতে উতপতি।
তোমাতে প্রলয় হয় তোমাতেই স্থিতি॥

তুমি সে পালন তার কর সর্ব্ব-কাল ।
তোমা বিনা সত্য কিছু না হয় সংসার ॥
তুমি সৃজ তুমি পাল তোমাতে প্রলয় ।
মায়া-বিমোহিত লোক নানারূপ কয় ॥
তুমি ব্রহ্মা তুমি বিষ্ণু তুমি মহেশ্বর ।
এক প্রভু ধর তুমি নানা কলেবর ॥
বুধ-জনে তুমি সর্ব্ব-সত্য হেন জানে ।
অসত্যে মানয়ে সত্য মোহিত যে জনে ॥
জ্ঞানময় আত্মা তুমি দিব্য রূপ ধর ।
দিব্য অবতার করি ভকত উদ্ধার ॥
জগত-মঙ্গল রূপ ধর সত্যময় ।
সাধুজন-পরিত্রাণ যাহা হৈতে হয় ॥
খল-নিবারণ-হেতু কর অবতার ।
যোগিগণে যে রূপ চিন্তিয়া হয় পার ॥
যত যত ভাগবত আছয়ে প্রধান ।
চিন্তয়ে তোমার শুদ্ধ-সত্ত্বময় ধাম ॥
সমাধি করিয়া চিত্ত করি নিরোধন ।
তোমার চরণ-নৌকা করিয়া চিন্তন ॥
গুরুজন-উপদেশে বৎস-পদ করি ।
হেলায় চলিল তারা ভব-সিন্ধু তরি ॥
আপনে তরিয়া ভব-সিন্ধু ভয়ঙ্কর ।
লোক-পরিত্রাণ-হেতু চিন্তিল বিস্তর ॥
লোকের বৎসল তাঁরা পরম দয়াল ।
তোমার চরণে ভক্তি করিয়া বিস্তার ॥

চরণ-পঙ্কজ-পোত জগতে স্থাপিয়া ।
মহাজন সব গেল সংসার তরিয়া ।।
দেবদেব দয়াশীল কমল-লোচন ।
ভক্তিহীন জন তার বিফল জীবন ।।
তোমার চরণে ভক্তি না কৈল যে জনে ।
যোগ সাধি আপনাকে মুক্ত হেন মানে ।।
করিয়া পরম-পদ দুঃখে আরোহণ ।
তাহা হৈতে হয় তার পুনঃ নিপতন ।।
তোমার পদারবিন্দে যে হয় বঞ্চিত ।
শুদ্ধ-বুদ্ধি নহে তার ভক্তিহীন চিত ।।
মুক্তি-পদ পাঞা সেই পড়ে আর বার ।
ভক্তি বিনে কেহ নহে ভবসিন্ধু-পার ।।
হে মাধব ! তুমি হও জগত-নিবাস ।
ভকত-জনের কভু না হয় বিনাশ ।।
প্রেম-অনুবন্ধ করি তোমার চরণে ।
যথা তথা রহুক যেন তেন মনে ।।
বিঘ্ন-শিরে চরণ ধরিয়া দৃঢ় করি ।
স্বচ্ছন্দে ভ্রমুক গিয়া ভয় পরিহরি ।।
তুমি রক্ষা কর যদি নহে তার নাশ ।
হেন তুমি ভকত-বৎসল শ্রীনিবাস ।।
যদ্যপি কেবল আত্মা তুমি জ্ঞানময় ।
তথাপি ভকতজন-পালন-সদয় ।।
বিশুদ্ধ-পরম-ধাম দিব্য-মূর্ত্তি ধর ।
জীব-পরিত্রাণ-হেতু নানা লীলা কর ।।

বেদ-যজ্ঞ কর্ম্ম-যজ্ঞ যোগ তপ করি।
সে রূপ ভাবিয়া লোক যায় ভব তরি॥
এই সে কারণে মূর্ত্তি কর আবির্ভাব।
প্রকট-পরমানন্দ অচিন্ত্য-প্রভাব॥
যদি না করিতে তুমি মূর্ত্তি পরকাশ।
কে তোমা জানিত তবে সর্ব্বভূত-বাস॥
কাহারো নহিত তবে ঈশ্বর-গেয়ান।
আছেন ঈশ্বর সবে এই অনুমান॥
কাহারো নহিত তবে অজ্ঞান-বিচ্ছেদ।
কারো না ঘুচিত তবে ভববন্ধ-খেদ॥
এখনে তোমার দিব্য অবতার ভজি।
সুখে লোক তরিব সংসার-দুঃখ ত্যজি॥
গুণ কর্ম্ম জন্ম তুমি ধর নানামতে।
তবু নাম রূপ তব নারি নিরূপিতে॥
অনন্ত তোমার নাম, গুণ, অবতার।
নিরূপিতে পারে হেন শকতি কাহার॥
মন-বচনের প্রভু! তুমি অগোচর।
সর্ব্ব-লোক-সাক্ষী তুমি মহামহেশ্বর॥
কদাচিত করে কেহ পথ অনুমান।
হেন মহাপ্রভু তুমি পূর্ণ ভগবান্॥
সবে চরণারবিন্দ পরিচর্য্যা করি।
এই সে উপায়ে ভব তরিবারে পারি॥
শুনিব স্মরিব নাম করিব কীর্ত্তন।
জগত-মঙ্গল রূপ করিব চিন্তন॥

পরিচর্য্যা-কর্ম্ম করি ভক্তি-যুত হৈয়া।
সেই সে যাইব ঘোর সংসার তরিয়া॥
আপনে ঈশ্বর হৈয়া লভিলে জনম।
এত দিনে হৈল যে ভূভার-খণ্ডন॥
এই ভাগ্য তোমার দেখিব পাদপদ্ম।
মহাভাগবত-মত্ত-মধুব্রত-সদ্ম॥
চরণ-পঙ্কজ সুশোভিত ক্ষিতি-তলে।
দেখিব পদারবিন্দ গগন-মণ্ডলে॥
আপনে ঈশ্বর তুমি অজ নিরঞ্জন।
না দেখি বিনোদ বিনে জনম-কারণ॥
যাঁহার মায়ায় করে সৃষ্টি পরলয়।
অনন্ত ব্রহ্মাণ্ড-কোটী যাঁহার হৃদয়॥
হেন প্রভু হৈয়া তুমি কর অবতার।
সবে দেখি প্রয়োজন—করিবে বিহার॥
মৎস্য কূর্ম্ম আদি নানা অবতার করি।
জগত রক্ষণ যেন কর ভার হরি॥
সেইরূপে এখনে পৃথিবীর হর ভার।
সুরগণ পালন করহ সর্ব্ব-কাল॥
সতত তোমার বহু চরণে বন্দন।"
তবে দৈবকীর তরে কৈল সম্ভাষণ॥
"পরম-পুরুষ যে সাক্ষাত ভগবান্।
তোমার উদরে তাঁর হৈল উপাদান॥
তুমি না করিহ আর কংস করি ভয়।
সাক্ষাত বৈকুণ্ঠ-নাথ তোমার তনয়॥"

এইরূপে স্তুতি করি যত দেবগণ।
অজ ভব আদি করি কৈল অন্তর্ধান ॥
দেব-স্তুতি কৃষ্ণ-কথা বুদ্ধি-অনুসারে।
কহিল সকল লোক বুঝাবার তরে ॥
ভক্তিরস-গুরু শ্রীল গদাধর জান।
ভাগবত আচার্য্যের মধুরস-গান ॥

ইতি "শ্রীকৃষ্ণ-প্রেমতরঙ্গিণী" গ্রন্থে শ্রীমদ্ভাগবতীয় দশমস্কন্ধ-ধৃত শ্রীকৃষ্ণ-জন্মলীলার ভাষানুবাদে দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

---

## তৃতীয় অধ্যায়।

মুনি বলে শুন রাজা অদভুত বাণী।
এখনে কহিব কৃষ্ণ-জনম-কাহিনী ॥
যবে প্রভু প্রকাশ করিতে ইচ্ছা কৈল।
সর্ব্ব সুমঙ্গল আসি একত্র মিলিল ॥
সর্ব্ব-গুণ-যুত কাল পরম সুন্দর।
পৃথিবী পূরিয়া হৈল আনন্দ-মঙ্গল ॥
শুভ বার তিথি যোগ নক্ষত্র করণ।
পুণ্য-গুণ পুণ্য-যোগ সর্ব্ব সুলক্ষণ ॥
দশ দিক পরসন্ন গগন-মণ্ডল।
উদিত তারকাবলী দেখি মনোহর ॥
নদ নদী সরোবর বিমলিত জল।
বিকসিত উতপল কুমুদ কমল ॥

খগ-ভৃঙ্গ-নিনাদিত স্তবকিত বন।
সুললিত পুণ্য-গন্ধ সুমন্দ পবন॥
শান্ত হৈয়া জ্বলিল যজ্ঞের হুতাশন।
উত্তম জনের চিত্ত হৈল পরসন্ন॥
আকাশ-মণ্ডলে বাজে দুন্দুভি-বাজন।
সুরমুনিগণে করে পুষ্প বরিষণ॥
গন্ধর্ব্ব কিন্নর গীত গায় সুমধুর।
সিদ্ধ বিদ্যাধর স্তুতি করয়ে প্রচুর॥
সুর বিদ্যাধরী নৃত্য করে সুললিত।
মন্দ মন্দ জলধর ঘন গরজিত॥
ভাদ্রমাস অসিত-অষ্টমী শুভদিন।
দ্বিতীয় প্রহর রাত্রি রোহিণী-লক্ষণ॥
ভরা-নিশি রজনী তিমির ঘোরতর।
হেন কালে জনম লভিলা গদাধর॥
অদভুত রূপে ধরে দৈবকী-নন্দন।
জনক জননী দেখি উল্লসিত-মন॥
নব-ঘন-শ্যাম-তনু রাজীব-লোচন।
আজানুলম্বিত-ভুজ শ্রীবৎস-লাঞ্ছন॥
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ভুজ-বিরাজিত।
কটিতটে পীতবাস কৌস্তুভ-ভূষিত॥
কিরীট কুণ্ডল হার বনমালা দোলে।
কুঞ্চিত অলকাবলী ললিত-কপোলে॥
কিঙ্কিণী কঙ্কণ শোভে মন্দ মন্দ হাস।
মুখ-পদ্মে কত শত শশি-পরকাশ॥

হেন অদভুত শিশু দেখি মহাশয়।
বসুদেব চমকিত হৈল অতিশয়॥
'নারায়ণ' পুত্র দেখি প্রসন্ন-বদন।
পুলকিত-কলেবর সর্ব্বাঙ্গ-কম্পন॥
কৃষ্ণ-অবতার দেখি ভরিল উৎসবে।
অযুত-গো-দান মনে কৈল বসুদেবে॥
পুত্রের প্রভাব দেখি ভয় পরিহরি।
প্রণত কন্ধরে চিত্ত নিয়োজিত করি॥
ভুমেতে পড়িয়া কৈল দণ্ড-পরণাম।
করযোড় করি স্তুতি করে মতিমান্॥
"জানিনু বিদিত তুমি সাক্ষাত ঈশ্বর।
পরম-পুরুষ তুমি প্রকৃতির পর॥
সর্ব্ব-বুদ্ধি-সাক্ষী তুমি আনন্দ-স্বরূপ।
বিশুদ্ধ-বিজ্ঞান-ঘন পূর্ণব্রহ্ম-রূপ॥
অতুল-শকতি তুমি পুরুষ পুরাণ।
মায়ায় আপনি কর বিশ্ব নিরমাণ॥
তাহাতে আপনি পাছে থাক পরবেশি।
শুদ্ধ-সত্ত্বময় তুমি প্রভু অবিনাশী॥
জগতের হয় সব উতপতি ধ্বংস।
তোমার বিনাশ কভু নহে পরহংস!॥
জগতে প্রবেশ করি আছ নিরন্তর।
তবু পরবেশ নাহি তাহার ভিতর॥
পঞ্চভুতময় যত কারণ-বিশেষে।
বিশ্ব নিরমিয়া যেন বিশ্বে পরবেশে॥

বিশ্ব সনে নহে যেন তার অনুবন্ধ।
এইরূপে প্রভু ! তুমি নিত্য পরানন্দ ॥
বিশ্ব বেয়াপিয়া আছ জগত-নিবাস।
বুদ্ধি মন চিত্ত তুমি কর পরকাশ ॥
সেই বুদ্ধি মনে তোমা লইতে না পারি।
সর্ব্বময় প্রভু তুমি সর্ব্ব-অধিকারী ॥
অসত্য জগতে তুমি আছ হেন মানি।
এমত নিশ্চয় যার তত্ত্ব নাহি জানি ॥
পণ্ডিত না হয় সে, যে না বুঝে বিচার।
জগতের ভিন্ন তুমি জগতের সার ॥
নিরাকার-ব্রহ্ম তুমি নির্গুণ নিরাকার।
তবু তোমার হেন সৃষ্টি পালন সংহার ॥
সবার ঈশ্বর তুমি সবার আশ্রয়।
তোমাতে কহিতে কিছু বিরোধ না হয় ॥
সত্ত্বগুণে শুক্লবর্ণ ধর কলেবর।
জগত পালন তুমি কর মহেশ্বর ! ॥
রজোগুণে রক্তবর্ণ ধরি সৃষ্টি কর।
তমোগুণে কৃষ্ণবর্ণ ধরিয়া সংহার ॥
এখনে করিবে তুমি লোক-পরিত্রাণ।
মোর ঘরে অবতার কৈলে ভগবান্ ॥
রাজবেশ-কপট-অসুর-সৈন্য-ভার।
সমূলে করিবে তুমি সে সব সংহার ॥
এখনে সম্প্রতি মোর এই নিবেদন।
মোর ঘরে তুমি আসি লভিবে জনম ॥

শুনি কংস বধিল অগ্রজ ছয় ভাই।
জানা'য়ে আসিবে এবে দুষ্ট কংস ঠাঁই॥
তার অনুচরগণে তোমা জন্ম-কথা।
শুনিয়া আসিব কংস খড়্গ ধরি হেথা॥"

তবে দেখি পুত্রের মহাপুরুষ-লক্ষণ।
বিস্ময়ে দৈবকী-দেবী করয়ে স্তবন॥
"নিরুপম নিরাকার বেকত-রহিত।
ব্রহ্মজ্যোতি নির্গুণ বিকার-বিবর্জ্জিত॥
সত্ত্বা মাত্র নির্ব্বিশেষ নিরীহ-স্বরূপ।
তুমি সে সাক্ষাত জ্ঞান-প্রকাশক-রূপ॥
যখনে সকল হয় ব্রহ্মাণ্ডের নাশ।
কারণে প্রবেশ করে প্রপঞ্চ-বিলাস॥
কারণ প্রবেশ করে প্রকৃতি-ভিতরে।
প্রকৃতি প্রবেশ গিয়া করে মহেশ্বরে॥
ব্রহ্মার পর্য্যন্ত হয় ব্রহ্মে পরবেশ।
তখনেই তুমি মাত্র থাক অবশেষ॥
যদি বা বলিবা কালে করয়ে সংহার।
কাল-রূপে আছে এক শকতি তোমার॥
সেই কালে করে সৃষ্টি পালন প্রলয়।
সেই কাল তোমার সে লীলা মাত্র হয়।
মৃত্যু-ভয়ে ব্যাকুল হইয়া এত কাল।
পলাঞা কোথাও লোক না পায় নিস্তার॥
এখনে পদারবিন্দ করিয়া আশ্রয়।
সুখে লোক থাকিব খণ্ডিব ভব-ভয়॥

উগ্রসেন-সুত কংস দুরন্ত নিষ্ঠুর।
তার ভয়ে আমি সব অতি যে ব্যাকুল ॥
ভকত-বৎসল নাম করিয়া সফল।
ভৃত্যগণে পরিত্রাণ কর প্রাণেশ্বর ! ॥
যে রূপ যোগেন্দ্রগণ চিন্তয়ে ধেয়ানে।
চর্ম্ম-চক্ষে সে রূপ দেখিব সর্ব্ব-জনে ॥
প্রত্যক্ষ না কর এবে এ রূপ নারায়ণ ! ।
ধ্যান-গম্য রূপ প্রভু ! কর সম্বরণ ॥
মোর ঘরে কৃষ্ণ আসি কৈলে অবতার।
না জানে পাপিষ্ঠ যেন কংস দুরাচার ॥
নারী-জাতি— চিত্ত মোর সহজে চঞ্চল।
তোমার লাগিয়া মোর বড় লাগে ডর ॥
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ভুজ-বিরাজিত।
এই রূপ প্রভু ! তুমি না কর বিদিত ॥"
যে প্রভু প্রলয়ে ধরে বিশ্ব চরাচর।
অখিল ব্রহ্মাণ্ড যার গর্ভের ভিতর ॥
সে প্রভু আসিয়া মোর গর্ভে উপসন্ন।
মনুষ্য-জাতির এতাবত বিড়ম্বন ॥

পুত্রের প্রভাব দেখি বসুদেব শ্রীদৈবকী
করে কিছু বিনয়-স্তবন।
শিরেতে যুড়িয়া হাত ঘন ঘন প্রণিপাত
স্বেদাঞ্চিত সজল-নয়ন ॥
"আদি অন্ত তুমি সব তুমি সে কারণার্ণব
তুমি ব্রহ্ম পুরুষ-প্রধান।

আকাশ পাতাল ভূমি নক্ষত্র-মণ্ডল তুমি
তুমি প্রভু ! বেদ ব্রহ্ম-জ্ঞান ॥
তুমি ব্রহ্মা তুমি শিব তুমি সে দেবের দেব
তুমি সে অনন্ত ক্ষিতিধর।
সংসার অসার যত তুমি মূল সর্ব্বতত্ত্ব
ধর্ম্মাধর্ম্ম তুমি রম্য-বর ॥
গিরি গুহা হ্রদ নদী এ সপ্ত সাগর আদি
তুমি সে সকল চরাচর।
চন্দ্র সূর্য্য জ্যোতির্ম্ময় তোমার বিভূতি হয়
তুমি তার মূল গদাধর ! ॥
তুমি রাত্রি তুমি দিন সত্ত্ব রজ তমোগুণ
চারি মুক্তি তুমি ভগবান্।
উৎপত্তি প্রলয় স্থিতি তুমি সে যজ্ঞের হুতি
বেদ-শাস্ত্র তুমি সে পুরাণ ॥
সত্ত্বগুণে শ্বেত বর্ণ ধরিয়া কর পালন
জগত-আধার তোমা দেহ।
রক্তবর্ণ রজোগুণে সৃষ্টি কর সৃজনে
মর্ত্ত্যেতে পালন করি রহ ॥
তমোগুণে আরবার সকল কর সংহার
কৃষ্ণ অঙ্গ ধরি নারায়ণ !।
তুমি দেব চক্রপাণি না জানি ভকতি আমি
লৈনু প্রভু ! চরণে শরণ ॥
কোন্ পুণ্য কৈল আমি মোর গর্ভে আসি তুমি
জনম লভিলা যদু-বরে।

কিবা মোর ভাগ্য-বশে অবতার হৃষীকেশে
ইহার বৃত্তান্ত কহ মোরে ॥
এই নিবেদন করি এ রূপ সম্বর হরি
ধ্যান-গম্য শরীর তোমার।
দারুণ কংসের দূত পলাইতে নাহি পথ
শুন প্রভু! বচন আমার ॥
উগ্রসেন-সুত রাজা কংসাসুর মহারাজা
এখনি আসিবে দুষ্টমতি।
অসি চর্ম্ম ধরি করে আসিবেক দুষ্টাচারে
কহ প্রভু! ইহার যুকতি ॥
এইরূপ বারেবার ছয় পুত্র যে আমার
কংসাসুর বধিল সবায়।
কংসাসুর দুষ্ট হেন এ রূপ না দেখে যেন
কর প্রভু! ইহার উপায় ॥"
এত বলি বসুদেবে কাকুতি মিনতি স্তবে
করযোড়ে পড়িল চরনে।
দৈবকী প্রণাম করে চরণ ধরিয়া করে
ভাগবত-আচার্য্য সুগানে ॥

দৈবকীর বচন শুনিয়া চক্রপানি।
কহিতে লাগিলা সব পূরব-কাহিনী ॥
"স্বায়ম্ভুব মন্বন্তর আছিল যখনে।
তখনে আছিলা তুমি 'পৃশ্নি' হেন নামে ॥
আছিল 'সুতপা' নামে এই মহামতি।
অপত্য সৃজিতে আজ্ঞা দিল প্রজাপতি ॥

সকল ইন্দ্রিয়গণ করিয়া রোধন।
দুই জনে করিলে আমার আরাধন ॥
পরম দুষ্কর তপ কৈলে নিরন্তর।
শীত বাত ঘর্ম্ম তাপ সহিলে বিস্তর ॥
বৃক্ষের গলিত পত্র করিয়া আহার।
বায়ু-রোধ করিয়া রহিলে চিরকাল ॥
তপ করি কৈলে নিজ-চিত্ত নিরমল।
ভক্তি-ভাবে আমারে ভজিলে নিরন্তর ॥
দেব-মানে দ্বাদশ সহস্র বৎসর।
এইরূপে মহাতপ করিলে দুষ্কর ॥
তবে আমি তুষ্ট হৈয়া দিল দরশন।
তুমি সব এই রূপ দেখিলে তখন ॥
আমি যদি বলিল—'মাগিয়া লহ বর'।
পুত্র-বর মাগিলে সে আমার সোসর ॥
তোমা দোঁহে না কৈল মায়াতে মোহিত।
মুক্তি-পদ না মাগিলে—না হৈলে বঞ্চিত ॥
মুক্তি-পদে নাহি পুত্র-প্রেম সুখময়।
তেঁঞে মায়া মোহিত না কৈল অতিশয় ॥
তবে আমি তখনে চিন্তিল মনে মনে।
আমার সদৃশ কেহ নাহি ত্রিভুবনে ॥
পুত্র হৈয়া আমি গিয়া জন্মিল আপনে।
পৃশ্নিগর্ভ নাম হৈল তাহার কারণে ॥
তবে আর জনমে 'কশ্যপ' প্রজাপতি।
হৈয়াছিল এই বসুদেব মহামতি ॥

'অদিতি' তোমার নাম—দেবের জননী।
ধরিয়া 'বামন' নাম—পুত্র হৈল আমি ॥
এখনে পৃথিবী-ভার করিতে হরণ।
শিষ্টের পালন-হেতু দুষ্টের নিধন ॥
তোমার উদরে আসি লভিনু জনম।
সেই পূর্ব্ব রূপে আমি দিল দরশন ॥
নর-বেশে না ঘুচিব মানুষ-গেয়ান।
তে কারণে এই রূপ দেখানু বিদ্যমান ॥
ব্রহ্ম-ভাব করিয়া বা সতত চিন্তহ।
পুত্র-ভাব করিয়া বা পিরীতি করহ ॥
অবশ্য পরম গতি পাবে দুই জনে।
অবধান কর এবে আমার বচনে ॥
গোকুল-নগরে আছে 'নন্দ-গোপ' করি।
প্রসব করিলা কন্যা 'যশোদা' তাঁর নারী ॥
তথাতে আমারে ল'য়ে থোও শীঘ্র করি।
এখানে আনিয়া রাখ নন্দের কুমারী ॥"
এতেক কহিয়া হরি হৈলা নিশবদ।
মায়াতে রহিলা যেন সহজ বালক ॥
তবে বসুদেব নিজ-পুত্র করি কোলে।
অলপে অলপে গেল পুরের দুয়ারে ॥
হেন কালে কোন্ কর্ম্ম কৈলা মহামায়া।
ফেলিল প্রহরিগণে নিদ্রায় ব্যাপিয়া ॥
বড় বড় লোহার কপাট দৃঢ়তর।
যতেক লোহার খিল লোহার শিকল ॥

খণ্ড খণ্ড হৈয়া সব মিলিল বিদার।
রবির কিরণে যেন ঘুচে অন্ধকার।।
মন্দ মন্দ গরজন বরিষে মেঘগণে।
বাসুকী আসিয়া ফণা ধরিলা আপনে।।
তরঙ্গ কল্লোল জল গভীর যমুনা।
পথ ছাড়ি দিলা নদী ভয়ে কম্পমানা।।
তবে বসুদেব গেলা নন্দের গোকুলে।
নিদে অচেতন গোপ প্রতি ঘরে ঘরে।।
নন্দ-ঘরে গিয়া তবে কৈল পরবেশ।
যশোদার শয়নে লৈয়া থুইল হৃষীকেশ।।
যশোদার কন্যাখানি তুলি লৈল কোলে।
পুনরপি সেইরূপে গেলা মধুপুরে।।
কন্যা সমর্পিল লৈয়া দৈবকী-শয়নে।
লোহার নিগড় নিল আপন চরণে।।

তবে বসুদেব রহে করিয়া শয়ন।
না জানে যশোদা-দেবী এত বিবরণ।।
জন্মিল অপত্য শুধু এইমাত্র জানে।
কিবা পুত্র কিবা কন্যা নাহি সে গেয়ানে।।
একে ত প্রসব-দুঃখ পেয়েছে বেদনা।
তাতে মহামায়া-দেবী কৈল অচেতনা।।
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
গীত-বন্ধে কহে কৃষ্ণ-প্রেমতরঙ্গিণী।।

ইতি "শ্রীকৃষ্ণ-প্রেমতরঙ্গিণী" গ্রন্থে শ্রীমদ্ভাগবতীয় দশমস্কন্ধ-ধৃত শ্রীকৃষ্ণ-জন্মলীলার ভাষানুবাদে তৃতীয় অধ্যায় সমাপ্ত।

## চতুর্থ অধ্যায়।

মুনি বলে শুন রাজা! বিচিত্র কথন।
কহিব এখন রাজা! যে যে বিবরণ॥
সেইরূপে কপাট লাগিল থরে থরে।
লোহার শিকল খিল লাগিল দুয়ারে॥
ছাওয়ালের ক্রন্দন শুনিয়া ত্বরাত্বরি।
জাগিয়া উঠিল সব দুয়ারী প্রহরী॥
ত্বরিতে জানা'ল গিয়া কংস-বিদ্যমানে।
চমকিত হৈয়া কংস উঠিল তৎক্ষণে॥
না জানি কি হইবে মোহার প্রতীকার।
যম জনমিল মোরে করিতে সংহার॥
হৃদয়ে ব্যাকুল অতি কাঁপয়ে সঘন।
খসিল মাথার কেশ বসন ভূষণ॥
ধাঞা গিয়া পরবেশ কৈল সূতি-ঘরে।
দেখিয়া দৈবকী-দেবী কাকুতি যে করে॥
"শুন শুন আরে ভাই! কংস মহাশয়!।
এবার মোহারে তুমি হও তো সদয়॥
এই কন্যাখানি ভাই! মোরে দেহ দান।
মারিলে তো ছয় পুত্র আগুনি-সমান॥
না মারিহ কন্যাখানি করি নিবেদন।
কন্যা-বধ করি তোমার কিবা প্রয়োজন॥
যে কৈলে সে কৈলে মোর তাতে নাহি ব্যথা।
গর্ভ-শেষ কন্যাখানি যদি কর রক্ষা॥"

এতেক মিনতি বাণী দৈবকী বলিল।
তথাপি পাপিষ্ঠ কংস সদয় না হৈল॥
দৈবকীরে বিস্তর ভর্ৎসিয়া দুরাচার।
টান দিয়া হাত হৈতে কন্যা লৈল তার॥
দুই পায়ে দৃঢ় করি ধরিয়া ছাওয়াল।
শিলার উপরে যেই মারিল আছাড়॥
হাত হৈতে খসিল কন্যা করিল গমন।
আকাশ-মণ্ডলে গিয়া কৈল আরোহণ॥
সবে দেখে দিব্য-মূর্ত্তি দেবী হৈল তথা।
অষ্টভুজা অস্ত্রশস্ত্রে ভূষণে ভূষিতা॥
গন্ধর্ব্ব কিন্নর যোগী সিদ্ধ মুনিগণে।
নৃত্য গীত স্তুতি করে পুষ্প-বরিষণে॥
কৌতুকে পূজিল সবে উপহার দিয়া।
ডাকিয়া বলিল তবে দেবী-মহামায়া॥
"শুন শুন অরে কংস! দুষ্ট খলমতি।
আমাকে মারিতে মিথ্যা করিস্ যুকতি॥
আমারে হিংসিয়া তোর কোন্ প্রয়োজন।
যে তোরে মারিবে তেঁহো লভিল জনম॥
দুঃখিত প্রজার হিংসা না করিস্ বৃথা।
তোর শত্রু জনমিল আজি যথা তথা॥"

এতেক বলিয়া দেবী হৈলা অন্তর্দ্ধান।
চৌদিকে নেহারে কংস হৈয়া হত-জ্ঞান॥
দেবীর বচন কংস শুনিয়া শ্রবণে।
পরম বিস্মিত হৈয়া ভাবে মনে মনে॥

"এ কি দেখি—দৈব-বাণী অসত্য হইল ! ।"
মরণ বিদিত হৈয়া চিন্তিতে লাগিল ॥
বসুদেব দৈবকীর ছাড়িল বন্ধন।
স্তুতি করি বলে তবে বিনয়-বচন ॥
"শুন হে ভগিনীপতি ! শুনহ ভগিনি ! ।
কিবা গতি হৈবে মোর কিছু নাহি জানি ॥
কেবল রাক্ষস মুই বড় দুরাচার।
ব্যর্থ এত পুত্র-বধ করিল তোমার ॥
নির্লজ্জ নির্দ্দয় মুই কৈনু হেন কর্ম্ম।
জ্ঞাতি বন্ধু হিংসিনু ছাড়িনু লোক-ধর্ম্ম ॥
জীয়ন্তেই মরা মুই যেন ব্রহ্মঘাতী।
মরিলে না জানি মোর হৈবে কোন্ গতি ॥
থাকুক্ মানুষ, দেবে বলে মিথ্যা বাণী।
এত অপকর্ম্ম কৈল দৈব-বাণী শুনি ॥
না করিহ শোক আর পুত্রের কারণে।
করয়ে সকল লোক অদৃষ্ট-ভজনে ॥
অদৃষ্ট-অধীন জীব অদৃষ্টে মিলায়।
অদৃষ্টেতে পুনরপি বিচ্ছেদ করায় ॥
মাটির নির্ম্মিত পাত্র নানা পরকার।
কত হয় কত যায়—মাটি মাত্র সার ॥
মাটির না হয় যেন উৎপত্তি বিনাশ।
না হয় না মরে আত্মা নিত্য-পরকাশ ॥
শরীরের হয় সবে উৎপত্তি প্রলয়।
ইহা না বুঝিয়া হয় মতি-বিপর্য্যয় ॥

আপনারি দেখে সবে জনম মরণ।
সেই সে কারণে করে সংসার-ভ্রমণ॥
এতেক বুঝিয়া ভগ্নি! ভগ্নীপতি! মোর।
পুত্রের কারণে আর শোক নাহি কর॥
তা সবার ছিল এই অদৃষ্টে লিখন।
মোর হাতে হবে মৃত্যু না যায় খণ্ডন॥
যার যেন অদৃষ্ট তাহার তেন ফল।
এ বোল বুঝিয়া দোষ ক্ষমিবে সকল॥
সে মোরে মারিবে, মুঞিঞ মারিব তাহারে।
যাবত এমত বুদ্ধি হৃদয়ে সঞ্চারে॥
তাবত না ঘুচে 'বধ্য' 'বধক' যে ভাব।
বসুদেব! জান তুমি ভাল মন্দ সব॥"

এতেক বচন বলি ধরিলা চরণে।
কান্দিতে লাগিলা কংস ভয় পাঞা মনে॥
বসুদেব দেখিয়া কংসের দুঃখ শোক।
দোঁহে মেলি দিলা তারে সন্তোষ প্রবোধ॥
"ভাল তুমি মহারাজ! কহিলে সকল।
অভিমানে ভেদ-বুদ্ধি হয় নিরন্তর॥
এক দেহ করে আর দেহের বিনাশ।
দুঃখ সুখ আদি যত মনের বিলাস॥
জীবের তাহাতে দুঃখ সুখ নাহি ধরি।
অজ্ঞান জনেতে শত্রু মিত্র ভেদ করি॥
শুন শুন মহারাজ! শোক পরিহর।
সন্তোষ হইয়া তুমি নিজ-ঘরে চল॥"

তবে কংস প্রবেশিল নিজ-অন্তঃপুরে ।
জাগিয়া পোহায় নিশি পালঙ্ক-উপরে ॥
রজনী প্রভাত হৈলে প্রত্যূষ বিহানে ।
মন্ত্রিগণে ডাকিয়া আনিল বিদ্যমানে ॥
আদি হৈতে সর্ব্ব কথা মন্ত্রিগণে কই ।
চিন্তিতে লাগিলা কংস হেট-মাথা হই ।
তবে যত সেনাপতি আছিল তাহার ।
বীর-দর্প করিয়া লাগিল বলিবার ॥
"কোন্ ছার প্রয়োজনে এত চিন্তা কর ।
তুমি কংস হৈয়া আপন-বিক্রম পাসর ॥
রিপু জনমিল যদি এই সত্য হয় ।
তাহা করি অতিশয় নাহি কিছু ভয় ॥
আজি বা জন্মিল দশ দিবস ভিতরে ।
মারিব সকল শিশু প্রতি ঘরে ঘরে ॥
হেন ছার কাজে তুমি কর বিমরিষ ।
বাহু-বলে জিনিলে সকল দশ দিশ্ ॥
যদি বল—'দেবগণ আসিবে সাজিয়া ।'
বস্তু-জ্ঞান না করিহ দেবতা বলিয়া ॥
ইচ্ছা করি যখন ধনুকে দেহ চড়া ।
দেবলোকে তখন সম্ভ্রমে পড়ে সাড়া ॥
না জানি কি হয় আজি দেবের সমাজে ।
ধনুকে টঙ্কার দিলে কংস-মহারাজে ॥
তুমি যদি কর রাজা ! শর বরিষণ ।
পলায় সকল দেব রাখি বা জীবন ॥

কেহ কর যুড়িয়া করয়ে কাকুবাদ।
কেহ অস্ত্র ফেলিয়া করয়ে দণ্ডবত ॥
কেহ কেশ বান্ধে, কেহ কাছা মুকুলায়।
'না মার, না মার' বলি তরাসে পলায় ॥
রথী হৈয়া যদি রথ ছাড়য়ে সংগ্রামে।
অস্ত্র তেজি ভয়ে যেবা করয়ে প্রণামে ॥
সংগ্রামে বিমুখ হৈয়া যে জন পলায়।
ধনু-রজ্জু ভাঙ্গে যেবা যুঝিতে না চায় ॥
তাহার উপরে অস্ত্র না কর প্রহার।
তুমি সে বীরের ধর্ম্ম জান সর্ব্বকাল ॥
দেবগণ কি করিবে—তারা ভয়াকুল।
দর্প করিবার কালে সরে তারা শূর ॥
'বিষ্ণু' করি তিলেক না কর বস্তু-জ্ঞান।
সবার হৃদে গুপ্তে রহে—নহে বিদ্যমান ॥
'শিব' কি করিতে পারে—অরণ্যে বসতি।
কি করিতে পারে অল্প-বল 'শচীপতি' ॥
কি করিতে পারে 'ব্রহ্মা'—সতত ধেয়ানে।
তপ ছাড়ি অন্য তার নাহি অবধানে ॥
এ বোল বলিয়া উপেক্ষিতে না যুয়ায়।
শত্রু উদ্ধারিতে তবু করিব উপায় ॥
আজ্ঞা দেহ আমি সব কিঙ্কর তোমার।
আমি সব রিপু-কুল করিব সংহার ॥
অঙ্গে ব্যাধি হয় যদি প্রথম সময়।
না ঘুচা'লে সেই ব্যাধি বাড়ে অতিশয় ॥

পাছে যেন সেই ব্যাধি নারি ঘুচাইতে।
শত্রু বলবান্ হৈলে না পারি জিনিতে ॥
সকল দেবের মূল—'বিষ্ণু' যার নাম।
সত্য-ধর্ম্ম যথা, তার তথা উপাদান ॥
গো ব্রাহ্মণ তপ যজ্ঞ দেব ব্রত যথা।
এ সব ধর্ম্মের মূল— বিষ্ণু' রহে তথা ॥
ব্রহ্মবাদী যজ্ঞশীল তপস্বী ব্রাহ্মণ।
হবির্দ্ধানী যত গাভী আছে ঋষিগণ।
এ সব মারিব যার যথা পাই লাগ।
তবে বিষ্ণু মারিব তাহাতে কোন্ বাদ ॥
গো ব্রাহ্মণ তপ যজ্ঞ—বিষ্ণুর শরীর।
বিষ্ণু মারিবারে এই বুদ্ধি কর স্থির ॥
সেই বিষ্ণু অসুর হিংসয়ে নিরন্তর।
সকল দেবের মূল—দেবের ঈশ্বর ॥
এই সে উপায়ে বিষ্ণু মারিবারে পারি।
সবেই মিলিয়া চল —'গো' 'ব্রাহ্মণ' মারি ॥"

পাপমতি কংস তার পাপে উতপাতি।
কুমন্ত্রীর মন্ত্রণায় ঐ দঢ়াইল মতি ॥
দুষ্ট দৈত্য যত তারা—কন্দলে পিরীতি।
চৌদিকে পাঠাঞা দিল দুষ্ট সেনাপতি ॥
পাপমতি তারা সব—দুষ্টমতি খল।
গো ব্রাহ্মণ সাধু যত হিংসিল সকল ॥
পরমায়ু শ্রী আর বেদধর্ম্ম যশ।
ইহলোক পরলোক সকল সম্পদ ॥

এ সব যাহার নাশ হবে একেবারে।
সেই সে গো ব্রাহ্মণ বৈষ্ণবে হিংসা করে॥
কংসের সকল নাশ হৈব হেন আছে।
দেব দ্বিজ হিংসা করি মজিল সবংশে॥
কৃষ্ণগুণ-সমুদিত অসুর-মন্ত্রণা।
ভাগবত-আচার্য্যের মধুর রচনা॥

ইতি শ্রীকৃষ্ণ-প্রেমতরঙ্গিণী" গ্রন্থে শ্রীমদ্ভাগবতীয় দশমস্কন্ধ-ধৃত
শ্রীকৃষ্ণ-জন্মলীলার ভাষানুবাদে চতুর্থ অধ্যায় সমাপ্ত।

---

( জন্মাষ্টমীর রাত্রে এই পর্য্যন্ত পাঠ করিতে হয়। )

---

পঞ্চম অধ্যায়।

## ( শ্রীশ্রীনন্দোৎসব। )

( জন্মাষ্টমীর পরদিন প্রাতে ইহা পাঠ করিতে হয়। )

শুক মুনি বলে—"শুন রাজা পরীক্ষিত!।
পুত্র জনমিল নন্দ হৈয়া আনন্দিত॥
ডাকিয়া আনিল যত বেদজ্ঞ ব্রাহ্মণ।
স্নান করাইয়া অঙ্গে পরাইল আভরণ॥
জাত-কর্ম্ম কৈল 'বিষ্ণু' করিয়া স্মরণ।
যথাবিধি কৈল দেব-পিতৃ-আরাধন॥

বিশ লক্ষ দিল ধেনু কাঞ্চনে ভূষিয়া।
তিলের নির্ম্মিত সাত পর্ব্বত করিয়া ॥
কাঞ্চনে নির্ম্মিত সব মণিতে খচিত।
কাঞ্চন-বসনে কৈল পর্ব্বত বেষ্টিত ॥
সাত তিল-পর্ব্বত ব্রাহ্মণে দিল দান।
বসন ভূষণ দিল বিবিধ অন্ন পান ॥
দান হৈতে হয় নানা দ্রব্যের শোধন।
তত্ত্ব-জ্ঞান হৈতে হয় চিত্ত পরসন্ন ॥
জাত-কর্ম্ম সংস্কারে—তাহাতে নানা দানে।
গর্ভ-শুদ্ধি হয় তাহে, দেহের শুদ্ধি স্নানে ॥
তেঁই জাত-কর্ম্মে নন্দ কৈলা বহু দান।
সহজে পণ্ডিত নন্দ মহামতিমান্।
বিবিধ মঙ্গল-বাণী পড়িল ভাটগণে।
উচ্চৈঃস্বরে ভাটুমা সে পড়িলা ব্রাহ্মণে ॥
গায়নে মধুর গীত নর্ত্তকে নাচন।
বাজিল দুন্দুভি ভেরী বিবিধ বাজন ॥
পুরে পুরে ঘরে ঘরে অঙ্গনে অঙ্গনে।
চন্দন লেপন কৈল কুঙ্কুমে সেচনে ॥
বিচিত্র পতাকা ধ্বজ পল্লব তোরণ।
পূর্ণ-ঘট সারি সারি রম্ভা-আরোপণ ॥
গাভী বৃষ বৎসগণ ধবল-বরণ।
তৈল হরিদ্রায় কৈল অঙ্গ-বিলেপন ॥
নন্দ-ঘরে পুত্র হৈল শুনি গোপগণে।
অঙ্গ বিভূষিত কৈল বিবিধ ভূষণে ॥

বিচিত্র কাঁচুলি পাগ বিচিত্র বসনে।
বিচিত্র বরিহা ধাতু মণ্ডিত কাঞ্চনে।
বহুবিধ বহুমূল্য উপায়ন লৈয়া।
চলিল সকল গোপ আনন্দিত হৈয়া ॥
যশোদার পুত্র হৈল গোপীগণে শুনি।
নানা আভরণে কৈল অঙ্গের সাজনি ॥
নবীন কুঙ্কুমে মুখ-পঙ্কজ ভূষিয়া।
বিচিত্র বিবিধ ধাতু অঙ্গে নিরমিয়া ॥
ত্বরিতে চলিলা গোপী লইয়া পসরা।
পৃথু-কুচ-কটি-ভরে গতি-মনোহরা ॥
বিলোলিত-মণিহার-কণ্ঠ-বিভূষণা।
কেশপাশ-গলিত-কুসুম-বরিষণা ॥
চঞ্চল-কুণ্ডল-হার-পয়োধর-শোভা।
কঙ্কণ-কিঙ্কিণী-জ্যোতি বিজুরীর আভা ॥
পথ-শোভা করিয়া রমণীগণ চলে।
তড়িত সঞ্চরে যেন আকাশ-মণ্ডলে ॥
উত্তরিলা গিয়া গোপী নন্দের মন্দিরে।
শিরে হাত দিয়া পুত্রে আশীর্ব্বাদ করে।
"চিরজীবী হও বাপু সতত কল্যাণ।"
ধান্য দূর্ব্বা দিয়া শিরে করিলা আঘ্রাণ ॥
তৈল জল হরিদ্রায় করিল সেচন।
দধি দুগ্ধ ঘৃত মধু কৈল বরিষণ ॥
কৃষ্ণের মহিমা গোপী গায় উচ্চৈঃস্বরে।
বিচিত্র বাজন বাজে নন্দের মন্দিরে ॥

কৃষ্ণ আসি নন্দ-ঘরে হৈলা উপসন্ন।
আনন্দে কৃষ্ণের গুণ গায় গোপীগণ ॥
দধি দুগ্ধ ঢালাঢালি ননী ফেলাফেলি।
আনন্দ-সাগরে পড়ি ভাসয়ে গোয়ালী ॥
নন্দ ঘোষ মহাবুদ্ধি কোন্ কর্ম্ম করে।
পুজিল সকল লোক বস্ত্র-অলঙ্কারে ॥
নর্ত্তক বাদক ভাট নানা গুণিগণ।
একে একে সকলে পুজিল যে যেমন ॥
পুলকে রোহিণী দেবী ভূষণে ভূষিয়া।
উৎসব করয়ে দেবী আনন্দিত হৈয়া ॥
অষ্টৈশ্বর্য্য অষ্ট-সিদ্ধি অষ্ট মহানিধি।
গোকুলে মিলিল গিয়া সে দিন অবধি ॥
আপনে আসিয়া যথা রহিলা শ্রীনিবাস।
সাক্ষাত লক্ষ্মীর ক্রীড়াভূমি-পরকাশ ॥
গোকুলে রক্ষকগণ করি নিয়োজিত।
মধুপুরে নন্দ ঘোষ চলিলা ত্বরিত ॥
কংসের বৎসর-কর দিব সেই দিনে।
মথুরা চলিল নন্দ তাহার কারণে।
কংসের বৎসর-কর করিলা শোধন।
বসুদেব সে সংবাদ করিয়া শ্রবণ।
নন্দের বাসাতে ঝাট আগমন করে।
বসুদেবে দেখি নন্দ উঠিলা সত্বরে।
দুই বন্ধু সন্তোষে করিলা কোলাকুলি।
আসনে বসিলা দোঁহে হাতাহাতি করি ॥

'রাম' 'কৃষ্ণ' দুই পুত্রে চিত্ত আরোপিয়া।
বসুদেব বলে কিছু বিনয় করিয়া ॥
এই মহাভাগ্য ভাই! দেখিল তোমারে।
পুত্র জনমিল তোমার হেন বৃদ্ধ-কালে ॥
পুনরপি যৌবন যে লভিলে আপনে।
হেন কালে পুত্র-মুখ হৈল দরশনে ॥
সবন্ধু-বান্ধব তুমি আছ নিরাকুলে।
নাহি তো উৎপাত কিছু তোমার গোকুলে ॥
মহাবনে তৃণ জল তো আছে ভালমতে।
নিরন্তর যাহে থাক গোধন সহিতে ॥
আছে তো আমার পুত্র কুশল কল্যাণে।
তুমি সব কর তার পোষণ পালনে ॥
পিতা করি তোমারে তো বলে অনুক্ষণ।
তুমি তো তাহারে দেখ পুত্রের সমান ॥
ধর্ম্ম অর্থ কাম সবে এই প্রয়োজন।
যাহা দিয়া সন্তোষ করিয়ে বন্ধুগণ ॥
যার সনে বন্ধুগোষ্ঠীর নাহিক পিরীতি।
কিবা যশে ধনে তার এ ঘর বসতি ॥
নন্দ ঘোষ বলে—"ভাই! শুন মহাশয়!।
মারিল পাপিষ্ঠ কংস বিস্তর তনয় ॥
যেবা একখানি কন্যা হৈল অবশেষে।
অন্তরীক্ষে গেল সেহ অদৃষ্টের বশে ॥
শুভাশুভ সুখ দুঃখ অদৃষ্ট কারণ।
অদৃষ্ট বুঝিয়া স্থির হয় বুধজন ॥"

বসুদেব বলে—"ভাই! শুনহ বচন।
বিস্তর কথায় আর নাহি প্রয়োজন॥
রাজার বৎসর-কর দিলে একেবারে।
কি কাজ হেথাতে থাকি ঝাট চল ঘরে॥
গোকুলে উৎপাত হৈবে হেন মনে জানি।
না কর বিলম্ব নন্দ! শুন তত্ত্ব-বাণী॥"

বসুদেব-বচন শুনিয়া গোপগণে।
নন্দ ঘোষ সনে কৈল শকট আরোহণে॥
বসুদেবে সম্ভাষিয়া করিলা পয়ান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি "শ্রীকৃষ্ণ-প্রেমতরঙ্গিণী" গ্রন্থে শ্রীমদ্ভাগবতীয় দশমস্কন্ধ-ধৃত
শ্রীকৃষ্ণ-জন্মলীলার ভাষানুবাদে পঞ্চম অধ্যায় সমাপ্ত।

## কামবীজ ও কামগায়ত্রীর রাগমার্গীয় অর্থ।

কামবীজ ও কামগায়ত্রী, যথা ঃ—

**"ক্লীঁ কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ।"**

পরমারাধ্যপাদ শ্রীল কৃষ্ণদাস কবিরাজ-গোস্বামী প্রভু কলিহত জীবের প্রতি অসাধারণ কৃপা করিয়া নিখিল-শাস্ত্র-সমুদ্র মন্থন পূর্ব্বক 'শ্রীচৈতন্যচরিতামৃত" নামে যে অপার্থিব অমৃতময় শ্রীগ্রন্থ রচনা করিয়া গিয়াছেন, তাহাতে তিনি লিখিতেছেন ঃ—

বৃন্দাবনে অপ্রাকৃত নবীন-মদন।
কামবীজ-কামগায়ত্র্যে যাঁর উপাসন॥

এতদ্দ্বারা ইহাই স্পষ্ট উপলব্ধি হইতেছে যে, নিখিল-রস-সারভুত-শৃঙ্গার-রসাত্মক-শ্রীবিগ্রহ-ধারী গোপীজন-বল্লভ শ্রীকৃষ্ণের দেব-দুর্ল্লভ পরম মধুর প্রেমসেবা লাভ করিবার প্রধান উপসনা-মন্ত্রই হইতেছে—"কামবীজ-কামগায়ত্রী"। ব্রজেন্দ্র-নন্দন 'শ্রীকৃষ্ণ' ও তদীয় উপাসনা-মন্ত্র 'কামগায়ত্রী' হইতেছেন পরস্পর অভিন্ন অর্থাৎ স্বরূপতঃ একই। এতদ্বিষয়ে শ্রীচৈতন্য-চরিতামৃত গ্রন্থে উক্ত হইয়াছে, যথা ঃ—

"কামগায়ত্রী মন্ত্র-রূপ হয় কৃষ্ণ স্বরূপ
সার্দ্ধ-চব্বিশ অক্ষর তার হয়।
সে অক্ষর চন্দ্র হয় কৃষ্ণে করি উদয়
ত্রিজগত কৈল কামময়॥"

রসিক-রাজ শ্রীকৃষ্ণ জীবের প্রতি অশেষ করুণা করিয়া তাহাদিগের হৃদয়-

ক্ষেত্রে স্বীয় শ্রীচরণ-প্রাপ্তি-বিষয়িণী প্রগাঢ় রতি উৎপাদনের নিমিত্ত কামবীজ-কামগায়ত্রী-রূপে বিরাজ করিতেছেন। অতএব যে বস্তু হইতেছে শ্রীকৃষ্ণলাভের প্রধান উপাসনা-মন্ত্র, যাহার প্রত্যেক বর্ণই একমাত্র উপাস্যদেব শ্রীনন্দনন্দনকে নির্দ্দেশ করিতেছে এবং যাহা শ্রীকৃষ্ণ হইতে অভিন্ন, সেই কামবীজ-কাম-গায়ত্রীর অর্থ সম্যক্-রূপে অবগত না হইলে শ্রীকৃষ্ণপ্রাপ্তির সম্ভাবনা কোথায়? তন্নিমিত্ত পরম পূজ্যপাদ শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর মহোদয় জীবের প্রতি প্রভূত কৃপা করিয়া কামবীজ-কামগায়ত্রীর অর্থ প্রচার করিয়াছেন, যথাঃ—

## কামবীজার্থঃ।

শ্রীগৌরাঙ্গ-প্রসাদেন বীজস্য হ্যর্থ-দীপিকা।
বিশ্বনাথ-চক্রবর্ত্তি-নাম্নাপি ক্রিয়তে ময়া॥ ১॥

শ্রীরাধাকৃষ্ণয়োর্বীজাভিধানং।

কামবীজাত্মকঃ কৃষ্ণো রতিবীজাত্মিকা রাধা।
তয়োঃ সঙ্কীর্ত্তনাদেব রাধা-কৃষ্ণঃ প্রসীদতি॥ ২॥

শ্রীরাসোল্লাস-তন্ত্র।

তত্রাদৌ কামবীজার্থঃ। কামানাং স্বাভিলাষাণাঞ্চ বীজং। যদ্বা কামোদ্দীপনস্য বীজং। অথবা কামৈঃ পূর্ণং বীজং কামবীজং॥ ৩॥

কামবীজ-লক্ষণং।

বিনা বীজেন মন্ত্রাণাং বিফলং জায়তে ফলং।
পঞ্চালঙ্কার-সংযুক্তং বীজন্তু পরমাদ্ভুতং॥
ককারশ্চ লকারশ্চ ঈকারশ্চার্দ্ধচন্দ্রকঃ।
চন্দ্রবিন্দুশ্চ তদ্‌যুক্তং কামবীজমুদাহৃতং॥ ৪॥

শ্রীগৌতমীয়-তন্ত্র।

ক্লীমিতি কামবীজমেকাক্ষরং। অস্যার্থো যথা ঃ—

ক্লীঙ্কারাদসৃজদ্ বিশ্বমিতি প্রাহ শ্রুতেঃ শিরঃ।
লকারাৎ পৃথিবী জাতা ককারাজ্জল-সম্ভবঃ॥
ঈকারাদ্ বহ্নিরুৎপন্নো নাদাদ্ বায়ুরজায়ত।
বিন্দোরাকাশ-সম্ভূতিরিতি ভূতাত্মকো মনুঃ॥ ৫॥
ককারঃ পুরুষঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দ-বিগ্রহঃ।
ঈকারঃ প্রকৃতী রাধা নিত্য-বৃন্দাবনেশ্বরী॥
লশ্চানন্দাত্মকং প্রেম-সুখং তয়োশ্চ কীর্ত্তিতং।
চুম্বনানন্দ-মাধুর্য্যং নাদবিন্দুঃ সমীরিতঃ॥ ৬॥

শ্রীবৃহদ্গৌতমীয়-তন্ত্র।

### কামবীজস্য শ্রীবিগ্রহাত্মকত্বং।

অথ কামবীজস্য শরীরং শ্রীবিগ্রহাত্মকং।
শ্রীকৃষ্ণ-শরীরাভিন্নান্যক্ষরাণি ক্রমাৎ শৃণু॥
ককারেণ শিরো ভালো ভ্রূর্নাসা নেত্র-কর্ণকৌ।
লকারেন ভবেদ্ গণ্ডস্তদন্তো হনু-রূপকঃ॥
চিবুকোঽথ গ্রীবা চৈব কণ্ঠঃ পৃষ্ঠঞ্চ সুব্রত!।
ঈকারঃ স্কন্ধো বাহুশ্চ কফোণিরঙ্গুলী নখঃ॥
অর্দ্ধচন্দ্রো বক্ষস্তুন্দঃ পার্শ্বো নাভিঃ কটিস্তথা।
চন্দ্রবিন্দাবূরুর্জানুর্জঙ্ঘা গুল্ফশ্চ পাদকঃ॥
পার্ষ্ণিশ্চাপ্যঙ্গুলী চৈব নখেন্দুরপি নারদ!।
ইতি বিগ্রহ-রূপশ্চ কামবীজাত্মকো হরিঃ॥ ৭॥
বীজাক্ষরং পঞ্চ-পুষ্পবাণ-তুল্যং ক্রমাৎ শৃণু।
ককারশ্চাম্র-মুকুলো লকারশ্চাশোকঃ স্মৃতঃ॥

ঈকারো মল্লিকা-পুষ্পং মাধবী চার্দ্ধচন্দ্রকঃ।
বিন্দুশ্চ বকুল-পুষ্পমেতে বাণাঃ স্মৃরেব চ ॥ ৮ ॥

শ্রীসনৎকুমার-সংহিতা।

অনুবাদ।

আরাধ্যপাদ শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর মহোদয়, সর্ব্বশাস্ত্র-বিশারদ মহাপণ্ডিত হইয়াও, বৈষ্ণবোচিত পরম দৈন্য সহকারে বলিতেছেন ঃ—

যদিও আমি বিশ্বনাথ চক্রবর্ত্তী নামক একজন অতি ক্ষুদ্র ব্যক্তি, তথাপি শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভুর শ্রীচরণ-প্রসাদে কামবীজার্থ প্রকাশ করিতেছি ॥ ১ ॥

প্রথমে শ্রীরাধাকৃষ্ণের বীজসংজ্ঞা-বিষয়ে লিখিতেছি। শ্রীরাসোল্লাস-তন্ত্রে বর্ণিত হইয়াছে যে, শ্রীকৃষ্ণ কামবীজরূপে ও শ্রীরাধা রতিবীজ-রূপে প্রকট রহিয়াছেন। সুতরাং "ক্লীঁ" এই কামবীজ এবং "শ্রীঁ" এই রতিবীজ কীর্ত্তন করিলেই, শ্রীরাধা-কৃষ্ণ প্রসন্ন হইয়া থাকেন ॥ ২ ॥

এই দুই প্রকার বীজের মধ্যে কামবীজের অর্থ লিখিত হইতেছে, যথাঃ— কাম অর্থাৎ শ্রীকৃষ্ণ-বিষয়ে অভিলাষের বীজই হইতেছে কামবীজ ; কিম্বা শ্রীকৃষ্ণ বিষয়ে কাম অর্থাৎ অভিলাষ উদ্দীপন করিবার বীজের নামই হইতেছে কামবীজ ; অথবা শ্রীকৃষ্ণ-প্রীত্যর্থে নিখিল কাম অর্থাৎ অভিলাষ পূর্ণ করিবার বীজই কামবীজ বলিয়া কথিত হইয়া থাকে ॥ ৩ ॥

অনন্তর শ্রীগৌতমীয়-তন্ত্রানুসারে কামবীজের লক্ষণ বর্ণিত হইতেছে, যথাঃ— যে সকল মন্ত্র বীজ হীন তাহা জপ করিলে কোনও ফল লাভ হয় না। বীজও আবার যত প্রকার আছে, তন্মধ্যে ক, ল ইত্যাদি পঞ্চ অলঙ্কার-সংযুক্ত কামবীজই হইতেছে সর্ব্বশ্রেষ্ঠ। ককার, লকার, ঈকার, অর্দ্ধচন্দ্র ও চন্দ্রবিন্দু-সমন্বিত বীজই ( ক্লীঁ ) কামবীজ বলিয়া অভিহিত হয় ॥ ৪ ॥

"ক্লীঁ" এই একাক্ষর বীজের নামই হইতেছে কামবীজ। শ্রীবৃহদ্গৌতমীয়তন্ত্রে

ইহার এইরূপ অর্থ বর্ণিত হইয়াছে, যথাঃ—উপনিষদে উক্ত হইয়াছে যে, শ্রীভগবান্ "ক্লীঁ" এই কামবীজ হইতে বিশ্বের সৃষ্টি করিয়াছেন। এই কামবীজান্তর্গত 'ক'কার হইতে জল, 'ল'কার হইতে পৃথিবী, 'ঈ'কার হইতে অগ্নি, 'নাদ' অর্থাৎ অর্দ্ধচন্দ্র হইতে বায়ু এবং 'বিন্দু' হইতে আকাশ উৎপন্ন হইয়াছে ; সুতরাং এই বীজাত্মক মন্ত্রই হইতেছে সর্ব্বভূতের আত্মা-স্বরূপ অর্থাৎ সমস্ত ভূতের মূল কারণ ॥ ৫ ॥

'ক'কারের অর্থ—সচ্চিদানন্দ-বিগ্রহ পরম-পুরুষ শ্রীকৃষ্ণ।

'ল'কার হইতেছে সেই শ্রীরাধাকৃষ্ণের প্রেমজনিত পরমানন্দময় সুখ-সমুদ্র।

'ঈ'কারের অর্থ—নিত্য-বৃন্দাবনেশ্বরী পরমা প্রকৃতি শ্রীরাধা।

'নাদ' ও 'বিন্দু' অর্থাৎ চন্দ্রবিন্দু হইতেছে শ্রীরাধা-কৃষ্ণের চুম্বন-জনিত পরমানন্দময় মাধুর্য্য ॥ ৬ ॥

অনন্তর কামবীজ যে শ্রীকৃষ্ণেরই শ্রীবিগ্রহ, তদ্বিষয়ে বলিতেছেন ঃ—শ্রীসনৎকুমার-সংহিতায় লিখিত হইয়াছে, হে নারদ ! কামবীজ যে কেবল অক্ষরময়, তাহা নহে, পরন্তু ইহা শ্রীকৃষ্ণেরই শ্রীবিগ্রহ-স্বরূপ যেহেতু এই অক্ষরগুলি হইতেছে শ্রীকৃষ্ণের শ্রীঅঙ্গ হইতে অভিন্ন ; ইহা যে কিরূপে, তাহা ক্রমশঃ বর্ণনা করিতেছি, শ্রবণ কর। 'ক'কারকে শ্রীকৃষ্ণের শিরোদেশ, ললাট, ভ্রূযুগল, নাসিকা, নেত্রদ্বয় ও কর্ণদ্বয় বলিয়া জানিবে। 'ল'কার হইতেছে তাঁহার গণ্ডদেশ, হনু ( গণ্ডদেশের উপর প্রান্ত ), চিবুক ( থুতনী ), গ্রীবা ( ঘাড় ), কণ্ঠ ও পৃষ্ঠ। 'ঈ'কার হইতেছে তাঁহার স্কন্ধ, বাহু, কফোণি ( কণুই ) এবং হস্তের অঙ্গুলি ও নখ-সমূহ। 'অর্দ্ধচন্দ্র' হইতেছে তাঁহার বক্ষঃস্থল, উদর, পার্শ্বদেশ, নাভি ও কটি। 'বিন্দু' হইতেছে তাঁহার ঊরু ( হাঁটুর উপরিভাগ, ঊরুৎ ), জানু ( হাঁটু ), জঙ্ঘা ( গোড়ালি ও হাঁটুর মধ্যভাগ ), গুল্‌ফ ( গোড়ালি ), পদ, পার্ষ্ণি ( গোড়ালির নিম্ন-প্রদেশ ) এবং পদের অঙ্গুলি ও নখ-সমূহ। এইরূপে শ্রীকৃষ্ণ যে কামবীজময়-শ্রীবিগ্রহধারী, তাহাই বর্ণিত হইল ॥ ৭ ॥

হে নারদ ! কামবীজের অন্তর্গত পঞ্চ অক্ষর যে যথাক্রমে পঞ্চ পুষ্পবাণ-সদৃশ, তাহাও বলিতেছি, শ্রবণ কর। 'ক'কার হইতেছে আম্র-মুকুল, 'ল'কার অশোক-পুষ্প, 'ঈ'কার মল্লিকা-পুষ্প, 'অর্দ্ধচন্দ্র' হইতেছে মাধবী-পুষ্প এবং 'বিন্দু' হইতেছে বকুল-পুষ্প। ইহাই হইল পঞ্চবিধ পুষ্প-বাণ ॥ ৮ ॥

## কামগায়ত্র্যর্থঃ।

গায়ত্রী সা মহামন্ত্রঃ কামপূর্ব্বাথ কথ্যতে।
সাধকা যাং গৃহীত্বৈব জায়ন্তে ব্রজ-মণ্ডলে ॥ ৯ ॥

কামবীজেন সহ সংযুক্তা যা গায়ত্রী সা কামগায়ত্রী। যদ্বা কামবীজস্য যা গায়ত্রী সা কামগায়ত্রী। অস্যা উপাস্যঃ ( সাধ্যঃ ) দেবঃ শৃঙ্গার-রসরাজ-স্বরূপাভিন্নো মদনঃ শ্রীকৃষ্ণো নন্দাত্মজঃ। অস্য ধাম বৃন্দাবনমেব ॥ ১০ ॥

### কামগায়ত্রী-লক্ষণং।

আদৌ মন্মথমুদ্ধৃত্য কামদেব-পদং বদেৎ।
আয়ান্তে বিদ্মহে পুষ্পবাণায়েতি পদং ততঃ।
ধীমহীতি তথোক্তবাথ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ ॥ ১১ ॥

শ্রীসনৎকুমারকল্প।

ক্লীমিতি বেণু-মাধুর্য্যেণ শ্রীরাধিকাদীনাং মনোহরণাৎ। কামদেবায়েতি লীলা-মাধুর্য্যেণ শ্রীরাধিকাদীনাং বিবেকহরণাৎ। পুষ্পবাণায়েতি লাবণ্য-গুণ-মাধুর্য্যাদিভিঃ শ্রীরাধিকাদীনাং সম্ভোগ-রসোদ্দীপণাৎ ॥ ১২ ॥

কাম-সম্বন্ধানুগয়োঃ কামানুগায়ামেবানয়া গায়ত্র্যা উপাস্যতে। কামান্ স্বাভিলাষান্ দীব্যতি প্রকাশয়তি। যদ্বা কামেন স্বাভিলাষেণ দীব্যতি ক্রীড়তি যঃ স কামদেবস্তস্মৈ কামদেবায় বিদ্মহে জানীমহি। কিম্ভুতায় ? পঞ্চ পুষ্পাণ্যেব পঞ্চ কামবীজাক্ষরাণি পঞ্চ বাণা অস্ত্রাণি শার্ঙ্গধনুর্গুণপঞ্চকেষু যস্য স পুষ্পবাণস্তস্মৈ পুষ্পবাণায় বয়ং ধীমহি ধ্যায়েম ; গৌরবার্থে বহুবচনং। এবং স্বরূপো

যস্মাত্তস্মাদনঙ্গঃ ব্রজস্থিতো নবোঽপ্রাকৃতঃ কন্দর্পো নবীনমদনঃ, কামবীজ-কামগায়ত্রীভ্যাং যস্যোপাসনা—তয়োর্য এবোপাস্যঃ স এবাত্ম-পর্য্যন্ত-সর্ব্ব-চিত্তাকর্ষকোঽসমোর্দ্ধ্ব-রূপঃ শ্যামো রসময়-মূর্ত্তিঃ শৃঙ্গার-রসরাজ-বিগ্রহো নো অস্মান্ প্রচোদয়াৎ প্রকর্ষেণ চোদয়াৎ প্রসীদতু—নিজ-দাস্যে নিয়োজয়তু ইতি ॥ ১৩ ॥

এতানি সার্দ্ধ-চতুর্ব্বিংশতিরক্ষরাণি সার্দ্ধ-চতুর্ব্বিংশতিশ্চন্দ্রা ভবন্তি ; তে চ শ্রীকৃষ্ণস্যাঙ্গে উদিতাঃ সন্তঃ ত্রীণি জগন্তি কামময়ানি কুর্ব্বন্তি। 'ক'কারাদি-'ৎ'কারান্তানি তান্যক্ষরাণি মুখ-গণ্ড-ললাটাদি-করচরণান্তান্যঙ্গানি দক্ষিণাদি-ক্রম-রূপেণ জ্ঞেয়ানি ॥ ১৪ ॥

অত্রাপি ভো বৈষ্ণবাঃ ! মম লিখন-বৃত্তান্তং যূয়ং শৃণুত। যথা শ্রীচৈতন্য-চরিতামৃতে শ্রীকৃষ্ণদাস-কবিরাজ-গোস্বামিনা প্রাকৃত-বর্ণানুক্রমেণ কামগায়ত্র্যা বর্ণসংখ্যা সার্দ্ধ-চতুর্ব্বিংশতীরিতি যল্লিখিতং তন্মতানুসারেণ ময়াপি তল্লিখ্যতে। তদ্ যথা ঃ—

"কামগায়ত্রী মন্ত্র-রূপ হয় কৃষ্ণ-স্বরূপ
সার্দ্ধ-চব্বিশ অক্ষর তার হয়।
সে অক্ষর চন্দ্র হয় কৃষ্ণে করি উদয়
ত্রিজগত কৈল কামময় ॥"

ইত্যেবং প্রমাণমবলম্ব্য পূর্ব্বমতানুসারেণানুক্রম্য সংস্থাপ্যতে ; কিন্তু শ্রীকৃষ্ণদাস-কবিরাজ-গোস্বামি পঞ্চবিংশতিং পরিত্যজ্য কেন প্রমাণেন কেন বাভিপ্রায়েন সার্দ্ধচতুর্ব্বিংশতিমক্ষরসংখ্যাং গদতি তত্রাপি মম ধী-গোচরাভাবঃ। নানা-পাঠ্য-শ্রাব্য-শাস্ত্র-বিচারে চার্দ্ধাক্ষর-সম্ভাবনা নাস্তি ; অতো মহাসন্দেহ-সাগরে নিমগ্ন আসমিতি যূয়ং বিচারয়ত। যদি কেচিদ্ বদন্তি মাত্রাহীন-'ত'কারোঽর্দ্ধাক্ষরং, তদা মাত্রাহীনান্যক্ষরাণ্যত্র তদিতরাণ্যপি সন্তি ; ইত্যপি ন ঘটতে, যতো ব্যাকরণ-পুরাণাগম-নাট্যালঙ্কারাদি-শাস্ত্রেষু স্বর-ব্যঞ্জন-ভেদেন পঞ্চাশদ্-

বর্ণ-নির্ণয় এবাস্তি, তত্রার্দ্ধাক্ষরং নাস্ত্যেব। তদ্ তথা—শ্রীহরিনামামৃত-ব্যাকরণে সংজ্ঞাপাদে "নারায়ণাদুদ্ভূতোঽয়ং বর্ণক্রম ইতি পঞ্চাশদকার-ককারাদয়ঃ।" এবমন্যেষ্বপি ব্যাকরণেষু চ। পুনঃ বৃহন্নারদীয়-পুরাণে শ্রীরাধিকা-সহস্র-নাম-স্তোত্রে বৃন্দাবনেশ্বরী রাধা পঞ্চাশদ্‌বর্ণরূপিণীত্যপি। এবমেব শাস্ত্রান্তরেষ্বপি। মাতৃকাদি-প্রকরণে চ কুত্রাপি সার্দ্ধ-পঞ্চাশদ্-বর্ণক্রমো ময়া ন দৃশ্যতে। এতেষু শ্রীকৃষ্ণদাস-কবিরাজ-গোস্বামিনঃ কিং ধী-গোচরাভাবঃ? এতদপি ন সম্ভাব্যতে, যতঃ স সর্ব্বং জানাতি ভ্রম-প্রমাদাদি-দোষ-রাহিত্যাৎ॥ ১৫॥

পুনশ্চ যদ্যপি মাত্রাহীন-'ত'কারোঽর্দ্ধাক্ষরং নিশ্চীয়তে, তদা কিং শ্রীকৃষ্ণদাস-কবিরাজ-গোস্বামিনা ক্রমভঙ্গো বিলিখ্যতে? যতো মুখগণ্ডাদি-চরণান্ত-বর্ণন-ক্রমেণ চরণং পরিত্যজ্য ললাটে অর্দ্ধচন্দ্রঃ সংস্থাপ্যতে তদ্ যথা শ্রীচৈতন্য-চরিতামৃতে মধ্যলীলায়ামেকবিংশ-পরিচ্ছেদে শ্রীসনাতনশিক্ষা-প্রসঙ্গে সম্বন্ধ-তত্ত্ব-বিচারে—

"সখি হে! কৃষ্ণ-মুখ দ্বিজরাজ-রাজ।
কৃষ্ণ-বপু-সিংহাসনে বসি রাজ্য-শাসনে
করে সঙ্গে চন্দ্রের সমাজ॥
দুই গণ্ড সুচিক্কণ জিনি মণি-সুদর্পণ
সেই দুই পূর্ণচন্দ্র জানি।
ললাট অষ্টমী-ইন্দু তাহাতে চন্দন-বিন্দু
সেহ এক পূর্ণচন্দ্র মানি॥
কর-নখ চাঁদের ঠাট বংশী উপর করে নাট
তার গীত মুরলীর তান।
পদ-নখ-চন্দ্রগণ তলে করে সুনর্ত্তন
নূপুরের ধ্বনি যার গান॥

এই চাঁদের বড় নাট    পসারি চাঁদের হাট
বিনি মূলে বিলায় নিজামৃত।
কাহোঁ স্মিত-জ্যোৎস্নামৃতে    কাহোঁকে অধরামৃতে
সব লোক করে আপ্যায়িত ।।"

ইত্যনুবাদ-দ্বয়েন বহুবাদান্তরমপি অত্র সিদ্ধান্তো ন ঘটতে। তদা সর্ব্বোপায়ং ত্যক্তবান্নপানাদিকঞ্চ বিহায় মনোদুঃখেন দেহত্যাগাভিপ্রায়েণ রাধাকুণ্ড-তটেঽভিপপাতাহং। যদা মন্ত্রাক্ষর-গোচরো ন ভবেত্তদা কথং দেবতা-গোচরো ভবিষ্যতীতি দেহত্যাগ এব কর্ত্তব্যঃ ।। ১৬ ।।

ততো রাত্রের্দ্বিতীয়-প্রহরে গতে সতি তন্দ্রাং প্রাপ্য ময়া দৃশ্যতে স্ম। শ্রীবৃষভানু-নন্দিনী আগতা ব্রবীতি—"ভো বিশ্বনাথ ! হরি-বল্লভ ! ত্বমুত্তিষ্ঠ ; শ্রীকৃষ্ণদাস-কবিরাজেন যল্লিখিতং তদেব সত্যং। স চ মম নর্ম্ম-সহচরী, মমানুগ্রহেণ মমান্তরং সর্ব্বং জানাত্যেব ; তদ্বাক্যে সন্দেহং মা কুরু। এষ মমোপাসনা-মন্ত্রঃ, অহমপি মন্ত্রাক্ষরৈর্বেদ্যা। মদনুকম্পাং বিনা নান্যঃ কোঽপ্যেতদ্ বিজ্ঞাতুমর্হতি। অর্দ্ধাক্ষর-নিরূপণং বর্ণাগমভাস্বদি যদাস্তি যদ্দৃষ্টবা শ্রীকৃষ্ণদাস-কবিরাজেন লিখিতং তৎ শৃণু। তদনন্তরং ত্বমিমং গ্রন্থং দৃষ্টবা সর্ব্বোপকারার্থমত্র প্রমাণ-সংগ্রহং কুরু।"

এতৎ শৃণ্বন্ চৈতন্যাবস্থায়াং শীঘ্রমুত্থায় নিঃসন্দেহেন হাহেতি মুহুর্মুহু-র্বিলপ্য তদাজ্ঞাং হৃদি নিধায় তৎপালনার্থং যত্নবানভবং। অর্দ্ধাক্ষর-নির্ণয়ে শ্রীরাধিকা-বাক্যং, যথা ঃ—

"ব্যক্ত-যকারোঽর্দ্ধাক্ষরং ললাটেঽর্দ্ধ-চন্দ্রবিম্বঃ,
তদিতরং পূর্ণাক্ষরং পূর্ণচন্দ্র" ইতি ।। ১৭ ।।

গায়ত্র্যক্ষরাণাং চন্দ্রত্ব-নিরূপণং।

এষামপ্যক্ষরাণান্তু চন্দ্রত্বে নির্ণয়ং শৃণু।
মুখেঽপ্যেকং বিজানীয়াদ্ গণ্ডুয়োর্দ্বৌ তথৈব চ ।।

ললাটে চার্দ্ধচন্দ্রং বৈ তিলকং পূর্ণচন্দ্রকং।
পাণ্যোর্নখা দশ প্রোক্তাস্ত্বক্ষরাণি মনোভুবঃ।
পাদাব্জয়োস্তথা জ্ঞেয়া নখচন্দ্রা দশ ক্রমাৎ ॥
অর্থো বিজ্ঞেয় ইত্থং বৈ গায়ত্র্যাশ্চ মনীষিভিঃ ॥
ক্রমাচ্চন্দ্রান্ বিজানীয়াৎ কাদি-তন্তাক্ষরাণি তু।
দক্ষিণাদি-ক্রমেণৈব ক্রমস্তেষাং সুসম্মতঃ ॥ ১৮ ॥

শ্রীরাধিকোপদেশ-সম্মতমর্দ্ধাক্ষর-নিরূপণং, যথা বর্ণাগম-ভাস্বদি ঃ—

"বিকারান্ত-যকারেণ চার্দ্ধাক্ষরং প্রকীর্ত্তিতং" ॥ ১৯ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তিঠক্কুর-বিরচিত
মন্ত্রার্থদীপিকায়াং কামগায়ত্র্যর্থঃ সম্পূর্ণঃ।

---

গায়ত্রী গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রীত্বং ততঃ স্মৃতং অর্থাৎ গানকারীকে ত্রাণ করেন বলিয়া ইঁহার নাম গায়ত্রী।

অনুবাদ।

সাধকগণ যাহা গ্রহণ করিয়া ব্রজমণ্ডলে গোপীগর্ভে জন্ম লাভ করেন, সেই কামগায়ত্রী-মহামন্ত্র সম্বন্ধে লিখিত হইতেছে ॥ ৯ ॥

কামবীজের সহিত সংযুক্ত যে গায়ত্রী, তাহার নাম কামগায়ত্রী; কিম্বা কামবীজের যে গায়ত্রী, তাহাই কামগায়ত্রী। শান্ত, দাস্যাদি রস-সমূহের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ যে শৃঙ্গার-রস, সেই শৃঙ্গার-রসময়-বিগ্রহ যে অপ্রাকৃত নবীন-মদন ব্রজরাজ-নন্দন শ্রীকৃষ্ণ, তিনিই হইতেছেন এই কামগায়ত্রী-সম্বন্ধীয় উপাস্য দেবতা। শ্রীবৃন্দাবন তাঁহার ধাম অর্থাৎ নিত্য বসতি-স্থল ॥ ১০ ॥

সনৎকুমারকল্পে কামগায়ত্রীর এইরূপ লক্ষণ উক্ত হইয়াছে, যথা ঃ—

প্রথমে কামবীজ অর্থাৎ 'ক্লীঁ' শব্দ উচ্চারণ পূর্ব্বক 'কামদেব' শব্দ বলিয়া

তাহাতে 'আয়' যোগ করিবে ; তাহার পর 'বিদ্মহে' বলিয়া তৎপরে 'পুষ্পবাণায়' বলিবে ; অনন্তর 'ধীমহি' বলিয়া 'তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ' বলিবে। তাহা হইলে কামগায়ত্রী এইরূপ হইলেন, যথা ঃ—

**'ক্লীঁ কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায়**
**ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ"** ॥ ১১ ॥

শ্রীবৃন্দাবনের এই অপ্রাকৃত নবীন-মদন শ্রীকৃষ্ণ, কলনাদ-বিশিষ্ট সুমধুর বংশীধ্বনি সহকারে, শ্রীরাধিকাদি প্রেয়সীগণের মন হরণ করেন বলিয়া, তিনি "ক্লীঁ" এই কামবীজ-রূপে বিরাজমান। স্বকীয় অলৌকিক লীলা-মাধুরী দ্বারা শ্রীরাধিকাদি গোপিকাগণের বিবেক হরণ করেন বলিয়া, তিনি "কামদেবায়" পদ-রূপে শোভা পাইতেছেন। লাবণ্য ও গুণ-মাধুর্য্যাদি দ্বারা শ্রীরাধিকাদি প্রিয়াবর্গের সম্ভোগ-রস উদ্দীপন করেন বলিয়া, তিনি "পুষ্পবাণায়" পদ-রূপে বিরাজমান রহিয়াছেন ॥ ১২ ॥

রাগানুগা মার্গ দ্বিবিধ—কামানুগা ও সম্বন্ধানুগা। তন্মধ্যে কামানুগা-মার্গেই এই কামগায়ত্রী-মহামন্ত্র দ্বারা শ্রীব্রজেন্দ্র-নন্দনের উপাসনা হইয়া থাকে।

কামগায়ত্রীর পদ-সমূহের অর্থ, যথা ঃ—

"কামদেবায় বিদ্মহে"—যিনি তদীয় নিজ-সুখোৎপাদনকারী যাবতীয় অভিলাষ ভক্ত-হৃদয়ে প্রকাশ করেন, অথবা যিনি নিজানন্দে বিভোর হইয়া স্বেচ্ছামত ক্রীড়া করিয়া থাকেন অর্থাৎ সৃষ্টি প্রভৃতি অন্য কোনও কার্য্যের অনুসরণ না করিয়া কেবল ইচ্ছানুরূপ আনন্দময় লীলা করেন, তিনিই—'কামদেব' ; তাঁহাকে অবগত হই। সেই কামদেব কি প্রকার, তাহাই "পুষ্পবাণায়" পদ দ্বারা বিশেষরূপে বর্ণিত হইতেছে, যথা ঃ—"ক্লীঁ" এই কামবীজের অন্তর্গত 'ক'কারাদি পঞ্চ অক্ষর আম্র-মুকুলাদি পঞ্চবিধ পুষ্প সদৃশ। সেই পঞ্চবিধ পুষ্প যাঁহার শার্ঙ্গ নামক ধনুকের পাঁচটী গুণে পঞ্চবাণ-রূপে সজ্জিত আছে, তিনিই হইতেছেন 'পুষ্পবাণ' ; এতাদৃশ যে পুষ্পবাণ, তাঁহাকে ধ্যান করিতেছি। তাঁহার

এবম্বিধ স্বরূপ বলিয়া, তিনি হইতেছেন 'অনঙ্গ'। সে কোন্ অনঙ্গ, তাহাও বিশেষ করিয়া বলিতেছেন, যথা ঃ—স্বর্গে যে অনঙ্গ অর্থাৎ মদন বা কামদেব আছেন, ইঁনি কি সেই অনঙ্গ বা মদন? না—ইঁনি তাহা নহেন, কারণ স্বর্গের মদন হইলেন প্রাকৃত, আর ইঁনি হইতেছেন অপ্রাকৃত নবীন-মদন। এই অপ্রাকৃত নবীন-মদন কে? ইঁনি কি দ্বারকাধিপতি শ্রীকৃষ্ণ? না—ইঁনি তাহা নহেন, কারণ দ্বারকানাথ শ্রীকৃষ্ণ কামগায়ত্রীর উপাস্য-দেবতা নহেন। তবে ইঁনি কেন? না—ইঁনি হইতেছেন তিনি, যিনি শ্রীবৃন্দাবনের ব্রজেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণ, যিনি—"অপ্রাকৃত নবীন-মদন" তিনিই ইঁনি। ইঁনিই কামবীজ-কামগায়ত্রীর উপস্যদেবতা। ব্রজের এই নবীন-যুবরাজ আত্ম পর্য্যন্ত সকলেরই চিত্ত আকর্ষণ করিয়া থাকেন, কেননা তাঁহার সমান বা তদপেক্ষা অধিক রূপে ও মাধুর্য্য আর কাহারও নাই—তিনি হইতেছেন নব-নটবর রসিক শেখর শ্রীশ্যামসুন্দর; তাঁহার শ্রীবিগ্রহ হইতেছে শৃঙ্গার-রসময়। এই যে অভিনব মদন-দেব, ইঁনি আমাদের হৃদয়ে প্রকৃষ্টরূপে উদিত হইয়া আমাদিগের প্রতি প্রসন্ন হউন অর্থাৎ ইঁনি আমাদিগকে নিজ-দাস্যে নিযুক্ত করুন ॥ ১৩ ॥

কামগায়ত্রীর সাড়ে চব্বিশ অক্ষর হইতেছেন সাড়ে চব্বিশ চন্দ্র। এই চন্দ্রগণ শ্রীকৃষ্ণের অঙ্গে উদিত হইয়া ত্রিজগৎ কামময় করিয়া থাকেন অর্থাৎ সকলের হৃদয়ে শ্রীকৃষ্ণ-বিষয়িণী বাসনা উদ্দীপ্ত করিয়া দেন। 'ক'কার হইতে 'ৎ'কার পর্য্যন্ত এই সাড়ে চব্বিশ অক্ষর শ্রীকৃষ্ণের বদন, গণ্ডস্থল ও ললাট হইতে আরম্ভ করিয়া হস্ত ও পদ পর্য্যন্ত অঙ্গপ্রত্যঙ্গ সকল বুঝিতে হইবে। প্রথমে দক্ষিণ অঙ্গ ধরিয়া তৎপরে বাম অঙ্গ ধরিতে হইবে ॥ ১৪ ॥

অনন্তর শ্রীপাদ চক্রবর্ত্তি-ঠাকুর মহাশয় এই কামগায়ত্রীর অর্থ প্রকাশ করিবার ইতিহাস স্বয়ং বর্ণনা করিতেছেন, যথা ঃ—হে বৈষ্ণবগণ! আমি যে কিরূপে এই কামগায়ত্রীর অর্থ লিখিতে প্রবৃত্ত হইলাম, তাহা আপনারা শ্রবণ করুন। শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে শ্রীল কৃষ্ণদাস কবিরাজ-গোস্বামিপাদ কামগায়ত্রীর

বর্ণসংখ্যা যে সাড়ে চব্বিশ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, আমিও তাঁহার সেই মতানুসারে লিখিতেছি। তিনি বলিয়াছেন, যথা ঃ—

"কামগায়ত্রী মন্ত্র-রূপ হয় কৃষ্ণ-স্বরূপ
সার্দ্ধ-চব্বিশ অক্ষর তার হয়।
সে অক্ষর চন্দ্র হয় কৃষ্ণে করি উদয়
ত্রিজগত কৈল কামময় ॥"

তাঁহার এই বর্ণনা অবলম্বন করিয়া আমি কামগায়ত্রীর অর্থ লিখিতে প্রবৃত্ত হইলাম বটে, কিন্তু প্রথমেই আমার মনে একটা সন্দেহ উপস্থিত হইল যে, শ্রীপাদ কবিরাজ-গোস্বামী প্রভু কামগায়ত্রীর অক্ষর-সংখ্যা 'পঞ্চবিংশতি' অর্থাৎ পঁচিশ না বলিয়া কোন্ প্রমাণে বা কি অভিপ্রায়ে 'সার্দ্ধ-চব্বিশ' অর্থাৎ সাড়ে চব্বিশ বলিলেন। শাস্ত্রে যাহা শুনিয়াছি ও পড়িয়াছি, সমস্তই বিচার করিয়া দেখিলাম কিন্তু অর্দ্ধ অক্ষর কিরূপে সম্ভব হইতে পারে, ইহা কোনক্রমে আমার বোধগম্য হইল না ; সুতরাং ভাবিয়া দেখুন, আমি কিরূপ বিষম-সন্দেহ সাগরে নিমগ্ন হইলাম ! যদি কেহ বলেন যে, কামগায়ত্রীর শেষ অক্ষর 'ৎ' মাত্রাহীন অর্থাৎ স্বর-সংযুক্ত নহে বলিয়া, উহা অর্দ্ধ অক্ষর মধ্যে পরিগণিত, তাহা হইলে এস্থলে ঐরূপ মাত্রাহীন অক্ষর আরও ত রহিয়াছে, তাহাও তবে অর্দ্ধাক্ষর বলিয়া গণ্য করা যাইতে পারে, কিন্তু ইহাও ত কদাচ সম্ভব হইতে পারে না, ব্যাকরণ, পুরাণ, আগম, নাট্য, অলঙ্কার প্রভৃতি সর্ব্ব শাস্ত্রেই স্বর ও ব্যঞ্জন-ভেদে বর্ণ-সংখ্যা পঞ্চাশৎ অর্থাৎ পঞ্চাশটী বলিয়া নিরূপণ করিয়াছেন ; অর্দ্ধ অক্ষরের উল্লেখ ত কোথাও নাই। দেখুন, শ্রীহরিনামামৃত-ব্যাকরণের সংজ্ঞা-প্রকরণে বলিতেছেন—'অ আ ক খ প্রভৃতি পঞ্চাশটী বর্ণ নারায়ণ হইতে উৎপন্ন হইয়াছে। বৃহন্নারদীয়-পুরাণে শ্রীরাধিকা-সহস্রনাম-স্তোত্রেও বলিয়াছেন 'শ্রীরাধা পঞ্চাশদ্-বর্ণরূপিণী'। অন্যান্য শাস্ত্রেও বর্ণমালা-প্রকরণে একরূপই লিখিত হইয়াছে; কিন্তু 'বর্ণ-সংখ্যা সাড়ে পঞ্চাশ' এরূপ ত কোথাও দেখিতে পাই না। সুতরাং

ভাবিতে লাগিলাম যে, শ্রীকবিরাজ-গোস্বামীপাদের কি বুঝিবার ভুল হইল! না, তাহাও কদাচ সম্ভব হইতে পারে না, যেহেতু তিনি হইতেছেন নিখিল-শাস্ত্র-পারদর্শী—তিনি সমস্তই অবগত আছেন; তাঁহার ভ্রম-প্রমাদাদি কোনও দোষ থাকিতে পারে না ॥ ১৫ ॥

দ্বিতীয়তঃ, ভাবিতে লাগিলাম যে, শ্রীকৃষ্ণদাস কবিরাজ-গোস্বামী প্রভু কি "ৎ"কে অর্দ্ধাক্ষর বলিয়া নির্ণয় করিলেন? যদি তাহাই হয়, তাহা হইলে ত তাঁহার বর্ণনা ক্রমভঙ্গ-দোষে দূষিত হইল, কেননা শ্রীকৃষ্ণের মুখ হইতে আরম্ভ করিয়া ক্রম-অনুসারে চরণ পর্য্যন্ত প্রত্যেক অঙ্গে সাড়ে চব্বিশ অক্ষরকে যথাক্রমে সাড়ে চব্বিশ চন্দ্র বলিয়া বর্ণনা করিবার সময় ক্রম-প্রাপ্ত শেষ পদ-নখকে অর্দ্ধ-চন্দ্র বলা উচিত ছিল, কিন্তু তাহা না বলিয়া তিনি ললাটকে অর্দ্ধ-চন্দ্র বলিয়াছেন, যথা শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যলীলায় একবিংশ পরিচ্ছেদে শ্রীসনাতন-শিক্ষা-প্রসঙ্গে সম্বন্ধতত্ত্ব-বিচারে—

"সখি হে! কৃষ্ণমুখ দ্বিজরাজ-রাজ।
কৃষ্ণ-বপু-সিংহাসনে বসি রাজ্য-শাসনে
করে সঙ্গে চন্দ্রের সমাজ ॥
দুই গণ্ড সুচিক্কণ জিনি মণি-সুদর্পণ
সেই দুই পূর্ণচন্দ্র জানি।
ললাট অষ্টমী-ইন্দু তাহাতে চন্দন-বিন্দু
সেহ এক পূর্ণচন্দ্র মানি ॥
কর-নখ চাঁদের ঠাট বংশী উপর করে নাট
তার গীত মুরলীর তান।
পদ-নখ চন্দ্রগণ তলে করে সুনর্ত্তন
নূপুরের ধ্বনি যার গান ॥

এই চাঁদের বড় নাট পসারি চাঁদের হাট
বিনি মূলে বিলায় নিজামৃত।
কাহোঁ স্মিত-জ্যোৎস্নামৃতে কাহোঁকে অধরামৃতে
সব লোক করে আপ্যায়িত॥

এইরূপে দুইটী সন্দেহ মনে উপস্থিত হইল; কিন্তু বহু প্রকার বাদানুবাদের দ্বারাও তাহার কিছুই মীমাংসা করিতে পারিলাম না। তখন মনে করিলাম, মন্ত্রাক্ষরের অর্থ যদি অবগত হইতে না পারি, তাহা হইলে মন্ত্রদেবতার সাক্ষাৎ কিরূপে পাইব? সুতরাং মৃত্যুই শ্রেয়ঃ বিবেচনা করিয়া দেহ-ত্যাগের নিমিত্ত অন্ন-জল পরিত্যাগ পূর্ব্বক শ্রীরাধাকুণ্ডের তটে পড়িয়া রহিলাম ॥ ১৬ ॥

এইরূপে অবস্থায় রাত্রি দ্বিপ্রহর গত হইলে আমার তন্দ্রা উপস্থিত হইল। তখন কি দেখিলাম! না—শ্রীবৃষভানু-রাজনন্দিনী আমার সম্মুখে উপস্থিত হইয়া আমাকে বলিতেছেন, "হে বিশ্বনাথ! হে হরিবল্লভ! তুমি উত্থিত হও। শ্রীকৃষ্ণদাস কবিরাজ যাহা লিখিয়াছে, তাহা সমস্তই সত্য। সে যে আমার নর্ম্ম-সহচরী; আমার অনুগ্রহে সে আমার অন্তর সমস্তই জানে; তাহার বাক্যে কোনও সন্দেহ করিও না। আমার অনুগ্রহ ব্যতীত অন্য কেহ এই মন্ত্রাক্ষরের অর্থ অবগত হইতে পারে না। 'বর্ণাগম ভাস্বৎ' নামক গ্রন্থে অর্দ্ধাক্ষর সম্বন্ধে যাহা নিরূপিত হইয়াছে, তাহা শ্রবণ কর। তৎপরে তুমি ঐ গ্রন্থ দেখিয়া জগতের হিতের নিমিত্ত প্রমাণ সংগ্রহ করিও। শ্রীকৃষ্ণদাস কবিরাজ ঐ 'বর্ণাগম-ভাস্বৎ' গ্রন্থ দেখিয়াই অর্দ্ধাক্ষর নির্ণয় করিয়াছে।"

শ্রীবৃষভানুনন্দিনীর এইরূপ আদেশ বাক্য শ্রবণ করিয়া, চেতনা লাভ করতঃ, তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলাম। আমার সন্দেহ-ভঞ্জন হইল এবং "হা রাধে! হা রাধে! বলিয়া বারম্বার বিলাপ করিতে লাগিলাম। অনন্তর শ্রীরাধিকার এই আদেশ-বাণী হৃদয়ে ধারণ করিয়া তাহা প্রতিপালনের নিমিত্ত যত্নবান্ হইলাম। অর্দ্ধাক্ষর-নিরূপণ-বিষয়ে শ্রীরাধিকার আদেশ-বাণী, যথা ঃ—"যে 'য'কারের পর

'বি' অক্ষর থাকে, সেই 'য'কারই হইতেছে অর্দ্ধাক্ষর। এতদ্ভিন্ন আর সমস্তই পূর্ণাক্ষর এবং প্রত্যেক অক্ষরই পূর্ণচন্দ্র।" অতএব এই লক্ষণ অনুসারে 'কামদেবায়' পদের 'য'কারের পর 'বিদ্মহে' পদের 'বি' অক্ষর থাকায়, এই 'কামদেবায়' পদের 'য'কারই হইতেছে অর্দ্ধাক্ষর—ইহাই ললাটস্থ অর্দ্ধচন্দ্র ।। ১৭ ।।

অনন্তর কামগায়ত্রীর অন্তর্গত প্রত্যেক অক্ষরের চন্দ্রত্ব নিরূপিত হইতেছে, তাহা শ্রাবণ করুন। শ্রীকৃষ্ণের মুখ এক চন্দ্র, দুই গণ্ড দুই চন্দ্র, ললাট অর্দ্ধ-চন্দ্র, ললাটস্থ তিলক এক চন্দ্র, দুই হস্তের দশ নখ দশ চন্দ্র এবং চরণ-দ্বয়ের দশ নখ দশ চন্দ্র। সুধীগণ কামগায়ত্রীর এইরূপ অর্থ অবগত হইবেন। এই কাম-গায়ত্রীর 'ক'কার হইতে আরম্ভ করিয়া 'ৎ'কার পর্য্যন্ত এক একটী অক্ষরকে এক একটী চন্দ্র বলিয়া জানিবেন। শ্রীকৃষ্ণের মুখ হইতে আরম্ভ করিয়া পদ-নখ পর্য্যন্ত অঙ্গ সকলকে সাড়ে চব্বিশ চন্দ্র-রূপে নিরূপণ-বিষয়ে প্রথমে দক্ষিণ অঙ্গ ও পরে বাম অঙ্গ ধরিতে হইবে ।। ১৮ ।।

বৃষভানুরাজ-নন্দিনী শ্রীরাধিকার উপদেশ-মতে অর্দ্ধাক্ষর-নিরূপণ-বিষয়ে "বর্ণাগম-ভাস্বৎ" গ্রন্থে যে প্রমাণ পাওয়া গিয়াছে, তাহা লিখিতেছি :—

"যে 'য'কারের পর 'বি' অক্ষর থাকে,
সেই 'য'ই হইতেছে অর্দ্ধাক্ষর।"

এই নির্দ্দেশানুসারে কামগায়ত্রীর 'কামদেবায়' পদের অন্তস্থিত 'য'কারই ('য়'ই) হইতেছে অর্দ্ধাক্ষর, কারণ এই 'য'কারের পরেই 'বিদ্মহে' পদের 'বি'অক্ষর রহিয়াছে ।। ১৯ ।।

ইতি শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিঠক্কুর-বিরচিত—'মন্ত্রার্থদীপিকা'-গ্রন্থান্তর্গত
কামবীজ ও কামগায়ত্র্যর্থের অনুবাদ সম্পূর্ণ।

———

## অষ্টাদশাক্ষর-মন্ত্ররাজের রাগমার্গীয় অর্থ।

অষ্টাদশাক্ষর-মন্ত্র, যথা ঃ—

"ক্লী" "কৃষ্ণায় গোবিন্দায়
গোপীজনবল্লভায় স্বাহা।"

"মননাৎ ত্রায়তে যো হি স মন্ত্র ইতি কথ্যতে" অর্থাৎ যাহার অবিরাম চিন্তন দ্বারা নিশ্চয়ই পরিত্রাণ লাভ করা যায়, তাহাকে মন্ত্র বলে। যাবতীয় মন্ত্রের মধ্যে শ্রীকৃষ্ণমন্ত্রই যে সর্ব্বশ্রেষ্ঠ, তদ্বিষয়ে শাস্ত্রকারগণ বলিতেছেন ঃ—

মন্ত্রাস্তু কৃষ্ণদেবস্য সাক্ষাদ্ভগবতো হরেঃ।
সর্ব্বাবতার-বীজস্য সর্ব্বতো বীর্য্যবত্তমাঃ ।।

শ্রীহরিভক্তিবিলাস।

সর্ব্বেষাং মন্ত্র-বীর্য্যাণাং শ্রেষ্ঠো বৈষ্ণব উচ্যতে।
বিশেষাৎ কৃষ্ণমনবো ভোগ-মোক্ষৈকসাধনাং ।।

শ্রীবৃহদেগৌতমীয়তন্ত্র।

তত্রাপি ভগবত্তাং স্বাং তন্বতো গোপ-লীলয়া।
তস্য শ্রেষ্ঠতমা মন্ত্রাস্তেষ্বপ্যষ্টাদশাক্ষরঃ ।।

শ্রীহরিভক্তিবিলাস।

শ্রীহরিভক্তিবিলাসে বলিতেছেন ঃ— সমস্ত অবতারের মূল-স্বরূপ সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণদেবের মন্ত্রগুলি অন্য সমস্ত মন্ত্র অপেক্ষা অধিকতর বীর্য্যবান্।

শ্রীবৃহদ্গৌতমীয়তন্ত্রে বলিতেছেন ঃ—যাবতীয় প্রধান প্রধান মন্ত্র-সমূহের

মধ্যে বৈষ্ণব-মন্ত্রই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছেন। বিশেষতঃ কৃষ্ণমন্ত্র সকল ভোগ ও মোক্ষ-লাভের অদ্বিতীয় সাধন-স্বরূপ।

শ্রীহরিভক্তিবিলাসে বলিতেছেন ঃ—পরন্তু আবার শ্রীকৃষ্ণের দ্বারকানাথ প্রভৃতি বহুবিধ মূর্ত্তি-সমূহের মধ্যে যে মূর্ত্তিতে গোপ-লীলা দ্বারা স্বীয় ভগবদ্ভাব বিস্তার করিয়াছেন, সেই গোপলীলাত্মক মূর্ত্তির অর্থাৎ ব্রজবল্লভ-শ্রীকৃষ্ণ-মূর্ত্তির মন্ত্রগুলিই হইতেছেন শ্রেষ্ঠ ; তাহার মধ্যে আবার অষ্টাদশাক্ষর-মন্ত্রই হইতেছেন সর্ব্বশ্রেষ্ঠ।

এই অষ্টাদশাক্ষর মন্ত্রই হইতেছেন শ্রীবৃন্দাবনে কল্পতরু-মূলে যোগপীঠস্থ সহস্রদল-কমলোপরি রত্নসিংহাসনাবস্থিত সহস্র সহস্র গোপীমণ্ডল মণ্ডিত অপার মাধুর্য্যময় শ্রীরাধা-গোবিন্দ-যুগলের শ্রীপাদপদ্ম ও প্রেমসেবা লাভ করিবার পরম উপায়-স্বরূপ।

অষ্টাদশাক্ষর-মন্ত্ররাজ পঞ্চপদে বিভক্ত, যথা ঃ—(১) ক্লীঁ, (২) কৃষ্ণায়, (৩) গোবিন্দায়, (৪) গোপীজনবল্লভায় ও (৫) স্বাহা। এই সমস্ত পদের অর্থ নিম্নে যৎকিঞ্চিৎ বিবৃত হইতেছে।

(১) "ক্লীঁ"—এই পদের অর্থ ১০৬৩ পৃষ্ঠা হইতে ১০৬৭ পৃষ্ঠা পর্য্যন্ত 'কামবীজার্থঃ" নামক বিষয়ে দ্রষ্টব্য।

(২) "কৃষ্ণায়"—"পাপ-কর্ষণো কৃষ্ণঃ" ইতি শ্রীগোপাল-তাপনীয়-শ্রুতিঃ। যিনি পাপসকল কর্ষণ-করেন অর্থাৎ সম্যক্-প্রকারে ধ্বংস করেন, তিনিই হইলেন কৃষ্ণ। এখানে পাপ অর্থে সকলেরই সর্ব্ববিধ পাপ ও অপরাধ—এমন কি অসুরগণেরও অপরাধ পর্য্যন্ত বুঝাইতেছে জানিতে হইবে, যেহেতু "কর্ষতি সর্ব্বাপরাধান্" অর্থাৎ শ্রীকৃষ্ণ সকলেরই সর্ব্ববিধ অপরাধ বিনাশ করেন, ইহাই হইল 'কৃষ্ণ' শব্দের নিরুক্তি বিশেষ। সেই কৃষ্ণ হইতেছেন পরব্রহ্ম এবং তিনি সচ্চিদানন্দ-বিগ্রহ, যথা ঃ—

কৃষ্ণ এব পরংব্রহ্ম সচ্চিদানন্দ-বিগ্রহঃ।

শ্রীবৃহদ্গৌতমীয়তন্ত্র।

আবার শ্রীকৃষ্ণ যে নিত্যানন্দময় পরব্রহ্ম, তদ্বিষয়ে শ্রীমহাভারতে বলিতেছেন, যথা ঃ—

কৃষিভূর্বাচকো শব্দঃ ণশ্চ নিবৃতি-বাচকঃ।
তয়োরৈক্যং পরংব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে ॥

শ্রীমহাভারত।

অর্থাৎ শ্রীমহাভারতে বলিতেছেন ঃ—'কৃষি' ধাতুর অর্থ ভূ অর্থাৎ সত্তা ; সৎ শব্দের উত্তর তা প্রত্যয় করিলে সত্তা পদ হয় ; সৎ শব্দের অর্থ নিত্য ; অতএব সত্তা শব্দে নিত্যতা বুঝায়। 'ণ' কারের অর্থ নিবৃতি অর্থাৎ আনন্দ। সুতরাং এই দুইয়ের মিলনে নিত্যানন্দ হইল। নিত্যানন্দ বলিতে পরব্রহ্মকেই বুঝায়। তন্নিমিত্ত 'কৃষ্ণ' শব্দের উক্ত অর্থানুসারে কৃষ্ণই পরব্রহ্ম বলিয়া অভিহিত হইয়া থাকেন ; অতএব তিনি নিত্যানন্দময় পরব্রহ্ম।

শ্রীকৃষ্ণ তদীয় বেণু, রূপ ও লীলাদির অতুলনীয় মাধুর্য্য-প্রভাবে ত্রিজগৎস্থ স্থাবর-জঙ্গমাদি সকলেরই চিত্ত আকর্ষণ করিয়া থাকেন। শ্রীকৃষ্ণই হইতেছেন একমাত্র পরমারাধ্য।

(৩) "গোবিন্দায়"—"গো-ভূমি-বেদ-বিদিতো বেদিতা গোবিন্দঃ" ইতি শ্রীগোপালতাপনীয়-শ্রুতিঃ। যিনি গো, ভূমি ও বেদ-সমূহে প্রসিদ্ধ এবং যিনি এই সমস্তকে প্রাপ্ত হইয়া রহিয়াছেন, তিনিই হইলেন 'গোবিন্দ'। গো শব্দের বহু অর্থ, কিন্তু এখানে তিনটী মাত্র অর্থ গৃহীত হইয়াছে, যথা ঃ—(১) প্রসিদ্ধ পশুজাতি-বিশেষ (গরু), (২ ভূমি (ভুবন) ও (৩) বেদ। আবার 'পশুজাতি-বিশেষ' অর্থে শ্রীমন্নন্দগোকুলস্থ গো-সকলকেই লক্ষ্য করিতেছেন। যিনি অতুলনীয় ঐশ্বর্য্য ও মাধুর্য্য-পরিপূর্ণ হইয়াও গো-

সমূহে পরিবৃত হইয়া স্বৈর-ক্রীড়াশীল এবং ঐরূপ অবস্থাতেই সর্ব্ব ভুবনে ও সর্ব্ব বেদে প্রসিদ্ধ অর্থাৎ যিনি শ্রীমন্নন্দগোকুলে স্বীয় ব্রজজন-মনোহর নব-জলধর-শ্যামসুন্দর-রূপে বিরাজিত থাকিয়া সুমধুর লীলা বিস্তার করিতেছেন এবং নিখিল ভুবন ও বেদ-সমূহ যাঁহার সেই লীলা-মাধুরী উচ্চৈঃস্বরে কীর্ত্তন করিতেছেন বলিয়া যিনি ভুবনে ও বেদে প্রসিদ্ধ, সেই 'গোপাল'-বেশধারী গোকুল-চন্দ্র শ্রীকৃষ্ণই হইতেছেন 'গোবিন্দ'-পদের বাচ্য।

(৪) **"গোপীজনবল্লভায়"**—"গোপীজনা-বিদ্যা-কলা" ইতি শ্রীগোপালতাপনী-শ্রুতিঃ। 'গোপীজন' অর্থে গোপীজন-রূপে আবিদ্যা-কলা বুঝাইতেছে। আবিদ্যা শব্দের অর্থ সম্যক্ বিদ্যা অর্থাৎ সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বিদ্যা; এই বিদ্যা দ্বারা শ্রীকৃষ্ণাকর্ষিণী শক্তিকে বুঝাইতেছে। কলা শব্দের অর্থে প্রেমভক্তির মূর্ত্তি-বিশেষ। অতএব 'গোপীজন' শব্দে এইরূপ অর্থ বুঝাইতেছে যে, যাঁহারা শ্রীকৃষ্ণাকর্ষিণী-শক্তি-স্বরূপা-প্রেমভক্তির মূর্ত্তি-বিশেষ, তাঁহারাই হইলেন গোপীজন। একমাত্র এই জাতীয় প্রেম-ভক্তির দ্বারাই শ্রীকৃষ্ণ সম্যক্‌রূপে বশীভূত হন। ইহাই হইল মধুর রসের প্রেম, যাহা দাস্য, সখ্য ও বাৎসল্য রসের প্রেমকে পরাভূত করিয়া সর্ব্বোপরি বিরাজ করিতেছেন। 'গোপীজন' শব্দের আর একটী অর্থ এই, যথাঃ—'গোপী' শব্দে গুপ্ ধাতুর অর্থ—রক্ষা করা, পালন করা, শ্রীকৃষ্ণের যে বিশিষ্ট শক্তি প্রেম দিয়া ভক্তগণকে পালন করেন, সেই শক্তি হইল 'গোপী'। এই শক্তির নাম হ্লাদিনী শক্তি। শ্রীমতী রাধিকাই হইতেছেন এই হ্লাদিনী-শক্তি-স্বরূপিণী। অতএব 'গোপী' শব্দে হ্লাদিনীশক্তি-রূপিণী প্রকৃতিকুল-ললামভূতা বৃষভানুরাজ-নন্দিনী শ্রীমতী রাধিকাকেই বুঝাইতেছে, যথা ঃ

"গোপী তু প্রকৃতী রাধা জনস্তদংশ-মণ্ডলঃ।"

আর 'জন' শব্দে এই শ্রীরাধিকার অংশ-মণ্ডল অর্থাৎ তদীয় কায়ব্যূহ-রূপিণী-গোপী-মণ্ডলকে বুঝাইতেছে। অতএব 'গোপীজন' শব্দের অর্থে শ্রীরাধিকা ও

তদীয় কায়ব্যূহরূপা শ্রীললিতা-বিশাখাদি সখীগণকে বুঝাইতেছে। 'বল্লভ' শব্দের অর্থ প্রেরক অর্থাৎ প্রবর্ত্তক বা প্রবর্ত্তন-কর্ত্তা, রমণ। যিনি স্বীয় মাধুর্যময় লীলা-সমূহে গোপীগণের প্রবর্ত্তন-কর্ত্তা বা রমণ অর্থাৎ যিনি নায়ক-রূপে গোপীগণ সহ পরম মধুর লীলা-বিলাসাদি করিতেছেন, তিনিই হইতেছেন গোপীজনবল্লভ বা গোপীগণের পতি অর্থাৎ শ্রীললিতা-বিশাখাদি-সখী-সমন্বিতা শ্রীরাধিকার প্রাণপতি। তিনি কে? না—তিনি হইতেছেন নন্দনন্দন রসিক-রাজ শ্রীকৃষ্ণ, যিনি শ্রীবৃন্দাবনে 'গোপী' অর্থাৎ পঙ্কজ-নয়নী-নবীনা-ব্রজসুন্দরীগণ পরিবৃতা 'শ্রীরাধিকা' সহ মদনমোহন-রূপে বিরাজ করিতেছেন। পরন্তু শ্রীকৃষ্ণ আবার যৎকালে গোপীকুল-মুকুটমণি শ্রীরাধিকা সহ শোভিত হন, কেবলমাত্র তখনই তিনি মদনমোহন. যথা ঃ—

"রাধা-সঙ্গে যদা ভাতি তদা মদনমোহনঃ।"

তবে যেহেতু তিনি অনুক্ষণই গোপীমণ্ডল-পরিবৃতা শ্রীরাধিকা সহ বিরাজ করিতেছেন, সুতরাং তিনি নিত্যই মদনমোহন। শ্রীকৃষ্ণের, তথা 'গোবিন্দ'-রূপ অর্থাৎ 'গোপাল'-রূপ শ্রীকৃষ্ণের এই নব-কৈশোর মদনমোহন-মূর্ত্তি'ই হইতেছেন 'গোপীজনবল্লভ'। অতএব গোপীজনবল্লভ' বলিতে যখন শ্রীশ্রীমদন-মোহন-মূর্ত্তিকেই বুঝাইতেছে এবং সেই মদনমোহন-মূর্ত্তি হইতেছেন যখন নিত্যই রাধালিঙ্গিত-বিগ্রহ, তখন 'গোপীজনবল্লভ' ও হইতেছেন নিত্যই রাধা-লিঙ্গিত-বিগ্রহ। সুতরাং 'গোপীজনবল্লভ' শব্দে স্বতঃই শ্রীরাধা-কৃষ্ণ-যুগলকেই বুঝাইতেছে; তন্নিমিত্তই অষ্টাদশাক্ষর বা দশাক্ষর-মন্ত্রকে সাধারণতঃ যুগল-মন্ত্রই বলা হইয়া থাকে।

(৫) "স্বাহা"—"তন্মায়া চ" ইতি শ্রীগোপাল-তাপনীয়-শ্রুতিঃ। "স্বাহা" শব্দে শ্রীকৃষ্ণের মায়া অর্থাৎ শ্রীযোগমায়াকে বুঝাইতেছে, যে যোগমায়া হইতেছেন গোপীজনবল্লভ শ্রীকৃষ্ণের স্বরূপভূতা চিচ্ছক্তি; ইনিই ভক্তগণকে শ্রীকৃষ্ণ-পাদপদ্মে

সমর্পণ করিয়া দেন। সুতরাং 'স্বাহা' পদের—"স্বাহা চাত্ম-সমর্পণমিতি"—এইরূপ অর্থই অন্যত্র কথিত হইয়াছে। যাঁহার সাহায্যে আত্ম-সমর্পণ করা যায়, তিনিই হইতেছেন "স্বাহা"। এই "স্বাহা" পদের উচ্চারণ বা স্মরণ দ্বারা গোপীজনবল্লভের শ্রীপদারবিন্দে ভক্তগণের সর্ব্বতোভাবে আত্ম-সমর্পণ করা হইয়া থাকে। অতএব, এইরূপ চিন্তা করিয়াই "স্বাহা" পদের উচ্চারণ বা স্মরণ করিতে হইবে যে, আমি যেন গোপীজনবল্লভের শ্রীপাদপদ্মে সর্ব্বতোভাবে আত্মসমর্পণ করিয়া তদ্দাসত্বে নিযুক্ত হইতেছি।

এক্ষণে কথা হইতেছে এই যে, শ্রীকৃষ্ণকে লাভ করিতে পারিলেই ত ভক্তগণের মনোবাঞ্ছা পূর্ণ হইল; সুতরাং এই অষ্টাদশাক্ষর-মন্ত্রে 'কৃষ্ণ', 'গোবিন্দ' ও 'গোপীজনবল্লভ' এই তিনটী শব্দের কি প্রয়োজন? এতদ্বিষয়ে একটু চিন্তা করিলে এই বুঝা যায় যে, গোপী-প্রেমরস-পিপাসু রসিক ভক্তের হৃদয় কেবল 'কৃষ্ণ'-রূপে কৃষ্ণকে পাইলেই পরিতৃপ্ত হয় না, কারণ কৃষ্ণের ত স্বরূপ-ভেদে বহুবিধ মূর্ত্তি রহিয়াছেন; তথা 'গোবিন্দ'-রূপে কৃষ্ণকে পাইয়াও পরিতৃপ্ত হয় না, যেহেতু গোবিন্দ হইতেছেন ব্রজরাজ-নন্দন শ্রীকৃষ্ণের 'গোপাল-মূর্ত্তি'। এই গোপাল-মূর্ত্তির উপাসনা বৎসল্য-রসেই হইয়া থাকে; কিন্তু শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর এই সমস্ত রসই অত্যুৎকৃষ্ট হইলেও, সূক্ষ্ম বিচারে ইহারা উত্তরোত্তর শ্রেষ্ঠ বলিয়াই পরিগণিত হয়। পরমারাধ্যপাদ শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু "শ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থে বলিয়াছেন ঃ—

শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর রস নাম।
কৃষ্ণভক্তি-রস মধ্যে এ পঞ্চ প্রধান ॥
কৃষ্ণ-প্রাপ্ত্যের উপায় বহুবিধ হয়।
কৃষ্ণ প্রাপ্ত্যেয় তারতম্য বহু ত আছয় ॥
কিন্তু যার যেই রস সেই সর্ব্বোত্তম।
তটস্থ হইয়া বিচারিলে আছে তর তম ॥

পূর্ব্ব পূর্ব্ব রসের গুণ পরে পরে হয়।
এই দুই গণনে পঞ্চ পর্য্যন্ত বাঢ়য় ॥
গুণাধিক্যে স্বাদাধিক্য বাঢ়ে প্রতি রসে।
শান্ত-দাস্য-সখ্য-বাৎসল্যের গুণ মধুরেতে বৈসে ॥
আকাশাদির গুণ যেন পর পর ভূতে।
এক দুই গণনে বাঢ়ে পঞ্চ পৃথিবীতে ॥
পরিপূর্ণ-কৃষ্ণ-প্রাপ্তি এই প্রেমা হৈতে।
এই প্রেমার বশ কৃষ্ণ কহে ভাগবতে ॥

( উপরোক্ত এই 'প্রেমা' শব্দে মধুর-প্রেমরসকে বুঝাইতেছে।)

রাধা-কৃষ্ণের লীলা এই অতি গূঢ়তর।
দাস্য বাৎসল্যাদি ভাবের না হয় গোচর ॥
শান্ত-রসে স্বরূপ-বুদ্ধ্যে কৃষ্ণৈকনিষ্ঠতা।
"শমো মন্নিষ্ঠতা-বুদ্ধেঃ" এই শ্রীমুখ-গাথা ॥
কৃষ্ণ বিনা তৃষ্ণা-ত্যাগ তার কার্য্য মানি।
অতএব 'শান্ত' কৃষ্ণ-ভক্ত এক জানি ॥
স্বর্গ মোক্ষ নরক—ভক্ত এক করি মানে।
'তৃষ্ণা-শান্তি' কৃষ্ণ-নিষ্ঠা' শান্তের দুই গুণে ॥
এই দুই গুণ ব্যাপে সব ভক্তজনে।
আকাশের শব্দ-গুণ যেন পর ভূতগণে ॥
শান্তের স্বভাব কৃষ্ণে মমতা-গন্ধ-হীন।
'পরব্রহ্ম'-'পরমাত্মা'-জ্ঞান-প্রবীণ ॥

( 'মমতা-গন্ধ-হীন' অর্থাৎ 'কৃষ্ণ আমার প্রভু, আমি কৃষ্ণের দাস' এই যে সম্বন্ধ অর্থাৎ 'দাস্য-সম্বন্ধ'-লেশ-শূন্য ; সুতরাং শান্ত-ভক্ত দাস্যভাব-শূন্য বলিয়া কৃষ্ণসেবা-বিহীন।)

কেবল 'স্বরূপ-জ্ঞান' হয়ে শান্ত-রসে।
'পূর্ণৈশ্বর্য্য-প্রভু-জ্ঞান' অধিক হও দাস্যে॥
'ঈশ্বর'-জ্ঞানে সম্ভ্রম গৌরব প্রচুর।
সেবা করি কৃষ্ণে সুখ দেন নিরন্তর॥
শান্তের গুণ দাস্যে আছে অধিক সেবন।
অতএব দাস্য-রসে হয়ে দুই গুণ॥
শান্তের গুণ দাস্যের সেবন সখ্যে দুই হয়।
দাস্যের সম্ভ্রম-গৌরব-সেবা সখ্যে বিশ্বাসময়॥
কান্ধে চড়ে কান্ধে চড়ায় করে ক্রীড়া-রণ।
কৃষ্ণে সেবে কৃষ্ণে করায় আপন সেবন॥
বিশ্রম্ভ-প্রধান সখ্য সম্ভ্রম-গৌরব-হীন।
অতএব সখ্য-রসের তিন গুণ চিহ্ন॥
মমতা অধিক কৃষ্ণে আত্মসম-জ্ঞান।
অতএব সখ্য-রসের বশ ভগবান্॥
বাৎসল্যে শান্তের গুণ দাস্যের সেবন।
সেই সে সেবনের ইঁহা নাম পালন॥
সখ্যের গুণ অসঙ্কোচ অগৌরব সার।
মমতাধিক্যে তাড়ন-ভর্ৎসন-ব্যবহার॥
আপনাকে পালক-জ্ঞান কৃষ্ণে পাল্য-জ্ঞান।
চারি রসের গুণে বাৎসল্য অমৃত সমান॥
সে অমৃতানন্দে ভক্ত সহ ডুবেন আপনে।
কৃষ্ণ 'ভক্তবশ'-গুণ-কহে ঐশ্বর্য্য-জ্ঞানিগণে॥
মধুর-রসে কৃষ্ণ-নিষ্ঠা সেবা অতিশয়।
সখ্যের অসঙ্কোচ লালন-মমতাধিক্য হয়॥

কান্ত-ভাবে নিজাঙ্গ দিয়া করেন সেবন।
অতএব মধুর-রসে হয়ে পঞ্চগুণ ॥
আকাশাদির গুণ যেন পর পর ভূতে।
এই দুই ক্রমে বাঢ়ে পঞ্চ পৃথিবীতে ॥
এইমত মধুরে সব-ভাব-সমাহার।
অতএব স্বাদাধিক্যে করে চমৎকার ॥

এক্ষণে বুঝা যাইতেছে যে, শান্তের গুণ একটী অর্থাৎ 'কৃষ্ণ-নিষ্ঠা'। শান্ত ভক্তের 'কৃষ্ণ বিনা অন্যত্র তৃষ্ণা-ত্যাগ' অর্থাৎ 'তৃষ্ণা-শান্তি' এই 'কৃষ্ণনিষ্ঠা' হইতেই হয়; সুতরাং এই 'তৃষ্ণা-শান্তি' হইল 'কৃষ্ণ-নিষ্ঠা' গুণেরই অন্তর্গত। দাস্যের গুণ দুইটী—'কৃষ্ণ-নিষ্ঠা' ও 'সেবা'। সখ্যের গুণ তিনটী—'কৃষ্ণ-নিষ্ঠা', 'সেবা' ও 'বিশ্রম্ভ' ( অসঙ্কোচ )। বাৎসল্যের গুণ চারিটী—'কৃষ্ণ-নিষ্ঠা', 'সেবা' ( পালন-রূপে সেবা ), 'অসঙ্কোচ-ভাব' ও 'স্নেহবশতঃ পাল্য-পালক-জ্ঞান'। মধুর রসের গুণ পাঁচটী অর্থাৎ 'কৃষ্ণ-নিষ্ঠা', 'সেবা', 'অসঙ্কোচভাব', 'লালনে মমতাধিক্য' ও 'নিজাঙ্গ দিয়া সেবা'। সুতরাং শান্ত অপেক্ষা দাস্য শ্রেষ্ঠ, দাস্য অপেক্ষা সখ্য শ্রেষ্ঠ, সখ্য অপেক্ষা বাৎসল্য শ্রেষ্ঠ, এবং বাৎসল্য অপেক্ষা মধুর-রস শ্রেষ্ঠ। মধুর-রসের ভক্তগণ এই তারতম্য সম্যক্ উপলব্ধিও করিয়া থাকেন। উল্লিখিত কারণে এই অষ্টাদশাক্ষর-মন্ত্রে কেবল 'কৃষ্ণায়' বা 'কৃষ্ণায় গোবিন্দায়' না বলিয়া, 'কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায়' বলিয়াছেন। মধুরাতিমধুর 'গোপীজনবল্লভ' হইতেছেন মধুর-রসেই উপাস্য ও লভ্য। এই বিষয়টী এক্ষণে আরও একটু বিশদভাবে বিবৃত হইতেছে। শ্রীকৃষ্ণকে লাভ করিতে পারিলেই ত মানব কৃতকৃতার্থ হইয়া যায় বটে, কিন্তু দ্বারকানাথ প্রভৃতি মূর্ত্তি-ভেদে শ্রীকৃষ্ণের বহুবিধ মূর্ত্তি আছেন। ভক্তগণ প্রথমতঃ সাধারণ ভাবে শ্রীকৃষ্ণে আত্মসমর্পণ করেন, পরে ভক্তের প্রেমরস যতই গাঢ় হইতে থাকে, ততই শ্রীকৃষ্ণকে অপেক্ষাকৃত আরও মধুর মূর্ত্তিতে পাইবার জন্য ঐ ভক্তের চিত্ত লালায়িত

হয়। তখন তিনি 'গোবিন্দ'-রূপ কৃষ্ণে অর্থাৎ ব্রজরাজনন্দন ও মা যশোদার প্রাণধন 'গোপাল'-রূপ কৃষ্ণে আত্ম-সমর্পণ করেন। কিন্তু ভক্তের প্রেমরস সম্পূর্ণরূপে পরিপক্ক হইলে, সেই প্রেমরস-নিমগ্ন রসিক ভক্ত তখন আর তাহাতেও তৃপ্ত হইতে পারেন না—তখন তিনি নলিন-নয়নী-ব্রজললনাগণ-পরিবৃত শ্রীকৃষ্ণের সেই পরম সুন্দর নবকৈশোর নটবর শ্যামসুন্দর মদনমোহন মূর্ত্তিকে পাইবার জন্য ব্যাকুল হইয়া উঠেন এবং সেই অনুত্তম গোপী-প্রেমরসে নিমগ্ন হইয়া 'গোপীজনবল্লভ'-রূপ শ্রীকৃষ্ণে আত্ম-সমর্পণ করেন। তখন তাঁহার গোপী-প্রেম-রস-পিপাসু সেই ব্যাকুলপ্রাণে আর শুধু 'কৃষ্ণায় স্বাহা' বলিয়া তৃপ্তি হয় না বা 'কৃষ্ণায় গোবিন্দায় স্বাহা' বলিয়াও পরিতৃপ্ত হয় না; তাই তিনি তখন প্রাণ ভরিয়া বলিতে থাকেন—"কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা", অথবা কেবল "গোপীজনবল্লভায় স্বাহা" বলিলেও তাঁহার প্রাণের আকাঙ্ক্ষা পূর্ণ হইয়া থাকে এবং তন্নিমিত্তই পরম করুণ শ্রীমন্মহাপ্রভু, জীবের পরম কল্যাণের নিমিত্ত কেবল 'গোপীজনবল্লভ' পদ লইয়াই দশাক্ষর মন্ত্রের প্রবর্ত্তন করিয়াছেন। মধুররস-লোলুপ ভক্তগণ, অপার-মাধুর্য্যময়ী-ব্রজ-সুন্দরীগণ-পরিবৃত শ্রীরাধা-কৃষ্ণ-যুগলের প্রেম-সেবা লাভ করিবার নিমিত্ত, তদ্বিষয়ক অদ্বিতীয়-সাধন-স্বরূপ এই অষ্টাদশাক্ষর বা দশাক্ষর মন্ত্রেরই কেবলমাত্র আশ্রয় গ্রহণ করিয়া থাকেন।

## দশাক্ষর-মন্ত্রার্থ।

দশাক্ষর-মন্ত্র, যথা ঃ—

"ক্লীঁ গোপীজনবল্লভায় স্বাহা"।

ইতিপূর্ব্বেই ১০৮১ পৃষ্ঠায় "গোপীজনবল্লভায়" পদের ও ১০৮২ পৃষ্ঠায় "স্বাহা" পদের যে অর্থ লিখিত হইয়াছে, তাহাই হইল দশাক্ষর-মন্ত্রের অর্থ।

———

# শ্রীশ্রীগৌরগণোদ্দেশ।

যঃ শ্রীবৃন্দাবন-ভুবি পুরা সচ্চিদানন্দ-সান্দ্রো
গৌরাঙ্গীভিঃ সদৃশ-রুচিভিঃ শ্যামধামা ননর্ত্ত।
তাসাং শশ্বদ্দৃঢ়তর-পরীরম্ভ-সম্ভেদতঃ কিং
গৌরাঙ্গঃ সন্ জয়তি স নবদ্বীপমালম্বমানঃ ॥

শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা।

পূর্ব্বে শ্রীবৃন্দাবন-ভূমিতে সচ্চিদানন্দ-ঘন-বিগ্রহ যে শ্রীশ্যামসুন্দর পরস্পর তুল্যকান্তি-বিশিষ্টা গৌরাঙ্গীদিগের সহিত অর্থাৎ তপ্ত-কাঞ্চন-বর্ণা গোপসুন্দরী-দিগের সহিত নৃত্য করিয়াছিলেন, তিনিই অবিরত তাঁহাদের গাঢ় আলিঙ্গন প্রযুক্ত তাঁহাদিগের গৌরবর্ণ অঙ্গ-কান্তি লাভ করতঃ শ্রীনবদ্বীপ ধামে শ্রীগৌরাঙ্গ-রূপে অবতীর্ণ হইয়া জয়যুক্ত-রূপে বিরাজ করিতেছেন।

রাধা কৃষ্ণ-প্রণয়বিকৃতিহ্লাদিনী-শক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহ-ভেদং গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ঞ্চৈক্যমাপ্তং
রাধা-ভাব-দ্যুতি-সুবলিতং নৌমি কৃষ্ণ-স্বরূপং ॥

শ্রীচৈতন্যচরিতামৃত-ধৃত-শ্লোক।

শ্রীরাধিকা হইতেছেন শ্রীকৃষ্ণের মূর্ত্তিমতী প্রেম-স্বরূপা আহ্লাদিনী শক্তি। তন্নিমিত্ত অর্থাৎ শক্তি ও শক্তিমানে অভেদত্ব প্রযুক্ত শ্রীকৃষ্ণ ও শ্রীরাধা উভয়ে এক আত্মা হইয়াও অনাদিকাল হইতে শ্রীবৃন্দাবন-ভূমিতে পৃথক্ পৃথক্ দেহ অঙ্গীকার করিয়াছেন। পরন্তু ইদানীং অর্থাৎ এই কলিযুগে সেই রাধা ও কৃষ্ণ দুই জনে মিলিত হইয়া, শ্রীরাধিকার ভাব ও কান্তি গ্রহণ পূর্ব্বক, শ্রীচৈতন্য-নামে প্রকট হইয়াছেন; আমি কৃষ্ণ-স্বরূপ সেই শ্রীচৈতন্যকে স্তব ও প্রণাম করি।

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| উপেন্দ্র মিশ্র ( মহাপ্রভুর পিতামহ ) | ··· | পর্জ্জন্য ( শ্রীকৃষ্ণের পিতামহ ) |
| কমলাবতী ( ঐ পিতামহী ) | ··· | বরীয়সী ( ঐ পিতামহী )। |
| নীলাম্বর চক্রবর্ত্তী (মহাপ্রভুর মাতামহ) | ··· | সুমুখ ( শ্রীকৃষ্ণের মাতামহ ) ও গর্গমুনি। |
| বিলাসিনী ( ঐ মাতামহী ) | ··· | পাটলা ( ঐ মাতামহী )। |
| জগন্নাথ মিশ্র ( ঐ পিতা ) | ··· | নন্দ ( ঐ পিতা )। |
| শচীদেবী ( ঐ মাতা ) | ··· | যশোদা ( ঐ মাতা )। |
| মুকুন্দ পণ্ডিত বা হাড়াই পণ্ডিত ( নিত্যানন্দের পিতা ) | | বসুদেব ( রাম-কৃষ্ণের পিতা )। |
| পদ্মাবতী ( ঐ মাতা ) | | দেবকী ( শ্রীকৃষ্ণের মাতা ) ও রোহিণী ( বলরামের মাতা )। |
| কুবের পণ্ডিত ( অদ্বৈতের পিতা ) | ··· | গুহ্যকেশ্বর কুবের ( মহাদেবের মিত্র )। |
| মাধব মিশ্র ( গদাধরের পিতা ) | ··· | বৃষভানু-রাজার প্রকাশ-বিশেষ। |
| রত্নাবতী ( ঐ মাতা ) | ··· | কীর্ত্তিদা ( শ্রীরাধিকার মাতা )। |
| বল্লভাচার্য্য ( লক্ষ্মীপ্রিয়ার পিতা ) | ··· | রাজর্ষি জনক ও ভীষ্মক ( রুক্মিণীর পিতা )। |
| সনাতন মিশ্র ( বিষ্ণুপ্রিয়ার পিতা ) | ··· | সত্রাজিত রাজা ( সত্যভামার পিতা )। |
| সূর্য্যদাস ( বসুধা ও জাহ্নবার পিতা ) | ··· | ককুদ্মী ( রেবতীর পিতা )। |
| পুণ্ডরীক বিদ্যানিধি | ··· | বৃষভানু রাজা ( শ্রীরাধিকার পিতা )। |
| বিশ্বেশ্বর চক্রবর্ত্তী ( গৌরাঙ্গের মাতুল ) | ··· | যশোদর ( কৃষ্ণের মাতুল )। |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| ঈশ্বর পুরী ( মহাপ্রভুর দীক্ষাগুরু ) | ... | সান্দীপনি মুনি ( শ্রীকৃষ্ণের উপনয়ন-গুরু )। |
| গঙ্গাদাস পণ্ডিত ও সুদর্শন পণ্ডিত ( মহাপ্রভুর বিদ্যাগুরু ) | ... | বশিষ্ঠ ( শ্রীরামচন্দ্রের বিদ্যাগুরু )। |
| কেশব ভারতী ( ঐ সন্ন্যাস-গুরু ) | ... | অক্রূর ( মতান্তরে সান্দীপনি মুনি )। |
| বনমালী আচার্য্য ( লক্ষ্মীপ্রিয়ার বিবাহের ঘটক ) | ... | বিশ্বামিত্র ( রামচন্দ্রের বিবাহের ঘটক ) ও সদানন্দ ( শ্রীকৃষ্ণ সমীপে রুক্মিণী-প্রেরিত ব্রাহ্মণ )। |
| কাশীনাথ ( বিষ্ণুপ্রিয়ার বিবাহের ঘটক ) | ... | কুলক ( সত্যভামার বিবাহের ঘটক )। |
| জগদানন্দ পণ্ডিত | ... | সত্যভামার প্রকাশ-বিশেষ। |
| অদ্বৈত আচার্য্য | ... | সদাশিব ( মহাবিষ্ণু )। |
| নিত্যানন্দ | ... | বলরাম। |
| বিশ্বরূপ | ... | সঙ্কর্ষণের দ্বিতীয় ব্যূহ ( ইনি অন্তর্হিত হইয়া শ্রীনিত্যানন্দ-দেহে প্রবিষ্ট হন )। |
| গদাধর পণ্ডিত | ... | শ্রীরাধারাণী। |
| শ্রীবাস পণ্ডিত | ... | নারদ। |
| সীতাদেবী ( অদ্বৈতের পত্নী ) | ... | যোগমায়া ভগবতী। |
| শ্রী ( ঐ ঐ ) | ... | ঐ প্রকাশ-বিশেষ। |
| নন্দিনী ( সীতাদেবীর দাসী ) | ... | জয়া ( ভগবতীর দাসী )। |
| জঙ্গলী ( ঐ ঐ ) | ... | বিজয়া ( ঐ ঐ )। |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| বসুধা ( নিত্যানন্দের পত্নী ) | ··· | বারুণী ( বলরামের পত্নী )। |
| জাহ্নবা ( ঐ ঐ ) | ··· | রেবতী ( ঐ ঐ ) ও অনঙ্গমঞ্জরী। |
| মালিনী ( শ্রীবাসের পত্নী ) | ··· | অম্বিকা ( শ্রীকৃষ্ণের ধাত্রীমাতা )। |
| নারায়ণী ( ঐ ভ্রাতৃকন্যা ) | ··· | কিলিম্বিকা ( অম্বিকার ভগ্নী )। |
| লক্ষ্মীপ্রিয়া ( মহাপ্রভুর ১মা পত্নী ) | ·· | রুক্মিণী ( শ্রীকৃষ্ণের মহিষী ) ও জানকী ( শ্রীরামচন্দ্রের মহিষী )। |
| বিষ্ণুপ্রিয়া ( ঐ ২য়া পত্নী ) | ··· | সত্যভামা ( শ্রীকৃষ্ণের পত্নী )। |
| রাম পণ্ডিত ( শ্রীবাসের কনিষ্ঠ ভ্রাতা ) | ··· | পর্ব্বত মুনি। |
| বীরচন্দ্র ( নিত্যানন্দের পুত্র ) | ··· | পয়োব্ধিশায়ী ( সঙ্কর্ষণের ব্যূহ )। নিশঠ ও উল্মুখ দুই গোপ-সহোদরও ইঁহাতে প্রবিষ্ট হন। |
| গঙ্গা ( নিত্যানন্দের কন্যা ) | ··· | গঙ্গা ( বিষ্ণুপাদোদ্ভবা ভাগীরথী )। |
| মাধবাচার্য্য ( ঐ স্বামী ) | ··· | শান্তনু রাজা ( ঐ স্বামী )। |
| অচ্যুতানন্দ ( অদ্বৈতের পুত্র ) | ··· | অচ্যুতা গোপী। |
| কৃষ্ণ মিশ্র ( ঐ ঐ ) | ··· | কার্ত্তিকেয়। |
| গোবিন্দ আচার্য্য ( গীতবাদ্য-বিশারদ ) | ··· | পৌর্ণমাসী ( বড়াই বুড়ী )। |
| মীনকেতন রামদাস ( নিত্যানন্দের ভৃত্য ) | ·· | সঙ্কর্ষণের ব্যূহ। |
| দাস গদাধর | ··· | চন্দ্রকান্তি ( শ্রীরাধিকার বিভূতি ) ও পূর্ণানন্দা ( বলরাম-প্রিয়া গোপী )। |
| নরহরি সরকার-ঠাকুর | ··· | মধুমতী। |
| রঘুনন্দন ( খণ্ডবাসী ) | ··· | প্রদ্যুম্ন ( সঙ্কর্ষণের তৃতীয় ব্যূহ )। |
| বক্রেশ্বর পণ্ডিত | ··· | অনিরুদ্ধ ( ঐ চতুর্থ ব্যূহ ) ও শশিরেখার আবেশ। |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| গোপীনাথ আচার্য্য | ... | ব্রহ্মা ( সৃষ্টিকর্ত্তা )। |
| মুরারি গুপ্ত | ... | হনুমান। |
| পুরন্দর পণ্ডিত | ... | অঙ্গদ। |
| গোবিন্দানন্দ | ... | সুগ্রীব। |
| রামচন্দ্রপুরী | ... | বিভীষণ ও জটিলা। |
| হরিদাস ঠাকুর | ... | ঋচিক মুনির পুত্র ব্রহ্মা ও প্রহ্লাদ। |
| দেবানন্দ পণ্ডিত ( কুলিয়া ) | ... | ভাগুরি মুনি (নন্দের সভা-পণ্ডিত)। |
| বৃন্দাবন দাস | ... | বেদব্যাস ও কুসুমাপীড় সখা। |
| বল্লভ ভট্ট | ... | শুকদেব গোস্বামী। |
| চন্দ্রশেখর আচার্য্য | ... | চন্দ্র। ( মতান্তরে সুভদ্রা সখী )। |
| উদ্ধব দাস | ... | চন্দ্রের আবেশাবতার। ( মতান্তরে পদ্মা সখী )। |
| বিশ্বেশ্বরাচার্য্য | ... | সূর্য্য। |
| বনমালী ভিক্ষুক | ... | সুদামা বিপ্র। |
| শুক্লাম্বর ব্রহ্মচারী | ... | প্রধানা যজ্ঞপত্নী। |
| জগদীশ ও হিরণ্যক | ... | অন্য দুই জন যজ্ঞপত্নী। |
| জগন্নাথ আচার্য্য ও গঙ্গাদাস ( মহাপ্রভুর প্রিয়পাত্র ) | ... | নিধুবনে গোপী-প্রিয় দুর্ব্বাসা। |
| নকুল ব্রহ্মচারী | ... | শ্রীগৌরাঙ্গের আবেশ। |
| প্রদ্যুম্ন মিশ্র | ... | ঐ ঐ ( মতান্তরে মধুমঙ্গল )। |

| | | |
|---|---|---|
| গৌর-গণ | | স্বরূপ-নির্ণয়। |
| ভগবান্ আচার্য্য ( খঞ্জ ) | ... | ঐ কলা। |
| সার্ব্বভৌম ভট্টাচার্য্য | ... | বৃহস্পতি ( দেবগুরু )। |
| পরমানন্দ পুরী | ... | উদ্ধব। |
| সদাশিব কবিরাজ | ... | চন্দ্রাবলী। |
| প্রতাপরুদ্র | ... | ইন্দ্রদ্যুম্ন মহারাজ ও ইন্দ্র। |
| কাশীনাথ | ... | সনক। |
| লোকনাথ | ... | সনাতন। |
| শ্রীনাথ | ... | সনৎকুমার। |
| রামনাথ | ... | সনন্দ। |
| রায় ভবানন্দ | ... | পাণ্ডু মহারাজ। |
| বাণীনাথ | ... | যুধিষ্ঠির। |
| কলানিধি | ... | ভীম। |
| রায় রামানন্দ | ... | অর্জ্জুন ও অর্জ্জুনীয়া গোপী। ( মতান্তরে বিশাখা )। |
| সুধানিধি | ... | নকুল। |
| গোপীনাথ | ... | সহদেব। |
| কুমুদানন্দ পণ্ডিত | ... | গন্ধর্ব্ব ( ব্রজের গোপ )। |
| সেন শিবানন্দ | ... | চম্পকলতা। (মতান্তরে বীরা দূতী) |
| মালতী ঐ পত্নী ) | ... | বিন্দুমতী ( ব্রজগোপী )। |
| চৈতন্যদাস ( ঐ পুত্র ) | ... | দক্ষ ( ব্রজের শুক পক্ষী )। |
| রাম দাস ( ঐ ঐ ) | ... | বিচক্ষণ ( ঐ ঐ )। |
| কবি কর্ণপুর ( ঐ ঐ ) | ... | সূক্ষ্মধীরা ( ঐ শারী )। |
| গোবিন্দ | ... | পুণ্ডরীকাক্ষ ( বৈকুণ্ঠের পার্ষদ )। |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| গরুড় | ... | কুমুদ ( বৈকুণ্ঠের পার্ষদ )। |
| জগন্নাথ ( জগাই ) | ... | জয় ( বৈকুণ্ঠের দ্বারপাল )। |
| মাধব ( মাধাই ) | ... | বিজয় ( ঐ ঐ )। |
| গরুড় পণ্ডিত | ... | গরুড় ( বিষ্ণুর বাহন )। |
| ভাস্কর ঠাকুর | ... | বিশ্বকর্ম্মা। |
| শিবানন্দ চক্রবর্ত্তী ( বৃন্দাবনবাসী) | ... | লবঙ্গমঞ্জরীর প্রকাশ-বিশেষ। |
| দামোদর পণ্ডিত | ... | শৈব্যা ও সরস্বতী। |
| শ্রীকান্ত সেন | ... | কাত্যায়নী। |
| শঙ্কর পণ্ডিত | ... | ভদ্রা ( চন্দ্রাবলীর সখী )। |
| বংশীদাস ঠাকুর | ... | শ্রীকৃষ্ণের বংশী। |
| ভুগর্ভ গোস্বামী | ... | প্রেমমঞ্জরী। |
| ঈশান দাস ( মহাপ্রভুর ভৃত্য) | ... | শাণ্ডিল্য মুনি। |
| কাশীশ্বর ( ঐ ঐ ) | ... | ভৃঙ্গার ( শ্রীকৃষ্ণের ভৃত্য )। |
| গোবিন্দ ( ঐ ঐ ) | ... | ভঙ্গুর ( ঐ ঐ )। |
| হরিদাস ( ঐ ঐ ) | ... | রক্তক ( ঐ ঐ )। |
| বৃহচ্ছিশু ( ঐ ঐ ) | ... | পত্রক ( ঐ ঐ )। |
| রামাই ( ঐ ঐ ) | ... | পয়োদ ( ব্রজের জল-সংস্কারকারী )। |
| নন্দাই ( ঐ ঐ ) | ... | বারিদ ( ঐ ঐ )। |
| মুকুন্দ দত্ত ( ঐ গায়ক ) | ... | মধুকণ্ঠ ( ব্রজের গায়ক )। |
| বাসুদেব দত্ত ( ঐ ঐ ) | ... | মধুব্রত ( ঐ ঐ )। ( মতান্তরে হরিণী )। |
| মকরধ্বজ কর ( ঐ ঐ ) | ... | চন্দ্রমুখ ( ঐ নট )। |
| গৌরীদাস কীর্ত্তনীয়া | ... | কলকণ্ঠ ( ব্রজের গায়ক )। |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| বনমালী পণ্ডিত | ... | মালাধর (ব্রজের বেণু ও মুরলী-বাহক)। |
| সত্যানন্দ সরস্বতী | ... | গৌতম। |
| রাঘব পণ্ডিত ( পাণিহাটী ) | ... | ধনিষ্ঠা। |
| দময়ন্তী ( রাঘব পণ্ডিতের ভগ্নী) | ... | গুণমালা ( ব্রজের দাসী )। |
| জগদীশ ( নৃত্যবিনোদী ) | ... | চন্দ্রহাস ( ব্রজের নট )। |
| শঙ্কর ঘোষ ( ডম্ফ-বাদক ) | ... | সুধাকর ( ঐ মৃদঙ্গ-বাদক )। |
| সারঙ্গ ঠাকুর | ... | নান্দীমুখী। |
| সত্যরাজ খান | ... | সুকণ্ঠী। |
| মুকুন্দ ( খণ্ডবাসী ) | ... | বৃন্দাদেবী। |
| জগদীশ পণ্ডিত ( যশোড়া ) | ... | চন্দ্রলতিকা সখী। |
| ভগবান্ আচার্য্য | ... | রত্নাবলী। |
| দ্বিজ হরিদাস | ... | শ্যামমঞ্জরী। |
| বাণীনাথ পণ্ডিত | ... | কলভাষিণী। |
| নবাই হোড় | ... | নীলকান্তি সখী। |
| কৃষ্ণদাস সরখেল | ... | সম্মোহিনী সখী। |
| বিহারী কৃষ্ণদাস | ... | বিদ্যুল্লতা সখী। |
| হোড় হরিদাস | ... | রত্নাবলী সখী। |
| শ্রীনাথ পণ্ডিত | ... | চিত্রাঙ্গী সখী। |
| গালিম জগন্নাথ | ... | সুখপালী সখী। |
| পুরুষোত্তম ব্রহ্মচারী | ... | আহ্লাদিনী সখী। |
| গোপাল গুরু | ... | সুমুখী গোপী। |
| জগন্নাথ ( মহাপ্রভুর প্রিয়পাত্র ) | ... | তারকা। |
| গোপাল ( ঐ ঐ ) | ... | পালী। |

| গৌর-গণ। | স্বরূপ-নির্ণয়। |
|---|---|
| বৈদ্য বিষ্ণুদাস | ··· সারদা ( ব্রজের গায়ক )। |
| বুদ্ধিমন্ত খান | ··· মধুব্রত ( ব্রজের ভৃত্য )। |
| কাশীশ্বর গোস্বামী | ··· শশিরেখা। |
| মাধবী দাসী ( শিখি মাহাতির ভগ্নী ) | ··· কলাকেলী। |
| কালিদাস | ··· মল্লী ( ব্রজে পুলিন্দ-কন্যা )। |
| নারায়ণ বাচস্পতি | ··· নাগবেলিকা। ( মতান্তরে শৌরসেনী )। |
| পীতাম্বর | ··· কাবেরী |
| মকরধ্বজ পণ্ডিত | ··· সুকেশী। |
| মাধব আচার্য্য | ··· মাধবী। |
| জীব পণ্ডিত | ··· হারহীরা। ( মতান্তরে ইন্দিরা )। |
| বলভদ্র ভট্টাচার্য্য | ··· বরাঙ্গদা। ( মতান্তরে মধুরেক্ষণা )। |
| শ্রীনাথ মিশ্র | ··· চিত্রাঙ্গী। |
| প্রবোধানন্দ সরস্বতী | ··· তুঙ্গবিদ্যা। ( মতান্তরে গুণচূড়া। ) |
| বিদ্যাবাচস্পতি | ··· সুমধুরা। |
| কবিচন্দ্র ঠাকুর | ··· কন্দর্পসুন্দরী। ( মতান্তরে মনোহরা )। |
| কৃষ্ণদাস ঠাকুর | ··· কলহংসী। ( মতান্তরে রত্নরেখা )। |
| কৃষ্ণানন্দ ঠাকুর | ··· কলাপিনী। ( মতান্তরে কলাবতী )। |
| শিখি মাহাতি | ··· শশিকলা। ( মতান্তরে রাগলেখা )। |
| গোবিন্দ ঘোষ | ··· রঙ্গদেবী। ( মতান্তরে কলাবতী )। |
| মাধব ঘোষ | ··· তুঙ্গবিদ্যা। ( মতান্তরে রসোল্লাসা )। |
| বাসুদেব ঘোষ | ··· সুদেবী। ( মতান্তরে গুণতুঙ্গা )। |
| বসু রামানন্দ | ··· চম্পকলতা। ( মতান্তরে কলকণ্ঠী )। |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| কাশী মিশ্র পণ্ডিত | ... | কলকণ্ঠী। (মতান্তরে মথুরার সৈরিন্ধ্রী)। |
| শুভানন্দ দ্বিজ | ... | মালতী। |
| শ্রীধর ব্রহ্মচারী | ... | সুরঙ্গিণী। |
| পরমানন্দ গুপ্ত | ... | কুন্দকাক্ষী। ( মতান্তরে মঞ্জুমেধা )। |
| রঘুনাথ দ্বিজ | ... | বরাঙ্গদা। |
| কংসারি সেন | ... | মঞ্জুকেশিকা। ( মতান্তরে রত্নাবলী ) |
| জগন্নাথ সেন | ... | কামলতিকা। ( মতান্তরে কমলা )। |
| সুবুদ্ধি মিশ্র | ... | শুভাননা। ( মতান্তরে গুণচূড়া )। |
| শ্রীহর্ষ মিশ্র | ... | সুকেশিনী। |
| রঘুনাথ মিশ্র | ... | কর্পূরমঞ্জরী। |
| জিতামিত্র | ... | শ্যামমঞ্জরী। |
| ভাগবতাচার্য্য | ... | শ্বেতমঞ্জরী। |
| বাণীনাথ দ্বিজ | ... | কামলেখা। |
| ঈশান আচার্য্য | ... | মৌনমঞ্জরী। |
| কমল | ... | গন্ধোন্মদা। |
| লক্ষ্মীনাথ পণ্ডিত | ... | রসোন্মদা। |
| জগন্নাথ ( মামুঠাকুর ) | ... | চন্দ্রিকা। |
| অনন্ত ( কণ্ঠাভরণ ) | ... | কলভাষিণী। |
| হস্তিগোপাল | ... | গোপালী। |
| রঙ্গবাসী | ... | হরিণী। |
| বল্লভ | ... | কালী। |
| হরি আচার্য্য | ... | কালাক্ষী। |
| নয়ন মিশ্র | ... | নিত্যমঞ্জরী। |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| কবিদত্ত | ... | কলকণ্ঠী। |
| রামদাস | ... | কুরঙ্গাক্ষী। |
| চিরঞ্জীব ( খণ্ডবাসী ) | ... | চন্দ্রিকা। |
| সুলোচন ( খণ্ডবাসী ) | ... | চন্দ্রশেখরা। |

## দ্বাদশ গোপাল।

| | | |
|---|---|---|
| অভিরাম ঠাকুর | ... | শ্রীদাম। |
| সুন্দরানন্দ ঠাকুর | ... | সুদাম। |
| ধনঞ্জয় পণ্ডিত | ... | বসুদাম। |
| গৌরীদাস পণ্ডিত | ... | সুবল। |
| কমলাকর পিপ্পলাই | ... | মহাবল। |
| উদ্ধারণ দত্ত | ... | সুবাহু। |
| মহেশ পণ্ডিত | ... | মহাবাহু। |
| পুরুষোত্তম দাসঠাকুর | ... | স্তোককৃষ্ণ। |
| নাগর পুরুষোত্তম | ... | দাম। |
| পরমেশ্বর দাসঠাকুর | ... | অর্জ্জুন। |
| কালা কৃষ্ণদাস | ... | লবঙ্গ। |
| শ্রীধর পণ্ডিত | ... | কুসুমাসব। |

## দ্বাদশ উপগোপাল।

| | | |
|---|---|---|
| হলায়ুধ পণ্ডিত | ... | প্রবল ( ব্রজের সখা )। |
| রুদ্র পণ্ডিত | ... | বরূথপ ঐ |
| কুমুদানন্দ পণ্ডিত | ... | গন্ধর্ব্ব ঐ |

| গৌর-গণ। | | স্বরূপ-নির্ণয়। |
|---|---|---|
| কাশীশ্বর পণ্ডিত | ... | কিঙ্কিণী　ঐ |
| বনমালী ওঝা | ... | অংশুমান্ ঐ |
| সন্ত ঠাকুর | ... | ভদ্রসেন　ঐ |
| মুরারি মাহাতি | ... | বসন্ত ( ব্রজের সখা )। |
| গঙ্গাদাস | ... | উজ্জ্বল　ঐ |
| গোপাল ঠাকুর | ... | কোকিল　ঐ |
| শিবাই | ... | বিলাসী　ঐ |
| নন্দাই | ... | পুণ্ডরীক　ঐ |
| বিষ্ণাই ঠাকুর | ... | কলবিঙ্ক　ঐ |

## অষ্ট গোস্বামী।

| | | |
|---|---|---|
| রূপ গোস্বামী | ... | রূপমঞ্জরী। |
| লোকনাথ গোস্বামী | ... | মঞ্জুলালীমঞ্জরী। |
| রঘুনাথ ভট্টগোস্বামী | ... | রসমঞ্জরী। |
| রঘুনাথ দাসগোস্বামী | ... | রতিমঞ্জরী। |
| গোপাল ভট্টগোস্বামী | ... | গুণমঞ্জরী। |
| জীব গোস্বামী | ... | বিলাসমঞ্জরী। |
| সনাতন গোস্বামী | ... | লবঙ্গমঞ্জরী। |
| কৃষ্ণদাস কবিরাজ-গোস্বামী | — | কস্তুরীমঞ্জরী। |

## অষ্টসিদ্ধি।

| | |
|---|---|
| অনন্ত পুরী, সুখানন্দ পুরী, গোবিন্দ পুরী, রঘুনাথ পুরী, কৃষ্ণানন্দ পুরী, কেশব পুরী, দামোদর পুরী, রাঘব পুরী। | অণিমা, মহিমা, লঘিমা, প্রাপ্তি প্রাকাম্য. ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িত্ব। |

## নবনিধি।

| গৌর-গণ। | স্বরূপ-নির্ণয়। |
| --- | --- |
| শ্রীনিধি, শ্রীগর্ভ, কবিরত্ন, সুধানিধি, বিদ্যানিধি, গুণনিধি, রত্নবাহু, আচার্য্যরত্ন, রত্নাকর পণ্ডিত। | পদ্ম, মহাপদ্ম, শঙ্খ, মকর, কচ্ছপ, মুকুন্দ, কুন্দ, নীল, খর্ব্ব। |

## নব জয়ন্ত-পুত্র।

| | |
| --- | --- |
| নৃসিংহানন্দ তীর্থ, সত্যানন্দ ভারতী, নৃসিংহ তীর্থ, চিদানন্দ তীর্থ, জগন্নাথ তীর্থ, বাসুদেব তীর্থ, শ্রীরাম তীর্থ, গরুড় অবধূত, গোপেন্দ্র আশ্রম। | জয়ন্তের নয় জন পুত্র—সকলকেই ঊর্দ্ধরেতা, সমদর্শী ও পরম ভাগবত। |

## অষ্ট প্রধান মহান্ত।

| | |
| --- | --- |
| স্বরূপ-দামোদর গোস্বামী ( মতান্তরে ধ্রুবানন্দ ব্রহ্মচারী ) | ললিতা। |
| রায় রামানন্দ ( মতান্তরে স্বরূপ-দামোদর গোস্বামী ) | বিশাখা। |
| গোবিন্দানন্দ ঠাকুর ( মতান্তরে বনমালী কবিরাজ ) ... | চিত্রা। |
| বসু রামানন্দ ( মতান্তরে কৃষ্ণদাস ব্রহ্মচারী ) | ইন্দুরেখা। |
| সেন শিবানন্দ ( মতান্তরে রাঘব গোস্বামী ) ... | চম্পকলতা। |
| গোবিন্দ ঘোষ ( মতান্তরে গদাধর ভট্ট ) ... | রঙ্গদেবী। |
| মাধব ঘোষ ( মতান্তরে প্রবোধানন্দ সরস্বতী ) ... | তুঙ্গবিদ্যা। |
| বাসুদেব ঘোষ ( মতান্তরে অনন্তাচার্য্য গোস্বামী ) | সুদেবী। |

## চৌষট্টি মহান্ত।

( ৫২৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য। )

ইতি শ্রীশ্রীগৌরগণোদ্দেশ সমাপ্ত।

# শ্রীশ্রীগীতগোবিন্দ।

## ( গীতাবলী )।

### ( ১ )

মালবগৌড় রাগ। রূপক তাল।

প্রলয়-পয়োধি-জলে ধৃতবানসি বেদং
বিহিত-বহিত্র-চরিত্রমখেদং।
কেশব ধৃত-মীন-শরীর জয় জগদীশ হরে ॥ ১ ॥

ক্ষিতিরতি-বিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে
ধরণি-ধারণ-কিণ-চক্র-গরিষ্ঠে।
কেশব ধৃত-কূর্ম্ম-শরীর জয় জগদীশ হরে ॥ ২ ॥

বসতি দশন-শিখরে ধরণী তব লগ্না
শশিনি কলঙ্ক-কলেব নিমগ্না।
কেশব ধৃত-শূকর-রূপ জয় জগদীশ হরে ॥ ৩ ॥

তব কর-কমল-বরে নখমদ্ভুত-শৃঙ্গং
দলিত-হিরণ্যকশিপু-তনু-ভৃঙ্গং।
কেশব ধৃত-নরহরি-রূপ জয় জগদীশ হরে ॥ ৪ ॥

ছলয়সি বিক্রমেণ বলিমদ্ভুত-বামন
পদনখ-নীর-জনিত-জন-পাবন।
কেশব ধৃত-বামন-রূপ জয় জগদীশ হরে ॥ ৫ ॥

ক্ষত্রিয়-রুধিরময়ে জগদপগত-পাপং
স্নপয়সি পয়সি শমিত-ভব-তাপং।
কেশব ধৃত-ভৃগুপতি-রূপ জয় জগদীশ হরে ॥ ৬ ॥

বিতরসি দিক্ষু রণে দিক্‌পতি-কমনীয়ং
দশমুখ-মৌলি-বলিং রমণীয়ং।
কেশব ধৃত-রাম-শরীর জয় জগদীশ হরে ॥ ৭ ॥

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং
হল-হতি-ভীতি-মিলিত-যমুনাভং।
কেশব ধৃত-হলধর-রূপ জয় জগদীশ হরে ॥ ৮ ॥

নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং
সদয়-হৃদয়! দর্শিত-পশুঘাতং।
কেশব ধৃত-বুদ্ধ-শরীর জয় জগদীশ হরে ॥ ৯ ॥

ম্লেচ্ছ-নিবহ-নিধনে কলয়সি করবালং
ধূমকেতুমিব কিমপি করালং।
কেশব ধৃত-কল্কি-শরীর জয় জগদীশ হরে ॥ ১০ ॥

শ্রীজয়দেব-কবেরিদমুদিতমুদারং
শৃণু শুভদং সুখদং ভবসারং।
কেশব ধৃত-দশবিধ-রূপ জয় জগদীশ হরে ॥ ১১ ॥

( ২ )

গুর্জ্জরী রাগ। নিঃসার তাল।

শ্রিত-কমলা-কুচমণ্ডল ধৃত-কুণ্ডল
কলিত-ললিত-বনমাল ॥ ১ ॥
জয় জয় দেব হরে ॥ ধ্রু ॥

দিনমণি-মণ্ডল-মণ্ডন ভব-খণ্ডন
মুনিজন-মানস-হংস ॥ ২ ॥

কালিয়-বিষধর-গঞ্জন জন-রঞ্জন
যদুকুল-নলিন-দিনেশ ॥ ৩ ॥
মধু-মুর-নরক-বিনাশন গরুড়াসন
সুরকুল-কেলি-নিদান ॥ ৪ ॥
অমল-কমল-দল-লোচন ভব-মোচন
ত্রিভুবন-ভবন-নিধান ॥ ৫ ॥
জনকসুতা-কৃত-ভূষণ জিত-দূষণ
সমর-শমিত-দশকণ্ঠ ॥ ৬ ॥
অভিনব-জলধর-সুন্দর ধৃত-মন্দর
শ্রী-মুখচন্দ্র-চকোর ॥ ৭ ॥
তব চরণে প্রণতা বয়মিতি ভাবয়
কুরু কুশলং প্রণতেষু ॥ ৮ ॥
শ্রীজয়দেব-কবেরিদং কুরুতে মুদং
মঙ্গলমুজ্জ্বল-গীতি ॥ ৯ ॥

( প্রত্যেক দাগের পরেই "জয় জয় দেব হরে" বলিতে হইবে। )

( ৩ )

বসন্ত রাগ। যতি তাল।

ললিত-লবঙ্গলতা-পরিশীলন-কোমল-মলয়-সমীরে।
মধুকর-নিকর-করম্বিত-কোকিল-কূজন-কুঞ্জ-কুটীরে ॥

বিহরতি হরিরিহ সরস-বসন্তে।
নৃত্যতি যুবতি-জনেন সমং সখি! বিরহি-জনস্য দুরন্তে ॥ ধ্রু ॥

উন্মদ-মদন-মনোরথ-পথিক-বধূজন-জনিত-বিলাপে।
অলিকুল-সঙ্কুল-কুসুম-সমূহ-নিরাকুল-বকুল-কলাপে ॥

মৃগমদ-সৌরভ-রভস-বশম্বদ-নব-দল-মাল-তমালে।
যুবজন-হৃদয়-বিদারণ-মনসিজ-নখ-রুচি-কিংশুক-জালে॥

মদন-মহীপতি-কনক-দণ্ড-রুচি-কেশর-কুসুম-বিকাশে।
মিলিত-শিলীমুখ-পাটলি-পটল-কৃত-স্মর-তূণ-বিলাসে॥

বিগলিত-লজ্জিত-জগদবলোকন-তরুণ-করুণ-কৃত-হাসে।
বিরহি-নিকৃন্তন-কুন্ত-মুখাকৃতি-কেতকি-দন্তুরিতাশে॥

মাধবিকা-পরিমল-ললিতে নব-মালিকয়াতি-সুগন্ধৌ।
মুনি-মনসামপি মোহন-কারিণি তরুণাকারণ-বন্ধৌ॥

স্ফুরদতিমুক্তলতা-পরিরম্ভণ-পুলকিত-মুকুলিত-চূতে।
বৃন্দাবন-বিপিনে পরিসর-পরিগত-যমুনা-জল-পূতে॥

শ্রীজয়দেব-ভণিতমিদমুদয়তি হরি-চরণ-স্মৃতি-সারং।
সরস-বসন্ত-সময়-বন-বর্ণনমনুগত-মদন-বিকারং॥

( ৪ )

রামকেলী রাগ। যতি তাল।

চন্দন-চর্চ্চিত-নীলকলেবর-পীতবসন-বনমালী।
কেলি-চলন্মণি-কুণ্ডল-মণ্ডিত-গণ্ডযুগ-স্মিতশালী।
হরিরিহ মুগ্ধ-বধূ-নিকরে বিলাসিনি বিলসতি কেলি-পরে॥ ধ্রু॥

পীন-পয়োধর-ভার-ভরেণ হরিং পরিরভ্য সরাগং।
গোপবধূরনুগায়তি কাচিদুদঞ্চিত-পঞ্চম রাগং॥

কাপি বিলাস-বিলোল-বিলোচন-খেলন-জনিত-মনোজং।
ধ্যায়তি মুগ্ধ-বধূরধিকং মধুসূদন-বদন-সরোজং॥

কাপি কপোল-তলে মিলিতা লপিতুং কিমপি শ্রুতি-মূলে।
চারু চুচুম্ব নিতম্ববতী দয়িতং পুলকৈরনুকূলে ॥

কেলিকলা-কুতুকেন চ কাচিদমুং যমুনা-জল-কূলে।
মঞ্জুল-বঞ্জুল-কুঞ্জ-গতং বিচকর্ষ করেণ দুকূলে ॥

করতল-তাল-তরল-বলয়াবলি-কলিত-কলস্বন-বংশে।
রাস-রসে সহ-নৃত্য-পরা হরিণা যুবতিঃ প্রশশংসে ॥

শ্লিষ্যতি কামপি চুম্বতি কামপি কামপি রময়তি রামাং।
পশ্যতি সস্মিত-চারু পরামপরামনুগচ্ছতি বামাং ॥

শ্রীজয়দেব-ভণিতমিদমদ্ভুত-কেশব-কেলি-রহস্যং।
বিপিন-বিনোদ-কলা-বলিতং বিতনোতু শুভানি যশস্যং ॥

( ৫ )

গুজ্জরী রাগ। যতি তাল।

সঞ্চরদধর-সুধা-মধুরধ্বনি-মুখরিত-মোহন-বংশং।
বলিত-দৃগঞ্চল-চঞ্চল-মৌলি-কপোল-বিলোল-বতংসং ॥

রাসে হরিমিহ বিহিত-বিলাসং।
স্মরতি মনো মম কৃত-পরিহাসং ॥ ধ্রু ॥

চন্দ্রক-চারু-ময়ূর-শিখণ্ডক-মণ্ডল-বলয়িত-কেশং।
প্রচুর-পুরন্দর-ধনুরনুরঞ্জিত-মেদুর-মুদির-সুবেশং ॥

গোপ-কদম্ব-নিতম্ববতী মুখ-চুম্বন-লম্ভিত-লোভং।
বন্ধুজীব-মধুরাধর-পল্লবমুল্লসিত-স্মিত-শোভং ॥

বিপুল-পুলক-ভুজপল্লব-বলয়িত-বল্লবযুবতি-সহস্রং।
কর-চরণোরসি মণিগণ-ভুষণ-কিরণ-বিভিন্ন-তমিস্রং ॥

জলদ-পটল-বলদিন্দু-বিনিন্দক-চন্দন-তিলক-ললাটং।
পীন-পয়োধর-পরিসর-মর্দ্দন-নির্দ্দয়-হৃদয়-কবাটং।।

মণিময়-মকর-মনোহর-কুণ্ডল-মণ্ডিত-গণ্ডমুদারং।
পীত-বসনমনুগত-মুনি-মনুজ-সুরাসুর-বর-পরিবারং।।

বিশদ-কদম্ব-তলে মিলিতং কলি-কলুষ-ভয়ং শময়ন্তং।
মামপি কিমপি তরঙ্গবদনঙ্গ-দৃশা মনসা রময়ন্তং।।

শ্রীজয়দেব-ভণিতমতি-সুন্দর-মোহন-মধুরিপু-রূপং।
হরি-চরণ-স্মরণং প্রতি সম্প্রতি পুণ্যবতামনুরূপং।।

( ৬ )

মালব রাগ। একতালা তাল।

নিভৃত-নিকুঞ্জ-গৃহং গতয়া নিশি রহসি নিলীয় বসন্তং।
চকিত-বিলোকিত-সকল-দিশা রতি-রভস-রসেন হসন্তং।।

সখি হে! কেশি-মথনমুদারং।
রময় ময়া সহ মদন-মনোরথ-ভাবিতয়া সবিকারং।। ধ্রু।।

প্রথম-সমাগম-লজ্জিতয়া পটু-চাটু-শতৈরনুকূলং।
মৃদু-মধুর-স্মিত-ভাষিতয়া শিথিলীকৃত-জঘন-দুকূলং।।

কিশলয়-শয়ন-নিবেশিতয়া চিরমুরসি মমৈব শয়ানং।
কৃত-পরিরম্ভণ-চুম্বনয়া পরিরভ্য কৃতাধর-পানং।।

অলস-নিমীলিত-লোচনয়া পুলকাবলি-ললিত-কপোলং।
শ্রম-জল-সকল-কলেবরয়া বর-মদন-মদাদতি-লোলং।

কোকিল-কলরব-কূজিতয়া জিত-মনসিজ-তন্ত্র-বিচারং।
শ্লথ-কুসুমাকুল-কুন্তলয়া নখ-লিখিত-ঘন-স্তন-ভারং।।

চরণ-রণিত-মণি-নূপুরয়া পরিপূরিত-সুরত-বিতানং।
মুখর-বিশৃঙ্খল-মেখলয়া সকচ-গ্রহ-চুম্বন-দানং॥

রতিসুখ-সময়-রসালসয়া দর-মুকুলিত-নয়ন-সরোজং।
নিঃসহ-নিপতিত-তনু-লতয়া মধুসূদন-মুদিত-মনোজং॥

শ্রীজয়দেব-ভণিতমিদমতিশয়-মধুরিপু-নিধুবন-শীলং।
সুখমুৎকণ্ঠিত-গোপবধূ-কথিতং বিতনোতু সলীলং॥

( ৭ )

গুর্জরী রাগ। যতি তাল।

মামিয়ং চলিতা বিলোক্য বৃতং বধূ-নিচয়েন।
সাপরাধতয়া ময়াপি ন বারিতাতি-ভয়েন।
হরি হরি হতাদরতয়া গতা সা কুপিতেব॥ ধ্রু॥

কিং করিষ্যতি কিং বদিষ্যতি সা চিরং বিরহেণ।
কিং ধনেন কিং জনেন কিং মম সুখেন গৃহেণ॥

চিন্তয়ামি তদাননং কুটিল-ভ্রূ কোপ-ভরেণ।
শোণ-পদ্মমিবোপরি ভ্রমতাকুলং ভ্রমরেণ॥

তামহং হৃদি সঙ্গতামনিশং ভৃশং রময়ামি।
কিং বনেঽনুসরামি তামিহ কিং বৃথা বিলপামি॥

তন্বি! খিন্নমসূয়য়া হৃদয়ং তবাকলয়ামি।
তন্ন বেদ্মি কুতো গতাসি ন তেন তেঽনুনয়ামি॥

দৃশ্যসে পুরতো গতাগতমেব মে বিদধাসি।
কিং পুরেব সসম্ভ্রমং পরিরম্ভণং ন দদাসি॥

ক্ষম্যতামপরং কদাপি তবেদৃশং ন করোমি।
দেহি সুন্দরি! দর্শনং মম মন্মথেন দুনোমি॥

বর্ণিতং জয়দেবকেন হরেরিদং প্রবণেন।
কেন্দুবিল্ব-সমুদ্র-সম্ভব-রোহিণী-রমণেন॥

( ৮ )

কর্ণাট রাগ। যতি তাল।

নিন্দতি চন্দনমিন্দু-কিরণমনুবিন্দতি খেদমধীরং।
ব্যাল-নিলয়-মিলনেন গরলমিব কলয়তি মলয়-সমীরং॥

সা বিরহে তব দীনা।
মাধব! মনসিজ-বিশিখ-ভয়াদিব ভাবনয়া ত্বয়ি লীনা॥ ধ্রু॥

অবিরল-নিপতিত-মদন-শরাদিব ভবদবনায় বিশালং।
স্বহৃদয়-মর্ম্মণি বর্ম্ম করোতি সজল-নলিনী-দল-জালং॥

কুসুম-বিশিখ-শরতল্পমনল্প-বিলাস-কলা-কমনীয়ং।
ব্রতমিব তব পরিরম্ভ-সুখায় করোতি কুসুম-শয়নীয়ং।

বহতি চ বলিত-বিলোচন-জলধরমানন-কমলমুদারং।
বিধুমিব বিকট-বিধুন্তুদ-দন্ত-দলন-গলিতামৃত-ধারং॥

বিলিখতি রহসি কুরঙ্গ-মদেন ভবন্তমসম-শরভূতং।
প্রণমতি মকরমধো বিনিধায় করে চ শরং নব-চূতং॥

প্রতিপদমিদমপি নিগদতি মাধব! তব চরণে পতিতাহং।
ত্বয়ি বিমুখে ময়ি সপদি সুধানিধিরপি তনুতে তনুদাহং॥

ধ্যান-লয়েন পুরঃ পরিকল্প্য ভবন্তমতীব দুরাপং।
বিলপতি হসতি বিষীদতি রোদিতি চঞ্চতি মুঞ্চতি তাপং॥

শ্রীজয়দেব-ভণিতমিদমধিকং যদি মনসা নটনীয়ং।
হরি-বিরহাকুল-বল্লবযুবতি-সখী-বচনং পঠনীয়ং ॥

( ৯ )

দেশাগ রাগ। একতালা তাল।

স্তন-বিনিহিতমপি হারমুদারং।
সা মনুতে কৃশ-তনুরিব ভারং।
রাধিকা তব বিরহে কেশব! ॥ ধ্রু ॥

সরস-মসৃণমপি মলয়জ-পঙ্কং।
পশ্যতি বিষমিব বপুষি সশঙ্কং ॥

শ্বসিত-পবনমনুপম-পরিণাহং।
মদন-দহনমিব বহতি সদাহং ॥

দিশি দিশি কিরতি সজল-কণ-জালং।
নয়ন-নলিনমিব বিদলিত-নালং ॥

নয়ন-বিষয়মপি কিশলয়-তল্পং।
গণয়তি বিহিত-হুতাশ-বিকল্পং ॥

ত্যজতি ন পাণি-তলেন কপোলং।
বাল-শশিনমিব সায়মলোলং ॥

হরিরিতি হরিরিতি জপতি সকামং।
বিরহ-বিহিত-মরণমেব নিকামং ॥

শ্রীজয়দেব-ভণিতমিতি গীতং।
সুখয়তু কেশব-পদমুপনীতং ॥

( ১০ )

দেশবরাড়ী রাগ। রূপক তাল।

বহতি মলয়-সমীরে মদনমুপনিধায়।
স্ফুটতি কুসুম-নিকরে বিরহি-হৃদয়-দলনায়।
সখি হে! সীদতি তব বিরহে বনমালী॥ ধ্রু॥

দহতি শিশির-ময়ূখে মরণমনুকরোতি।
পততি মদন-বিশিখে বিলপতি বিকলতরোঽতি॥

ধ্বনতি মধুপ-সমূহে শ্রবণমপিদধাতি।
মনসি বলিত-বিরহে নিশি নিশি রুজমপযাতি॥

বসতি বিপিন-বিতানে ত্যজতি ললিতমপি ধাম।
লুঠতি ধরণি-শয়নে বহু বিলপতি তব নাম॥

ভণতি কবি-জয়দেবে হরি-বিরহ-বিলসিতেন।
মনসি রভস-বিভবে হরিরুদয়তু সুকৃতেন॥

( ১১ )

গুর্জ্জরী রাগ। একতালা তাল।

রতিসুখ-সারে গতমভিসারে মদন-মনোহর-বেশং।
ন কুরু নিতম্বিনি! গমন-বিলম্বমনুসর তং হৃদয়েশং॥

ধীর-সমীরে যমুনা-তীরে বসতি বনে বনমালী।
পীন-পয়োধর-পরিসর-মর্দ্দন-চঞ্চল-করযুগশালী॥ ধ্রু॥

নাম-সমেতং কৃত-সঙ্কেতং বাদয়তে মৃদু বেণুং।
বহুমনুতে ননু তে তনু-সঙ্গত-পবন-চলিতমপি রেণুং॥

পততি পতত্রে বিচলিত পত্রে শঙ্কিত-ভবদুপযানং।
রচয়তি শয়নং সচকিত নয়নং পশ্যতি তব পন্থানং॥

মুখরমধীরং ত্যজ মঞ্জীরং রিপুমিব কেলিষু লোলং।
চল সখি! কুঞ্জং সতিমির-পুঞ্জং শীলয় নীল-নিচোলং॥

উরসি মুরারেরুপহিত-হারে ঘন ইব তরল-বলাকে।
তড়িদিব পীতে রতি-বিপরীতে রাজসি সুকৃত-বিপাকে।

বিগলিত-বসনং পরিহৃত-রসনং ঘটয় জঘনমপিধানং।
কিশলয়-শয়নে পঙ্কজ-নয়নে নিধিমিব হর্ষ-নিধানং॥

হরিরভিমানী রজনিরিদানীমিয়মপি যাতি বিরামং।
কুরু মম বচনং সত্বর-রচনং পূরয় মধুরিপু-কামং॥

শ্রীজয়দেবে কৃত-হরি-সেবে ভণতি পরম-রমণীয়ং।
প্রমুদিত-হৃদয়ং হরিমতি-সদয়ং নমত সুকৃত-কমনীয়ং॥

( ১২ )

গোণ্ডকিরী রাগ। রূপক তাল।

পশ্যতি দিশি দিশি রহসি ভবন্তং।
তদধর-মধুর-মধূনি পিবন্তং।
নাথ হরে! সীদতি রাধা বাসগৃহে॥ ধ্রু॥

ত্বদভিসরণ-রভসেন বলন্তী।
পততি পদানি কিয়ন্তি চলন্তী॥

বিহিত-বিশদ-বিস-কিশলয়-বলয়া।
জীবতি পরমিহ তব রতি-কলয়া॥

মুহুরবলোকিত-মণ্ডন-লীলা।
মধুরিপুরহমিতি ভাবন-শীলা ॥

ত্বরিতমুপৈতি ন কথমভিসারং।
হরিরিতি বদতি সখীমনুবারং ॥

শ্লিষ্যতি চুম্বতি জলধর-কল্পং।
হরিরুপগত ইতি তিমিরমনল্পং ॥

ভবতি বিলম্বিনি বিগলিত-লজ্জা।
বিলপতি রোদিতি বাসক-সজ্জা ॥

শ্রীজয়দেব-কবেরিদমুদিতং।
রসিক-জনং তনুতামতি-মুদিতং ॥

( ১৩ )

মালব রাগ। যতি তাল।

কথিত-সময়েঽপি হরিরহহ ন যযৌ বনং।
মম বিফলমিদমমলমপি রূপ-যৌবনং।
যামি হে কমিহ শরণং সখীজন-বচন-বঞ্চিতা ॥ ধ্রু ॥

যদনুগমনায় নিশি গহনমপি শীলিতং।
তেন মম হৃদয়মিদমসম-শর-কীলিতং ॥

মম মরণমেব বরমতি-বিতথ-কেতনা।
কিমিহ বিষহামি বিরহানলমচেতনা ॥

মামহহ বিধুরয়তি মধুর-মধু-যামিনী।
কাপি হরিমনুভবতি কৃত-সুকৃত-কামিনী ॥

অহহ কলয়ামি বলয়াদি-মণিভূষণং।
হরি-বিরহ-দহন-বহনেন বহু-দূষণং ॥

কুসুম-সুকুমার-তনুমতনু-শর-লীলয়া।
স্রগপি হৃদি হন্তি মামতি-বিষম-শীলয়া ॥

অহমিহ নিবসামি ন গণিত-বন-বেতসা।
স্মরতি মধুসূদনো মামপি ন চেতসা ॥

হরি-চরণ-শরণ-জয়দেব-কবি-ভারতী।
বসতু হৃদি যুবতিরিব কোমল-কলাবতী ॥

( ১৪ )

বসন্ত রাগ। যতি তাল।

স্মর-সমরোচিত-বিরচিত-বেশা।
গলিত-কুসুম-দর-বিগলিত-কেশা।
কাপি মধুরিপুণা বিলসতি যুবতিরধিক-গুণে।

হরি-পরিরম্ভণ-বলিত-বিকারা।
কুচ-কলসোপরি তরলিত-হারা ॥

বিচলদলক-ললিতানন-চন্দ্রা।
তদধর-পান-রভস-কৃত-তন্দ্রা ॥

চঞ্চল-কুণ্ডল-ললিত-কপোলা।
মুখরিত-রসন-জঘন-গতি-লোলা ॥

দয়িত-বিলোকিত-লজ্জিত-হসিতা।
বহুবিধ-কূজিত-রতিরস-রসিতা ॥

বিপুল-পুলক-পৃথু-বেপথু-ভঙ্গা।
শ্বসিত-নিমীলিত-বিকসদনঙ্গা ॥

শ্রমজল-কণভর-স্নুভগ-শরীরা।
পরিপতিতোরসি রতিরণ-ধীরা ॥

শ্রীজয়দেব-ভণিত-হরি-রমিতং।
কলি-কলুষং জনয়তু পরিশমিতং ॥

( ১৫ )

গুর্জ্জরী রাগ। একতালা তাল।

সমুদিত-মদনে রমণী-বদনে চুম্বন-বলিতাধরে।
মৃগমদ-তিলকং লিখতি সপুলকং মৃগমিব রজনী-করে।
রমতে যমুনা-পুলিন-বনে বিজয়ী মুরারিরধুনা ॥ ধ্রু ॥

ঘনচয়-রুচিরে রচয়তি চিকুরে তরলিত-তরুণাননে।
কুরুবক-কুস্নমং চপলা-স্নুষমং রতিপতি-মৃগ-কাননে ॥

ঘটয়তি স্নুঘনে কুচযুগ-গগনে মৃগমদ-রুচি-রুষিতে।
মণিসরমমলং তারক-পটলং নখ-পদ-শশি-ভূষিতে ॥

জিত-বিস-শকলে মৃদু-ভুজ-যুগলে করতল-নলিনীদলে।
মরকত-বলয়ং মধুকর-নিচয়ং বিতরতি হিম-শীতলে ॥

রতিগৃহ-জঘনে বিপুলাপঘনে মনসিজ-কনকাসনে।
মণিময়-রশনং তোরণ-হসনং বিকিরতি কৃত-বাসনে ॥

চরণ-কিসলয়ে কমলা-নিলয়ে নখ-মণিগণ-পূজিতে।
বহিরপবরণং যাবক-ভরণং জনয়তি হৃদি যোজিতে ॥

রময়তি সুভৃশং কামপি সুদৃশং খল-হলধর-সোদরে।
কিমফলমবসং চিরমিহ বিরসং বদ সখি! বিটপোদরে ॥

ইহ রস ভণনে কৃত-হরি-গুণনে মধুরিপু-পদ-সেবকে।
কলিযুগ-চরিতং ন বসতু দুরিতং কবি-নৃপ-জয়দেবকে ॥

( ১৬ )

দেশবরাড়ী রাগ। রূপক তাল।

অনিল-তরল-কুবলয়-নয়নেন।
তপতি ন সা কিশলয়-শয়নেন।
সখি! যা রমিতা বনমালিনা ॥ ধ্রু ॥

বিকসিত-সরসিজ-ললিত-মুখেন।
স্ফুটতি ন সা মনসিজ-বিশিখেন ॥

অমৃত-মধুর-মৃদুতর-বচনেন।
জ্বলতি ন সা মলয়জ-পবনেন ॥

স্থল-জলরুহ-রুচি-কর-চরণেন।
লুঠতি ন সা হিমকর-কিরণেন ॥

সজল-জলদ-সমুদয়-রুচিরেণ।
দলতি ন সা হৃদি বিরহ-ভরেণ ॥

কনক-নিকষ-রুচি-শুচি-বসনেন।
শ্বসিতি ন সা পরিজন-হসনেন।

সকল-ভুবন-জনবর-তরুণেন।
বহতি ন সা রুজমতি-করুণেন ॥

শ্রীজয়দেব-ভণিত-বচনেন।
প্রবিশতু হরিরপি হৃদয়মনেন ॥

( ১৭ )

ভৈরবী রাগ। যতি তাল।

রজনি-জনিত-গুরু-জাগর-রাগ-কষায়িতমলস-নিমেষং।
বহতি নয়নমনুরাগমিব স্ফুটমুদিত-রসাভিনিবেশং ॥

হরি হরি যাহি মাধব ! যাহি কেশব ! মা বদ কৈতব-বাদং।
তামনুসর সরসীরুহ-লোচন ! তা তব হরতি বিষাদং ॥

কজ্জল-মলিন-বিলোচন-চুম্বন-বিরচিত-নীলিম-রূপং।
দশন-বসনমরুণং তব কৃষ্ণ ! তনোতি তনোরনুরূপং ॥

বপুরনুহরতি তব স্মর-সঙ্গর-খর-নখর-ক্ষত-রেখং।
মরকত-সকল-কলিত-কলধৌত-লিপেরিব রতি-জয়-লেখং ॥

চরণ-কমল-গলদলক্তক-সিক্তমিদং তব হৃদয়মুদারং।
দর্শয়তীব বহির্মদন-দ্রুম-নব-কিশলয়-পরিবারং ॥

দশন-পদং ভবদধর-গতং মম জনয়তি চেতসি খেদং।
কথয়তি কথমধুনাপি ময়া সহ তব বপুরেতদভেদং ॥

বহিরিব মলিনতরং তব কৃষ্ণ ! মনোহপি ভবিষ্যতি নূনং।
কথমথ বঞ্চয়সে জনমনুগতমসম-শর-জ্বর-দূনং ॥

ভ্রমতি ভবানবলা-কবলায় বনেষু কিমত্র বিচিত্রং।
প্রথয়তি পূতনিকৈব বধূবধ-নির্দ্দয়-বালচরিত্রং ॥

শ্রীজয়দেব-ভণিত-রতি-বঞ্চিত-খণ্ডিত-যুবতি-বিলাপং।
শৃণুত-সুধা-মধুরং-বিবুধা! বিবুধালয়তোঽপি দুরাপং॥

( ১৮ )

রামকেলি রাগ। যতি তাল।

হরিরভিসরতি বহতি মৃদু-পবনে।
কিমপরমধিক-সুখং সখি! ভবনে।
মাধবে! মা কুরু মানিনি! মানময়ে॥ ধ্রু॥

তাল-ফলাদপি গুরুমতি-সরসং।
কিমু বিফলীকুরুষে কুচ-কলসং॥

কতি ন কথিতমিদমনুপদমচিরং।
মা পরিহর হরিমতিশয়-রুচিরং॥

কিমিতি বিষীদসি রোদিষি বিকলা।
বিহসতি যুবতি-সভা তব সকলা॥

সজল-নলিনীদল-শীলিত-শয়নে।
হরিমবলোকয় সফলয় নয়নে॥

জনয়সি মনসি কিমিতি গুরু-খেদং।
শৃণু মম বচনমনীহিত-ভেদং॥

হরিরুপযাতু বদতু বহু মধুরং।
কিমিতি করোষি হৃদয়মতি-বিধুরং॥

শ্রীজয়দেব-ভণিতমতি-ললিতং।
সুখয়তু রসিক-জনং হরি-চরিতং॥

( ১৯ )

দেশবরাড়ী রাগ। অণ্টতালী তাল।

বদসি যদি কিঞ্চিদপি দন্তরুচি-কৌমুদী
হরতি দর-তিমিরমতি-ঘোরং।
স্ফুরদধর-সীধবে তব বদন-চন্দ্রমা
রোচয়তি লোচন-চকোরং।।
প্রিয়ে চারুশীলে! মুঞ্চ ময়ি মানমনিদানং।
সপদি মদনানলো দহতি মম মানসং
দেহি মুখ-কমল-মধু-পানং।। ধ্রু।।
সত্যমেবাসি যদি সুদতি! ময়ি কোপিনী
দেহি খর-নয়ন-শর-ঘাতং।
ঘটয় ভুজ-বন্ধনং জনয় রদ-খণ্ডনং
যেন বা ভবতি সুখ-জাতং।।
ত্বমসি মম ভূষণং ত্বমসি মম জীবনং
ত্বমসি মম ভব জলধি-রত্নং।
ভবতু ভবতীহ ময়ি সততমনুরোধিনী
তত্র মম হৃদয়মতি-যত্নং।।
নীল-নলিনাভমপি তন্বি! তব লোচনং
ধারয়তি কোকনদ-রূপং।
কুসুম-শর-বাণ- ভাবেন যদি রঞ্জয়সি
কৃষ্ণকিদমেতদনুরূপং।।
স্ফুরতু কুচ-কুম্ভয়ো- রুপরি মণি-মঞ্জরী
রঞ্জয়তু তব হৃদয়-দেশং।

রসতু রসনাপি তব ঘন-জঘন-মণ্ডলে
ঘোষয়তু মন্মথ-নিদেশং ॥
স্থল-কমল-গঞ্জনং মম-হৃদয়-রঞ্জনং
জনিত-রতি-রঙ্গ-পরভাগং।
ভণ মসৃণ-বাণি করবাণি চরণ-দ্বয়ং
সরস-লসদলক্তক-রাগং ॥
স্মর-গরল-খণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লবমুদারং।
জ্বলতি ময়ি দারুণো মদন-কদনারুণো
হরতু তদুপাহিত-বিকারং ॥
ইতি চটুল-চাটু-পটু চারু মুর-বৈরিণো
রাধিকামধি বচন-জাতং।
জয়তি পদ্মাবতী- রমণ-জয়দেব-কবি-
ভারতী-ভণিতমতিশাতং ॥

( ২০ )

বসন্ত রাগ। যতি তাল।

বিরচিত-চাটু-বচন-রচনং চরণে রচিত-প্রণিপাতং।
সম্প্রতি মঞ্জুল-বঞ্জুল-সীমনি কেলি-শয়নমনুযাতং।
মুগ্ধে ! মধুমথনমনুগতমনুসর রাধিকে ! ॥ ধ্রু ॥

ঘন-জঘন-স্তন-ভার-ভরে দর-মন্থর-চরণ-বিহারং।
মুখরিত-মণিমঞ্জীরমুপৈহি বিধেহি মরাল-নিকারং ॥

শৃণু রমণীয়তরং তরুণীজন-মোহন-মধুরিপু-রাবং।
কুসুম-শরাসন-শাসন-বন্দিনি পিক-নিকরে ভজ ভাবং ॥

অনিল-তরল-কিসলয়-নিকরেণ করেণ লতা-নিকুরম্বং।
প্রেরণমিব করভোরু করোতি গতিং প্রতি মুঞ্চ বিলম্বং॥

স্ফুরিতমনঙ্গ-তরঙ্গ-বশাদিব সূচিত-হরি-পরিরম্ভং।
পৃচ্ছ মনোহর-হার-বিমল-জলধারমমুং কুচ-কুম্ভং॥

অধিগতমখিল-সখীভিরিদং তব বপুরপি রতিরণ-সজ্জং।
চণ্ডি! রণিত-রশনা-রব-ডিণ্ডিমমভিসর সরসমলজ্জং॥

স্মর-শর-সুভগ-নখেন করেণ সখীমবলম্ব্য সলীলং।
চল বলয়-ক্বণিতৈরববোধয় হরিমপি নিজ-গতি-শীলং॥

শ্রীজয়দেব-ভণিতমধরীকৃত-হারমুদাসিত-বামং।
হরি-বিনিহিত-মনসামধিতিষ্ঠতু কণ্ঠ-তটীমবিরামং॥

( ২১ )

দেশবরাড়ী রাগ। রূপক তাল।

মঞ্জুতর-কুঞ্জতম-কেলিসদনে।
প্রবিশ রাধে! মাধব-সমীপমিহ।
বিলস রতি-রভস-হসিত-বদনে॥

নব-ভবদশোক-দল-শয়ন-সারে।
প্রবিশ-রাধে! মাধব-সমীপমিহ।
বিলস-কুচ-কলস-তরল-হারে॥

কুসুমচয়-রচিত-শুচি-বাসগেহে।
প্রবিশ রাধে! মাধব-সমীপমিহ।
বিলস কুসুম-সুকুমার-দেহে॥

চল-মলয়-বন-পবন-সুরভি-শীতে।
প্রবিশ রাধে! মাধব-সমীপমিহ।
বিলস রতি-বলিত-ললিত-গীতে॥

বিতত-বহুবল্লি-নবপল্লব-ঘনে।
প্রবিশ রাধে! মাধব-সমীপমিহ।
বিলস চিরমলস-পীন-জঘনে॥

মধু-মুদিত-মধুপ-কুল-কলিত-রাবে।
প্রবিশ রাধে! মাধব-সমীপমিহ।
বিলস মদন-রস-সরস ভাবে॥

মধুরতর-পিক-নিকর-নিনদ-মুখরে।
প্রবিশ রাধে! মাধব-সমীপমিহ।
বিলস-দশন-রুচি-রুচির-শিখরে॥

বিহিত-পদ্মাবতী-সুখ-সমাজে।
কুরু মুরারে! মঙ্গল-শতানি।
ভণতি জয়দেব কবিরাজ-রাজে॥

## ( ২২ )

বরাড়ী রাগ। রূপক তাল।

রাধা-বদন-বিলোকন-বিকসিত-বিবিধ-বিকার-বিভঙ্গং।
জলনিধিমিব বিধুমণ্ডল-দর্শন-তরলিত-তুঙ্গ-তরঙ্গং॥

হরিমেক-রসং চিরমভিলষিত-বিলাসং।
সা দদর্শ গুরু-হর্ষ-বশম্বদ-বদনমনঙ্গ-বিকাশং॥ ধ্রু॥

হারমমলতর-তারমুরসি দধতং পরিলম্ব্য বিদূরং।
স্ফুটতর-ফেন-কদম্ব-করম্বিতমিব যমুনা-জল-পূরং ॥

শ্যামল-মৃদুল-কলেবর-মণ্ডলমধিগত-গৌর-দুকূলং।
নীল-নলিনমিব পীত-পরাগ-পটল-ভর-বলয়িত-মূলং ॥

তরল-দৃগঞ্চল-বলন-মনোহর-বদন-জনিত-রতিরাগং।
স্ফুট-কমলোদর-খেলিত-খঞ্জন-যুগমিব শরদি তড়াগং ॥

বদন-কমল-পরিশীলন-মিলিত-মিহির-সম-কুণ্ডল-শোভং।
স্মিত-রুচি-কুসুম-সমুল্লসিতাধর-পল্লব-কৃত-রতি-লোভং ॥

শশি-কিরণচ্ছুরিতোদর-জলধর-সুন্দর-সুকুসুম-কেশং।
তিমিরোদিত-বিধুমণ্ডল-নির্ম্মল-মলয়জ-তিলক-নিবেশং ॥

বিপুল-পুলক-ভর-দন্তুরিতং রতিকেলি-কলাভিরধীরং।
মণিগণ-কিরণ-সমূহ-সমুজ্জ্বল-ভূষণ-সুভগ-শরীরং।

শ্রীজয়দেব-ভণিত-বিভব-দ্বিগুণীকৃত-ভূষণ-ভারং।
প্রণমত হৃদি বিনিধায় হরিং সুচিরং সুকৃতোদয়-সারং ॥

( ২৩ )

বিভাস রাগ। একতালা তাল।

কিসলয়-শয়ন-তলে কুরু কামিনি! চরণ-নলিন-বিনিবেশং।
তব পদপল্লব-বৈরি পরাভবমিদমনুভবতু সুবেশং।
ক্ষণমধুনা নারায়ণমনুগতমনুভজ রাধিকে! ॥ ধ্রু ॥

কর-কমলেন করোমি চরণমহমাগমিতাসি বিদূরং।
ক্ষণমুপকুরু শয়নোপরি মামিব নূপুরমনুগতি-শূরং ॥

বদন-সুধানিধি-গলিতমমৃতমিব রচয় বচনমনুকূলং।
বিরহমিবাপনয়ামি পয়োধর-রোধকমুরসি দুকূলং॥

প্রিয়-পরিরম্ভণ-রভস-বলিতমিব পুলকিতমতি-দুরবাপং।
মদুরসি কুচ-কলসং বিনিবেশয় শোষয় মনসিজ-তাপং॥

অধর-সুধা-রসমুপনয় ভামিনি! জীবয় মৃতমিব দাসং।
ত্বয়ি বিনিহিত-মনসং বিরহানল-দগ্ধ-বপুষমবিলাসং॥

শশিমুখি! মুখরয়-মণি-রসনা-গুণমনুগুণ-কণ্ঠ-নিনাদং।
শ্রুতিপুট-যুগলে পিক-রুত-বিকলে শময় চিরাদবসাদং॥

মামতি-বিফল-রুষা বিকলীকৃতমবলোকিতুমধুনেদং।
মীলতি লজ্জিতমিব নয়নং তব বিরম বিসৃজ রতি-খেদং॥

শ্রীজয়দেব-ভণিতমিদমনুপদ-নিগদিত-মধুরিপু-মোদং।
জনয়তু রসিক-জনেষু মনোরম-রতিরস-ভাব-বিনোদং॥

## ( ২৪ )

রামকেলী রাগ। যতি তাল।

কুরু যদুনন্দন! চন্দন-শিশিরতরেণ করেণ পয়োধরে।
মৃগমদ-পত্রকমত্র মনোভব-মঙ্গল-কলস-সহোদরে।
নিজগাদ সা যদুনন্দনে ক্রীড়তি হৃদয়ানন্দনে॥ ধ্রু॥

অলিকুল-গঞ্জন-সঞ্জনকং রতি-নায়ক-শায়ক-মোচনে।
ত্বদধর-চুম্বন-লম্বিত-কজ্জলমুজ্জ্বলয় প্রিয়! লোচনে॥

নয়ন-কুরঙ্গ-তরঙ্গ-বিকাশ-নিরাস-করে শ্রুতি-মণ্ডলে।
মনসিজ-পাশ-বিলাস-ধরে শুভবেশ ! নিবেশয় কুণ্ডলে ।।

ভ্রমর-চয়ং রচয়ন্তমুপরি রুচিরং সুচিরং মম সম্মুখে।
জিত-কমলে বিমলে পরিকর্ম্ময় নর্ম্ম-জনকমলকং মুখে ।।

মৃগমদ-রস-বলিতং ললিতং কুরু তিলকমলিক-রজনী-করে।
বিহিত-কলঙ্ক-কলং কমলানন ! বিশ্রমিত-শ্রম-শীকরে ।।

মম রুচিরে চিকুরে কুরু মানদ ! মানসজ-ধ্বজ-চামরে।
রতি-গলিতে ললিতে কুসুমানি শিখণ্ডি-শিখণ্ডক-ডামরে ।।

সরস-ঘনে জঘনে মম শম্বর-দারণ-বারণ-কন্দরে।
মণি-রশনা-বসনাভরণানি শুভাশয় ! বাসয় সুন্দরে ।।

শ্রীজয়দেব-বচসি জয়দে হৃদয়ং সদয়ং কুরু মণ্ডনে।
হরি-চরণ-স্মরণামৃত-কৃত-কলিকলুষ-জ্বর-খণ্ডনে ।।

ইতি শ্রীশ্রীগীতগোবিন্দ ( গীতাবলী ) সমাপ্ত।

# অষ্টাদশ পুরাণ।

ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চ শৈবং লৈঙ্গং সগারুড়ং।
নারদীয়ং ভাগবতমাগ্নেয়ং স্কান্দ-সংজ্ঞিতং ॥
ভবিষ্যং ব্রহ্মবৈবর্ত্তং মার্কণ্ডেয়ং সবামনং।
বারাহং মাৎস্যং কৌর্ম্মঞ্চ ব্রহ্মাণ্ডাখ্যমিতি ত্রিষট্ ॥

শ্রীমদ্ভাগবত।

ব্রহ্মপুরাণ, পদ্মপুরাণ, বিষ্ণুপুরাণ, শিবপুরাণ, লিঙ্গপুরাণ, গরুড়-পুরাণ, নারদীয়-পুরাণ, শ্রীভাগবত-পুরাণ, অগ্নিপুরাণ, স্কন্দপুরাণ, ভবিষ্য-পুরাণ, ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণ, মার্কণ্ডেয়-পুরাণ, বামন-পুরাণ, বরাহ-পুরাণ, মৎস্য-পুরাণ, কূর্ম্মপুরাণ ও ব্রহ্মাণ্ড-পুরাণ—এই অষ্টাদশ পুরাণ।

মাৎস্যং কৌর্ম্মং তথা লৈঙ্গং শৈবং স্কান্দং তথৈব চ।
আগ্নেয়ঞ্চ ষড়েতানি তামসানি নিবোধত ॥ ১ ॥
ব্রহ্মাণ্ডং ব্রহ্মবৈবর্ত্তং মার্কণ্ডেয়ং তথৈব চ।
ভবিষ্যং বামনং ব্রাহ্মং রাজসানি নিবোধত ॥ ২ ॥
বৈষ্ণবং নারদীয়ঞ্চ তথা ভাগবতং শুভং।
গারুড়ঞ্চ তথা পাদ্মং বারাহং শুভ-দর্শনে!।
সাত্ত্বিকানি পুরাণানি বিজ্ঞেয়ানি মনীষিভিঃ ॥ ৩ ॥

ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণ।

হে সুন্দরি! মৎস্য, কূর্ম্ম, লিঙ্গ, শিব, স্কন্দ ও অগ্নি—এই ছয়খানি পুরাণ তামসিক বলিয়া কথিত ॥ ১ ॥

ব্রহ্মাণ্ড, ব্রহ্মবৈবর্ত্ত, মার্কণ্ডেয়, ভবিষ্য, বামন ও ব্রহ্ম—এই ছয়খানি পুরাণ রাজসিক বলিয়া কথিত ॥ ২ ॥

বিষ্ণুপুরাণ, নারদপুরাণ, মঙ্গলময় শ্রীভাগবত, গরুড়, পদ্ম ও বরাহ—এই ছয়খানি পুরাণকে পণ্ডিতগণ সাত্ত্বিক বলিয়া অভিহিত করিয়াছেন ॥ ৩ ॥

সাত্ত্বিকেষু চ কল্পেষু মাহাত্ম্যমধিকং হরেঃ।
রাজসেষু চ মাহাত্ম্যমধিকং ব্রহ্মণো বিদুঃ ॥
তদ্বদগ্নেশ্চ মাহাত্ম্যং তামসেষু শিবস্য চ।
সঙ্কীর্ণেষু সরস্বত্যাঃ পিতৃণাঞ্চ নিগদ্যতে ॥

শ্রীতত্ত্বসন্দর্ভ-ধৃত মৎস্যপুরাণ-বচন।

সাত্ত্বিক পুরাণ-সমূহে শ্রীহরির মাহাত্ম্যই অধিকরূপে বর্ণিত হইয়াছে। রাজসিক পুরাণ-সমূহে ব্রহ্মার মহিমা অধিক পরিমাণে এবং তামসিক পুরাণ-গুলিতে অগ্নি ও শিবের মহিমা সমধিকভাবে কীর্ত্তিত হইয়াছে। সঙ্কীর্ণ অর্থাৎ সত্ত্ব, রজ ও তম-মিশ্রিত শাস্ত্র-সমূহে সরস্বতী প্রভৃতি নানা দেবতার ও পিতৃ-লোকের মহিমা কীর্ত্তিত হইয়াছে।

## দ্বিতীয় খণ্ড সমাপ্ত।